INDEX.

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT, 1963.

11th March, 1968.

The House met in the Assembly Chamber Agartala at 11 A. M. on Monday, the 11th March, 1968.

PRESENT

The Hon'ble Manindra Lal Bhowmick, Speaker, the Chief Minister, Four Ministers, the Deputy Speaker, the Deputy Minister and twenty two Members.

Mr. Speaker and the Secretary to the Legislative Assembly received the Administrator at the entrance of the Assembly Building where a procession was formed in the following order :—

Orderly Orderly

Marshal

Assembly Secretary

Speaker Administrator

Secretary to the Administrator

Orderly Orderly

All present rose from their seats as the procession entered the Chamber with the Marshal announcing the Administrator and remained standing until the Administrator took his seat.

The Administrator then ascended the dias by the steps on the right and the Speaker occupied the seat to the left of the Administrator.

Shri Aghore Deb Barma :— মাননীয় মুখ্য প্রশাসক মহোদয়, আমি আজকে ত্রিপুরা সরকারের এখানকার বিরোধী দলের দুইজন এম, এল, এ, সহ সি, পি, (এম) কর্মী এবং নেতৃবৃন্দের বে-আইনী আটকের প্রতিবাদ করে, লেভীর নামে জনতার উপর জুলুমের প্রতিবাদ করে, আগরতলার বিড়ি শ্রমিক এবং 'স' মিলের কর্মীদের ধর্মঘটের ব্যাপারে রাজ্য সরকারের নীরবতার প্রতিবাদে, বন বিভাগের জন-উৎপীড়নের প্রতিবাদে, সীমান্তবাসীদের ধন-প্রাণ এবং গবাদি পশু রক্ষায় সরকারের ব্যর্থতার প্রতিবাদে আজকে দুঃখের সহিত মাননীয় মুখ্য প্রশাসকের পলিসি ষ্টেটমেন্ট বর্জ্জন করতে বাধ্য হচ্ছি এবং সারা দিনের জন্য হাউস ত্যাগ করতে বাধ্য হচ্ছি।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :— মাননীয় মুখ্য প্রশাসক মহোদয়, কোন সদস্যের কোন রকম বাধা দান পার্লামেন্টারী শিষ্টাচার এবং শালীনতা বহির্ভূত।

The Administrator :—This is my opening speech on the eve of the inauguration of the House. The Administrator's Address is not the Business of the House. So any point of order raised here is not before the House to be disposed of by me. Hon'ble Member may raise the question to the Speaker when the House formally sits.

Mr. Speaker and Hon'ble Members :—

I had the privilege of addressing this august Assembly last year. In these few months, a number of events have taken place vitally affecting our country. Large number of States have undergone the privations of a serious drought for the second time. Rising spiral of prices has reached still higher levels. Tensions have been fostered through preaching of sectarian ideologies and sedulous efforts made to provoke

violence and hatred through casteism, communalism and regionalism. The most disturbing of them has been the spectre of language which has been threatening to rend the very fabric of our society asunder. The ceaseless march of history has to continue nevertheless, and it is a measure of the deep roots, Democracy has struck in our midst that with all the shocks and set-backs, we are still one nation. The voices of reason and unity, howsoever feeble, are now being raised from all directions and there is no doubt that this voice will gain in strength and intensity so as to reach the remotest corners of the country.

2. Tripura being an integral part of this vast land could not have escaped some of these difficulties and in a few moments I shall draw attention to some of the special difficulties with which Tripura is faced. But before doing that I feel privileged to tell you that most of the divisive forces which have been playing havoc elsewhere have left Tripura unshaken. There have been no instances of communal riots, no discourtesy to the Constitution and no raving over the problems of language. While congratulating the people of Tripura for their enviable capacity to resist these forces, I cannot help expressing the concern of my Government that all has not been very well in one or two spheres. Peopled by Scheduled Tribes, Scheduled castes, Backward classes and displaced persons, Tripura's recent history is one continuous saga of struggle for rehabilitation and survival. Deficiencies and shortcomings of decades cannot, however, be made up in weeks or months. In this multi-pronged fight, there are gaps left in our economy which in the national context of economic and food stringency have proved sources of uneasiness. The Government is fully conscious of these limitations and difficulties of the people and has been trying to achieve agricultural self-sufficiency through use of wonder-seeds, better inputs, improved cultivation, intensive procurement, judicious distribution of scarce foodgrains and last but not the least a long term drive to check the growth of large

families. In this process, the Government has had to take to scientific silvi-cultural practices imposing a certain amount of discipline among all concerned. This is necessary as much for conservation of the precious soil of this territory as for the preservation of climatic conditions, apart from providing a solid base to agro-forest industries of Tripura. But in doing so, the Government has not been oblivious of the special demands of the Scheduled Tribes, the Scheduled Castes and other weaker sections of the community. It is aware that their dependence on forest and land is far more total than it is for others and has already taken some far-reaching decisions for their betterment. Not the least important of them is the spectacular increase which the Government proposes to make in the quantum of financial assistance for the rehabilitation of Jhumias and others from Rs. 500/- to Rs. 1910/-. It is a matter of regret, therefore, that far from helping in the process of reconstruction, some short-sighted and mistaken enthusiasts have been trying to tear the problems of these unfortunate and gullible people out of context and fanning the flames of separatism and isolation. The tragic consequences of such dangerous calls are now too well-known to need mention. Certain disruptive elements wedded to terrorism are threatening others to quit this Territory. Still others are making direct assaults on Government personnel, Government properties and Government policies. No Government can allow this to continue. While it would be its earnest endeavour to build up the territory as fast as it can, it firmly believes that for 'development' to go apace, peaceful conditions must be created where Government and people may work unitedly for the betterment of the Territory This cannot be achieved unless there is mutual respect and understanding among the communities, a fervent faith in the common future and a determination to root out all those propensities which militate against our desired goal. My Government is committed to maintain these conditions and to take the most drastic action against all those who take to the anti-national path.

3. I will not go into the intricate details of the activities of the Government in the various departments during the last one year ; nor shall I dilate on the numerous schemes that the Government has in view for the alround development of this territory in the coming year. All these will appear in the budget speech of the Finance Minister I shall, however, touch briefly on the most salient points of our plan for the coming year.

4. Against the approved plan outlay of Rs. 500 lakhs for the year 1967-68, the Government incurred an estimated expenditure of Rs. 323 467 lakhs. The pride of place in this context went to Agriculture and Forests which provide the sinews of economic development of Tripura. Against the plan outlay of Rs 29.00 lakhs and Rs. 15.00 lakhs for the two sectors, expenditure is expected to be of the order of Rs 18.90 lakhs (revised Budget Estimate) and Rs. 18.00 lakhs (revised Budget Estimate) respectively. This, the Government believes, will mean an addition of 7000 tonnes over the figure of rice production in the previous year and similar increases in the sphere of wheat, potatoes, sugar-cane and pulses. This has been possible through distribution of 200 tonnes of improved paddy seeds, 192 tonnes of potato seeds, 1.1 tonnes of wheat seeds, 100 tonnes of sugar-cane cuttings and 1 tonne of pulses. Conscious of the difficulties of an undulating terrain, the Government has continued its efforts in the sphere of soil conservation and its utilisation This will be evident from the fact that concerned departments are expected to have covered an additional area of 420 acres by Bench terracing, 360 by contour bunding and 800 acres by plantation. Likewise, 5,311 acres of Forest areas have so far been taken up under various afforestation schemes. With a view to supplement the diet of the under-nourished population of the Territory, the Government is estimated to have achieved additional production potential of 100 tonnes of fish.

5. Man does not live, however, by bread alone. Development of industries is an essential desideratum for an improved

economic outlook. Government has, therefore, been concentrating more and more on the utilisation of agricultural and forest raw-materials for industrial purposes. While jute production is being intensified, other cash crops like cashewnut, pepper, Rauwolfia, cane, medicinal plants and rubber plantations are also being taken up over wider areas. Schemes for the establishment of a Plywood factory, a Rerolling mill for supply of iron beams, rods etc. and a spinning mill of 15000 spindles, all in the private sector, have been finalised. The production capacity of the two units of Fruit Canning factory is also being similarly increased. The Government, however, is not resting content with what it has. Its search for minerals which might improve the economy of this territory continues unabated and already the Geological Survey parties have discovered glass sand deposits thereby opening up prospects of glass and ceramic industries in Tripura.

6. No long term Industrial and economic development, however, can take place without cheap power and improved facilities for transportation and communication. The Government has, therefore, taken further steps to hasten supply of bulk power from Assam. Under this scheme the work of 132 K. V. grid sub-station at Dharmanagar and Agartala, besides 33 K. V. and 11 K. V. lines, the L.T. lines, receiving and distribution sub-stations are expected to operate in full swing shortly Likewise the Gumti Hydro-Electric Project is also making further headway. It is a matter for gratification that in the coming year, 20 new localities will have been electrified bringing the total number of electrified localities to 77. I am also glad to inform you that the Government have since finalised the Rules of the Tripura Road Transport Corporation and this major public sector undertaking, I hope, will have been launched in the coming year as a first step towards the improvement of passenger and goods traffic in this land-locked Territory. I must, however, reiterate here that the Government continues to repose full faith in the principle of healthy competition between the public and private sectors. While,

therefore, the Corporation will operate with its modest fleet of vehicles, there is no intention of throttling the growth of private sector.

7. In fact, the Government believes that to maintain correct balance between the private and public sectors, it is necessary to build up the cooperative sector as well As a step in this direction, the Government have planned a departmental store under Cooperative fold for sale of quality goods to the consumers at fair and reasonable rates. It is also continuing to extend full support and assistance in other Co-operative ventures so as to ensure liberal supply of cheap credit, price support to the peasants and timely facilities of agricultural inputs.

8. It is the people, however, who make the country and the Government has not ignored them in its drive for accelerated development. Tripura has already been covered by 17 Development Blocks, 448 Gram Panchayats and 134 Nyaya Panchayats. It has also been decided to delegate certain powers of self government to these Panchayats in accordance with the provisions of the "Panchayati Raj Act". I have every hope that as the year progresses these Panchayats will have instilled confidence among the people in their capacity to look after themselves. The plans of Government in the sphere of Education, Health and Family Planning have likewise continued to make steady progress and better levels of achievement will have been reached in the year to come.

9. Another development of note has been in the sphere of services. The Indian Forest Service Cadre of Union Territories has come into being and 4 Officers of Tripura are already its proud members. The Joint Cadre of the I. A. S. and I P. S. for the Union Territories has likewise been notified and similar steps for other 'Services' are under consideration. Initial Constitution of the Tripura Civil Service and Tripura Police Service is also under way and well before the end of the year the Tripura

Junior Civil Service will also have been constituted. The Government similarly hopes to implement its plan for Tehsil Re-organisation during this period.

10. Before concluding, however, I must reiterate that the future of Tripura cannot be built except on the foundations of food self-sufficiency and to this end the Government will have to strain every nerve not in isolation, but hand in hand with every inhabitant of Tripura, not the least the plodding peasant. Everything that contributes to the growth of an additional grain, reduces dependence on imports and makes for equitable distribution, should be encouraged. What militates against it should be scrupulously eschewed. In this vital endeavour, your counsel and your guidance will be invaluable indeed. There is one more word of caution, however, which I may repeat before I leave you to your deliberations. The Government implicitly believes in democratic processes, sympathises with the lot of the people and works on the premise that in the well-being of the individuals lies the well-being of the community. Any individual or group of individuals which indulges in fissiparous activities promoting dis-unity and rift among the various sectors of the populace, not only harms himself but also blurs the very sacred image of Tripura which has harboured under its wings the simple tribals, the distressed refugees, the landless backward classes and a large variety of people who have come from various parts of the country to make this small territory their home. The need of the hour is unity and I am certain the Government will have the support of every right thinking and patriotic person of Tripura in its promotion. I shall also in this context remind the public servants that their burden in this task is very heavy. They are part of the enlightened community of the country and they are the means through which all the nation building schemes will have to be implemented. Government is not oblivious of their difficulties and of their desire to find security of employment and suitable prospects. While everything possible will be done within the strict limitations of

economic stringency, I would like to remind them that they must give of their best in the duties entrusted to them.

11. Hon'ble Members, I now leave you to the heavy and busy session awaiting you in full confidence that you will maintain the high traditions of this august Assembly and continue to guide the affairs of this Territory.

JAI HIND.

[The Administrator then left the chamber in procession in the same order as he came in. The members dispersed.]

The House met again in the Assembly Chamber at 2 P. M.

PRESENT.

The Hon'ble Manindra Lal Bhowmick, Speaker in the chair. The Chief Minister, four ministers, the Deputy Speaker, the Deputy Minister and twenty two members.

OBITUARY REFERENCE

Mr. Speaker :— I announce to make obituary references on the sad demise of Dr. Ram Monohar Lohia, M. P., Dr. Kailash Nath Katju, & Pandit Deendayal Upadhya, President, Bharatia Jan Sangh.

Honourable Members,

I would refer to the sad demise of Dr. Rammonohar Lohia, M. P.

He was born in 1910, he was educated in Bombay, Banaras and Calcutta and secured the honour of Doctor of Phylosophy from the Berlin University. At the age of 14 he attended the Gaya Congress as a delegate and became the leader of the Congress Socialist Party. He organised the foreign department of the A. I. C. C. at the invitation of Mr. Nehru. He was elected to the A. I. C. C. in 1936 and was prosecuted for sedition in Calcutta in 1936.

He led 1942 underground movement and initiated Goa and Nepal Struggles in 1946. He became the Chairman of the Congress Socialist Conference in 1946 and General Secretary to the P S. P. in 1964. He was imprisoned for taking active part in the freedom movement. He founded and formed the Socialist Party of India in 1956. He was elected to the Lok Sabha in Bye-election from Farrukhabad constituency in May, 1963. He was the Chairman, Editorial Board, Mankind. He formulated the theories of : Twin Origins of Capitalism and Imperialism ; Small Unit Machine ;

Equal Irrevelance ; The Third Camp : Immediacy, Oscillation Between Class and Caste ; Efficiency, Total or Maximum ; Physical and Cultural Appoximation of mankind ; etc.

His mighty pen has presented the publications ; viz :— Wheel of History ; Will to Power ; Marx, Gandhi & Socialism ; Guilty Men of India's Partition.

This House expresses its deep sense of sorrow and condolence at the sad demise of this great political leader and conveys the same to the members of the bereaved family.

Honourable Members,

I would next refer to the sad demise of Dr. Kailash Nath Katju, who passed away on the 18th February, 1968.

Born on the 17th June, 1887 he was educated in Barr High School, Jaora (M. P.), Forman Christian College Lahore ; Muir Central College, Allahabad, whence he took his Law degree. He then started to practise law at Kanpur from 1908. In 1914, he joined the Bar at Allahabad High Court and took LLB degree in 1919. At Allahabad he came in close contact with late Pandit Madan Mohan Malaviya, Sir Tej Bahadur Sapra, Pandit Matilal Nehru and joined the Congress, He was the member of the Council of U. P. C. C. and A. I. C. C. till 1946, He was the Chairman, Allahabad Municipal Board (1935 to 1937) and Chancellor, Prayag Mahila Vidyapith, He was the Editor, Allahabad Law Journal from 1918 till 1946.

He played a leading role in India's freedoom struggle and during the Civil Dis-obedience Movement in 1940 he was sentenced to 18 months imprisonment Then again he courted arrest under the defence of India Rules in August, 1942 during the 'Quit India' movement.

Dr. Katju who was also a member of the Constituent Assembly of India, became the Minister of Justice, Industries and Development, Government of Uttar Pradesh from 1937-1939,

He was the Governor of Orissa, 1947-48 ; West Bengal, 1948-51. He was the Union Minister of Home Affairs ; and Law, 1951-52 ; Minister for States and for Home Affairs, 1952-55 ; Defence Minister, 1955-57 ; Chief Minister, Madhya Pradesh, 1957-62. He was elected to the Legislative Assembly, M. P. in 1962.

His litarary genious was menifested through the publications of—"My Parents", "Reminicences and Experiments in Advocacy", "My memorable cases". "Main Bhool Nahin Sakta", "Rural Development through self help" and "The Days I remember".

This House expresses its deep sense of sorrow at the sad demise of this National Leader and conveys its sincere candolence to the members of the bereaved family.

Honourable Members,

Lastly I would refer to the sad demise of Pandit Deendayal Upadhyaya, President, Bharatia Jan Sangh.

He was born on the 10th October, 1917 at Farah Village, District Mathura, U. P. Having Matriculated from Sikar, Jaipur State, he was graduated from S. D. College, Kanpur and secured the deploma in training from Government Training College,—Allahabad.

He joined the Rashtriya Swayamsewak Sangh, became an organiser R. S. S in 1942, and was the joint Provincial Organiser, R. S. S, U. P,, from 1945-51. He was the General Secretary, Bharatiya Jan Sangh, U. P. during 1951-53.

He showed his literary genious through the publications of—(1) Hindi :— Jagadguru Sankaracharya ; Chandragupta Maurya ; Mahan Viswasghat i Bharatia Arthaniti ; Rashtra Jivan Ki Samsayen (2) in English :— The two Plans ; Promises, Performance and Prospects,

This House expresses its deep sense of sorrow and condolence at the premature demise of this political leader.

DISCUSSION ON ADMINISTRATOR'S ADDRESS

Mr. Speaker :—Now, regarding discussion on Administrator's Address. I would like to inform the Hon'ble Members that the House is at liberty to discuss the matters referred to in the said Address on a motion of thanks to be moved by a Member and seconded by another Member. Amendments, if any, may be moved to such a motion of thanks.

Shri Sunil Ch.Dutta :—Hon'ble Speaker, Sir, I beg to move that a respectful address in reply be presented to the Administrator as follows :—

"We, the Members of the Tripura Legislative Assembly assembled in this Session beg to offer our humble thanks to the Administrator for the most excellent speech which he has been pleased to deliver to the House on 11. 3. 68."

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় এ্যাডমিনিষ্ট্রেটার মহোদয় আজকে আমাদের সামনে যে ভাষণ উপস্থাপিত করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই, ধন্যবাদ জানাই এই জন্য যে মাননীয় এ্যাডমিনিষ্ট্রেটার মহোদয় তার ভাষণে ত্রিপুরার একটা বাস্তব চিত্র অংকন করতে চেষ্টা করেছেন। ত্রিপুরার সুখ দুঃখের সংগে তিনি জড়িত, ত্রিপুরার সমস্যাগুলি তিনি উপলব্ধি করতে পেরেছেন এবং কি করে ত্রিপুরাকে একটা সুখী ও সমৃদ্ধিশালী রাষ্ট্রে পরিণত করতে পারা যায়, তার ভাষণে তা তিনি তুলে ধরতে চেষ্টা করেছেন। এটা সত্য যে ত্রিপুরা তিন দিক থেকে পাকিস্তান পরিবেষ্টিত। ত্রিপুরার উন্নতির জন্য সর্ব্ব প্রথম আমাদের যে দিকে নজর দেওয়া দরকার সেটা হচ্ছে যোগাযোগ ব্যবস্থা। দীর্ঘ ২০ বৎসর এ যোগাযোগ ব্যবস্থার যা উন্নতি হয়েছে সেটা জনসাধারণের সংখ্যা বৃদ্ধির হার যেভাবে বৃদ্ধি পাচ্ছে তার তুলনায় এখনও খুবই নগণ্য বলে আমি মনে করি। মাননীয় এ্যাডমিনিষ্ট্রেটার মহোদয় তার ভাষণে বলেছেন যে ট্রান্সপোর্ট বোর্ড একটা গঠন করা হয়েছে এবং তার নিয়মাবলীও সম্পূর্ণ হয়েছে ; এই বোর্ড আত সত্বর যাতে কাজ আরম্ভ করতে পারে সেদিকে সচেষ্ট হওয়ার জন্য আমি সরকারকে অনুরোধ করব। ত্রিপুরার জনসংখ্যার বেশ একটা বিরাট অংশ উদ্বাস্তু, ২য় হচ্ছে আদিবাসী, তারপর হচ্ছে পশ্চাৎপদ সম্প্রদায়। ত্রিপুরার উন্নতির যেকোন চেষ্টাই নেওয়া হউক সেই চেষ্টা হবে যারা সবল আদিবাসী আছে, যারা দীর্ঘদিন থেকে এখানে বসবাস করছে, তাদের সুষ্ঠু পুনর্ব্বাসন, উদ্বাস্তু যারা আসছে তাদের পুনর্ব্বাসন করা, ভূমিহীন সম্প্রদায় যারা তাদের পুনর্ব্বাসনের ব্যবস্থা করা। এ্যাডমিনিষ্ট্রেটার মহোদয় তার ভাষণে এ বক্তব্য রেখেছেন যে তাদের উন্নয়ন ব্যবস্থাকে কার্য্যকরী করার চেষ্টা সরকারের আছে। ত্রিপুরার উন্নতির জন্য যোগাযোগ ব্যবস্থা যেমন দরকার, তেমনি তার বৈদ্যুতিকরণের ব্যবস্থারও উন্নয়ন দরকার এবং তার জন্য গোমতি প্রজেক্ট করা হয়েছে এবং তার সাথে সাথে আসাম থেকে বিদ্যুৎ সরবরাহ করার ব্যবস্থাও নেওয়া হয়েছে। খাদ্যোৎপাদনের কথা গত বৎসরেও মাননীয় এ্যাডমিনিষ্ট্রেটার মহোদয়ের বক্তব্যে রেখেছিলেন যে কৃষি বিভাগ সেইদিকে বিশেষ নজর দিয়েছেন। গত বৎসর সাত হাজার মেট্রিকটন খাদ্য অতিরিক্ত উৎপাদন করা হয়েছিল। চলতি বৎসরে আরও অধিক সাত হাজার মেট্রিকটন যাতে উৎপাদন করা যায় সেইভাবে কৃষি বিভাগ কাজ করে যাচ্ছেন। কৃষকদের মধ্যে ভালো বীজ, সার যাতে সরবরাহ করা যায় তার চেষ্টা চলছে। ত্রিপুরায় যে সব সমস্যাগুলি বিদ্যমান এ্যাডমিনিষ্ট্রেটার মহোদয় তার সবগুলিই তার ভাষণে উল্লেখ করেছেন। উল্লেখ করেছেন

আমাদের পঞ্চায়েৎগুলির কথা। দীর্ঘদিন যাবত আমরা পঞ্চায়েত চালু করেছি কিন্তু দুঃখের কথা যে তাদের হাতে আমরা কার্য্যকরী ক্ষমতা তুলে দিতে পারি নাই। পঞ্চায়েতের হাতে অধিকতর ক্ষমতা দেওয়া হবে বলে তিনি তার ভাষণে উল্লেখ করেছেন। সুষ্ঠুভাবে যদি পঞ্চায়েতগুলি পরিচালনা করতে হয় তাহলে তাদের হাতে ক্ষমতা দেওয়া দরকার এবং সেটা সত্বরই দেওয়া দরকার। মহাত্মা গান্ধী যে স্বপ্ন দেখেছিলেন রাষ্ট্রের ক্ষমতা বিকেন্দ্রীকরণ করার এবং তার সর্ব্বনিম্ন যে ইউনিট হবে ভিলেজ পঞ্চায়েত। সেটাকেই আমরা রূপ দেওয়ার চেষ্টা করছি। কিন্তু সেই চেষ্টাকে কার্য্যকরী করতে হলে একমাত্র পন্থা পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেওয়া। কিন্তু ছয় বৎসর আগে ত্রিপুরার বিভিন্ন অঞ্চলে যে সব পঞ্চায়েত গঠিত হয়েছিল, পাঁচ বৎসর মেয়াদ তার অতিক্রান্ত হয়েছে। দ্বিতীয় বারের নির্ব্বাচনও অনুষ্ঠিত হয়েছে। কাজেই আর দেরী না করে পঞ্চায়েতের হাতে ক্ষমতা যাতে আমরা দিতে পারি তার চেষ্টা করা দরকার। কারণ পঞ্চায়েতের হাতে ক্ষমতা না দেওয়া হলে ত্রিপুরার যে সার্বিক উন্নতি তা কোনমতেই সম্ভবপর হবে না। আরেকটা কথা মাননীয় এ্যাডমিনিষ্ট্রেটার মহোদয় তার ভাষণে উল্লেখ করেছেন, সেটা হচ্ছে ত্রিপুরায় হিংসাত্মক এবং ধ্বংসাত্মক কার্য্যকলাপ। অত্যন্ত দুঃখের কথা যে কিছু সংখ্যক লোক এ কাজে লিপ্ত হয়েছে, এণ্টিসোশাল এলিমেণ্ট ত্রিপুরায় আছে। এই সম্পর্কে আমি একটা বক্তব্য রাখছি যে এই সমস্ত এন্টিসোশাল এলিমেণ্টের কার্যকলাপের প্রতি আমাদের সবিশেষ নজর এবং সতর্ক দৃষ্টি রাখা দরকার। এবং তার সাথে সাথে এটা আমাদের দেখতে হবে যে কি কারণে আজকে এই পরিস্থিতির উদ্ভব হয়েছে। বহুদিন যাবত বন সম্প্রসারণের কাজ ত্রিপুরায় চলছে। ত্রিপুরার জংগলাকীর্ণ স্থানে বহু উদ্বাস্তু আশ্রয় গ্রহণ করেছে। আগে যারা বসবাস করত আদিবাসী, তারাও আছে। আজকে হঠাৎ দীর্ঘদিন পর, গত এক বৎসর যাবত কেন তারা বন ধ্বংসের কাজে নিয়োজিত হয়েছেন তার কারণ অনুসন্ধান করা দরকার বলে আমি মনে করি। আমাদের দিক থেকে যদি কোন দোষ ত্রুটি থাকে, বন সম্প্রসারণ করতে গিয়ে যে সব অঞ্চলে ঘন লোক বসতি আছে, তার থেকে দূরে যাতে বন সম্পদ সৃষ্টি করতে পারি, লোকের অসুবিধার সৃষ্টি না করে, সেদিকে নজর রাখা দরকার। নিয়মিত বৃষ্টিপাতের জন্য বনায়নের প্রয়োজন আছে। বন প্রয়োজন মানুষের জন্য। মানুষের সুযোগ সুবিধাকে উপেক্ষা করে বন সৃষ্টি করা চলে না। আমি শুধু এইটুকু বলব যে আমাদের যদি কোন দোষ ত্রুটি থাকে, অনুসন্ধান করে দেখে সেটা দূর করা দরকার। সর্ব্বশেষ এ্যাডমিনিষ্ট্রেটার মহোদয় যে ত্রিপুরার সর্ব্বাঙ্গীন উন্নতির প্রচেষ্টা চালিয়ে যাবেন তাঁর ভাষণে তিনি তার ইঙ্গিত রেখেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Debendra Kr. Choudury :— I second the Motion presented by Shri Sunil Ch. Dutta.

Mr. Speaker :—Will any other Member take part in the discussion ?

শ্রীমতী রেণু চক্রবর্তী ঃ—বিধানসভায় গুরুত্বপূর্ণ বাজেট সেসনে আমাদের মাননীয় অ্যাডমিনিস্ট্রেটর আমাদের সম্ভাবতীয় সমস্যাবলীর পরিপ্রেক্ষিতে ত্রিপুরার যে নিখুঁত চিত্রটি আমাদের সামনে তুলে ধরেছেন তার জন্য তিনি অত্যন্ত অভিনন্দনযোগ্য এবং তাঁকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। বর্তমান যুগে বুদ্ধিবৃত্তি বিকাশের সাথে সাথে এবং বৈজ্ঞানিক আবিষ্কারের প্রসারের সাথে সাথে এবং ভারতের সভ্যতা বিকাশের সাথে সাথে যেখানেই সমস্যা আছে সেখানেই সমাধানের পথও খোলা রয়েছে। মানুষের যদি একাগ্রতা থাকে এবং একটা কনষ্ট্রাক্টিভ মেন্টালিটি নিয়ে যদি সকলেই প্রত্যেকটা কাজে অগ্রসর হয় তাহলেই সেটা সম্ভবপর হয়। কিন্তু আজকে আমাদের অধিবেশনের আরম্ভেই দেখতে পেলাম আমাদের অ্যাডমিনিস্ট্রেটর কি বলতে চেয়েছেন সেগুলি না শুনেই বিরোধী দলের মাননীয় সদস্য চলে গেলেন। তিনি একটা নন্-কো-অপারেশনের ভাব দেখিয়ে চলে গেলেন। কিন্তু তিনি যদি এখানে ধৈর্য নিয়ে মাননীয় অ্যাডমিনিস্ট্রেটরের ভাষণ শুনতেন এবং সেই ভাষণের সংগে যদি তিনি তাঁর মতের মিল খুঁজে না পেতেন তাহলে তাঁর বক্তব্য তিনি রাখতে পারতেন। কারণ যত মত তত পথ রয়েছে। তিনি এই ভাষণ শুনে যদি একটা কনষ্ট্রাকটিভ সাজেশন রাখতেন এবং সেটার সমালোচনাও করতেন তাহলে সেটা অভিনন্দনযোগ্য হত। কিন্তু সেদিকে তিনি না গিয়ে কিরকম একটা অশুভ সূচনার সৃষ্টি করে গেলেন। সরকার শুধু পরিকল্পনা করবেন, সেটা রূপায়নের দায়িত্ব একা সরকারের নয়, সেটা রূপায়নের দায়িত্ব সাধারণেরও। শুধু ক্ষমতা পেলেই হয় না। ক্ষমতাটাই সবকিছু এটা আমি বিশ্বাস করি না। কারণ প্রতিটি নাগরিকের যদি দায়িত্ব ও কর্তব্যবোধ না থাকে এবং সেইভাবে অগ্রসর না হয় তাহলে কোন সমস্যার সমাধানের পথ খুঁজে পাওয়া যাবে না। কতগুলি সমস্যার কথা মাননীয় অ্যাডমিনিস্ট্রেটর মহোদয় তাঁর ভাষণে উল্লেখ করেছেন যেগুলি কোন সরকার বা জনসাধারণের ইচ্ছাকৃত নয়। খাদ্য সমস্যা একটি সর্বভারতীয় সমস্যা। যদি এর মূল কারণ আমরা খুঁজে বের করতে যাই তাহলে সেটা খুব কষ্ট হবে না। উদ্বাস্তু আগমন, জনসংখ্যা বৃদ্ধি এবং প্রাকৃতিক দুর্যোগ এই গুলিই যে মূল কারণ এটা সকলেই জানেন। তারজন্য সরকার চিন্তা করছেন এবং দৃঢ় পদক্ষেপে অগ্রসর হচ্ছেন। এ ব্যাপারে জনসাধারণের মধ্যে একটা চেতনা আনতে হবে তাদের জাগ্রত করতে হবে। কিন্তু মাননীয় বিরোধী দলের সদস্যরা সেই পথে যাবেন না। তাঁরা শুধু চান রাষ্ট্রনৈতিক ক্ষমতা। কিন্তু শুধু রাষ্ট্রনৈতিক ক্ষমতার জন্যই চারিদিকে লোলুপ দৃষ্টি নিয়ে তাকিয়ে থাকলে চলে না। জনসাধারণের হৃদয়কেও জয় করতে হবে। আমাদের গণতান্ত্রিক যে সমাজবাদ, সেই সমাজবাদকে অভিনন্দন জানিয়ে জনসাধারণ যে রায় দিয়েছেন সেই রায়ের বলেই কংগ্রেস সংখ্যাধিক্য অর্জন করে রাষ্ট্র ক্ষমতা লাভ করছে। কিন্তু রাষ্ট্রনৈতিক ক্ষমতা থেকে বিচ্যুত হয়ে তাঁরা গুলি খাওয়া বাঘের মত সমস্ত ত্রিপুরাতে টেরারের সৃষ্টি করেছেন। কোথাও তাঁরা বন ধ্বংস করেছেন, যেখানে সরকার উদ্বৃত্ত খাদ্য শস্য লেভী ধার্য করে নিয়ে আসছেন সেখানে তাঁরা বাধা সৃষ্টি করেছেন, উদ্বৃত্ত খাদ্যশস্য তাঁরা সমানভাবে জনসাধারণের মধ্যে বন্টন করতে দিচ্ছেন না এবং নানাভাবে বিভেদের সৃষ্টি করছেন। কোথাও

বা তাঁরা গৃহদাহ, খুন করেছেন আবার কোথাও তাঁরা রাজ্যে অরাজকতা এবং বিশৃংখলা সৃষ্টির প্রয়াস পাচ্ছেন। যে সমস্ত পরিকল্পনাকে রূপায়ন করার জন্য জনসাধারণ রায় দিয়েছেন সেগুলিকে বানচাল করার জন্য চেষ্টা করছেন। যাক্ সেগুলির আলোচনা পরে হবে। আমি শুধু সরকারের কাছে অনুরোধ করব যে তাঁরা যেন এই সমস্ত বিভেদ ও বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের কঠোরভাবে দমন করেন। তা না হলে ত্রিপুরার কোন সমস্যার কোনদিনই সমাধান সম্ভব হবে না।

Mr Speaker :— Will any other Member take part ?

শ্রীতড়িৎ মোহন দাস গুপ্ত ঃ— মাননীয় স্পীকার মহোদয়, আজকে বিধান সভার অধিবেশন উদ্বোধন করে মাননীয় অ্যাডমিনিসট্রেটর তাঁর ভাষণের মধ্যে সরকারের নীতি এবং কার্যক্রমের সূক্ষ্ম বিচার ধারার এবং কর্মাবলীর সংক্ষিপ্তসার দিয়েছেন। আজকে যেভাবে সমস্যাগুলি উদ্ভূত হচ্ছে এবং সরকার যে মননশীলতা এবং এরা(?) তা নিয়ে সমস্যাগুলির সমাধান করেছেন তার ইঙ্গিত এই ভাষণের মধ্যে রয়েছে। ত্রিপুরা সমগ্র ভারতবাসীর ধারণার সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত। অর্থনৈতিক চাপ বা মন্দা যেটা সমগ্র বিশ্ব জুড়ে চলছে তা' ত্রিপুরাকেও প্রভাবিত করে এবং তারও উল্লেখ তিনি তার ভাষণে করেছেন। কিন্তু সেই দিক দিয়ে ত্রিপুরার অনেক সমস্যা থাকলেও ত্রিপুরার মধ্যে যে রাজনৈতিক স্থিতি চলছে সেটা এক দিক দিয়ে ত্রিপুরার কাজকর্ম সুন্দরভাবে চলতে সাহায্য করছে। এই সীমান্তবর্তী রাজ্য ত্রিপুরাতেও কিছো অশান্তি দেখা দিয়েছে। কিছু লোক সরলপ্রাণ আদিবাসীদের কাছে হঠাৎ হঠাৎ উদয় হয়ে চাঁদা নিয়ে নিচ্ছে, কোন কোন সময় দলবল নিয়ে খেয়েও যাচ্ছে। উদ্বাস্তুদের সুষ্ঠু পুনর্বাসনের জন্য প্রচেষ্টা হচ্ছে। জুমিয়া পুনর্বাসনেরও চেষ্টা চলছে। যে সমস্ত আদিবাসী জুমছাড়া অন্যান্য কৃষিকার্য্যে অভ্যস্ত ছিল না তারা আজকে আস্তে আস্তে জমিতে পুনর্বাসিত হওয়ার চেষ্টা করছে এবং কিছুটা ফসলও তারা সংগ্রহ করছে। কিন্তু আজকে তাদের ফসল কেড়ে নেওয়ার একটা চক্রান্ত চলেছে। এই চক্রান্ত দ্বারা সরল আদিবাসীদের কোন মঙ্গল সাধন করতে পারবে না এবং তার দ্বারা তাদের যে সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা সেটা সম্পূর্ণভাবে বিঘ্নিত হবে। আজকে দেশের কিছু লোক আদিবাসীদের নিকট চিঠিপত্র লিখছেন, হাজাছড়া একটা নির্মম হত্যাকাণ্ড সংগঠিত করেছেন। আজকে এইভাবে সন্ত্রাসবাদ দ্বারা কোন সমস্যারই সমাধান করা যায় না। এই সমস্ত বিচ্ছিন্ন ঘটনার পিছনে একটা চক্রান্ত আছে। কোন কোন জায়গায় বনায়নের যে পরিকল্পনা হচ্ছে, আজকে সেটা বানচাল করার একটা প্রচেষ্টা চলছে। বনায়ন হচ্ছে ত্রিপুরার জল আবহাওয়াকে নিয়ন্ত্রিত করার একটা পদক্ষেপ, সেটাকে পরিকল্পনার অঙ্গীভূত হিসাবে করা হচ্ছে। যেখানে কিছু কিছু সমাজ বিরোধী লোক,

রবার চাষ, কেস্থ্যনাটের চাষকে ব্যহত করার জন্য কিছু সংখ্যক লোককে উত্তেজিত করছেন সেগুলি কি করে নষ্ট করা যায়। অগ্নি সংযোগের মাধ্যম দিয়ে সমাজ বিরোধীরা সেই সমস্ত ধ্বংসাত্মক কাজ চালিয়ে যাচ্ছে। তাদের এই কাজের দ্বারা ত্রিপুরার অগ্রগতিকেই তারা ব্যাহত করছে, এর দ্বারা সমাজের উন্নতি হতে পারে না। ত্রিপুরা সরকার অলস দৃষ্টি নিয়ে বসে থাকতে পারে না সে কথাটা এ্যাডমিনিস্ট্রেটার মহোদয় তার ভাষণে বলেছেন। একটা বড় জিনিষ যেটা তার ভাষণে ফুটে উঠেছে সেটা হচ্ছে ত্রিপুরায় যারা আদিবাসী, যারা সিড্যুল কাস্ট, যারা সিড্যুল ট্রাইবস আছে তাদের পুনর্ব্বাসন। যারা উদ্বাস্তু, পাকিস্তান থেকে এসেছেন, তাদের পুনর্ব্বাসন, এটা একটা বিরাট সমস্যা। প্রথম পরিকল্পনার সঙ্গে সঙ্গতি রেখে যেখানে প্রয়োজন, রিজার্ভ ফরেষ্ট থেকে কিছু কিছু অঞ্চল ছেড়ে দিয়েও যাতে তাদের পুনর্ব্বাসন দেওয়া যায়, তারা যাতে আরও জমি পেতে পারে তারই ব্যবস্থার কথা তার মধ্যে সন্নিবিষ্ট করা হয়েছে এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হওয়া যে দরকার সে কথাও তিনি তার বক্তব্যে রেখেছেন। আগামী এক বছর সরকার যেভাবে কার্য্যক্রম গ্রহণ করবেন তারও একটা পরিপূর্ণ চিত্র তার ভাষণে তুলে ধরেছেন, সেই জন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :— Any other Member ?

শ্রীএস. এল. সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এ্যাসেম্বলী ওপেনিং করতে গিয়ে এ্যাডমিনিস্ট্রেটার মহোদয় ত্রিপুরার আভ্যন্তরীণ একটা চিত্র আমাদের সামনে তুলে ধরেছেন এবং এই ভাষণ থেকে আমরা পাচ্ছি যে ত্রিপুরায় এই যে সমাজ বিরোধী কার্য্যকলাপ চলছে সেটা একটা বিচ্ছিন্ন কার্য্যকলাপ নয়। ভারতবর্ষের মধ্যে যারা সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা এবং বর্ণবিদ্বেষে ভরপুর হয়ে সমাজবিরোধী কার্য্য চালাচ্ছে, ঠিক ত্রিপুরাতেও সমাজ বিরোধী কিছু সংখ্যক লোক বিভিন্ন আকারে একই খাতে প্রবাহিত হচ্ছে। এটা কেন হচ্ছে? এটা হল সন্ত্রাসবাদ। সন্ত্রাসবাদ তখনই আসে যখন মানুষের মধ্যে, দলের মধ্যে আসে নৈরাশ্য। এখানে বিশেষ করে ত্রিপুরাতে রাজনৈতিক উদ্দেশ্যে যে সমস্ত দল গঠিত হয়েছিল, গত নির্ব্বাচনে তাদের পরাজয়ের সাথে সাথে তাদের মধ্যে একটা বিরাট নৈরাশ্যের' উদ্ভব হয়েছে তাই তারা সন্ত্রাসবাদের দিকে ঝুঁকে পড়েছে কোথাও তারা বন আইন অমান্য করেছে, কোথাও রিকুইজিশানের বিরুদ্ধে কাজ চালিয়ে যাচ্ছে। যারা বড় বড় জোতদার ছিল সাড়ে বার কানি বা তদূর্দ্ধ জমির মালিক যারা তাদের পরিবারের মাথা পিছু খাওয়া রেখে ১৫ কে. জি. বীজের ধান রেখে, উদ্বৃত্ত যে খাদ্য সরকার সংগ্রহ করেছে সেই জায়গাতে তারা আইন অমান্য করতে চেষ্টা করছে এবং সেই চেষ্টা করেও তারা ক্ষান্ত হন নাই। যারা ট্রাইবেল জনসাধারণ যেমন এই জিরানিয়াতে, মোহনপুরে, তাদের গৃহে অগ্নিসংযোগ করে, তাদের ধন সম্পত্তি লুট করে, তাদেরকে হত্যা করে সেখানকার জনসাধারণকে সন্ত্রাসের আওতায় এনে তাদের মনোবলকে ধ্বংস করে তারা তাদের আওতাকে বৃদ্ধি করবার প্রয়াস পাচ্ছে। এটা ত্রিপুরায় নতুন নয়, ১৯৫০সালে

আমরা তাদের কার্যাবিধি খোয়াই-এ দেখেছি, দেখেছি সদরে। তারা তাদের যে পকেট ছিল সেই পকেটগুলিতে, সেখানকার জনসাধারণের যে মর‌্যাল সেটাকে ধ্বংস করতে চেয়েছিল, ঠিক এইভাবে, নরহত্যা গৃহ লুণ্ঠন করে। তাই ১৯৫০ সাল থেকে ১৯৬৭ সাল পর্য্যন্ত আমরা নির্বাচনে দেখেছি যে সন্ত্রাসবাদী যারা তাদের হাতে ত্রিপুরার জনসাধারণ ক্ষমতা দিতে নারাজ। তাই তারা আবার আজ সেই জনসাধারণকে চ্যালেঞ্জ করছে। ছামনুতে তারা ট্রাইবেলদের হত্যা করেছে, হত্যা করে তাদের মনোবলকে ধ্বংস করার চেষ্টা করছে এবং এই ভাবে তাদের দল বা আওতাকে বৃদ্ধি করার জন্য প্রয়াস পাচ্ছে। তাই আমাদের আজকে এই পরিবেশ নিয়ে চিন্তা করতে হবে, ত্রিপুরার গণতান্ত্রিক মানুষকেই তারা আজ চ্যালেঞ্জ করছে। এই গণতান্ত্রিক সমাজবাদকে চ্যালেঞ্জ করছে। সেই চ্যালেঞ্জের মোকাবিলা জনসাধারণ করবে এবং সরকার সেই দিক দিয়ে সজাগ এবং দৃঢ়হস্তে আমরা এই সন্ত্রাসবাদকে দমন করার চেষ্টা করব এবং এই যে সন্ত্রাসবাদীরা তারা কোথাও আইন অমান্য করে, কোথাও ধান দিওনা প্রচার করে, কোথাও মার্ডার করে, কোথাও গৃহ লুণ্ঠন করে, কেবল যে এইখানেই সীমাবদ্ধ রয়েছে তা নয়। তাদের নাভী রয়েছে পিকিংএ এবং পাকিস্তানে। আপনারা সবাই জানেন যে তাদের কাছে ট্রেণ্ড আপ হয়ে অস্ত্রে শস্ত্রে সজ্জিত হয়ে সন্ত্রাসের চেষ্টা করছে। তাই ত্রিপুরার জনসাধারণকে তার মোকাবিলা করার জন্য আমরা আহ্বান করছি। আমরা যাতে ঐক্যবদ্ধভাবে গণতান্ত্রিক সমাজবাদকে জয়যুক্ত করতে পারি তার চেষ্টা করতে হবে। কমি-উনালিজম, প্রাদেশিকতা, ভাষা বিদ্বেষ, এই যদি আমাদের মনে থাকে তাহলে আমরা গণতন্ত্রকে জয়যুক্ত করতে পারবনা। ভারতবর্ষ আজ পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশ। আমরা ২০ বৎসর ধরে সেই গণতন্ত্রের পরীক্ষা নিরীক্ষা চালাচ্ছি। দুই দুইটি সংগ্রামের মোকাবিলা করে আমাদের গণতন্ত্রকে আমরা রক্ষা করতে পেরেছি। তাই আমরা বিশ্বাস করব যে এই পরিবেশেও আমরা সেইভাবে চলব। তারি আহ্বান আমাদের জনসাধারণের কাছে এসেছে এবং তারি ইংগিত প্রকাশিত হয়েছে এবং সরকারের একে দমন করার জন্য শক্তিশালী হয়ে অগ্রসর হতে হবে এবং তা আমরা করব। তারপর আমাদের দেশে বিরাটতম সমস্যা আছে, খাদ্যের সমস্যা আছে, পুনর্বাসনের সমস্যা আছে, উদ্বাস্তু পুনর্বাসন, জুমিয়াদের পুনর্বাসন, সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইবস্‌দের পুনর্বাসন, ভূমিহীনদের পুনর্বাসন। অতএব ত্রিপুরার এই পরিবেশে যদি এই সন্ত্রাস চলতে থাকে তাহলে গঠনমূলক কাজ ব্যাহত হতে বাধ্য। তাই এই পুনর্বাসনকে আমরা গঠনমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে এই সমস্যার সমাধানের জন্য অগ্রসর হচ্ছি। তারা তা করছে কেন? তার কারণ হল সমস্যা সৃষ্টি করা। তাদের নীতিই হল, জনসাধারণ যদি খাদ্যে, বস্ত্রে, শিক্ষায়, স্বাস্থ্যে প্রাণবন্ত হয়ে যায় তাহলে কমিউনিজম সেখানে দানা বাঁধতে পারে না। কমিউনিজমের দানা সেখানেই বাঁধে যে জায়গাতে এই জিনিষগুলির অভাব বিদ্যমান। তাই তারা বলেছেন যে—"snatch away food from the mouth of the people, then the people will come to you." It is not my version. it is Lenin's version. যদি তোমার দলে কাউকে আনতে হয় তাহলে তার মুখের গ্রাস ছিনিয়ে

নাও, তাহলেই তোমার দলে তারা আসবে। খাদ্য সমস্যার সমাধান হয়ে গেলে তারা আসবে না তাই আমার মনে হয় তারা মাও-সে-তুংএর নীতি গ্রহণ করেছেন, যিনি বলেছেন "সমাজবাদ আসবে থ্রু গানস্", বন্দুকের মধ্য দিয়ে সমাজবাদ আসবে। অতএব সেই দিক দিয়ে আমরা যারা গণতন্ত্রকামী মানুষ, আমাদের আজ শক্তিশালীভাবে সেই চ্যালেঞ্জের মোকাবিলা করতে হবে। তারি নির্দেশ আমরা পাচ্ছি এবং ত্রিপুরার প্রত্যেকই সেই দিক দিয়ে অবগত আছেন তাদের সমস্যা সমাধানের কথা চিন্তা করতে হবে। বনায়নের পরিকল্পনা আমরা অনেক দিন ধরে করছি, কেশুনাটের পরিকল্পনা করছি, রাবার চাষের পরিকল্পনা করছি, হাজার হাজার লোক যারা বনের মধ্যে আছে তারা টাঙিয়া সিস্টেমে জুম করছে, ফসল ফলাচ্ছে এবং প্লেনটেশনের মধ্য দিয়ে লক্ষ লক্ষ টাকা পাচ্ছেন। আরও চিন্তা করতে হবে সেই সমস্ত টাঙিয়া ভাইদের নিয়ে কো-অপারেটিভের মধ্য দিয়ে তাদের মধ্যে ব্যবসা চালু করতে পারি কিনা। মিডল্মেন যেখানে কাজকারবার করছে সেখান থেকে তাদের সরিয়ে নিয়ে কো-অপারেটিভের মধ্য দিয়ে, সমবায়ের মধ্য দিয়ে তাদের অবস্থার উন্নতি করতে পারি কিনা! তা তারা সম্যক অবগত আছেন। তারা জানেন যে যদি এই পথে আমরা অগ্রসর হই তাহলে পরে হাজার হাজার জুমিয়া পুনর্বাসন হয়ে যাবে। তাদের খাদ্য সমস্যার সমাধান হয়ে যাবে। কাজেই তাদের ছেড়ে দাও অর্থনৈতিক দুর্গতির মধ্যে। তাহলে তারা বাধ্য হয়ে তাদের দলে যাবে। এই উদ্দেশ্য প্রণোদিত হয়ে বনকে তারা ধ্বংস করার চেষ্টা করছে। তা না হলে তারা যে দেশের জন্য গর্বিত সেই দেশেও সর্বশ্রেষ্ঠ বনানী গড়ে উঠেছে। অতএব আজকে ত্রিপুরার বনায়ন শুধু লোকের ব্যবহারের জন্যই নয় এই বন সম্প্রসারিত করতে হবে ত্রিপুরার সয়েল কনজার্ভেশনের জন্য, আবহাওয়াকে ঠিক রাখার জন্য। কারণ আমরা জানি বৃষ্টির সমতা রক্ষা করা, ভূমিক্ষয় নিবারণ করা আমাদের দরকার। আমাদের দেশে বৃষ্টিপাত দিনের পর দিন কমে যাচ্ছে এবং ভূমিক্ষয় বিরাটভাবে সুরু হয়েছে। সেই ভূমিক্ষয় নিবারণের জন্য বন তৈরী করা হচ্ছে এবং সেই বন ধ্বংস করার জন্য, সয়েল কনজার্ভেশনকে ধ্বংস করার জন্য, ত্রিপুরাকে মরু- ভূমিতে পর্যবসিত করার চেষ্টা যারা করছেন তারা ঠিক সেই চিন্তার দ্বারা উদ্বুদ্ধ হয়েই তা করছেন। ত্রিপুরাতে সমস্যার সৃষ্টি করে ত্রিপুরার মানুষের খাদ্য যদি নিয়ে যাওয়া যায় তা হলে তাদের উদ্দেশ্য সার্থক হবে, সেই উদ্দেশ্যে প্রণোদিত হয়েই তারা কাজ করছেন। তারা বাইরে বড় বড় কথা বলতেন যে লেভি কর। আর যখন সাড়ে বার কানি বা তদূর্দ্ধ জমির যারা মালিক তাদের কাছ থেকে যখন ধান সংগ্রহের চেষ্টা নেওয়া হচ্ছে তখন সেই জায়গাতে তারা বাধা দিচ্ছে, তার কারণ কি? তার কারণ হচ্ছে, তারা কোন সমস্যার সমাধান চান না, তারা চান না আমাদের খাদ্য সম্ভার আমরা ঘরে তুলি, তারা চান না আমরা প্রোকিওর করি, ডিষ্ট্রিবিউট করি। কারণ ঠিক ভাবে যদি আমরা সেটা করি তাহলে সমস্যার সমাধান হয়ে যাবে। কাজেই প্রোকিওরমেন্টে বাধা দিয়ে ত্রিপুরায় অন্নের হাহাকার সৃষ্টি কর, তাহলে উদ্দেশ্যে সিদ্ধি হবে। সেই উদ্দেশ্যে প্রণোদিত হয়ে তা তারা করছেন এবং আমাদের তা মোকাবিলা করতে হচ্ছে। তেজাছড়াতে, ছামনুতে, জিরানীয়াতে, মোহনপুরে, খোয়াই

লক্ষীনারায়ণপুরে মানুষকে হত্যা করা হচ্ছে তাই আজকে আমাদের চিন্তা করতে হবে, ভাবতে হবে। যারা সমাজ বিরোধী কাজ করে তাদের প্রতি মানুষের কোন সহানুভূতি বা ভালবাসা থাকবে না। তারা মনুষ্যত্ব বিরোধী। দেশের জনসাধারণকে জাগ্রত করতে হবে তার মোকাবিলা করার জন্য। জনসাধারণ এবং সরকার একযোগে তাদের মোকাবিলা করবে সেইভাবে আমরা চিন্তা করছি। তার সাথে সাথে আমাদের যোগাযোগের কথা চিন্তা করতে হবে। আজকে আমাদের খাদ্য সম্ভারকে যেমন আমরা বিকুাজিশান করব। তার সাথে সাথে খাদ্য সম্ভারকে বর্ধিত করার জন্য আমাদের চিন্তা করতে হবে এবং সেইজন্য ত্রিপুরাতে পরীক্ষা নিরিক্ষা চলছে হুইটের চাষ হয় কি না? ত্রিপুরাতে সোনারি ভেরাইটিজ অব হুইট উৎপাদন করা হচ্ছে এবং ভালভাবে সেটা হচ্ছে। ধানের বীজ রোপন করে, তার জলের ব্যবস্থা করে, সারের ব্যবস্থা করে, পোকা মাকড়ের হাত থেকে সেগুলিকে রক্ষা করা যায় তার ব্যবস্থাও আমাদের গ্রহণ করতে হবে। আরও চিন্তা করতে হবে কি করে ফ্লাডের হাত থেকে ত্রিপুরাকে রক্ষা করা যায়, কি করে ফসল রক্ষা করা যায়। ত্রিপুরাতে সয়েল কনজার্ভেশান করে, ভূমিক্ষয় নিবারণ করা যায় কি না সেই দিকেও চিন্তা করা হচ্ছে। খাদ্য সম্ভারকে বৃদ্ধি করতে হলে বৈজ্ঞানিক যে প্রথা সে প্রথাকে চালু করতে হবে এবং সেই প্রথাগুলি ত্রিপুরার চাষী, কৃষক সম্প্রদায় গ্রহণ করেছে এবং ত্রিপুরায় তাইচুং ধানের চাষ এবং সোনারী গম ভেরাইটীজের চাষ হচ্ছে। আমি বিশ্বাস করি ত্রিপুরার মানুষ এবং চাষীরা সঙ্ঘবদ্ধ হয়ে কিভাবে ভাল খাদ্য উৎপন্ন করা যায়, এক একর জমিতে কি করে ২০০ মণ ধান উৎপাদন করতে পারি তার প্রচেষ্টা চালিয়ে যাবেন। ত্রিপুরার কৃষকরা তা করছেন, সেইজন্য আমি তাদের এই প্রচেষ্টাকে অভিনন্দন জানাই। এখানে আলুর চাষ করা হচ্ছে। ত্রিপুরা আলুর চাষে অন্য কোন জায়গা থেকেই পিছিয়ে নেই। তার সাথে সাথে চীনা বাদামের চাষ হচ্ছে। এই জায়গায় বেংগল পী, যেটাতে জল খুব কম লাগে এবং কুইম্বাটোর সুগার কেনের চাষ এখানে করার কথা চিন্তা করা হচ্ছে এবং মেজ বরা চলে কি না তাও পরীক্ষা করা হচ্ছে। মেজ ত্রিপুরার আদিবাসী ভাইেরা কিছু কিছু চাষ করত। ঐ টিলার মধ্যে আমেরিকান হাই ইল্ডিং ভেরাইটিজ এর চাষ করা যায় কি না তারও পরীক্ষা নিরীক্ষা চলছে। ত্রিপুরার এক ইঞ্চি জায়গাও যাতে পতিত না থাকে তার দিকে সজাগ দৃষ্টি নিয়ে আমরা তা করছি। কৃষক এবং জনসাধারণ তার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে ঐক্যবদ্ধভাবে। সেই যে প্রচেষ্টা তাকে বানচাল করার জন্য দেশের ভিতর, অভ্যন্তরে, বাউণ্ডারীর মধ্যে একটা অশান্তির সৃষ্টি করার চেষ্টা চলছে। যার ফলে সরকারের দৃষ্টি সেই দিকে নিবদ্ধ থাকবে। পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে সার্থক করতে পারবে না। অতএব দেশবাসীর কাছে এই যে চিত্র তুলে ধরার জন্য আজকের এই ভাষণ, তার মধ্যে এই জিনিষটা পরিস্কারভাবে ফুটে উঠেছে। শুধু তাই নয়, আরও আমরা দেখছি যে ত্রিপুরার অভ্যন্তরে ফ্লাডকে যদি নিয়ন্ত্রিত করতে হয় তা হলে উপরের দিকে বেরেজ করে সেই জলকে আমরা সঞ্চিত করে কৃষি কাজে নিয়োজিত করব এবং সেই অনুসারে গোমতী প্রজেক্ট করার প্রচেষ্টা চলছে। সেই গোমতী

পরিকল্পনা শেষ হলে পরে আমরা দেখছি যে অমরপুরে, উদয়পুরে, সোনামুড়ায় ফ্লাডকে কনট্রোল করা যাবে। তার সাথে সাথে ২০ একর জমিকে চাষে আওতায় আনতে আমরা পারব। সেইদিকে লক্ষ্য রেখে কৃষি কার্য্যকে পরিচালিত করতে পারব। ত্রিপুরায় ইণ্ডাষ্ট্রীজ ডেভলপ করতে হবে। ত্রিপুরায় কি কি ইণ্ডাষ্ট্রী করা যায় সেটা নির্ভর করবে ত্রিপুরার কৃষিজাত, মেটেরিয়ালের উপর। এটা যদি করতে হয় তাহলে ফরেষ্টের যে সম্পদ সেটা গড়ে তুলতে হবে। ফরেষ্ট থেকে ফরেন এক্সচেঞ্জও আমরা অর্জ করতে পারি। রাবারের চাষ, কেস্থানাটের চাষ সেই দিকে লক্ষ্য রেখে চলছে কিন্তু সমাজ বিরোধী কার্য্যকলাপ দ্বারা সেই সমস্ত কাজকে বানচাল করার চেষ্টা করা হচ্ছে। তার সাথে সাথে আমরা দেখছি যে পঞ্চায়েত আমরা গড়ে তুলেছি তার হাতে ক্ষমতা দেওয়া হবে, তার সাথে সাথে সমবায়কেও শক্তিশালী করতে হবে। সমবায়কে শক্তিশালী করে মিডিল ম্যানের হাত থেকে জনসাধারণের হাতে ব্যবসা তুলে দেওয়া যায় কি না তার প্রচেষ্টা চলছে। সেই অনুসারে পঞ্চায়েত-পঞ্চায়েতে লীডারশিপ গ্রো করার জন্য প্রচেষ্টা চলছে। পঞ্চায়েতে, পঞ্চায়েতে সার্ভিস কো-অপারেটিভ, ফার্মিং কো-অপারেটিভ আমরা গড়ে তুলব এবং যে সমস্ত বাকার স্টক মিডলম্যান ব্যবসায়ীরা নিয়ে যেত সেটাকে সমবায়ের হাতে দিয়ে সুনিয়ন্ত্রিত করা চলে কি না তার পরীক্ষা নিরীক্ষা করে আমরা দেখছি। এইসব বিভিন্ন মুখী উন্নয়নমূলক কার্যাকলাপকে ব্যাহত করার জন্য সমাজ বিরোধী নাশকতামূলক যে কার্যাকলাপ চলছে সেটাকে শক্ত হস্তে দমন করার কথা যে মাননীয় এ্যাডমিনিষ্ট্রেটার তার ভাষণে রেখেছেন তাকে আমি অভিনন্দন জানাই।

জয়হিন্দ।

Mr. Speaker :— Discussion is over. Now I am putting the motion to vote. The question before tne House is the motion moved by Shri S. C. Dutta, M. L. A.

As many as are of that opinion will please say 'Ayes.'

'Ayes.'

As many as are of contrary opinion will please say 'Noes.'

Mr. Speaker :— I think, Ayes have it. Ayes have it, Ayes have it.
The Motion is adopted.

The House stands adjourned till 11 A. M. to-morrow, the 12th March, 1968

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT : 1963.

12th March, 1968.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A. M. on Tuesday, the 12th March, 1968.

PRESENT

The Hon'ble Manindra Lal Bhowmik, Speaker in the Chair, the Chief Minister, Four Ministers, Deputy Speaker, Deputy MInister and Twenty two Members,

QUESTIONS

Mr. Speaker :—Today in the List of Business are the following questions to be answered by the Ministers concerned. Shri Bidya Deb Barma.

Shri Aghore Deb Barma :—Hon'ble Speaker, Sir, I want to ask the questions in the name of Shri Bidya Ch. Deb Barma.

Mr. Speaker :—You will have the chance afterwards.

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—Question No. 767.

Shri Sachindra Lal Singh : —Mr. Speaker, Sir, question No. 767.

QUESTION	REPLY
(ক) ইহা কি সত্য পেঁচারথল ও নিকট-বর্ত্তী অঞ্চলে কোন পশু চিকিৎসার ব্যবস্থা না থাকায় প্রতি বৎসর চিকিৎসার অভাবে বহু গৃহ পালিত পশু মড়ক ও নানা রোগে মারা যায়।	(ক) ইহা সত্য নহে।
(খ) পেঁচারথল কোন পশু চিকিৎসালয় খোলার সরকারের পরিকল্পনা আছে কি ?	(খ) বর্ত্তমান বৎসরে পেঁচারথলে কোন পশু-চিকিৎসা কেন্দ্র খোলার পরিকল্পনা নাই। চতুর্থ পরিকল্পনাকালে যে সকল পশু চিকিৎসা কেন্দ্র খোলা হইবে তখন অন্যান্য স্থানের সঙ্গে পেঁচারথলের বিষয়টিও বিবেচনা করা হইবে।

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি গত বৎসর কি পরিমাণ গৃহপালিত পশু মারা গিয়েছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— নোটিশ চাই।

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে পেঁচারথলের কোন গরু বা কোন মহিষ বা গৃহপালিত পশুর চিকিৎসার জন্য যেতে হলে কোন জায়গায় নিয়ে যেতে হবে ? পেঁচারথলের নিকটবর্ত্তী কোন পশু চিকিৎসালয় আছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— পেঁচারথলের নিকটবর্ত্তী কোন পশু চিকিৎসালয় নাই।

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি কত মাইলের মধ্যে পশু চিকিৎসালয় আছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— কাঞ্চনপুর ষ্টকমেন্ সেনটার বা ফটিকরায় এ, আই, সাব সেন্টার পেঁচারথল থেকে ১২ মাইলের মধ্যে পড়ে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—পয়েন্ট অব অর্ডার প্লিজ। এখানে ডিপার্টমেন্টের মিনিষ্টার উপস্থিত থাকা সত্বেও চীফ মিনিস্টার কেন রিপ্লাই দিচ্ছেন ?

মিঃ স্পীকার :— হী হ্যাজ বীন অথ্‌রাইজড।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনি কি করে জানলেন যে হী হ্যাজ বীন অথ্‌রাইজড ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— দি অথ্‌রিটি লেটার ইজ উইথ মী।

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি পেঁচারথল থেকে ফটিকরায় পর্য্যন্ত গরু নিয়ে যাওয়া সম্ভবপর কি না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— মোবাইল ভেটেরিনারী ইউনিটও ট্রিটমেন্ট করতে মাঝে মাঝে যায়।

Mr. Speaker :— Shri Ghanashyam Dewan. Shri Dewan is bracketed with Shri Aghore Deb Barma.

Shri Ghanasyam Dewan :— Question No. 780

Shri S. L. Singh :— Mr. Speaker, Sir, question No. 780.

QUESTION	ANSWER
১) ত্রিপুরার উপজাতি উন্নয়ন পরিকল্পনাগুলি সুষ্ঠুভাবে রূপায়নের জন্য একটি পূর্ণাংগ ডাইরেক্টরেট চালু করিবার প্রয়োজনীয়তা সরকার বোধ করেন কি না ;	১) হ্যাঁ।
২) যদি প্রয়োজন বোধ করেন তবে কবে চালু করা যাইবে ;	২) ১৯৬৮-৬৯ সনের পরিকল্পনায় এইরূপ একটি ডাইরেক্টরেট করার পরিকল্পনা আমরা চিন্তা করিতেছি।
৩) যদি প্রয়োজন বোধ না করেন তাহার কারণ ?	

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে ট্রাইবেল কমিশনার হিসাবে সি. ও. যখন এখানে এসেছিলেন তখন ত্রিপুরার ট্রাইবেলদের সম্পর্কে সমস্ত বিষয়বস্তু জানার পরে তিনি এখানে একটি পূর্ণাংগ ডাইরেক্টরেট খোলার সুপারিশ করেছেন এই সম্পর্কে কি করেছেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— আগেই বলা হয়েছে এটা আমাদের চিন্তায় আছে একটা ট্রাইবেল ডাইরেক্টরেট খোলার।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— কারেন্ট ফিনানসিয়াল ইয়ারে হবে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— এই বৎসর এটা সম্ভব নয়।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— এই পরিকল্পনা খোলার ব্যাপারে বিচার-বিবেচনা কত বছর ধরে চলবে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— ইহা পরিস্থিতির উপর নির্ভর করে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— পরিস্থিতি বলতে মাননীয় মন্ত্রী মহোদয় কি বুঝাতে চেয়েছেন।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—পরিস্থিতি বলতে যা বুঝায় তাই বলেছি।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—এটা কি উত্তর হল ?

মিঃ স্পীকার ঃ—আই ক্যান নট কমপেল অনারেবল চীফ মিনিষ্টার।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয় সাপ্লিমেন্টার প্রশ্ন করা হয় জিনিসটা বুঝার জন্য। এইভাবে যা তা একটা উত্তর দিয়ে দিলে অ্যাসেম্বলী কোয়েশ্চান করে লাভ কি ? এই রকম হামেশাই চলছে।

Mr. Speaker :—Shri Nishi Kanta Sarkar.

Shri Nishi Kanta Sarkar :—Question No. 788.

Shri S. L. Singh :—Starred Question No. 788.

(১) উদয়পুর বিভাগে ট্রাইবেল ওয়েলফেয়ার স্কীমে কতগুলি রাস্তা করা হইয়াছে এবং ঐগুলির নাম কি ?

ANSWER

(১) উদয়পুর বিভাগে আদিবাসী কল্যাণ প্রকল্পানুসারে ১৮টি রাস্তা হইয়াছে ; নিম্নে রাস্তার নাম প্রদত্ত হইল :—

(১) উদয়পুর হইতে পিত্‌রা (২) পিত্‌রা হইতে নোয়াবাড়ী (পবিত্র রাম বাড়ী হইয়া) (৩) দক্ষিণ মহারাণী হইতে মজুম্ পাড়া, (৪) ফুলকুমারী হইতে ব্রহ্মছড়া (৫) উদয়পুর হইতে পিত্‌রা (২নং) (৬) নোয়াবাড়ী হইতে পবিত্র রাম বাড়ী, (৭) ফুলকুমারী হইতে রাণী কিল্লা (৮) গকুলপুর হইতে রাজনগর (৯) নগরায় চৌধুরী পাড়া হইতে আদিপুর (পাবেন্দ্র চৌধুরী পাড়া হইয়া) (১০) (ব্রহ্মছড়া ট্রাইবেল কলোনী) গথনাং হইতে ছত্রিফাং (১১) গথনাং হইতে ফুলকুমারী (১২) কালাটিলা হইতে গথনাং (১৩) ব্রহ্মছড়া হইতে কালাটিলা (১৪) ব্রহ্মছড়া কালাটিলা হইতে কালাটিলা। (১৫) কিল্লা হইতে বাহাত্তরবাড়ী (উত্তর ব্রজেন্দ্রনগর হইয়া) (১৬) সাতাবাড়ী হইতে ব্রহ্মছড়া (১৭) রাণীকিল্লা আফিসটিলা হইতে রিয়াং পাড়া (১৮) উদয়পুর—সাব্রুম রাস্তা হইতে সোনাইছড়ি।

শ্রীনিশীকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয়, রাজনগর হইতে কিল্লা কোন রাস্তা ট্রাইবেল ওয়েলফেয়ার থেকে হয়েছিল কি না ?

শ্রীএস. এল. সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যাহা হইয়াছে, তাহাই আমি বলিয়াছি।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানতে চাইছি রাজনগর হইতে কিল্লা পর্যন্ত কোন রাস্তা হয়েছিল কি না ?

শ্রীএস. এল. সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয় যেই যেই রাস্তা হয়েছে তার নামগুলি আমি এখানে পড়ে দিয়েছি অতএব তার বাইরে বলা এখন আমার পক্ষে সম্পূর্ণ অসম্ভব—সো আই ডিমাণ্ড নোটিস অব ইট।

শ্রীএর্সাদ আলী চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, ব্রহ্মছড়া ট্রাইবেল কলোনী বলে কোন কলোনী উদয়পুরে আছে কি না ?

শ্রীএস. এল সিংহ :—যাহার উল্লেখ এখানে আছে তাহাই ব্রহ্মছড়া ট্রাইবেল কলোনী।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, উদয়পুর রাজনগর রাস্তাটা কোন সনে আরম্ভ হয়েছিল ?

শ্রীএস. এল. সিংহ :—আমি নোটিশ চাই, স্যার।

শ্রী অঘোর দেববর্ম্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে, আঠারটি রাস্তার নাম এখানে উল্লেখ করেছেন, তার মধ্যে কয়টি রাস্তা চালু আছে ?

শ্রী এস. এল. সিংহ :— যেই যেই রাস্তা হয়েছে তাহাই বলা হয়েছে। চালু বলতে কি বুঝায় আমি বুঝতে পারলাম না। এইগুলি অল ওয়েদার রোড মোটেই নয়, এইগুলি হয়তো সাময়িক রোড।

শ্রী নিশিকান্ত সরকার :— মাননীয় মন্ত্রী মহোদয় কি আঠারটি রাস্তার লিস্ট দিতে পারেন ?

শ্রী এস. এল. সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি লিস্ট পড়ে শুনিয়েছি।

শ্রী অঘোর দেববর্ম্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন সবগুলি রাস্তার মধ্যে ব্রীজ এবং কালভার্ট ইত্যাদি আছে কি না ?

শ্রী এস. এল. সিংহ :— আমি নোটীশ চাই, স্যার।

শ্রী এরসাদ আলী চৌধুরী :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন এই ১৮টি রাস্তার জন্য কত টাকা খরচ হয়েছিল ?

শ্রী এস. এল. সিংহ ঃ— আমি নোটীশ চাই, স্যার।

শ্রী অঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন কোন কোন রাস্তার কত মাইল দৈর্ঘ্য ?

শ্রী এস. এল. সিংহ ঃ— আমি নোটীশ চাই, স্যার।

শ্রী নিশিকান্ত সরকার ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি গকুলনগর থেকে রাজনগর যে রাস্তাটির কথা এখানে বলা হয়েছে সেটা শেষ হয়েছে কি না ?

শ্রী এস. এল. সিংহ ঃ— আমি নোটীশ চাই স্যার।

শ্রী অঘোর দেববর্ম্মা ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, এই রাস্তাগুলি বৎসরে মেইনটেনান্স হয় কি না ?

শ্রী এস. এল. সিংহ ঃ— আমি নোটীশ চাই স্যার।

মিঃ স্পীকার ঃ— শ্রী অঘোর দেববর্ম্মা।

শ্রী অঘোর দেববর্ম্মা ঃ— কোয়েশ্চান নাম্বার ৮০৬।

শ্রী এস. এল. সিংহ ঃ— কোয়েশ্চান নাম্বার ৮০৬ স্যার।

প্রশ্ন—	উত্তর—
১। সদর উত্তর বুড়মা এলাকাতে গত আর্থিক বৎসরে উপজাতীয় জুমিয়াদের কলোনী করার কোন পরিকল্পনা ছিল কি না, ২। যদি পরিকল্পনা থেকে থাকে এই পরিকল্পনা মতে কতজন জুমিয়া বা ভূমিহীন উপজাতীয়দের পুনর্ব্বাসন দেওয়া হইয়াছে ?	তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

শ্রী অঘোর দেববর্ম্মা ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়,

মিঃ স্পীকার ঃ— অনারেবল মেম্বার দি রিপ্লাই ইজ, মেটেরিয়্যাল আণ্ডার কালেকশন'।

শ্রী অঘোর দেববর্ম্মা ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, লাস্ট সেশানেও মাননীয় চীফ মিনিষ্টার এমন অনেক কোয়েশ্চান'এর রিপ্লাই দিয়েছিলেন যে তথ্য সংগ্রহ করা হইতেছে যেমন চীফ মিনিষ্টারের বাড়ীর ইলেক্ট্রিক চার্জ সম্বন্ধে একটা প্রশ্ন গত সেশানে ছিল। তার উত্তর পনের দিনের মধ্যে ফার্নিশ করবেন এই এ্যাস্যুরেন্স তিনি দিয়েছিলেন। কিন্তু তার উত্তর আজ

পর্য্যন্ত তিনি দেন নাই। এইভাবে তিনি সবসময়েই হাউসে এ্যাস্যুরেন্স দেন কিন্তু তিনি উত্তর দেন না অতএব আমি মনে করি এটা কনটেম্পট অব দি হাউস, হাউসের অবমাননা। তাই আমি উনার বিরুদ্ধে প্রিভিলেজ মোশান আনছি।

মিঃ স্পীকার :— আপনি কি এই কোয়েশ্চান সম্পর্কে বলবেন ?

শ্রীঅঘোর দেববর্ম্মা— না স্যার। অন্যান্য কোয়েশ্চান সম্পর্কে যেগুলি তিনি এ্যাস্যুরেন্স দিয়ে তার উত্তর আমাদের কাছে ফার্নিশ করেন নি যেমন, চীফ মিনিষ্টারের বাড়ীর ইলেকট্রিক বিল সম্পর্কে গত সেশনে একটা কোয়েশ্চান ছিল সেই কোয়েশ্চান সম্পর্কে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :— পয়েন্ট অব অর্ডার—মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনার রিলিভেন্ট কোয়েশ্চান হচ্ছে এটা, এই কোয়েশ্চান'এর উপর চীফ মিনিষ্টার বা অন্যান্য মিনিষ্টার কোনরকম এ্যাস্যুরেন্স দিয়েছেন কিনা ? যদি না দিয়ে থাকেন, তা হলে অন্যান্য কোয়েশ্চান দিয়ে কনটেম্পট অব দি হাউস হতে পারে না।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা আজকে অনন্তকাল ধরে চলে আসছে। ইট ইজ কণ্টিনিউইং। আরম্ভ থেকেই এটা চলে আসছে।

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :— জেনারেল প্রাক্টিস হচ্ছে এই যে কোয়েশ্চান আওয়ারে কোন পয়েন্ট অর্ডার হতে পারে না। ইট ইজ নট দি রিলিভেন্ট সাবজেক্ট মেটার। ইট ইজ এ সেপারেট ইস্যু। এটা কোয়েশ্চান আওয়ারের পরে আসতে পারে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—ইউ ক্যান নট এ্যাডভাইজ দি স্পীকার।

শ্রীপ্রমোদরঞ্জন দাশ গুপ্ত :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান আওয়ারে পয়েন্ট অব অর্ডার হয় কিনা সেই সম্পর্কে আই এ্যাম ইন্ ডাউট। আমি সেই সম্পর্কে স্পীকারের রুলিং চাচ্ছি। কোয়েশ্চান যদি রিলীভেন্ট হয়, তাহলে তার উপর পয়েন্ট অব অর্ডার হতে পারে না, এই বিষয়ে আমি মন্ত্রী মহোদয়ের সঙ্গে একমত হতে পারছি না, অতএব আমি এই বিষয়ে স্পীকার থেকে রুলিং চাচ্ছি। কোয়েশ্চান ব্যাপারে যদি কোনরকম কন্টেম্পট্ অব দি হাউস হয়, তাহলে তার উপর পয়েন্ট অব অর্ডার হতে পারে বলে আমার বিশ্বাস।

মিঃ স্পীকার :— আপনি যে প্রশ্ন করেছেন, সেই সম্পর্কে হলে পরে পয়েন্ট অব অর্ডার হতে পারে। কিন্তু ইট ইজ নট রিলিভেন্ট টু দি প্রেজেন্ট কোয়েশ্চান।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইভাবে অনন্তকাল ধরে এই হাউসের মধ্যে মেটেরিয়্যাল আণ্ডার কালেকশান বলে, পনের দিনের মধ্যে রিপ্লাই দেবেন এই এস্যুরেন্স দিয়েও কোন রিপ্লাই মিনিষ্টার ফার্নিশ করেন না। অতএব মিনিষ্টারের বিরুদ্ধে ব্রীচ অব প্রিভিলেজ মোশান মুভ করতে বাধ্য হচ্ছি।

মিঃ স্পীকার :— আমি সেটা দেখব। শ্রীসুনীল চন্দ্র দত্ত।

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ— কোয়েশ্চান নাম্বার ৮৭০।

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত ঃ— কোয়েশ্চান নাম্বার ৮৭০ স্যার।

প্রশ্ন	উত্তর
ক) খোয়াই মহকুমার অন্তর্গত বাচাইবাড়ী মৌজায় একটি প্রাথমিক চিকিৎসা কেন্দ্র খোলার জন্য একজন আদিবাসী ভূমি দান করিয়াছেন কি না।	প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।
খ) ইহা সত্য হইলে এখন পর্য্যন্ত এই প্রাথমিক কেন্দ্রটি কেন খোলা হয় নাই?	প্রশ্ন উঠে না।

মিঃ স্পীকার ঃ— প্রমোদ রঞ্জন দাশগুপ্ত।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত ঃ— কোয়েশ্চান নাম্বার ৮৮০।

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত ঃ— কোয়েশ্চান নাম্বার ৮৮০ স্যার।

QUESTION	ANSWER
1. Number of eye patients in the waiting list under the Eye Deptt. in the G. B. Hospital at Agartala on the 31st day of the month of December, 1967 and January, 1968.	Upto 31st December, 1967—545. Upto January, 1968—60 ————————— Total :— 605

শ্রীপ্রমোদ রঞ্জন দাস গুপ্ত—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি এই যে ওয়েটিং লিষ্টে আই পেশাণ্টের সংখ্যা আপটু জানুয়ারী, ১৯৬৮ বলা হল ৬০৫, তারপর আর কোন পেশাণ্ট এতে ইনক্লুডেড হয়েছে কিনা?

শ্রীতড়িত মোহন দাশ গুপ্ত—না।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি মেডিক্যাল এ্যাডমিনিষ্ট্রেশানের আণ্ডারে অন্য কোন আই স্পেশ্যালিষ্ট আছে কি না?

শ্রীতড়িত মোহন দাশগুপ্ত—আছে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, ওয়েটিং লিষ্টে ৬০৫ জন আই পেশান্ট আছে। আরেকজন আই স্পেশ্যালিষ্ট থাকা সত্বেও তার সাহায্য কেন নেওয়া হচ্ছে না ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত—মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেহেতু আই পেশান্ট আছে, তাদের ট্রীটমেন্টের জন্য তিনটি ক্যাম্প করা হয়েছে। আমরা যখন দেখলাম এই ধরণের আই পেশান্ট আছে যাদের বাড়ীঘর মফঃস্বলে, সেইজন্য বিভিন্ন জায়গায় তিনটি ক্যাম্প করা হয়েছে এবং সেখানে আই ট্রীটমেন্ট হয়েছে। ধর্মনগরে আই অপারেটেড হয়েছে—১৮৮ জন, কৈলাশহরে আই অপরেটেড হয়েছে ১৭৫, উদয়পুরে টেম্পোরারিলি হসপিটালে রেখে যাদের আই অপারেশান হয়েছে তাদের সংখ্যা হচ্ছে ২৫৩ জন। কাজেই যেহেতু আই কেস আছে সেইজন্যই তিনটি কেন্দ্র খুলে সে কাজ সম্পন্ন করা হয়েছে। যদিও এখানে লিষ্টে দেখান হয়েছে ৬০৫ জনতার মধ্যে হয়ত অনেকেই আই ক্যাম্প থেকে চিকিৎসিত হয়েছেন। যেহেতু এই লিষ্টে ভি, এম হসপিটালের নামে আছে এবং আমরা কারা চিকিৎসিত হয়েছে তাদের নাম জানতে পারি নাই, সেই জন্যই এটা এখানে বলা হয়েছে। আরেকটা কথা তিনি বলেছেন যে আরেকজন স্পেশালিষ্ট থাকা সত্বেও তার সাহায্য কেন নেওয়া হচ্ছে না, সেটা হচ্ছে এই যে আমাদের স্পেশালিষ্টের জন্য চিকিৎসা ব্যহত হচ্ছে না, প্রধানতঃ যে কারণে সেটা হচ্ছে নাম্বার অব সিটস। আই পেশান্টের জন্য আমাদের হসপিটালে ১৩ থেকে ১৪টি সিট আছে। বিভিন্ন ধরণের রোগী থাকে তার মধ্যে ইমার্জেন্সী কেসও আছে। যাদের ক্যাটারেক্ট ইত্যাদি অপারেশন করতে হয় সেই সমস্ত রোগীকে হাসপাতালে তিন সপ্তাহের মত থাকতে হয়। কাজেই সিটের জন্য সবসময় চিকিৎসা করা সময় মত হয়ে উঠে না। আগরতলায় ভবিষ্যতে আরেকটা ক্যাম্প করে যারা ওয়েটিং লিষ্টে আছেন তাদের সকলকে আই চিকিৎসার সুব্যবস্থা করা যায় কিনা সেটাও বিবেচনা করে দেখা হচ্ছে।

মিঃ স্পীকার—মাননীয় সদস্যর প্রশ্ন হচ্ছে আরও একজন আই স্পেশ্যালিষ্ট থাকা সত্বেও তার সার্ভিস গ্রহণ করা হচ্ছে না কেন ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত—আই ডিপার্টমেন্টের চার্জে একজন স্পেশ্যালিষ্ট আছেন কাজেই সেখানে হয়ত আরেকজনের দরকার পড়ে না।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার প্রশ্নের "হয়তো" নয়, আমি পজিটিভ রিপ্লাই চাচ্ছি।

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত—আমি পজিটিভ রিপ্লাই দিয়েছি। তার দরকার পড়ে না।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার প্রশ্ন হচ্ছে যেথানে ৬০৫ জন রোগী আছে ওয়েটিং লিষ্টে সেখানে আর একজন ডাক্তার থাকা সত্বেও কেন সাহায্য নেওয়া হচ্ছে না ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত—আমি তো বলেছি জি, বি, তে যিনি স্পেশ্যালিষ্ট আছেন তিনি গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া থেকে এসেছেন এবং তিনি সিনিয়ার স্পেশ্যালিষ্ট হিসাবে কাজ করেছেন এবং তার সুপারভিজনে কাজ হচ্ছে। আর যার কথা বলা হচ্ছে তার জি, বি, তে কোন প্রয়োজন নাই।

মিঃ স্পীকার—অনারেবল মেম্বার, অনারেবল মিনিষ্টার উত্তর দিয়েছেন যে আর একজন থাকলেও তার প্রয়োজন নাই।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—যেখানে জি. বি, তে ৬০৫ জন রোগী ওয়েটিং লিষ্টে রয়েছে সেখানে মাননীয় মন্ত্রী মহোদয় মনে করেন কিনা যে ইমিডিয়েটলী এইগুলিকে ডিসপোজ আপ করার জন্য আর একজন স্পেশ্যালিষ্ট দরকার ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত—সমস্যাটা স্পেশ্যালিষ্টে নয়, সমস্যাটা হচ্ছে সীটের। নরম্যাল সীট হচ্ছে ১৩।১৪টি। আমরা এখন চেষ্টা করছি যে আর একটি ক্যাম্প খুলে এই রোগীদের চিকিৎসা করার জন্য।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—আগরতলায় এই ক্যাম্প এই কারেণ্ট ইয়ারে করা হবে কি না ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত—আগামী ফিনানসিয়াল ইয়ারে হতে পারে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—সেটা সম্বন্ধে একটা পজিটিভ রিপ্লাই মাননীয় মন্ত্রী মহোদয় দিতে পারেন কি না ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—আমরা আশা করছি তাড়াতাড়ি করতে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি বর্ত্তমানে চক্ষুরোগীদের কয়টি সীট আছে ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—আমি আগেও বলেছি ১৩ কিংবা ১৪ টি আছে। আই এম নট কোয়াইট সিওর।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—বর্ত্তমানে যে সীট আছে সেই সীট বাড়াবার কোন পরিকল্পনা আছে কিনা ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—নুতন বিল্ডিং উঠানো হচ্ছে। সেই বিল্ডিং এ আমরা সীট বাড়াব।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয়, বলতে পারেন চক্ষুরোগীদের কি আলাদা সীটের জন্য একটা নূতন কনষ্ট্রাকশন হয়েছিল। সেই বিল্ডিং হওয়ার পরেই মিলিটারী দখল করে থাকায় সেটা কাজে লাগানো হচ্ছে না, এই কথা কি ঠিক ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—আসল জিনিষটা এইরকম ছিল যে সেখানে নুতন ভাবে তাড়াতাড়ি যাতে একটা আই ক্যাম্প করা যায় তার চেষ্টা করা।

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—Question No. 776.

Shri T. M. Das Gupta :—Mr. Speaker, Sir, question No. 776.

QUESTION	ANSWER
ক) ত্রিপুরায় সর্ব্বমোট কতজন সি, এ, এস, গ্রেড টু মেডিকেল অফিসার কাজ করছেন। তন্মধ্যে ৫ বৎসরের উর্দ্ধে কতজন চাকুরী করছেন।	সর্ব্বমোট ৬০ জন। ৫ বৎসরের উর্দ্ধে ৪৫ জন।
খ) সি, এ, এস, গ্রেড টু কতজন কোয়াসি পার্মানেন্ট এবং পার্ম্মানেন্ট আছেন ?	কোয়াসি পার্মানেন্ট ২১ জন, পার্ম্মানেন্ট ১৮ জন।
গ) ৩ বৎসরের উর্দ্ধে যাহাদের চাকুরী হয়েছে তাহাদিগকে কোয়াসি পার্ম্মানেন্ট না করার কারণ কি ?	স্থায়ী পদ না থাকাতে।

শ্রীমনোরঞ্জন নাথ :—তিন বৎসরের উর্দ্ধে যারা চাকুরী করছেন এমন সংখ্যা কতজন ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—নোটিশ চাই।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে ২১ জন পার্মানেন্ট হয় নাই, তার কারণ কি ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—স্থায়ী পদ নাই। আমরা পোষ্ট পার্ম্মানেন্ট করার প্রস্তাব কেন্দ্রীয় সরকারকে দিয়েছি। এইগুলির স্যাংশন পাওয়া গেলে পার্ম্মানেন্ট করা হবে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন যে এমনও ডাক্তার আছে যাদের ১০ বৎসরের উর্দ্ধে চাকুরী হয়েছে কিন্তু তাদের স্থায়ী করা হয় নাই ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—নোটিশ চাই।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যদি ডাক্তারদের পার্মানেন্ট করা না হয় তাহলে ডাক্তাররা মনোযোগ দিয়ে কাজ করতে পারেন কিনা ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—সেটা ডাক্তারদের উপর নির্ভর করবে। ইতিমধ্যে আমরা কতজন করছি তা জানিয়েছি। আরও পার্ম্মানেন্ট পোষ্ট স্যাংশন হয়ে এলে আমরা আরও করতে পারব।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি যে আমাদের ত্রিপুরায় ১৯টি ডাক্তারখানায় ডাক্তার নাই এবং ১৮টি মেডিকেল ইউনিটে ডাক্তার নাই, এই পার্মানেনসী না হওয়ার জন্যই ডাক্তাররা আসছেন না ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—এটা কারণ নয়, কারণ ডাক্তার পাওয়া যায় না।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি যে ১০ বৎসর চাকুরী হওয়ার পরেও তাদের কোয়াসী পার্মানেন্ট ডিক্লেয়ার করা হচ্ছে না কেন এই ব্যাপারে এনকোয়ারী করতে রাজী আছেন কিনা ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—স্পেসিফিক কেস যদি আমাদের দেওয়া হয় তাহলে আমরা বিচার করে দেখব।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে তিন বছরের উপরে চাকুরী হলে পার্মামেন্ট করতে হবে এমন কোন সার্কুলার আছে কি না ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—এই বিষযে আমি নোটিশ চাই।

মিঃ স্পীকার :—নিশিকান্ত সরকার।

শ্রীনিশিকান্ত সরকার :—কোয়েশ্চান নাম্বার ১৯৩।

শ্রীপ্রফুল্ল কুমার দাশ :—কোয়েশ্চান নাম্বার ১৯৩ স্যার।

প্রশ্ন	উত্তর
১) উদয়পুর পশু চিকিৎসালয়ের জন্য কি পরিমাণ জায়গা কোন সনে খাস করা হইয়াছে।	উদয়পুর পশু চিকিৎসালয়ের জন্য ১৯৫৮ইং সনে মোট ২ কানি ১৯ গণ্ডা ১ ক্রান্তি ও সাড়ে সতের ধুর ভূমি খাস করা হইয়াছে।
উক্ত খাস জমির প্রয়োজনীযতা কি ?	পশু চিকিৎসালয়, কৃত্রিম গো প্রজনন কেন্দ্রের জন্য বীক্ষনাগার, ষাড়ের গৃহ, মটর গাড়ীর গৃহ, আস্তাবল, কর্ম্মচারী দের বাসগৃহ নির্ম্মাণ এবং যাবতীয় গৃহ পালিত পশুর উন্নতিমূলক কাজের জন্য উক্ত খাসভূমির প্রয়োজন হয়।
পশু চিকিৎসার ঔষধ পত্রাদি যথোপযুক্ত পরিমাণে তথায় আছে কি ?	পশু চিকিৎসার জন্য প্রয়োজনীয় ঔসধ পত্রাদি তথায় আছে।

শ্রীনিশিকান্ত সরকার :—কোন সনে এই জায়গাগুলি একুয়্যার করা হয়েছে ?

শ্রীপ্রফুল্ল কুমার দাশ :—আগেই বলা হয়েছে ১৯৫৮ সনে।

শ্রীনিশিকান্ত সরকার :—এই জায়গা একুয়ার করার সময় যার যোত জমি একুয়্যার করা হযেছে তাদের ক্ষতিপূরণের টাকা পেয়েছে কিনা ?

শ্রীপ্রফুল্ল কুমার দাস :—আমি নোটিশ চাই।

শ্রীনিশিকান্ত সরকার :—ইহা কি সত্য, ভগবান চন্দ্র দে, হরেন্দ্র চন্দ্র দের জায়গা ১৯৫৫ সনে একুয়্যার করার পর আজ পর্য্যন্ত টাকা পায় নাই, ডিপার্টমেন্ট জায়গাগুলি আটক করে রেখেছে ?

শ্রীপ্রফুল্ল কুমার দাশ :— এটা হচ্ছে আইনামুগ ব্যবস্থা। ডকুমেন্ট প্রভৃতি যথাযথভাবে প্রডিউস করতে পেরেছে কি না সেটা সেটেলমেণ্ট থেকে দেখে থাকে। যদি আটক থাকে সেটা ডিপার্টমেন্টের দোষে নয় সেটা হচ্ছে আইন সংক্রান্ত ব্যাপার।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—উদয়পুর ভেটারিনারি হাসপাতালের জন্য জায়গা একুয়্যার করে সেইগুলি খালি রাথার কারণ কি ?

শ্রীপ্রফুল্ল কুমার দাশ ঃ—কনস্ট্রাকসনের কাজ অলরেডি আরম্ভ হয়েছে। মেইন ডিসপেন্সারী বিল্ডিং, স্টোর রুম ইত্যাদি করা হয়েছে। তারপর বুল শেড, মোটর গেরেজ ইত্যাদি হয়েছে। অতএব সব খালি রয়েছে সেটা এ থেকে বুঝা যায় না। পার্শ্যাল কাজ কম্পলীট হয়ে গেছে।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, সামনে যে জায়গা খালি পড়ে আছে, সেইগুলি আমাদের প্রয়োজন আছে কি না ?

শ্রীপ্রফুল্ল কুমার দাশ ঃ—আস্তে আস্তে কাজ করা হচ্ছে, এক্সটেনশান হতে পারে, অতএব প্রয়োজন নাই একথা বলা চলেনা।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, ভেটারিনারীর যে ডাক্তার তার কোয়ার্টার'এর ব্যবস্থা আছে কি না ?

শ্রীপ্রফুল্ল কুমার দাশ ঃ—ডাক্তারের কোয়ার্টার আছে।

শ্রীপ্রমোদ রঞ্জন **দাশগুপ্ত** ঃ—মোট কত একর জায়গা একুয়্যার করা হয়েছিল ?

শ্রীপ্রফুল্ল কুমার দাশ ঃ—সেটা উত্তরেই বলা হয়েছে যে ২ কাণি, ১৯ গণ্ডা, ১ ক্রান্ত, ১৭॥ ধূর ভূমি।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন, যে ১৯৫৫ সনে যাদের জমি বা জায়গা একুয়্যার করার পর ক্ষতিপূরণ পাচ্ছে না, সেই সম্পর্কে তদন্ত করে দেখতে রাজী আছেন কি না।

শ্রীপ্রফুল্ল কুমার দাশ ঃ—কোন ডিপার্টমেন্ট থেকে জায়গা একুয়্যার করা হয়েছে ?

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—প্রশ্নে যে ডিপার্টমেন্ট সম্পর্কে আলোচনা হচ্ছে।

শ্রীপ্রফুল্ল কুমার দাশ ঃ—এই জন্য স্পেসিফিক কোন নালিশ পেলে সেটা দেখা যাবে।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—স্পেসিফিক কোয়েশচান এখানে রেইজ করা আছে। এই সম্পর্কে মিনিষ্টার কন্সার্ণ'এর কোন দায় দায়িত্ব আছে কি না ?

শ্রীপ্রফুল্ল কুমার দাশ ঃ—নির্দ্দিষ্ট যে সমস্ত জায়গার কথা বলা হয়েছে সেই সমস্ত ব্যাপারে তদন্ত করে দেখা হবে।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—শ্রীভগবানচন্দ্র দে, শ্রীহরেন্দ্রচন্দ্র দে, ফুলকুমারী তাদের কেসগুলি দেখা হবে কি না, তারা টাকা পাবে কি না, মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি ?

শ্রীপ্রফুল্ল কুমার দাশ ঃ—বলা হয়েছে যে আইনানুগভাবে দেখা হবে।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি, যে পশু চিকিৎসালয়ে ঔষধ পত্রাদির অভাবে অনেক সময়ে পশু চিকিৎসা চলছে না ?

শ্রীপ্রফুল্ল কুমার দাশ ঃ—প্রয়োজনীয় ঔষধ পত্রাদি সেই ডিসপেনসারীতে আছে আগেই উত্তরে বলা হয়েছে।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় তদন্ত করে দেখবেন কি না, ডিসপেন্সারীতে কয় মাস ঔষধ থাকে আর কয় মাস থাকে না।

শ্রীপ্রফুল্ল কুমার দাশ ঃ—বিভিন্ন ডিসপেনসারীতে যখন ঔষধ পত্রাদির দরকার হয় তখন ডাক্তার রিকুইজিশান দেন, এবং সেইভাবে ঔষধ পত্রাদি পঠান হয়ে থাকে।

মিঃ স্পীকার ঃ—শ্রীঅঘোর দেববর্ম্মা।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—কোয়েশ্চান নাম্বার ৮১৪।

শ্রীতড়িৎমোহন দাসগুপ্ত ঃ—কোয়েশ্চান নাম্বার ৮১৪ স্যার।

প্রশ্ন	উত্তর
১। পশ্চিম বাংলা দোকান কর্ম্মচারী সংস্থা আইন বর্ত্তমানে আগরতলা শহরে যাহা চালু আছে তাহা গত ১৯৬৩ সালে বাতিল করে সম্পূর্ণ নূতন আইন করা হয়েছে, কিন্তু ত্রিপুরা সরকার কর্ত্তৃক পশ্চিম বাংলার বাতিল, পূরান আইন চালু রাখার কারণ কি?	নূতন আইন বলবত না হওয়া পর্যন্ত পুরাতন আইনই বলবত থাকিবে।
২। পশ্চিমবাংলা দোকান কর্ম্মচারী সংস্থা আইন (নূতন গৃহীত) ত্রিপুরায় প্রযোজ্য করতে সরকারী গত কি কি অসুবিধা আছে? এবং কেন ত্রিপুরায় এই নূতন আইন প্রযোজ্য করা হচ্ছে না?	১৯৬৩ ইং সনের পশ্চিমবাংলা দোকান সংস্থা আইনের সংগে সংগতি রাখিয়া ইতিমধ্যেই একটি খসড়া বিল প্রস্তুত করা হইয়াছে এবং তদনুয়ায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে এই খসড়া আইন প্রণয়ন করা হচ্ছে সেটা কোন মাস থেকে সুরু হয়েছে?

শ্রীতড়িৎমোহন দাসগুপ্ত ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয় গত মিটং'এ আমি তারিখটা বলেছিলাম, বর্তমানে আমার কাছে তারিখটা নেই, তার জন্য আমি সেপারেট নোটিশ চাই।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন সেটা এই কারেন্ট ইয়ারে হবে কি না এবং কখন এই এসেম্বলীতে প্রডিউস করা হবে?

শ্রীতড়িৎমোহন দাসগুপ্ত ঃ—মাননীয় অধক্ষ্য মহোদয়. লীগ্যাল ড্রাফটিং দেখার যেটা সেটা ল' ডিপার্টমেন্ট দেখেছেন ; ড্রাফট বিলটা ফিন্যান্স ডিপার্টমেন্ট আছে ফিনানশ্যাল ইম্পলিকেশান দেখার জন্য, এইরকম অনেক প্রসেস আছে তারপর ড্রাফ্ট কনষ্টিটিউশান কেবিনেটের মধ্যে পেশ করে আইনানুগ ব্যবস্থা করা হয়।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন এই আইনানুগ ব্যবস্থা কার্যকরী হতে আর কত সময় লাগতে পারে?

শ্রীতড়িৎমোহন দাসগুপ্ত ঃ—যত তাড়াতাড়ি সম্ভব হয় তার চেষ্টা করা হবে

মিঃ স্পীকার :—শ্রীনিশিকান্ত সরকার—

শ্রীনিশিকান্ত সরকার :—কোয়েশ্চান নাম্বার ১৯৫।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কোয়েশ্চান নাম্বার ১৯৫ স্যার।

প্রশ্ন	উত্তর
১) ভূমিহীন আদিবাসীদের জুম কাটা নিষিদ্ধ কি না ?	ভূমিহীন আদিবাসীদের জুম কাটা নিষিদ্ধ নহে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন জুম কাটার অপরাধে লাষ্ট ফিনানশ্যাল ইয়ারে এই পর্য্যন্ত কয়জনকে আদালতে সোপর্দ্দ করা হয়েছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি আগেই বলেছি যে আদিবাসীদের জুম কাটা নিষিদ্ধ নহে, অতএব আদালতে সোপর্দ্দ করার কোন প্রশ্ন উঠে না।

শ্রীনিশিকান্ত সরকার :—জুম কাটার ব্যাপারে কোন আদিবাসী মোকদ্দমা দায়ের করেছে কি না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আদিবাসীদের জুম কাটার ব্যাপারে কোন নালিশ করা হয় নাই, অতএব মোকদ্দমা করা হয় নাই।

মিঃ স্পীকার :—শ্রীমনোরঞ্জন নাথ।

শ্রীমনোরঞ্জন নাথ :—কোয়েশ্চান নাম্বার ১১১ স্যার।

শ্রীতড়িৎমোহন দাসগুপ্ত :—কোয়েশ্চান নাম্বার ১১১ স্যার।

প্রশ্ন	উত্তব
ক) সি, এ, এস গ্রেড ২, মেডিকেল অফিসার যাহাদের ১০ (দশ) বৎসরের অধিক কাল চাকুরী হয়েছে তাহাদিগকে গ্রেড ওয়ান'এ প্রমোশান দেওয়া সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কোন নির্দ্দেশ আছে কি না ?	হ্যাঁ।
খ) যদি কেন্দ্রীয় সরকারের কোন নির্দ্দেশ থাকে তাহা ত্রিপুরায় কার্য্যে পরিণত হইয়াছে কি ?	এ পর্য্যন্ত ১১ জন সি, এ, এস, গ্রেড ২ মেডিকেল অফিসারকে সি, এ, এস, গ্রেড ওয়ান'এ প্রমোশান দেওয়া হইয়াছে। আরও ৪৩ জনকে প্রমোশান দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট প্রস্তাব পাঠান হইয়াছে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে এমন অনেক অফিসার আছেন ১০ বছরের অধিক কাল যাবত চাকুরী করেছেন কিন্তু এখন পর্য্যন্ত তাদের প্রমোশান না হওয়ার কারণটা কি ?

শ্রীতড়িৎমোহন দাসগুপ্ত :—বাকী যারা আছে তাদের বিষয়ে আমি বললাম প্রস্তাব করা হয়েছে।

শ্রীমনোরঞ্জন নাথ :—কবে প্রস্তাব করা হয়েছে ?

শ্রীতড়িৎমোহন দাসগুপ্ত :—নোটিশ চাই।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি কবে পর্য্যন্ত আশা করা যায় ?

শ্রীতড়িৎমোহন দাসগুপ্ত :—তারিখ ঠিক করে বলা মুস্কিল।

Mr. Speaker :—Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—Question No. 815.

Shri T. M. Dasgupta :—Mr. Speaker, Sir, question No. 815.

QUESTION	ANSWER
1) Whether it is a fact that Emergency Ward which was ready for opening in V. M. Hospital, at Agartala was stopped just before opening ;	1) Kept in obeyance.
2) if so, the reasons thereof ?	2) The proposal is being examined from the point of view of feasibility and efficiency.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি যে ইমারজেন্সীতে ওয়ার্ড খুললে তার কষ্ট অব এষ্টাব্লিশমেন্ট এবং ডাক্তার চার্জ লাগবে কি না ?

শ্রীতড়িৎমোহন দাসগুপ্ত :—হোল কেসটা এখন এক্জামিন করা হচ্ছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কিনা যে জি, বি, এবং ভি, এম, হসপিটালের সুপারিনটেণ্ডেন্ট গভর্ণমেন্টের কাছে কোন প্রপোজ্যাল দিয়েছেন কিনা ?

শ্রীতড়িৎমোহন দাসগুপ্ত :—পুরাণো প্রপোজ্যালটাই বিবেচনাধীন আছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে যদি বিষয়টা বিবেচনাধীন থাকে তাহলে বিরাট একটা সাইনবোর্ড সেখানে টাঙিয়ে রাখার দরকার কি ?

শ্রীতড়িৎমোহন দাসগুপ্ত :—যদি অসুবিধা হয় তাহলে তুলে নেওয়া যাবে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—প্রশ্নটা হল এটা কি কারণে করা হল না এই সম্পর্কে বলতে পারেন কি ?

মিঃ স্পীকার :—মাননীয় সদস্য, মাননীয় মন্ত্রী মহোদয় বলেছেন যে যদি অসুবিধা হয় তাহলে তুলে নেওয়া যাবে

শ্রীঅঘোর দেববর্ম্মা :—তুলে নেওয়ার প্রশ্ন নয়। আমার প্রশ্ন হচ্ছে এই সাইনবোর্ডটা কেন টাংগানো হল বিফোর ওপেনিং ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—জিনিষটা অ্যাবেয়েন্স রাখা হয়েছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা প্রশ্নের উত্তর হল না। মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন কয়টি সিট ইমারজেন্সিতে নির্দ্দিষ্ট করা হয়েছিল ?

শ্রীতড়িৎ মোহন দাসগুপ্ত :—হোল জিনিষটাকে অ্যাবেয়েন্স রাখা হয়েছে।

Mr. Speaker :—Hon'ble Member Shri Aghore Deb Barma is interested in asikng the question of Shri Bidya Ch. Deb Barma. Now he may ask the question.

Shri Aghore Deb Barma :—Question No. 663.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, question No. 663.

Question	Reply
১) আগরতলা মিউনিসিপ্যালিটির ট্যাক্স বৃদ্ধির পরিকল্পনার বিরুদ্ধে নাগরিক জনসাধারণ কি কোন প্রতিবাদ জানাইয়াছেন ;	হ্যাঁ।
২) যদি প্রতিবাদ জানাইয়া থাকেন তবে এ পরিকল্পনা সরকার পরিত্যাগ করিবেন কি ?	২) বর্ত্তমানে ট্যাক্স বৃদ্ধির কোন পরিকল্পনা নাই। অতএব পরিকল্পনা পরিত্যাগ করার প্রশ্ন উঠে না।
৩) পানীয় জলের জন্য যে হারে ট্যাক্স ধার্য্য করিয়াছেন তাহা অবিলম্বে হ্রাস করিবেন কি ?	৩) সম্ভবপর নহে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন নাগরিক জনসাধারণ যে দাবী বা মেমোরেণ্ডাম দিয়েছেন তাতে কি কি কারণ দেখানো হয়েছে ট্যাক্স বৃদ্ধি না করার জন্য ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—আগেই বলা হয়েছে যে নাগরিক জনসাধারণ কোন প্রতিবাদ জানাইয়াছেন কিনা—আমি বলেছি 'হ্যাঁ'। জিজ্ঞাসা করা হয়েছে বর্তমানে ট্যাক্স বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কিনা—আমি বলেছি—'না'। তারপর বলা হয়েছে পানীয় জলের জন্য ট্যাক্স হ্রাস করা হবে কি—আমি বলেছি—'সম্ভবপর নহে'।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন ওয়াটার ট্যাক্স ইতিমধ্যে বাড়ানো হয়েছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—আমি আগেই বলেছি যে ওয়াটার ট্যাক্স হ্রাস করা সম্ভবপর নহে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন ওয়াটার ট্যাক্স কোন্ ডিপার্টমেণ্ট আদায় করেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—গভর্ণমেণ্ট আদায় করেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—এটা কি মিউনিসিপ্যালিটি করে, না সরকারের অন্য কোন ডিপার্টমেণ্ট করে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—ট্যাক্স আদায় করার ভার মিউনিসিপ্যালিটির।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন ওয়াটার ট্যাক্স ধার্য্য করার ব্যাপারে জনসাধারণ কি বক্তব্য রেখেছেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে দুইটী জিনিষ স্পেসিফিক রাখা হয়েছে। একটি হচ্ছে মিউনিসিপ্যালিটির ট্যাক্স আর একটি হচ্ছে ওয়াটার ট্যাক্স। একটা আমি হাউসের মধ্যে রেখেছি যে পানীয় জলের ট্যাক্স হ্রাস করা সম্ভবপর নহে। আর মিউনিসিপ্যালিটির ট্যাক্স সম্বন্ধে বলা হয়েছিল, আমি বলেছি বর্ত্তমানে ট্যাক্স বৃদ্ধির কোন পরিকল্পনা নাই।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমার প্রশ্ন হল বর্ত্তমান ওয়াটার ট্যাক্স কমাবার জন্য নাগরিক জনসাধারণ কি দাবী করেছেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—আই ওয়াণ্ট নোটিশ অব ইট যে কত পারসেণ্ট তারা বলেছিলেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন না যে নাগরিক জনসাধারণ প্রস্তাবের মধ্যে কত পরিমাণ কমাবার জন্য বলেছিলেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—আমি আগেই বলেছি নোটিশ চাই।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে বর্তমানে ওয়াটার ট্যাক্স কত টাকা বাকী আছে।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—নোটিশ চাই।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন ওয়াটার ট্যাক্সের রেট কত ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—নোটিশ চাই।

মিঃ স্পীকার :—শ্রীঅঘোর দেববর্ম্মা।

শ্রীঅঘোর দেববর্মা :—কোয়েশ্চান নাম্বার ১০২

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :— কোয়েশ্চান নাম্বাব ১০২ স্যার

প্রশ্ন	উত্তর
১। কৈলাশহর ছামনু অঞ্চলে এবৎসর বসন্ত রোগে কত লোক মারা গিয়াছে এবং কত লোক আক্রান্ত হইয়াছে?	ইংরেজী ১৯৬৭ সনেব ১২ই নভেম্বর হইতে ১৯৬৮ইং সনের জানুয়ারী পর্য্যন্ত আক্রান্ত হইয়াছে ১৬জন। মৃত্যু ৮জন।
২। বসন্ত প্রতিষেধক কি কি ব্যবস্থা ঐ অঞ্চলে করা হইয়াছে?	(ক) বসন্ত প্রতিবোধক টীকা দেওযা হইয়াছিল। ছামনু ৩৪৮৪ জন, ছৈলেংটা ১১৩৭জন এবং মনু (উত্তর) ১৪২৪জন। (খ) রোগ আক্রমণের সংবাদ পাওয়া মাত্র উত্তবাঞ্চলগুলির বিজিওন্যাল হেল্থ অফিসার এবং ছামনুর মেডিকেল অফি-সারের দ্বারা যথাক্রমে প্রতিষেধকমূলক চিকিৎসার ব্যবস্থা করা হইয়াছিল। ইহা ছাড়া সদরের স্কুল হেলথ অফিসারকেও ঔষধপত্রাদি সহ পাঠাইয়া উক্ত ব্যবস্থা সমূহকে আরও ত্বরান্বিত করা হইযাছিল। তিনি মনু প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের এবং ছামনুর ডাক্তারখানার মেডিকেল অফি-সারদ্বয়সহ সমস্ত রোগীর বাড়ী বাড়ী যাইয়া তাহাদের চিকিৎসা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে রোগ বিরোধক দ্বারা বিশোধনের ব্যবস্থা করিয়াছিলেন। প্রয়োজনীয় ক্ষেত্রে রোগীদের অন্তরীণ (সেগ্রিগেশান) করার জন্য ছামনু ডাক্তারখানার প্রাংগনে একটী ঘরে প্রয়োজনীয় ব্যবস্থাদি তৈয়ার রাখা হইয়াছিল। অনুরূপ প্রয়োজনীয় ব্যবস্থা ছৈলেংটা ও মনু অঞ্চলেও করা হইয়াছিল। (গ) ১জন সেনিটারী ইন্সপেকটার এবং নয়জন ভেকসিনেটার নিয়োগ করা হইয়া-ছিল। স্থানীয় তিনজন ডাক্তার ছাড়াও ২জন ডাক্তার উক্ত অঞ্চল পরিদর্শন করিয়াছিল।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে এই টীকার ব্যবস্থা যে করা হয়েছে এটা কি রোগ হওয়ার পরে না রোগ হওয়ার আগে হয়েছে ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—কিছু টীকার কাজ আগের থেকেই আরম্ভ হয়েছিল, সেটা এই পিরিয়ডের মধ্যে কমপ্লীট করা হয়েছে। যখন দেখা গেল যে বাইরে থেকে একজন উদ্বাস্তু এখানে এসে বসন্ত রোগে আক্রান্ত হয়ে পড়েছেন, সেই সংবাদের সঙ্গে সঙ্গে অতিরিক্ত সেখানে আরও পাচজন ভেক্সিনেটাব নিয়োগ করা হয় যাতে এ অঞ্চলে ভেক্সিনেশন তাড়াতাড়ি পূর্ণ করা যায়।

শ্রীঅঘোর দেববর্ম্মা ;—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন ভেকসিনেশান দেওয়ার পর এই রোগে আক্রান্ত হয়েছে এবং মৃত্যু হয়েছে, এইরকম ঘটনা আছে কি না ?

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—যারা আক্রান্ত হয়ে মারা গেছে তারা আগে কোনদিন ভেকসিনেশান নেননি। দুই একজন পূর্বে টীকা নিয়েছিলেন, এই বছর যারা নেননি তারা আক্রান্ত হলেও মারা যাননি। যারা ভেকসিনেশান নিয়েছেন তাদের মধ্যে কেও মৃত্যুমুখে পতিত হননি।

মিঃ স্পীকার :—শ্রীঅঘোর দেববর্ম্মা।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—কোয়েশ্চান নাম্বার ৭১৪।

শ্রীতড়িত মোহন দাশগুপ্ত :—কোয়েশ্চান নাম্বার ৭১৪ স্যার।

প্রশ্ন	উত্তর
১। ৪।১।৬৮ তারিখে আগরতলা এবং ত্রিপুরার সরকারী কর্ম্মচারীরা কি দাবী দিবস পালন করিয়াছিল।	হ্যাঁ
২। যদি পালন করিয়া থাকেন তবে তাহাদের মুল দাবীগুলি কি,	মৌলিক দাবী— ১। সামগ্রিক ভাবে ত্রিপুরার ২২হাজার সরকারী শ্রমিক কর্ম্মচারী, শিক্ষকদের ১-৪-৬১ইং হইতে বেতনের হার সংশোধন ও অসামঞ্জস্য দুরীকরণ, (২) ১-৪-৬১ ইং হইতে বিশেষ পবিপূবক ভাতা পুনঃ প্রবর্ত্তন ও প্রদত্ত ভাতা কর্ত্তন স্থগিত রাখা। ৩) কেন্দ্রীয় কর্ম্মচারীদের সমহারে মাগ্‌গী ভাতা প্রদান, (৪) পরিপুরক ভাতার হার বৃদ্ধি, খাদ্য ও পণ্যের মুল্য নিয়ন্ত্রণ ও সরবরাহ ও (৫) চাকুরীর স্থায়ীত্ব ইত্যাদি।
৩। সরকার তাহাদের দাবী পুরণের জন্য কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?	সরকারের বিবেচনাধীনে আছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন এই বিবেচনাধীন কতদিন চলবে ?

শ্রীএস, এল, সিংহ :—যত তাড়াতাড়ি সম্ভব সেটা দেখা হবে।

শ্রীএসাদ আলি চৌধুরী :—এই কর্ম্মচারীরা কোন ক্লাশের কর্ম্মচারী ?

শ্রীএস, এল, সিংহ :—আমি নোটীশ চাই, স্যার।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে ডিম্যাণ্ডগুলি এখানে দেওয়া হয়েছে সেগুলি কি একই সঙ্গে বিবেচনা করা হচ্ছে না আলাদা আলাদাভাবে করা হচ্ছে ?

শ্রীএস, এল, সিংহ :—অল আর আণ্ডার কনসিডারেশন—জেনারেলি এণ্ড সেপারেটলী।

Mr. Speaker :—There are six unstarred Questions. The Minister may lay on the Table of the House the reply of the Unstarred Questions.

QUESTION ON BREACH OF PRIVILEGE.

Now I am giving my decision on the question of breach of privilege raised by Shri Aghore Deb Barma, M. L. A.

The Minister has right to take time for collecting materials for reply of questions. Questions which are replied saying "Informations being collected, are due to be replied after fifteen days.

But the point raised by Shri Aghore Deb Barma is that C. M. replied to many questions like that, and within 15 days final replies to those did not come to the House and hence C. M. has committed breach of privilege of the House.

My observation is that the House having been adjourned earlier, those questions could not be shown in the list of questions. Those will come in due date. Hence point of breach of privilege of Shri Aghore Deb Barma is ruled out.

POINT OF ORDER

শ্রীঅঘোর দেববর্ম্মা :— পয়েন্ট অব অর্ডার।

Mr. Speaker :—Hon'ble Member, I have already given my ruling on the point raised by you. Do you want to move your adjournment motion .

Shri Aghore Deb Barma :— No. Sir, point of order regarding detention of the M. L. A.s.

Mr. Speaker—Yes, that is adjournment motion. I am coming to that.

শ্রীঅঘোর দেববর্ম্মা—না স্যার, এটা একটা আলাদা জিনিষ। দুইজন এম, এল, একে আটক করার ব্যাপারে আমি একটা পয়েন্ট অব অর্ডার এখানে রাখছি।

Shri Sunil Ch. Datta—Hon'ble Speaker, Sir, there is no business before the House just at the moment. Question hour already been over. So he can not raise any point of order.

Mr. Speaker—Point of order আপনি কোন বিষয়ের উপর আনছেন?

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি পরিস্কার বলছি যে দুইজন এম, এল, একে আটক করার ব্যাপারে আমি এখানে একটা পয়েন্ট অব অর্ডার রাখছি My point of order is this.—

In exercise of the power conferred upon him, the Administrator summoned the Assembly and required the attendance of all the M.L.A.s of the House. But some of the M.L.A.s as for example Sharvasree Bidya Ch. Deb Barma & Abhiram Deb Barma have been kept under custody under the executive order of the District Magistrate. My point of order is that if the execution order of the D. M. superseade the order given by the Act of the parliament and constitution.

Mr. Speaker—I shall inform you it later on, I have received an adjournment motion submitted by Shri Aghore Deb Barma, M.L.A. on the subject of detention of M.L. As. under Preventive Detention Act. I have declined my consent to the motion on the ground that it refers to the arrests made under normal process of law. Besides, action taken by the authority in due administration of law cannot be the subject of an adjournment motion.

Shri Aghore Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানি আমার এডজোর্নমেন্ট মোশান একসেপটেড হবে না? তা সত্বেও আমি দিয়েছি আজকে এ্যাসেম্বলীতে যে বিরোধি দলের সদস্য আছেন তার সংখ্যা অত্যন্ত নগণ্য।

Mr. Speaker—Hon'ble Member, I have already given my ruling.

EXPUNGED AS ORDERD BY THE HON'BLE SPEAKER ON. 12.3.68.

Shri Ershad Ali Choudhury :—Point of order. The ruling has already been given by the Speaker. Whether Speaker's ruling can be challanged.

Mr. Speaker :—This should be expunged from the proceedings.

CALLING ATTENTION.

I have received a Calling Attention Notice from Shri Aghore Deb Barma, M. L. A. on the subject—"Strike of the saw-mill workers of Agartala since 25-2-68 and the steps taken by the Government to meet up their demands".

I have given consent to the motion of Shri Aghore Deb Barma today. I would request the Hon'ble Minister in-charge of the Department to make a statement. If the Hon'ble Minister is not in a position to make a statement to-day he will kindly give me a date when the Calling Attention Notice will be shown on the Order paper for a statement

Shri T. M. Dasgupta (Labour Minister) :—Mr. Speaker, Sir, I shall make the statement to-morrow.

INTIMATION REGARDIND
PRESIDENT'S ASSENT TO THE BILL :

Mr. Speaker : —The Appropriation (No. 4) Bill, 1967 (Bill No. 5 of 1967) received the Assent of the President on 31st December, 1967.

This is for information of all Members.

LAYING OF RULES.

Mr. Speaker :—Next item in the List of Business is the laying on the Table The Tripura Motor Vehicles (Amendment) Rules, 1966. Now, I shall request Hon'ble Sachindra Lal Singh, Chief Minister to lay before the House The Tripura Motor Vehicles (Amendment) Rules, 1966.

Shri S. L. Singh :—Hon'ble Speaker, Sir, I beg to lay on the Table The Tripura Motor Vehicles (Amendment) Rules, 1966.

Mr. Speaker :—Hon'ble Members may have their copies from the Library of the Assembly Secretariat.

GOVERNMENT BUSINESS (FINANCIAL)
Presentation of Budget Estimates for 1968-69
and Supplementary Estimates for 1967-68.

Mr. Speaker :—To-day in the List of Business is the Presentation of Budget Estimates for 1968-69 and Supplementary Estimates for 1967-68.

Now, I call on Hon'ble Krishnadas Bhattacharjee, Minister-in-charge of Finance Department to present the Budget Estimates for 1968-69 and Supplementary Estimates for 1967-68.

BUDGET SPEECH

Shri Krishnadas Bhattacharjee (Finance Minister)

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আমি এই সভায় রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত ও য়্যাডমিনিষ্ট্রেটরের স্বীকৃতিপ্রাপ্ত ত্রিপুরার ১৯৬৮-৬৯ সালের বার্ষিক অর্থনৈতিক বিবৃতি পেশ করিতেছি।

২। আগামী বছরের আনুমানিক ব্যয় প্রায় ২২·২৫ কোটি টাকা, ইহার মধ্যে রাজস্ব খাতে আনুমানিক ১৪·৩৯ কোটি টাকা ব্যয় হইবে এবং অবশিষ্ট ৭·৮৬ কোটি টাকা মূলধনী খাতে ব্যয় হইবে। রাজস্ব খাতে আমাদের আয় কিঞ্চিদধিক ৩·০২ কোটি টাকা হইবে এবং ঘাটতি থাকিবে ১১·৩৭ কোটি টাকা। কেন্দ্রীয় সরকারের অনুদানে এই ঘাটতি পূরণের কথা প্রস্তাব করা হইয়াছে। প্রতি বছরই এইরূপ ঘাটতি হইতেছে। প্রথমটি দৃষ্টিতে এই ঘাটতি খুব বেশী বলিয়া মনে হইতে পারে। ইহার কতগুলি বিশেষ কারণ আছে। এই সভায় যে বাজেট বিবরণ পেশ করা হইল তাহা হইতে এই কারণগুলি দৃশ্যতঃ প্রতীয়মান হইবে না। এই কারণগুলিকে দুইটি ভাগে ভাগ করা যাইতে পারে, যথা :—(ক) যে সব কারণের মোটামুটি আর্থিক মূল্যায়ণ করা সম্ভব। (খ) যেগুলির কোন আর্থিক মূল্যায়ণ সম্ভব নয়।

৩। নিম্নে "ক" শ্রেণীর কারণগুলির মধ্যে কয়েকটি উল্লেযোগ্য বিষয় বর্ণিত হইল :—

(ক) পাকিস্তানের সংখ্যালঘুদের নিরাপত্তার অভাবের দরুণ প্রতি বৎসরই এই রাজ্যে শরণার্থীরা আসিতেছেন এবং সম্প্রতি এই সংখ্যা বৃদ্ধি পাইয়াছে। তাহাদের পুনর্বাসনের নানা প্রকার সুযোগ সুবিধা দেওয়া হইতেছে।

(খ) পাকিস্তানের সহিত দীর্ঘ আন্তর্জাতিক সীমারেখা এখন পর্যান্ত চিহ্নিত না হওয়ায় আমাদিগকে বাধ্য হইয়া একটি বিরাট সশস্ত্র পুলিশ বাহিনী রাখিতে হইতেছে। সীমান্ত চৌকিগুলি পাহাড়া দিবার জন্যই ইহার প্রয়োজন।

(গ) আমাদের মোট জনসংখ্যার একটি উল্লেখযোগ্য অংশ হইতেছে তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য অনুন্নত সম্প্রদায়। বিভিন্ন বিষয়ে তাহাদের উন্নতি সাধন সরকারের একটি বিশেষ দায়িত্ব। তাহাদিগকে নানারকম সুযোগ সুবিধা দেওয়া হইতেছে।

(ঘ) এই রাজ্যে উচ্চ শিক্ষার ভাল ব্যবস্থা নাই—বিশেষতঃ কারিগরী বিষয়ে উচ্চ শিক্ষার ব্যাপারে এই রাজ্য পশ্চাদ্‌পদ। রাজ্যের অভ্যন্তরে ও বাহিরে শিক্ষালাভের জন্য স্থানীয় ছাত্রদিগকে ষ্টাইপেণ্ড ও বৃত্তি দিয়া উৎসাহ দেওয়া হইতেছে।

(ঙ) সরকারী কাজ, বিশেষতঃ কারিগরী বিষয়ে কাজ চালাইবার জন্য এই রাজ্যকে কেন্দ্র হইতে প্রেরিত বা অন্যান্য রাজ্য হইতে প্রেরিত অফিসারদের উপর নির্ভর করিতে হয় এবং এই বাবত তাহাগিকে তাহাদের নির্দ্ধারিত বেতনের অতিরিক্ত বিশেষ বেতন দিতে হয়।

(চ) ত্রিপুরার ভারতভূক্তির সময় যে সর্ত হইয়াছিল সেই সর্ত অনুসারে বৎসরে একটা মোটা টাকা ভাতা হিসাবে রাজ পরিবারের সদস্যদিগকে দিতে হয়; তা ছাড়া মহারাজা কর্তৃক যে সকল মন্দির পরিচালিত হইত সেই মন্দিরগুলি পরিচালনার খরচও বহন করিতে হয়।

(ছ) এই প্রথমবারের মত জরীপ ও বন্দোবস্তের কাজ পূর্ণোদ্যমে চলিতেছে এবং এই কাজ চালাইবার জন্য বহু কর্মী নিযুক্ত আছেন।

(জ) এইগুলি ছাড়া বিধবা, অনাথা এবং পুরাতন শরণার্থীদের মধ্যে যাহারা অনাথা তাহাদের শিবির, অসমর্থদের পার্শ্ববর্ত্তী রাজ্যে প্রেরণ করিয়া শিক্ষার ব্যবস্থা, বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দ্বিপ্রাহরিক খাবার বিতরণ, বালোয়ারী পরিচালনা ও ত্রিপুরার বাহিরের হাসপাতালে রাখিয়া মানসিক ও টি, বি রোগীদের চিকিৎসা প্রভৃতির জন্য অর্থব্যয় হইতেছে। এইসব খাতে বৎসরে দুই কোটি টাকার বেশী খরচ হয়।

৪। "খ" ভাগের উল্লেখযোগ্য বিষয়গুলি এইরূপ :—

(ক) স্বল্প কর। প্রায় সব রকম প্রয়োজনীয় দ্রব্যের জন্যই আমাদিগকে অন্যান্য রাজ্যের উপর নির্ভর করিতে হয়। এখানকার যোগাযোগ ব্যবস্থাও ভাল নহে। এইসব কারণে এখানকার জীবন নির্বাহের ব্যয় অত্যন্ত বেশী। সুতরাং এখানে অন্যান্য রাজ্যের মত করভারবৃদ্ধি করা এবং তাহা হঠাৎ করা সম্ভব নয়। তথাপি ভূমি রাজস্ব ক্রমশঃ বৃদ্ধি করা হইতেছে। জরীপের কাজ সম্পূর্ণ হইলে এই রাজস্ব পুরাপুরি আদায় করা হইবে।

খ) রাজ্যে সড়ক পরিবহন ব্যবস্থাও সম্পূর্ণ হয় নাই। এই কারণে ও অন্যান্য কারণে রাজ্যের সরকারী কর্ম্মচারীদের ভ্রমণ ভাতা বাবদ খরচ হয় বেশী।

(গ) প্রধান প্রধান রাজ্যে নিম্নলিখিত খাতে আয় হয় :—

(১) কেন্দ্রীয় করের অংশ,

(২) কেন্দ্রীয় সরকারের ব্যয়ে রূপায়িত প্রকল্পগুলির জন্য কেন্দ্রীয় সাহায্য এবং

(৩) রাজ্য সরকারের পরিকল্পনার অন্তর্ভুক্ত প্রকল্পগুলির জন্য কেন্দ্রীয় অর্থ সাহায্য।

ইউনিয়ন টেরিটরি হিসাবে আমাদের সমস্ত ঘাটতি পূরণের জন্য কেন্দ্রীয় সরকারের সাহায্যের উপর নির্ভর করতে হয় বলিয়া তিনটি বিষয়কে আলাদাভাবে হিসাবে ধরা হয় না।

(ঘ) স্থানীয় মূল্যস্তর উচ্চ হওয়াতে মজুত রাখার খরচ, নির্ম্মাণ মেরামত ও সংরক্ষণের খরচও অত্যন্ত বেশী। এই সকল কারণগুলি বিবেচনা করা হইলে ইহা প্রতীয়মান হইবে যে এই ঘাটতি এমন কিছু বেশী নহে।

৫। মূলধনী খাতে খরচ ৭·৮৬ কোটি টাকা, এবং অনুমানিক আয় ৩·৯১ কোটি টাকা ধরা হইয়াছে। এই ঘাটতি কেন্দ্রীয় সরকারের ঋণ দ্বারা পূরণ করা হইবে। মূলধনী খাতে খরচের ঘাটতি হিসাবে এই ঋণ আমাদের নিকট একটি বিশেষ ঘটনা নহে।

৬। মোট ২২·২৫ কোটি টাকা খরচের মধ্যে পরিকল্পনাগুলি বাবদ ৪·৭৩ কোটি টাকা খরচ হইবে। ইহার মধ্যে রাজস্ব খাতে ১·৯৮ কোটি টাকা এবং মূলধনী খাতে ২·৭৫ কোটি খরচ হইবে। রাজ্য সরকারের পরিকল্পনাধীন প্রকল্পগুলি এবং কেন্দ্র কর্তৃক রূপায়িত প্রকল্পগুলিও ইহার অন্তর্ভুক্ত। সবদিকে অর্থনৈতিক সংকোচনের দরুণ সরকারের পরিকল্পনাগুলি বাবত ৪·৫০ কোটি টাকার বেশী বরাদ্দ করা সম্ভব হয় নাই।

৭। যে বৎসরটি শেষ হইতে চলিয়াছে তাহা খুব সুখকর ছিল না। দীর্ঘকালীন খরা ছাড়াও আমাদিগকে আরো বিভিন্ন প্রকারের অসুবিধার সম্মুখীন হইতে হইয়াছিল। খাদ্যের ব্যাপারে এই অসুবিধার কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। যাই হোক, এই আমরা সমস্ত সমস্যা কাটাইয়া উঠিতে সমর্থ হইয়াছি ও আশা অনুকূল অবস্থায় আগামী বৎসরটি অপেক্ষাকৃত ভাল যাইবে বলিয়া আশা করিতেছি।

৮। যে সকল লক্ষ্যমাত্রা অতিক্রান্ত হইয়াছে ও যাহা পরিকল্পিত হইয়াছে সেইগুলি এইরূপ গুরুত্বপূর্ণ অধিবেশনে উল্লেখ করা হইয়া থাকে। যাহাতে পুনরাবৃত্তি না ঘটে সেই দিকে লক্ষ্য রাখিয়া পূর্বে যাহা আলোচিত হয় নাই আমি শুধু সেইগুলিই আলোচনা করিব।

কৃষি

৯। ১৯৬৭-৬৮ সালের ফলন বৃদ্ধি ও জমির বিস্তৃতি ও ১৯৬৮-৬৯ সালের জন্য কার্যসূচীগুলি এইরূপ :—

	১৯৬৭-৬৮	১৯৬৮-৬৯
ধান	৭,০০০ মে, ট,	৭,১০০ মে,ট
তৈলবীজ	৪,০০০ মে,ট,	৫,৫০০ মে ,ট
ইক্ষু (গুড়ের পরিমাণ)	১০,০০০ মে, ট,	১২,০০০ মে,ট,
তুলা	৩,০০০ বেল	৩,৩০০ বেল
পাট	৯৫,০০০ বেল	১,০৫,০০০ বেল
মাছ	৭০ মে, ট,	১০০ মে,ট,
আনারস চাষের জমি	৫০ একর	১২৫ একর
বিভিন্ন ফল চাষের জমি	৩০০ একর	৩০০ একর
কাজু বাদাম চাষের জমি	২৫০ একর	২৫০ একর
বেঞ্চ টেরেসিং	৪২০ একর	১,০০০একর
কুন্টুর বাঁধ	৩৬০ একর	৫০০ একর
লুঙ্গা জমি উদ্ধার	৪১০ একর	৬০০ একর
চারা রোপণ	৮০০ একর	৮০০ একর
মৃত্তিকা সমীক্ষা	৭০,০০০ একর	১২৫ বর্গ মাইল
মৎস্য চাষের জন্য সরকারী জলা জমি উদ্ধার	১০ একর	৫০ একর
বেসরকারী জলাভূমি উদ্ধার	৫৪ একর	১০০ একর

১০। বিভিন্ন প্রচারপত্র ও পুস্তিকা ছাপাইয়া কৃষকদের মধ্যে বিতরণ করার জন্য একটী অফসেট মুদ্রণ যন্ত্র বসানো হইয়াছে। ইহার উপযুক্ত ব্যবহারের জন্য আরো কিছু সরঞ্জাম এই বৎসর ক্রয় করা হইবে।

১১। কৃষকদের মধ্যে বীজ সার ও চারা বিতরণের কাজ চলিতেছে।

পশুপালন

১২। আগামী বৎসর নিম্নলিখিত গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি রূপায়ণের কাজ শুরু হইবে।

(ক) রাণীখেত রোগ আয়ত্বে আনা।

(খ) গো-বসন্ত নির্ম্মূল অভিযান সম্প্রসারণ।

(গ) ম্যাষ্টাইটীস রোগ আয়ত্তে আনা।

(ঘ) মুরগীর টাইফয়েড ও অন্যান্য রোগ সম্বন্ধে অনুসন্ধান।

(ঙ) পাঁচটী পশু চিকিৎসালয় ও ২০টি ষ্টকম্যান কেন্দ্র স্থাপন।

১৩। আগরতলা সরকারী ডেয়ারী হইতে গত বৎসরের ৩০০০ লিটারের স্থলে বর্ত্তমানে দৈনিক ৪,২০০ লিটার দুগ্ধ সরবরাহ হইতেছে। এই পরিমাণ বাড়াইয়া দৈনিক ৬০০০ লিটার করা ও কোন কোন অঞ্চলে দুগ্ধ উৎপাদকদিগকে সাহায্য করিয়া উৎপাদন বৃদ্ধি করার কথা প্রস্তাবিত হইয়াছে। ইহার জন্য এই বিভাগ গরুর খাদ্য বিতরণের ব্যবস্থা করিবে। উদয়পুর, ধর্ম্মনগর, ও কৈলাসহরে ডেয়ারী স্থাপন প্রস্তাবিত হইয়াছে।

খাদ্য ও জনসংভরণ

১৪। খাদ্য সমস্যা ক্রমশঃ জটিল হইতেছে। খাদ্য শস্যের ব্যাপারে এই রাজ্য একটি ঘাটতি অঞ্চল। প্রতি বৎসর পাকিস্তান হইতে শরণার্থী আগমনের ফলে এই ঘাটতি আরও গুরুতর আকার ধারণ করিতেছে। এই ঘাটতি পূরণের জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষে যথেষ্ট পরিমাণে খাদ্যশস্য বিশেষতঃ চাউল সরবরাহ করা সম্ভব হইতেছে না। ইহা ছাড়াও কেন্দ্রীয় সরকার কর্ত্তৃক খাদ্যশস্যের উপর ভরতুকি প্রত্যাহার করার ফলে এবং সমাজ বিরোধীদের কার্য্যকলাপে এই রাজ্যে খোলা বাজারে খাদ্যশস্যের দাম বৃদ্ধি পাইয়াছে। আমাদের সংশোধিত খাদ্য সংগ্রহ ব্যবস্থা অনুসারে উৎপাদকদের প্রয়োজনের অতিরিক্ত শস্য অধিযাচন করা হইতেছে। এই ব্যবস্থার বিরুদ্ধবাদী কিছু স্বার্থান্বেষী দল আছে। আমাদের এই প্রচেষ্টা যে সমাজের বৃহত্তর স্বার্থের জন্যই, এ কথা তাহারা শেষ পর্য্যন্ত অনুধাবন করিতে পারিবে বলিয়া আশা করা যায়।

চিকিৎসা ও জনস্বাস্থ্য

১৫। আগামী বৎসরের কার্য্যসূচীর মধ্যে বর্ত্তমানের চালু প্রকল্পগুলির অন্তর্ভুক্ত ছাড়াও নিম্নলিখিত কার্য্যসূচীগুলির রূপায়ণ আরম্ভ হইবে :—

(ক) উদয়পুরের ৩০ শয্যাবিশিষ্ট মহকুমা হাসপাতালটিকে ৫০ শয্যাবিশিষ্ট আঞ্চলিক হাসপাতাল হিসাবে সম্প্রসারিত করা,

(খ) আরও ২১০টি শয্যা বৃদ্ধি ও ২০ শয্যার টি, বি, ওয়ার্ড খোলার জন্য জি, বি, হাসপাতালের সম্প্রসারণ,

(গ) পাঁচটি ডিসপেনসারী ও তিনটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র খোলা,

(ঘ) শান্তিরবাজার ও মনুবাজারের প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের শয্যাসংখ্যা ৬ হইতে ৩০এ বৃদ্ধি করিয়া ঐগুলির সম্প্রসারণ,

(ঙ) উদয়পুরে একটি টি, বি, ক্লিনিক ও ধর্ম্মনগরে একটি অতিরিক্ত টি, বি, ক্লিনিক খোলা,

(চ) একটি খাদ্য বিশ্লেষণ গবেষণাগার, স্থাপন ও

(ছ) একটি আয়ুর্ব্বেদিক ঔষধালয় খোলা।

শিক্ষা

১৬। নূতন স্কুল খোলা, প্রাথমিক ও জুনিয়র হাইস্কুলগুলিকে নিম্ন বুনিয়াদি ও উচ্চবুনিয়াদি বিদ্যালয় রূপান্তর করা এবং অতিরিক্ত ছাত্রদের শিক্ষার সুযোগ করিয়া দিবার জন্য বর্ত্তমান স্কুলগুলিকে উচ্চ পর্য্যায়ে উন্নীত করা হইতেছে।

১৭। শারীরিক শিক্ষা ও যুব কল্যাণ কার্য্যসূচী দ্রুতগতিতে রূপায়িত হইতেছে। ১৯৬৭ সালের ডিসেম্বর মাসে ত্রিপুরাতে প্রথমবারের মত দ্বাদশ জাতীয় জিমন্যাসটিক চ্যাম্পিয়ানশিপ নামে একটি জাতীয় চ্যাম্পিয়ানশিপ অনুষ্ঠিত হয়। ত্রিপুরার স্কুলদল পর পর তিনবার জিমন্যাসটিক চ্যাম্পিয়ানশীপ লাভ করে। নির্ব্বাচিত এলাকায় আঞ্চলিক শিক্ষণ কেন্দ্র পরিচালিত হইতেছে। বিবিধ প্রতিযোগিতা সংগঠিত হইতেছে বিদ্যালয় সংলগ্ন খেলার মাঠগুলির সংস্কার ও সম্প্রসারণ হইতেছে। স্কাউট ও গাইডদের শিক্ষণ দেওয়া হইতেছে এবং বিশেষ বিশেষ উৎসব উপলক্ষে তিনটি সমাজ সেবা শিবির সংগঠিত হইয়াছিল।

শিল্প

১৮। আগামী বৎসরের বাজেটে একটি বিদ্যুৎ চালিত তাঁতের প্রশিক্ষণ কেন্দ্র খোলার প্রস্তাব করা হইয়াছে। ক্যালাণ্ডারিং ও সাইজিং প্লান্ট স্থাপন করা ছাড়াও বেসরকারী উদ্যোগে যে সূতা কাটার কল স্থাপনের প্রস্তাব রহিয়াছে তাহার মূলধনের শেয়ার ক্রয় করার প্রস্তাব করা হইয়াছে। ত্রিপুরার শিল্পজাত দ্রব্যাদি বিক্রয়ের জন্য নয়াদিল্লীতে একটি বিক্রয় কেন্দ্র

খোলার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। এ্যরি পালনের উপব দুইটি নূতন প্রদর্শনী কেন্দ্র খোলা হইয়াছে। শিল্প শ্রমিকদের বসবাসের জন্য বাধারঘাটে দুই কক্ষ বিশিষ্ট একতলা ৩০টি বাসস্থানের একটি কলোনী নির্ম্মাণের প্রস্তাব করা হইয়াছে। ইহার জন্য জমিও লওয়া হইয়াছে। নির্ম্মাণ কার্য্য আগামী বৎসরে আরম্ভ হইবে বলিয়া আশা করা যাইতেছে।

বন

১৯। তৃতীয় পরিকল্পনাকালে বনবিভাগ যে লক্ষ্যমাত্রা অতিক্রম করিয়াছে তাহা নিম্নে দেওয়া হইল :—

	লক্ষ্যমাত্রা	কার্য্যসম্পাদন
বনায়ন	১২,৩৫০ একর	১৮,৯৪৮ একর
পথিপার্শ্বে		
বৃক্ষরোপণ	২০০ একর	২১২ একর
বাসগৃহ নির্ম্মাণ	৪৫ সেট	৬৫ মাইল
পথ নির্ম্মাণ	৬০ মাইল	৬৯ মাইল

২০। ১৯৬৭-৬৮ সালে গৃহীত এবং ১৯৬৮-৬৯ সালে প্রস্তাবিত বৃক্ষরোপণ কার্য্যের বিস্তারিত বিবরণ নিম্নে দেওয়া হইল :

একর

	১৯৬৭-৬৮	১৯৬৮-৬৯
শিল্প ও বাণিজ্যে ব্যবহারের জন্য	২৭৫২	১৮৪৫
জ্বালানী কাঠ	৭৯৮	৫৭৫
ক্ষয়িষ্ণু বনের পুনর্ব্বাসন	১৪৭৫	১২৫০
রবার সহ ক্ষুদ্র বনজ উৎপাদন	১১১·২৫	৮৯
খামার বন	১৭৫	৭৫
বনায়ন	২৭১৯	২৫০০
ফলের চাষ	২১০	১০০

পূর্ত্ত বিভাগ

২১। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পূর্ব্বে ত্রিপুরায় ৬৭ মাইল রাস্তা ছিল। বর্ত্তমানে ত্রিপুরায় ৯৮৭ মাইল রাস্তা আছে এবং চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষে মোট ১১৯৪ মাইল রাস্তা নির্ম্মাণ করার প্রস্তাব করা হইয়াছে।

২২। উদয়পুর মহকুমার গোমতী নদীর উপর এবং আমবাসার নিকটবর্ত্তী আসাম-আগরতলা রাস্তায় কুলাইছড়া ও ধলাই নদীর উপর সেতু নির্ম্মাণ কাজ ১৯৬৮ সনের জুন মাসের মধ্যে সম্পন্ন হইবে বলিয়া আশা করা যাইতেছে। চেবড়ীতে খোয়াই নদীর উপর, কুমার ঘাটে

দেও নদীর উপর এবং আসাম-আগরতলা রাস্তায় দেবতা ছড়ায়, ঘোড়ামারা ছড়ায়, ধনাই ছড়ায় ও তুইহ্ড়মা ছড়ায় সেতুর নির্ম্মাণকার্য্য চলিতেছে। তদ্‌পরি আর ১০টি এস, পি, টি সেতু নির্ম্মাণের পরিকল্পনা করা হইয়াছে।

২৩। আসাম ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সহিত আসাম হইতে বিদ্যুৎ সরবরাহ বিষয়ে চুক্তি সম্পাদিত হইযাছে এবং বৈদ্যুতিক পাওয়ার স্থাপনের কার্য্য ও চোরাই বাড়ী হইতে ট্রেন্সমিশন লাইন বসানোর কার্য্য চলিতেছে। আরও দুইটি ৫০০ কিলোওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা সম্পন্ন উৎপাদন যন্ত্র শীঘ্রই পৌছবে বলিয়া আশা করা যাইতেছে। এইগুলি স্থাপিত হইলে আগরতলায় বৈদ্যুতিক স্বল্পতার সমাধান হইবে।

২৪। গোমতী জলবিদ্যুৎ প্রকল্পের জন্য চুক্তি সম্পাদিত হইয়াছে।

২৫। ৮০০ একর জমিতে জলসেচের জন্য ৪০টি ক্ষুদ্র সেচ প্রকল্পের কার্য্য সম্পন্ন হইয়াছে।

২৬। ইঞ্জিনীয়ারিং কলেজ এ ছাত্রাবাস নির্ম্মাণকার্য্য এবং মহারাজা বীর বিক্রম কলেজের অতিরিক্ত গৃহ নির্ম্মাণ কার্য্য চলিতেছে। তদ্‌পরি জি, বি, হাসপাতালের সম্প্রসারণ কার্য্যও চলিতেছে।

সমবায়

২৭। বস্ত্র, ঔষধ, মনোহারী, মুদী বিভাগ সহ বর্ত্তমানে হোলসেল কো-অপারেটিভ ষ্টোরের ৫টি শাখা আছে। এই ষ্টোরগুলি প্রাথমিক বিপণন সমিতিগুলি এবং ব্যবহারিক সমবায় সমিতিগুলি দ্রব্যমূল্য বৃদ্ধি রোধের জন্য ন্যায্য মূল্যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির সরবরাহ করে।

পঞ্চায়েৎ

২৮। এ পর্য্যন্ত ১৭টি উন্নয়ন ব্লকে ৪৪৮টি গাঁও পঞ্চায়েৎ ও ১৩৪টি ন্যায় পঞ্চায়েৎ প্রতিষ্ঠিত হইয়াছে। ১৯৬৭-৬৮ সালে একটি উন্নয়ন ব্লকে উপনির্ব্বাচন ও ৩টি সমষ্টি উন্নয়ন ব্লকে দ্বিতীয় নির্ব্বাচন সম্পন্ন হইয়াছে। অন্য আরেকটি ব্লকে অচিরেই নির্বাচন অনুষ্ঠিত হইবে।

২৯। আগামী বৎসর দুইটি ব্লকের ৬৮টি গাঁও পঞ্চায়েতের এবং ১৬টি ন্যায় পঞ্চায়েতের দ্বিতীয় সাধারণ নির্ব্বাচনের পরিকল্পনা করা হইয়াছে।

৩০। এ পর্য্যন্ত ৩২৭ জন সরকারী কর্ম্মচারী ও ১৫৬ জন বেসরকারী ব্যক্তিকে পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনষ্টিটিউটে ট্রেনিং দেওয়া হইয়াছে। আগামী বৎসর আরও অনেককে ট্রেনিং দেওয়া হইবে এবং রিফ্রেসার্স কোর্স ও চালু রাখা হইবে।

সমষ্টি উন্নয়ন

৩১। গ্রামীণ জনশক্তি কাজে লাগানোর উদ্দেশ্যে ৫টি ব্লকে একটি পাইলট প্রজেক্ট প্রকল্প করা হইবে।

৩২। ব্লক পর্য্যায়ে যে সকল উন্নয়নমূলক কাজকর্ম বর্ত্তমানে চলিতেছে সেইগুলি আগামী বৎসরেও চলিতে থাকিবে।

পরিবহন

৩৩। ত্রিপুরায় একটি রোড ট্রেন্সপোর্ট কর্পোরেশন প্রতিষ্ঠা করিবার জন্য কর্পোরেশন অ্যাক্টের ৪৪ ধারানুসারে আইন প্রণয়ন করিয়া প্রকাশ করা হইয়াছে। আমাদের পরিবহন সমস্যাগুলি বিশেষভাবে পর্যবেক্ষণ করিবার জন্য একটি যোগাযোগ রক্ষাকারী ট্রেন্সপোর্ট সার্ভে প্রতিষ্ঠা করা হইয়াছে। ডাক বিভাগকে আর্থিক সাহায্য দিয়া ডাক, তার ও টেলিগ্রাফের সুবিধাগুলি রাজ্যের অনুন্নত ও দূরবর্ত্তী অঞ্চলে সম্প্রসারিত করা হইয়াছে।

নগর সমষ্টি উন্নয়ন প্রকল্প

৩৪। ১৯৬৬ সালের জুন মাস হইতে এই প্রকল্পের কাজ শুরু হইয়াছে। এই প্রকল্প রূপায়ণের মুখ্য উদ্দেশ্য হইল :—

(ক) পৌর কর্ম্মের মাধ্যমে প্রতিবেশীদের মধ্যে সামাজিক সহাবস্থানের মনোভাব সৃষ্টি করা এবং জাতীয় সংহতির মনোভাব গড়িয়া তোলা ;

(খ) সমাজের সকল স্তরের লোকের মাধ্যমে উন্নত সামাজিক বোধের উন্মেষ এবং ব্যক্তিগত উদ্যোগ, সংগঠন, স্বাবলম্বন ও পারস্পরিক সহযোগিতার দ্বারা যে সকল সমস্যার সমাধানই সম্ভব—এই চিন্তাধারার প্রসার ;

(গ) পৌরচেতনা সৃষ্টির মাধ্যমে সামাজিক ও ব্যক্তিগত সুস্থ জীবন যাত্রার অনুকূল পরিবেশ গড়িয়া তোলার জন্য জনসাধারণকে উৎসাহদান ;

(ঘ) শহরের লোকেরা যাহাতে নিজেদের উদ্যোগে উন্নয়নমূলক কাজে আত্ম-নিয়োগ করিতে পারেন এবং এই সকল কাজের মাধ্যমে যাহাতে নিজেদের মধ্যেই নেতা গড়িয়া তুলিতে পারেন তাহার পরিবেশ সৃষ্টি করা ;

(ঙ) কোন্ কোন্ প্রতিষ্ঠান হইতে কোন্ বিষয়ে সাহায্য পাওয়া যাইবে শহরের লোকেরা যাহাতে সহজেই তাহা স্থির করিতে পারেন তাহার আয়োজন করিয়া কারিগরী ও কল্যাণব্রতী প্রতিষ্ঠানগুলির পূর্ণ সদ্ব্যবহারের নিশ্চিত ব্যবস্থা করা। এই প্রকল্প চালু হওয়ার পর হইতে এই পর্য্যন্ত এক হাজারটি শিশুকে সার্থকভাবে টীকা (ট্রিপল য়্যান্টিজেন) দেওয়া হইয়াছে। তাহা ছাড়া শহরের বিভিন্ন অঞ্চলে বি, সি, জি, টীকাও দেওয়া হইয়াছে। এই প্রকল্পের উদ্যোগে ৬টি বালোয়ারী ও দুর্ব্বল ছাত্রদের জন্য তিনটি নৈশ শিক্ষায়তন খোলা

হইয়াছে। এই প্রকল্পের নানা প্রকার চলচ্চিত্র প্রদর্শন এবং কয়েকটি নাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হইয়াছে। এই প্রকল্পের উদ্যোগে আগরতলায় একটি হোমিও-প্যাথিক ইউনিট সন্তোষজনকভাবে পরিচালিত হইতেছে। তিনটি সূচীশিল্প ক্লাশের আয়েজন করা হইয়াছে এবং শীঘ্রই এইগুলি শুরু হইবে। এই প্রকল্পের কার্য্যাবলী সম্প্রসারণের প্রস্তাব করা হইয়াছে।

কর্ম্ম সংস্থান ও শ্রম

৩৫। বেকার সমস্যা দিন দিন তীব্রতর হইতেছে। এই সমস্যার সমাধানকল্পে শ্রম ও কর্ম্মসংস্থান দপ্তরের ৪টি পরিবল্পনা আছে। সেইগুলি হইল, কর্ম্ম সংস্থান পরিস্থিতি সম্পর্কিত তথ্য পর্য্যালোচনার জন্য তথ্য সংগ্রহ করা, কর্ম্মখালির বাধ্যতামূলক বিজ্ঞপ্তি আইনের যথাযথ রূপায়ণ, ব্লক সংশ্লিষ্ট কর্ম্ম বিনিয়োগ তথ্য সহায়ক ব্যুরো চালু রাখা, বৃত্তিমূলক পরামর্শ দান, কর্ম্মবিনিযোগ উপদেষ্টা ইউনিট চালু রাখা। চতুর্থ পরিকল্পনাকালে দুইটি গ্রামীণ জনশক্তি ব্যুরো খুলিয়া এই দপ্তরের কার্য্যাবলী সম্প্রসারিত করা এবং সদরে অবস্থিত জেলা কর্ম্ম বিনিয়োগ কেন্দ্রটিকে উপ-আঞ্চলিক কর্ম্ম নিয়োগ সংস্থায় উন্নীত করার আশা রহিয়াছে।

৩৬। আবাসিক শ্রমিকগণের গৃহ নির্ম্মাণের জন্য ক্ষুদ্র ক্ষুদ্র বাগিচা ইউনিটগুলিকে ঋণ দেওয়ার উদ্দেশ্যে আগামী বৎসর বাগিচা শ্রমিকদের জন্য সাহায্যাধীন গৃহ নির্মাণ প্রকল্প চালু করার প্রস্তাব করা হইয়াছে।

প্রচার বিভাগ

৩৭। নিম্নে বর্ণিত কার্যগুলির ১৯৬৮-৬৯ সালের কার্য্যসূচীর অন্তর্ভুক্ত করা হইয়াছে ঃ—

(ক) তিনটি মহকুমা জনসংযোগ দপ্তর খোলা, তিনটি উপজাতি উন্নয়ন ব্লকে তথ্য কেন্দ্র খোলা এবং ২৫টি উপ-তথ্য কেন্দ্র খোলা,

(খ) একটি নাটক ও পুতুলনাচ ইউনিট সংগঠন ;

(গ) প্রামাণ্য ও কাহিনী চিত্র ক্রয় করা এবং উপজাতি জীবনের উপর চলচ্চিত্র নির্ম্মাণ।

(ঘ) প্রদর্শনী সংগঠন, হোর্ডিং স্থাপন ও বিজ্ঞাপন প্রচার ;

(ঙ) ২৫০টি কমিউনিটি রিসিভিং সেট ক্রয় ;

(চ) উপজাতি অধ্যুষিত অঞ্চলগুলিকে পাঁচটি চণ্ডী মণ্ডপ নির্ম্মাণ।

মুদ্রণ ও লেখন সামগ্রী বিভাগ

৩৮। মুদ্রণালয় সম্প্রসারণের কাজ অগ্রসর হইতেছে। শীঘ্রই একটি পাকাবাড়ী মির্ম্মাণের কাজ শুরু হইবে।

৩৯। প্রয়োজনের তুলনায় কেন্দ্রীয় সরকার কর্তৃক সরবরাহকৃত লেখন সমগ্রী ও ফর্মের ঘাটতি এখনও বর্ত্তমান। স্থানীয়ভাবে ক্রয় ও মুদ্রণের সাহায্যে এই ঘাটতি পূরণ করা হইতেছে।

জরীপ ও বন্দোবস্ত

৪০। এই কাজ যদিও ১৯৬৫-৬৬ সালের মধ্যে শেষ করার লক্ষ্য ছিল, কিন্তু নানাবিধ কারণে তাহা সম্ভব হয় নাই। এই সকল কারণ সম্পর্কে ইতিপূর্ব্বে আলোচনা হইয়াছে। এখন পর্য্যন্ত যতদূর কাজ হইয়াছে এবং ১৯৬৮-৬৯ সালে যে লক্ষ্য আছে সেইগুলি নিম্নরূপ :—

কাজের বর্ণনা—	৩১. ১২. ১৯৬৭ তারিখে যে পর্য্যন্ত কাজ হইয়াছে	১৯৬৮-৬৯ সালের কার্য্যাসূচী
১। গ্রামের সীমানা নির্দ্ধারণ	৪১১৬·০০ বর্গ মাইল	—
২। ট্র্যাভার্স	৪১১০·৫০ ,, ,,	৫·৫০ বর্গ মাইল
৩। কিস্তোর	৪১১০·৫০ ,, ,,	৫·৫০ ,, ,,
৪। খানাপুরী	৪১১০·৫০ ,, ,,	৫·৫০ ,, ,,
৫। বুজারত	৪১১০.৫০ ,, ,,	৫·৫০ ,, ,,
৬। এটেষ্টেশান ও জমাবন্দী	৪১০১·৮৬ ,, ,,	১৪·১৪ ,, ,,
৭। ক্ষতিপূরণের তালিকা প্রস্তুতি	৩০৬১·৬০ ,, ,,	৬০৪·৪০ ,, ,,
৮। নথিবদ্ধ অধিকারের খসড়া প্রকাশন	৩০৮০·১৩ ,, ,,	৩৫·৮৭ ,, ,,
৯। আপত্তি মীমাংসা প্রকাশন	৩৯৯৭·৫৭ ,, ,,	১১৮·৪৩ ,, ,,
১০। চূড়ান্ত প্রকাশন	৩৯৯৬·৯২ ,, ,,	১১৯·০৮ ,, ,,
১১। নামজারী	১,৯৯,৮২৭ গুলি	২,০৭,৭০৫ গুলি
১২। ত্রিপুরা ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার আইনের (১৯৬০) ১৫ নং ধারা অনুযায়ী বিরোধ নিষ্পত্তি	১,৩৪,৩১০ গুলি	২,০৯,০০৫ গুলি
১৩। চূড়ান্ত পরীক্ষা	২০৭০·৭৩ বর্গ মাইল	২০৪৫·২৭ বর্গ মাইল

পুলিশ

৪১। ১৯৬৭ সালে অপরাধের সংখ্যা কিছু বাড়িয়াছিল। অপরাধের সংখ্যা ১৯৬৬ সালে ছিল ২৬৪৭টি, তাহা বাড়িয়া ১৯৬৭ সালে ৩১৭৩টি হইয়াছিল। এই বৎসর ৩৯টি মোকদ্দমা অত্যাবশ্যক দ্রব্যাদি আইনে নিবদ্ধভুক্ত হইয়াছিল এবং গত বৎসর এইরূপ ঘটনা ছিল ৬১টি। এই বৎসর ১০টি লাইসেন্সহীন বন্দুক উদ্ধার করা হইয়াছে। গত বৎসর ৪টি লাইসেন্স-হীন বন্দুক উদ্ধার করা হইয়াছিল। বৃক্ষ রোপণ ও খাদ্য সংগ্রহের বিরুদ্ধাচরণ এবং শসস্ত্র আক্রমণের ফলে অপরাধের সংখ্যা বৃদ্ধি পাইয়াছে।

আদালত

৪২। ১৯৬৭ সালে ডিসেম্বর মাসে দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমাগুলির অবস্থা এইরূপ—

	পূর্ব্বের মোকদ্দমার সংখ্যা	নূতন মোকদ্দমা	মোট	নিষ্পত্তি	বাকী
দেওয়ানী	২১৪৪	১৪১৮	৩৫৬২	১৫৩৬	২০২৬
ফৌজদারী	১৩৫৬	১১৭০	২৫২৬	১২৭৮	১০৪৮
মোট :—	৩৫০০	২৫৮৮	৬০৮৮	২৮১৪	৩২৭৪

অগ্নি নির্ব্বাপক সংস্থা

৪৩। ১৯৬৭ সালে রাজ্যের অগ্নি নির্ব্বাপক দলগুলি অগ্নি নির্ব্বাপনের জন্য ১৬৩টি আহ্বানে উপস্থিত হইয়াছিল। ইহা ছাড়াও অন্যান্য সাহায্যের জন্য ৫১টি আহ্বানে উপস্থিত হইয়াছিল। ক্ষতির পরিমাণ এইরূপ :—

অগ্নি নির্ব্বাপনের আহ্বান

ক্ষতির পরিমাণ	৪,৫০,৭২১ টাকা
জীবন হানি	১ (এক জনের)

অন্যান্য সাহায্যের জন্য আহ্বান

বন্যা—	৪৮
মোটর দুর্ঘটনা	১
বিবিধ	২
	৫১

শহর ও গ্রাম পরিকল্পনা সংস্থা

৪৪। শহর ও গ্রাম পরিকল্পনা ইউনিট আগরতলা সহরের ১নং ভাগের পৌর এলাকার একটি উন্নয়ন নক্সা রচনা করিয়াছেন; বর্ত্তমানে ইহা ভারত সরকারের পরীক্ষাধীনে আছে। সরকারী

দপ্তরগুলির জন্য প্রয়োজনীয় স্থানের জরীপ প্রায় চূড়ান্ত হইয়াছে। আগরতলা সহরাঞ্চলের জন্য সুপরিকল্পিত রাস্তাঘাট নির্ম্মাণের একটি প্রকল্প গ্রহণ করা হইয়াছে। আগামী বৎসর ২নং ভাগের উন্নয়ন নক্সা তৈরী করা, রাধাকিশোরপুর ও ধর্ম্মনগর সহরেও এই পরিকল্পনার সম্প্রসারণ করা এবং সরকারী দপ্তরের জন্য জমি সংগ্রহ ও উন্নয়নের জন্য প্রস্তাব করা হইয়াছে।

মূল্যায়ণ সংগঠন

৪৫। গ্রামীণ জনশক্তি সংক্রান্ত যে কার্যসূচীগুলি বিভিন্ন ব্লকে রূপায়িত হইতেছে তাহার মূল্যায়ণের জন্য এই ইউনিট সংগঠিত হইয়াছিল। বর্ত্তমানে এই ইউনিটটি জিরানীয়া ব্লকে এই ব্যাপারে সমীক্ষা চালাইতেছে। আগামী বৎসর এই সমীক্ষার ফলাফল প্রকাশিত হইবে বলিয়া আশা করা যায়।

পুনর্ব্বাসন

৪৬। বর্ত্তমান বৎসরে (১৯৬৮ সালের ১৫ই ফেব্রুয়ারী পর্য্যন্ত) ১৮১২টি শরণার্থী পরিবার ত্রিপুরাতে আসিয়াছে। তাহাদের মধ্যে যাহারা অনাথ এবং যাহাদিগকে জমি দেওয়া সম্ভব নহে তাহাদিগকে পুনর্ব্বাসনের অপেক্ষায় শিবিরে রাখা হইতেছে। আমতলীতে একটি আধা পাকা শিবির নির্ম্মিত হইতেছে। যে সমস্ত পরিবার জমি বদল করিয়া আসিয়াছেন তাহাদিগকে পুনর্ব্বাসনের জন্য ঋণ ও অর্থ সাহায্য দেওয়া হইতেছে। বেআইনী পথেও শরণার্থীদের আগমন এখনও অব্যাহত আছে। প্রতিদিন গড়ে ১৫ জন তালিকাভুক্ত শরণার্থী এখানে আসিতেছেন।

(৩) মাসিক fixed rateএ Medical re-imbursementএর টাকা দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

উত্তর

(১) ত্রিপুরার Class I Officer—১৯৬৫-৬৬ সনে — টাকা ৯,৩০৩·৮৪ পয়সা
১৯৬৬-৬৭ সনে — ,, ১১,৯৬৮·২৮ ,,

এবং

ত্রিপুরার Class II Officer—১৯৬৫-৬৬ সনে—টাকা ৩৫,৬৮৫·৪৭ পয়সা
১৯৬৬-৬৭ সনে— ,, ৩৫,৬৯৭·৯৮ ,,
Medical re-imbursement হিসাবে পাইয়াছেন।

(কোন্ কোন্ Class I এবং Class II অফিসার কোন সনে কত টাকা Medical re-imbursement draw করিয়াছেন তাহার জনাজাত হিসাব দাখিল করা অনেক সময় সাপেক্ষ।)

(২) ত্রিপুরার Class IV employees—১৯৬৫-৬৬ সনে—টাকা ৬৬,৪৭৪·৩৫ পয়সা
১৯৬৬-৬৭ সনে—টাকা ১,০২,৬৪০·২৫ ,,
মোট টাকা ১,৬৯,১১৪·৬০ পয়সা।

(৩) বর্তমানে এরূপ কোন প্রস্তাব নাই।

UNSTARRED QUESTION NO. 679.
By Shri Bidya Ch. Deb Barma

প্রশ্ন

(১) ত্রিপুরা ও ত্রিপুরার কোন দৈনিক বা সাময়িক পত্রিকা গত দুই বছরে (১৯৬৮ সালের জানুয়ারী পর্য্যন্ত) মোট কত টাকার সরকারী বিজ্ঞাপন পাইয়াছেন :

(২) ইহার মধ্যে 'স্বাধীনতা দিবস', 'প্রজাতন্ত্র দিবস', 'জন্ম নিয়ন্ত্রণ' ও 'সমবায় সপ্তাহের' বিজ্ঞাপন হিসাবে কত টাকার বিজ্ঞাপন কাহাকে দেওয়া হইয়াছে :

(৩) ত্রিপুরার কোন কোন পত্রিকাকে কোন সরকারী বিজ্ঞাপন দেওয়া হয় না ;

(৪) তাহাদের সরকারী বিজ্ঞাপন না দেওয়ার কারণ কি ?

উত্তর

(১) ত্রিপুরা ও ত্রিপুরার যে সকল দৈনিক ও সাময়িক পত্রিকা গত দুই বৎসরে যে পরিমাণ টাকার সরকারী বিজ্ঞাপন পাইয়াছেন তাহার বিবরণ নিম্নে দেওয়া হইল :—

ত্রিপুরা (সাপ্তাহিক)	—	টা. ১৬,১৪০·০০
জাগরণ (দৈনিক)	—	টা. ৪২,৫৯৯·৪০
স্ফুলিঙ্গ (দৈনিক)	—	টা. ৬,০৯৭·৩০
দৈনিক গণ অভিযান	—	টা. ১৭,৮৫৯·০০
মানুষ (অর্ধ সাপ্তাহিক)	—	টা. ১৭,৭৮৪,০০
গণরাজ (দৈনিক)	—	টা. ১১,১৯৭·০০
সেবক (সাপ্তাহিক)	—	টা ১৫,৬৭৪·৬০
সমাচার (সাপ্তাহিক)	—	টা. ১৬,৩০২·০০
ত্রিপুরা টাইমস্ (সাপ্তাহিক)	—	টা. ৮,১০১·০০
গণ অভিযান (সাপ্তাহিক)	—	টা. ৬,৩৮৪·২০
সন্ধ্যানী (সাপ্তাহিক)	—	টা. ৩,১৭৪·০০
নাগরিক (সাপ্তাহিক)	—	টা. ২,৬৩০·০০
রুদ্রবীণা (সাপ্তাহিক)	—	টা. ৬,৫৫৭·০০
ন্যায়দণ্ড (সাপ্তাহিক)	—	টা. ১০,৪৫৯·০০
ভারত কল্যাণ (সাপ্তাহিক)	—	টা. ৬,৬৬৮·০০
সমবায় বার্ত্তা (সাপ্তাহিক)	—	টা. ২,৯৭০·০০
বিবেক (সাপ্তাহিক)	—	টা. ২,৬০১·০০
ইয়াপ্রি (সাপ্তাহিক)	—	টা. ৩৬৮·০০
নবোদয় (সাপ্তাহিক)	—	টা. ৪৬০·০০
নবজ্যোতি (সাপ্তাহিক)	—	টা. ২,১১৫·০০
আমাদের কথা (পাক্ষিক)	—	টা. ২৭০·০০
অগ্রগতি (সাপ্তাহিক)	—	টা. ১৪০·০০
কৃপাণ (সাপ্তাহিক)	—	টা. ৫০·০০
স্বস্তিকা (সাপ্তাহিক)	—	টা. ১৫০·০০
ত্রিদিব (মাসিক)	—	টা. ২৮০·০০
নাদ ছন্দা (মাসিক)	—	টা. ১০০·০০
উদিতি (ত্রৈমাসিক)	—	টা. ৫০০·০০
পঞ্চ প্রদীপ	—	টা. ১০০·০০
কাকলি (সাময়িক)	—	টা. ২৫·০০
ভাষকর	—	টা. ৩৫০·০০
জোনাকী (ত্রৈমাসিক)	—	টা. ১০০·০০
নান্দিমুখ (সাময়িক)	—	টা. ২০০·০০
যুবদূত (সাময়িক)	—	টা. ১০০·০০
মোট—	—	টা. ১,৯৮,৫৫৫·৯০

(২) ইহার মধ্যে 'স্বাধীনতা দিবস', প্রজাতন্ত্র দিবস', 'জন্মনিয়ন্ত্রণ' ও 'সমবায় সপ্তাহ' উপলক্ষে যে পরিমাণ টাকার বিজ্ঞাপন দেওয়া হইয়াছে তাহার বিস্তারিত বিবরণ নীচে দেওয়া হইল :—

পত্রিকার নাম	স্বাধীনতা দিবস	প্রজাতন্ত্র দিবস	জন্ম নিয়ন্ত্রণ	সমবায় সপ্তাহ
১	২	৩	৪	৫
ত্রিপুরা	টা. ৩৪০.০০	টা. ৩৯০·০০	টা. ৩৪০·০০	টা. ১৩৫·০০
জাগরণ	টা. ২৩০·০০	টা. ১২৮·০০	টা. ২৩০·০০	টা. ৯০·০০
স্ফুলিঙ্গ	টা. ৭০·০০	টা. ১৮৫·০০	টা. ৩৪০·০০	টা. ১৩৫·০০
দৈনিক গণ অভিযান	টা. —	টা. ৩২০·০০	টা. ২০৫·০০	টা. —
গণরাজ	টা. ১৪০·০০	টা. ১৩৫·০০	টা. —	টা. —
মানুষ	টা. ২০৫·০০	টা. —	টা. ৩৪০·০০	টা. ১৩৫·০০
সেবক	টা. ২০৫·০০	টা. —	টা. —	টা. —
সমাচার	টা. ৩৪০·০০	টা. ৪৪৫·০০	টা. ৩৪০·০০	টা. ১৩৫·০০
ত্রিপুরা টাইমস্	টা. ৩৪০·০০	টা. ৪৫৫.০০	টা. ২০৫·০০	টা. ১৩৫·০০
গণ অভিযান	টা. ১৪০·০০	টা. ৯০·০০	টা. ২৩০·০০	টা. ৯০·০০
সন্ধ্যানী	টা. ১৪০·০০	টা. —	টা. ২৩০·০০	টা. ৯০·০০
নাগরিক	টা. ২০৫·০০	টা. ১৩৫·০০	টা. —	টা. —
রুদ্রবীণা	টা. ৭০·০০	টা. ৩১০·০০	টা. ৩৪০·০০	টা. ১৩৫·০০
ন্যায়দণ্ড	টা. ২৩০·০০	টা. ১২৮·০০	টা. ২৩০·০০	টা. ৯০·০০
ভারত কল্যাণ	টা. ২০৫·০০	টা. ৩২০·০০	টা. ৩৪০·০০	টা. ১৩৫·০০
সমবায় বার্ত্তা	টা. —	টা. ১২৮·০০	টা. ১৪০·০০	টা. ১০০·০০
বিবেক	টা. ৯০·০০	টা. ১৮০ ০০	টা. ১৪০·০০	টা. —
নবোদয়	টা. ১৪০·০০	টা. ৯০·০০	টা. —	টা. —
নবজ্যোতি	টা. ২৪০·০০	টা. ৪০৫·০০	টা. ১৩৫·০০	টা. ১৩৫·০০
আমাদের কথা	টা. ১৩৫·০০	টা. ১৩৫·০০	টা. —	টা. —
ত্রিদিব	টা. —	টা. ২০০·০০	টা. —	টা. —
নাদ ছন্দা	টা. —	টা. ১০০·০০	টা. —	টা. —
উদিতি	টা. —	টা. ২৫০·০০	টা. —	টা. —
মোট—	টা. ৩,৪২০·০০	টা. ৪,৫২৯·০০	টা. ৩,৭৮৫·০০	টা. ১,৫৪০·০০

(৩) সকলকেই দেওয়া হয়।

(৪) প্রশ্নই উঠে না।

UNSTARRED QUESTION NO. 699.
By Shri Bidya Chandra Deb Barma.

প্রশ্ন

১। এম, বি, বি, কলেজের ছাত্র সংসদ কি সরকারের নিকট কোন দাবীর তালিকা পেশ করিয়াছেন ;

২। যদি পেশ করিয়া থাকেন তবে ঐ দাবীসমূহ কি ;

৩। ঐ দাবী পূরণ করার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ?

উত্তর

১। হাঁ।

২। দাবীগুলি নিম্নরূপ :—

(ক) কলেজের জন্য নূতন বাস (গাড়ী)।

(খ) টেলিফোনের বুথ ব্যবস্থা করা।

(গ) ষ্টাইপেণ্ডের হার বৃদ্ধি করা।

(ঘ) কমার্সের ছাত্রদের জন্য Museum.

(ঙ) কমার্স ডিপার্টমেন্টের জন্য ইংরাজী, বাংলা, অর্থনীতি বিষয়ে লেকচারার নিয়োগ করা।

৩। (ক) মহারাণী তুলসীবতী গার্লস স্কুলের বাসটি এম, বি, বি, কলেজে হস্তান্তর করিয়া কলেজের ছাত্রছাত্রীদের যাতায়াতের সুবিধা করা হইয়াছে।

(খ) কলেজে Public call office খোলার জন্য ডাক ও তার বিভাগকে অনেক অনুরোধ করা হইয়াছে। অদ্যাপিও অনুমোদন পাওয়া যায় নাই।

(গ) ভারত সরকারের নির্দ্ধারিত প্রকল্প ও নিয়মানুযায়ী ছাত্রদের ষ্টাইপেণ্ড মঞ্জুর করা হয়। ভারত সরকারের অনুমোদন ব্যতীত ষ্টাইপেণ্ডের হার বাড়ানো বা পরিবর্ত্তন করা যায় না। ষ্টাইপেণ্ডের হার বাড়ানো যায় কি না ব্যাপারটি পরীক্ষাধীন আছে।

(ঘ) কমার্সের ছাত্রদের সুবিধার্থে এই কলেজে সকল প্রকার বাণিজ্য বিষয়ক সরঞ্জামে পরিপূর্ণ একটি মিউজিয়াম আছে। তাহা ছাত্রদের পক্ষে যথেষ্ট।

(ঙ) বর্ত্তমানে কলেজে বিভিন্ন বিষয়ে যে সকল Lecturer আছেন তাহা এই কলেজের পক্ষে যথেষ্ট।

UNSTARRED QUESTION NO. 704
By Shri Bidya Ch. Deb Barma

১। শিক্ষাদপ্তর কি নূতন কোন Higher Secondary School স্থাপন না করিয়া High School এবং Class XII School স্থাপনের কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ;

২। যদি গ্রহণ করিয়া থাকেন তবে ঐ পরিকল্পনার বিস্তৃত বিবরণ ?

উত্তর

১। না।

২। প্রশ্ন উঠেনা।

Unstarred Question No. 713.
By Shri BIDYA CHANDRA DEB BARMA.

প্রশ্ন

১। চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারীরা গত ১১।১২।৬৭ তারিখে কি মুখ্যমন্ত্রীর নিকট ১১ দফা দাবীর তালিকা পেশ করিয়াছেন ;

২। যদি পেশ করিয়া থাকেন ঐ ১১ দফা দাবী কি ;

৩। সরকার ঐ সকল দাবী মানিয়া লইবেন কি ?

উত্তর

১। না।

২। প্রশ্ন উঠেনা।

৩। প্রশ্ন উঠেনা।

Unstarred Question No. 737.
By Shri ABHIRAM DEB BARMA.

প্রশ্ন

১) ত্রিপুরা স্মল ইণ্ডাষ্ট্রিজ করপোরেশন এ পর্য্যন্ত ত্রিপুরার শিল্প গঠনের জন্য কোন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সাহায্য দিয়াছে, তার বিবরণ ও সাহায্যের পরিমাণ।

২) সরকার মোট কত টাকা ইহার হাতে দিয়াছে।

৩) এই সংঘটনের সাহায্যের ফলে মোট কত লোকের কর্ম্ম সংস্থান হইয়াছে ?

উত্তর

১) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কে এ পর্য্যন্ত কোন সাহায্য দেওয়া হয় নাই।

২) ত্রিপুরা সরকার করপোরেশান হইতে যে ৯৯১২টি শেয়ার কিনিয়াছেন তাহার জন্য ৯,৯৯,২০০ টাকা মূল্য স্বরূপ দিয়েছেন।

৩) প্রশ্ন উঠে না।

Unstarred Question No. 837

By Shri AGHORE DEB BARMA M. L. A.

QUESTION

1. What is the total amount (sanctioned under the scheme of Teliamura Training-cum-production Centre (M. B. & M, C. Units).
2. Actual date of starting of work and completion thereof,
3. After completion to up-to-date what is the total quantity of production, yearly break up.
4. Whether there is any specific complaint against the Instructor of that centre.
5. If it is fact, what steps have been taken by the authority concerned and what are the complaints in details ?

ANSWER

1. Total expenditure was Rs. 1,59,130/-
2. The construction was started during 1962-63 and completed by 1966-67 when power was made available.
3. Nil, but there was some production before the power connection was completed.
4. Yes.
5. Steps taken—
   i) Part of the amount has been recovered from the Instructor.
   ii) Departmental action against the defaulting Instructor is under consideration.

Complaints

The Instructor sold some articles manufactured in the unit and received payment from the purchasers but did not deposit the sale proceeds of the articles with Government Treasury.

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT, 1963.

March 18, 1968.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A. M. on Monday, the 18th March, 1968.

PRESENT

Shri Manindra Lal Bhowmik, Speaker, in the Chair. The Chief Minister, four Ministers, the Deputy Minister, Deputy Speaker and twenty Members.

QUESTIONS

Mr. Speaker :— To-day in the List of business are the following questions to be answered by the Ministers concerned. Short Notice Question. Shri Promode Ranjan Das Gupta,

Shri Promode Rn. Dasgupta :— Question No. 1018.

The Hon'ble S. L. Singh (Chief Minister) :— Mr. Speaker, Sir, question No. 1018.

QUESTION.	REPLY
1. Whether it is a fact that some Indian citizens have been forcibly taken away by the Pak Police from the Indian side of the Tripura Pak Border under Simna Tahasil, P. S.— Sidhai, Tripura on the 30th January, 1968 ;	1. No incident took place on 30. 1. 68. An incident of kidnapping of 6 (six) Indian nationals by EPP personnel took place at Arjuntilla under Sidhai Police Station on 30. 1. 68.
2. If so, the steps taken to get them released ?	2. Protests have been lodged with East Pakistan authorities demanding immediate release of Indian nationals.

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত :— যাদের ধরা হয়েছে ওদের পারিবারিক সাহায্যের চিন্তা সরকার করেছেন কিনা, কারণ তারা ডে' লেবারারস্।

শ্রীএস, এল, সিংহ :— এই রকম ক্ষেত্রে কোন পারিবারিক সাহায্য দেওয়া হয় না। তবে একটা গ্র্যাচুইসাস্ রিলিফ সেই সমস্ত জায়গাতে কন্ডিশান দেখে দেওয়া হয়ে থাকে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :— ওদের সম্বন্ধে কোন রকম বিচার বিবেচনা করা হবে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— যদি দেখা যায় তারা দরিদ্র তাহা হইলে গ্র্যাচুইশাস্ রিলিফ তাদের দেওয়া যেতে পারে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :— এটা সম্বন্ধে তদন্ত করা হবে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— তাদের পরিবারের লোকেরা যদি অ্যাপ্লাই করে তবে দেখা যেতে পারে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :— প্রটেস্ট করবার পর ওদের বর্ত্তমান অবস্থা কি সেই সম্বন্ধে কোন সংবাদ সরকারের জানা আছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— আমরা যটুক জানি বলেছি, এর বেশী বলা সম্ভব নয়।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :— যে জায়গা থেকে তাদের নেওয়া হয়েছে সেখান থেকে বি, ও, পি, কতদূর অথবা সেখানে কোন বি, ও, পি, আছে কি না ?

শ্রীএস, এল, সিংহ :— দেশের নিরাপত্তার খাতিরে আমি তা বলতে রাজী নই।

Mr. Speaker :— Now postponed questions will get priority. Shri Monoranjan Nath.

Shri Monuranjan Nath :— Question No. 527.

Shri S. L. Singh :— Mr, Speaker, Sir, question No. 527.

QUESTION

(a) How many search warrants were issued in the whole of Tripura for seizure of paddy under levy or illegal stocks during the year 1967 and what quantity seized ;

(b) how many cases were registered in connection with the seizure of paddy in question ;

(c) according to which provision of the law the search warrants had been issued for the purpose of seizure & had there been any cognizance before the issue of search warrant ?

ANSWER

(a) 151 search warrants were issued. 36,455 Kg of paddy were seized during 1967.

(b) 3 cases.

(c) Search warrants were issued u/s 96 Cr. P. C. & cognizance was taken before issue of search warrants.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি কোন্ সাবডিভিশনে কতগুলি কেস হয়েছে ?

শ্রীএস, এল, সিংহ :—নোটিশ চাই।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এই ১৫১টি সার্চ ওয়ারেন্ট যে ইস্যু হয়েছে, ১৫১টি কেস হয়েছে কি হয় নাই ?

শ্রীএস, এল, সিংহ :—বলাই হয়েছে ১৫১টি সার্চ ওয়ারেন্ট ইস্যু করা হয়েছে আর ৩৬,৪৫৫ কে, জি, ধান সীজ করা হয়েছে ১৯৬৭ সালের মধ্যে।

শ্রীমনোরঞ্জন নাথ :—আমি জানতে চাইছি ১৫১টি কেস্ হয়েছে কিনা ? কারণ কেস্ না হলে সার্চ ওয়ারেন্ট ইস্যু করবার বিধান নাই।

শ্রীএস, এল, সিংহ :—The search warrants were mainly issued for violation of Tripura Food Grains Requisition Order, 1963 and Tripura Declaration of Foodgrains 1950. In all cases cognizance were taken before issue of search warrants.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয়, বলবেন কি যে সার্চ ওয়ারেন্ট কগনিজেন্স্ নেওয়ার পরে ইনডিস্ক্রীমিনেটলী ইস্যু করা হয় কিনা ?

Shri S. L. Singh :—That depends on the procedure.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় আমি বলছি যে সার্চ ওয়ারেন্ট যে ইস্যু হল সি, আর, পি, সি, ৯৬ মতে, আমি জানতে চাইছি যে জুডিসিয়াল এনকোয়ারীর পরে সার্চ ওয়ারেন্ট ইস্যু হয় না ইনডিসক্রিমিনেটলী ইস্যু হয় ?

Shri S. L. Singh :—As per rules they are issued.

Mr. Speaker :—Shri Bidya Ch. Deb Barma, the Member is absent. Shri Abhiram Deb Barma, the Member is absent. Shri Ghanashyam Dewan, he is also absent. Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—Question No. 765.

Shri S. L. Singh :—Question No. 765 Sir.

প্রশ্ন

Will the Hon'ble Minister-in-chargee of the Police Department be pleased to state :-

(ক) কাঞ্চনপুর থানার এলাকায় হোজাছড়া গ্রামে বিগত ৯।২।৬৮ইং রাত্রে দুরন্তকারীগণ কতপরিবারের কতজন লোক, কতটি গবাদি পশু নিহত করিয়াছে এবং ক্ষতির পরিমাণ কি ;

(খ) উক্ত ঘটনা উপলক্ষে কোন কেইস হয়েছে কি ; এবং কেইস হইয়া থাকিলে আসামী ধৃত হইয়াছে কি ;

(ক) ঘটনা স্থলের নিকটবর্ত্তী কোন Security Camp বা Police Camp ছিল কি ?

উত্তর

(ক) একজন নারীসহ ৩ ব্যক্তি ঘটনাস্থলে নিহত হইয়াছেন। ইহা ব্যতীত আর এক জন হাসপাতালে পরে মারা গিয়াছেন। ২৮টী গবাদি পশু ও ৮টী ছাগলও নিহত হইয়াছে। ইহা ছাড়া ২৫টী গবাদি পশু ও ৭টী ছাগল আংশিক অগ্নিদগ্ধ হইয়াছে। ক্ষতির পরিমাণ প্রায় ৩৯,৬৬৪ টাকা।

(খ) হঁা কেইস দায়ের করা হইয়াছে এবং ১৫ জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে।

(গ) হঁা ঘটনাস্থলের দেড়মাইল উত্তরে দুইটী পুলিশ ক্যাম্প ছিল।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে ঘটনা কোন সময় হয়েছিল এবং পুলিশ বা সিকিউরিটি ষ্টাফ ঘটনা স্থলে কোন সময়ে উপস্থিত হয়েছিল ?

শ্রী এস, এল, সিংহ :—So far information I have received, আমি তা প্রশ্নোত্তরে বলেছি।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয়, এই যে ঘটনা ঘটেছে সেটা কি কোন রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে বা কোন দলের উদ্দেশ্য এর পেছনে আছে কি না ?

শ্রীএস, এল, সিংহ :—আমি আগেই বলেছি এন্টি সোশ্যাল এলিমেন্টস এ্যাটাচ্‌ড।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এই ঘটনা যে বাড়ীতে ঘটে সেখানে থেকে একটি শিশু দেড় মাইল দূরে পুলিশ ক্যাম্পে খবর দেওয়া সত্বেও পুলিশ বা সিকিউরিটি ষ্টাফ যথা সময়ে ঘটনা স্থলে যায় নাই ?

শ্রীএস, এল, সিংহ :—আই ডিম্যাণ্ড নোটিশ স্যার।

শ্রীএর্সাদ আলি চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, উক্ত দুর্বৃত্তগণ ট্রাইবেল না নন-ট্রাইবেল ?

শ্রীএস, এল, সিংহ ঃ—আমি আগেই বলেছি এন্টি সোশ্যাল এলিমেন্টস এ্যাটাচ্‌ড।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, এখনো ঐ এলাকায় অনেক আসামী ঘোরা ফেরা করছে অথচ তাদের ধরা হচ্ছে না ?

Shri S. L. Singh :—So far my knowledge goes, somebody were already arrested.

Mr. Speaker :—Shri Ghanashyam Dewan.

Shri Ghanashyam Dewan : Question No. 783.

Shri S. L. Singh :—Question No. 783, Sir.

QUESTION	ANSWER
১) ইহা কি সত্য যে গত ২১ শে জানুয়ারী উপজাতি সন্দেহভাজন ১৮ জন সশস্ত্র শত্রু দ্বারা আমাদের সীমান্তবর্ত্তী গোবিন্দবাড়ী বাজারটি আক্রান্ত, লুণ্ঠিত ও শেষে অগ্নিদগ্ধ হইয়া সম্পূর্ণ ভস্মীভূত হইবার সময়ে আমাদের কোন রক্ষী বাহিনী সেখানে ছিল না ;	মেটেরিয়েলস আনডার কালেকশান ।
২) যদি সত্য হয় সেখানকার নিরীহ নাগরিকগণের ধনপ্রাণ রক্ষা করিবার জন্য আমাদের সশস্ত্র বাহিনীর প্রহরা প্রয়োজন কিনা ,	
৩) ছামনু ও গোবিন্দবাড়ী যোগাযোগ রক্ষাকারী উপযুক্ত সড়ক নির্ম্মাণের প্রয়োজনিয়তা উপলব্ধি করেন কি না ;	
৪) করিলে কবে নাগাদ আমরা সড়কের নির্ম্মাণকার্য্য আশা করিতে পারি ?	

Mr. Speaker :—Shri Aghore Deb Barma. The Member is absent. Shri Sunil Ch. Dutta.

Sri Sunil Ch. Dutta :—869.

Shri S. L. Singh :—Question No. 869, Sir.

QUESTION

Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state :—

ক) ১৯৬৭ সনে ত্রিপুরার থানাগুলিতে পুলিশধর্ত্তব্য অপরাধের জন্য কতকগুলি মামলা দায়ের হয় ?

খ) ঐ সংখ্যার কতকগুলির জন্যে পুলিশ ইতিমধ্যেই charge sheet দাখিল করিয়াছে ?

গ) কতকগুলিতে পুলিশ final Report দিয়াছে ?

ঘ) কতকগুলির তদন্ত কার্য্য এখনও অসমাপ্ত আছে ?

ঙ) উপরোক্ত সংখ্যার charge sheet দেওয়া কয়টি মোকদ্দমায় অপরাধীর শাস্তি হইয়াছে।

ANSWER

ক) ৩,১১৩টি

খ) ৭০৬ টি

গ) ১,৭৭৩ টি

ঘ) ৬৯৪ টি

ঙ) ৭৯ টি

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় ইহা কি সত্য যে, মফঃস্বল থানার মধ্যে ক্ষমতাসম্পন্ন অফিসারের সংখ্যা কম ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আই ওয়ান্ট নোটিশ অব ইট, স্যার।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় ইহা কি সত্য যে, অফিসার সংখ্যা কম থাকায় কেস দাখিল করা সত্বেও কয়েদী শাস্তি পায় না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—ইহা সাক্ষী প্রমাণের উপর নির্ভর করে এবং মামলার গুণাগুণের উপর শাস্তি পাওয়া না পাওয়া নির্ভর করে। সুতরাং এই সম্পর্কে বলা খুবই শক্ত।

শ্রীসুনীল চন্দ্র দত্ত : –মাননীয় মন্ত্রী মহোদয়, ইহা স্বীকার করবেন কি না যে জাষ্টিস ডিলেড এণ্ড জাষ্টিস ডিনাইড ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—প্রিন্সিপল স্বীকার্য্য। তবে কতকগুলি ক্ষেত্রে সত্বর হয় আবার কতকগুলি ক্ষেত্রে ডিলেড হয়।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় এই আশ্বাস দিতে পারেন কি যে তদন্ত করে যদি দেখা যায় মফঃস্বল থানার মধ্যে অফিসার সংখ্যা কম, তাহলে ঐ সংখ্যা বাড়ানো হবে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমরা দেখছি যে আসামী যাতে সাজা পায় এবং নির্দ্দোষ যাতে শাস্তি না পায় সেইভাবে বিচার বিভাগ চলছে। যদি দেখা যায় যে, নির্দ্দোষ কোন লোক শাস্তি পেয়েছে সেটা বললে পরে তার গুণাগুণ বিচার করে সেই অনুসারে সেটা নির্ধারিত হবে।

শ্রীএরসাদ আলী চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, সি, আর, পি, সি'তে যে সমস্ত কার্য্য সমাধান করার জন্য যে সীমা নির্ধারিত আছে ত্রিপুরাতে ইন টো টো সেটা ফলো করা হয় কি না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—চেষ্টা করা হয় যা প্রসিডিউর আছে ইন টো টো ফলো করার জন্য।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—আমার প্রশ্ন হচ্ছে মফঃস্বল থানাগুলিতে তদন্ত করে যদি দেখা যায় দারোগা বা অফিসার সংখ্যা কম তাহলে তার সংখ্যা বাড়ানো হবে কি না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি আগেই বলেছি মাননীয় অধ্যক্ষ মহোদয় যে আমি যদি এই সংখ্যা দিয়ে সংকুলান করতে পারি তাহলে বৃদ্ধির কোন আবশ্যকতা থাকবে না।

মিঃ স্পীকার ঃ—শ্রীমনোরঞ্জন নাথ।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—কোয়েশ্চান নাম্বার ১৬০।

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নাম্বার ১৬০।

প্রশ্ন	উত্তর
আসাম-আগরতলা রোডে কতগুলি চেকিং গেট আছে, এই গেটগুলির চেকারস কোন ডিপার্টমেন্টের কর্ম্মচারী এবং তাহাদের ডিউটি কি ?	তিনটি চেকিং গেট আছে, এই গেটগুলির কর্ম্মরত লোকেরা ত্রিপুরা পুলিশ বিভাগের কর্ম্মচারী। আইন শৃঙ্খলা রক্ষাই ইহাদের কাজ।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এই চেকিং গেটগুলিতে কতগুলি কর্ম্মচারী আছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—নোটীশ চাই।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি গেটের চেকার্সগণ যথারীতি কাজ করছে কি না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—যতদূর আমরা জানি যখন চাইনীজ আক্রমণ হয় এবং যখন পাকিস্তানের আক্রমণ হয় তখন তারা ভালভাবেই কাজ চালিয়ে গেছে।

শ্রীমনোরঞ্জন নাথ :—বৈদেশিক আক্রমণের সময় ছাড়া কি অন্য কোন সময় তাদের ডিউটি থাকে না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি বলেছি তখন তারা ভালভাবে কাজ করেছে এখনও তারা সেইভাবেই কাজ চালিয়ে যাচ্ছে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, তারা কি মোটরগুলি চেক করে, না রাস্তায় যে মানুষ চলাচল করে তাদের চেক করে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—দরকারমত সবই চেক করে। আইন-শৃঙ্খলা রক্ষার যে কাজ দরকার তাই করে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি যে, এই চেকারস´রা গাড়ীগুলি মোটেই চেক করে না, শুধু ড্রাইভারগণ রোডের উপর গাড়ী থামিয়ে চেক পোষ্টে গিয়ে একটা দস্তখত দিয়ে আসে। এতে কি মনে হয় না যে চেকারস´রা মোটেই তাদের ডিউটি করে না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—দুর্বৃত্তেরা যে শুধু গাড়ীতেই থাকবে এমন কোন কথা নয়। তারা আগে যেভাবে কাজ চালিয়ে যাচ্ছিলেন এখন ঠিক সেই ভাবেই তারা কাজ করে যাচ্ছেন বলেই আমার জানা আছে এবং আইন শৃঙ্খলা রক্ষার কাজ তারা ভালভাবেই চালিয়ে যাচ্ছেন।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন যে ড্রাইভারদের গাড়ী থামিয়ে দস্তখত দেওয়ার কাজটা উঠাইয়া দিলে কি হয়, যেহেতু তারা মোটেই চেক করে না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—তারা চেক করেন না, এমন কথা আমার জানা নেই।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন যে তিনটা চেক পোষ্ট আছে, এইগুলি কোথায় কোথায় আছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—একটা চল আশ্রম চৌমুহনীতে, একটা চোরাইবাড়ীতে আর একটা পেঁচারথলে।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে এই সমস্ত চেক পোষ্ট থেকে এই পর্যান্ত কোন কেস্ ইনস্টিটিউট করা হয়েছে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—নোটিশ চাই।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি যে, এই গেটগুলি দিয়ে প্যাডি স্মাগলিং হয় ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আইন শৃংখলা রক্ষার জন্য যা যা করা দরকার তার সবই করা হয়।

শ্রীরাজকুমার কমলজিৎ সিং :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে হাওয়াইবাড়ীতে যে চেকপোষ্ট আছে সেটা পুলিশ চেকপোষ্ট না অন্য কোন চেকপোষ্ট ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—নোটিশ চাই।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে এই চেকপোষ্টগুলিতে ওভার লোড করা হয় কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আইন শৃংখলা রক্ষার জন্য যা যা করা প্রয়োজন তার সবই তারা করে।

Mr. Speaker :—Shri Sunil Ch. Dutta.

Shri Sunil Ch. Dutta :—Question No. 868.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, materials are under collection.

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—Question No. 753.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, question No. 753—materials are under collection.

Mr. Speaker :—There is no unstarred question today.

Shri Sunil Ch. Dutta :—Mr. Speaker, Sir, I am interested in the question of Shri Monomohan Deb Barma. Question No. 722.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, question No. 722.

QUESTION

1. Whether Ex-Military personnel were allotted lands at Madhuban Ex-Military colony of Sadar Sub-Division ;
2. if so, the number and names of persons to whom lands were allotted so far ;
3. whether the allotted lands have been demarcated by the Settlement Department and Parcha issued to the individuals ?

ANSWER

1. Yes.
2. 41 Ex-servicemen. A list containing the names of the ex-servicemen is enclosed (Appendix-A).
3. Preliminary work in connection with allottment of land has been completed. After final enquiry, the record will be prepared in favour of the allottees and parchas issued to them.

APPENDIX—A

LIST OF NAMES OF EX-SERVICEMEN ALLOTTED LAND IN MADHUBAN.

1. Shri Sudhir Chandra Chakraborty
2. ,, Suresh Chandra Roy
3. ,, Hari Charan Sil
4. ,, Nibaran Ch. Das
5. ,, Bhadulal Mistry
6. ,, Anil Ranjan Das
7. ,, Monomohan Laskar
8. ,, Rebati Mohan Laskar
9. ,, Adhar Moni Dey
10. ,, Haripada Bhattacharjee
11. ,, Nripendra Mohan Kar
12. Smti. Jaminibala Malakar
13. Shri Jyotish Chandra Majumder
14. ,, Lalit Mohan Deb Barma

15. Shri Ramani Mohan Nath
16. ,, Nar Bahadur Rai
17. ,, Sachindra Chandra Majumder
18. ,, Sontosh Ranjan Das
19. ,, Dhirendra Sangma
20. ,, Satish Chandra Laskar
21. ,, Joshep Dazal
22. ,, Sachindra Marak
23. ,, Keshab Sangma
24. ,, Kanindra Marak
25. ,, Ruhi Sangma
26. ,, Nagendra Marak
27. ,, Harijoy Deb Barma
28. ,, Dharamsing Gharti
29. ,, Dixon Sangma
30. ,, Dhirendra Sangma
31. ,, Dhirendra Sangma
32. ,, Suresh Sangma
33. ,, Matia Singh Lama
34. ,, Abhoy Sangma
35. ,, Nagendra Marak
36. ,, Sarat Chisim
37. ,, Sarat Sangma
38. Smti. Haridasi Das
39. Shri Gandan Sangma
40. ,, Keshab Lal Das
41. Smti. Dhanyamani Sangma.

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ—আরও সৈনিক প্রার্থী আছে কিনা জমির জন্য ?

শ্রীএস, এল, সিংহ :—আছে অনেকেই এবং আমরা একটা স্কীম করেছি, সেই স্কীমের মাধ্যমে আমরা তা করব। যে যে জায়গাতে তারা যাবে সেই জায়গাগুলি আমরা এক্স সার্ভিস কমিটীর কাছে দিয়েছি। কিন্তু এ পর্য্যন্ত দেখা গেল যে ঐ কলোনী স্কীমে এখন পর্য্যন্ত তারা যায় নি। অতএব আমাদের আবার নূতনভাবে চিন্তা করতে হবে।

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ—মধুবন এলাকাতেই জমি পাওয়ার জন্য আরও প্রাক্তন সৈনিক আছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— আমি বলেছি যে স্কীম আমাদের করা হয়েছে, একটা হল করংগীছড়া, একটা হল বিলোনীয়াতে আর একটা হল অমরপুর জলাইয়াতে। অতএব এই সমস্ত জায়গাতে যারা যাবেন তাদের সম্বন্ধে নিশ্চয়ই অবহিত আছি।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি পেন্ডিং পিটিশনের সংখ্যা কত ?

শ্রীএস, এল, সিংহ :—নোটীশ চাই।

GOVERNMENT BUSINESS (FINANCIAL)

Mr Speaker:—I would like to draw the attention of the Hon'ble Members to the scope of debate on the Supplementary Estimates which is to be confined to the items constituting the same and no discussion is permitted to be so raised on the original grants nor policy underlying them save in so far as it may be necessary to explain or illustrate the particular items under discussion.

When the Supplementary demand does not refer to any new service there cannot be any discussion of principle or policy.

Before the discussion begins I would request the Members to give me their names who would like to participate in the debate so that I shall be able to arrange the time schedule for them.

Now I would request the Hon'ble Sunil Ch. Dutta to open the discussion on Supplementary Estimates. Although the Leader of the Opposition is to open the disucussion on the Budget Estimate, the Member is absent to-day, I, therefore, request Shri Dutta to open the discussion.

Shri Sunil Ch. Dutta :—Mr. Speaker, Sir, I am not prepared, moreover I am suffering from fever So I would request Hon'ble Member Promode Ranjan Das Gupta to open the discussion.

Mr. Speaker :—Then any Member can raise the discussion.

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :— মাননীয় স্পীকার স্যার, এখানে সাপ্লীমেণ্টারী ডিম্যাণ্ডসের উপর (১৯৬৭-৬৮) ডিসকাশান করতে যেয়ে এইটুকু বলব যে সাপ্লীমেণ্টারী ডিম্যাণ্ডসের উপর বিশেষ কোন আলোচনার প্রয়োজন হয় না, কারণ এটা হচ্ছে কমিটেড এক্সপেণ্ডিচার। কমিটেড এক্সপেণ্ডিচার হচ্ছে গত বৎসরের বাজেট বরাদ্দকৃত অর্থের মধ্যে একটা হেরফের হওয়াতে সেটা প্রয়োজন এবং তার জন্য একটা টাকা বরাদ্দ চাওয়া হয় ওনলি টু রেগুলারাইজ এবং সেই কারণেই বিশেষ ডিসকাশনের প্রয়োজন হয় না। তবে কোন কোন আইটেমের উপর যে সাপ্লীমেণ্টারী গ্র্যাণ্ট চাওয়া হয়েছে তার পলিসী সম্বন্ধে গত বাজেট পাশ হওয়ার সময়ও এই সম্বন্ধে ডিসকাশন হয়েছে এবং আগামী দিনের বাজেটে যেটা সাবমিট করা হয়েছে তার উপরও আলোচনা করব তার মেরিটস এবং ডিমেরিটস সম্পর্কে। তবে এখানে এই ডিসকাশন করতে যেয়ে আমি দুই একটি জায়গায় মাননীয় ফিনানস্‌স মিনিষ্টারের নিকট থেকে ক্ল্যারিফিকেশান চাচ্ছি। যদিও আমি সাপ্লীমেণ্টারী বাজেট সমর্থন করছি এবং সমর্থন করেই ডিসকাসন ওপেন করছি, সেটা হচ্ছে পেইজ ২৬, ডিমাণ্ড নাম্বার ১২, পুলিশের খাতে যে

একটা টাকা চাওয়া হয়েছে—Due to re-imbursement of arrear claims of U. P. and Behar Governments on account of deputation of P. A. C. and B. M. P. to Tripura. যেখানে একটা বিরাট অঙ্ক প্রায় ২০,৮৫,৩০০্- টাকা আমরা দিচ্ছি। এটা আমাদের প্রয়োজন ত্রিপুরার জন্য যেহেতু এটা বর্ডার এরীয়া, তার জন্য সিকিউরিটি দরকার সেইজন্য টাকার খুবই প্রয়োজন এবং সিকিউরিটি ফোর্স ইউ, পি, এবং বিহার থেকে এখানে এসেছে, আমাদের দেশে সার্ভিস দিচ্ছে, সেইজন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ, কিন্তু আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট একটা অনুরোধ রাখব যে এই টাকার অঙ্কটা বিদেশে অর্থাৎ ত্রিপুরার বাইরে চলে যাচ্ছে সেটা সম্বন্ধে ফিউচারে যাতে আমাদের এলাকা অর্থাৎ লোক্যাল রিক্রুটমেণ্ট হয়, আমাদের দেশের ছেলেরা যাতে চাকুরী পায় এবং নুতন যদি কোন ফোর্স নেওয়া হয়, নুতন ডিভিশন গঠন করবার প্রয়োজন হয়, সেইদিকে যেন আমাদের পুলিশ মন্ত্রী নজর দেন এবং লক্ষ্য রাখেন। তার সাথে সাথে আমাদের এখানে যে সমস্ত পি. এ. সি. বি. এম. পি. পার্সন্যাল আছেন, ত্রিপুরায় সার্ভিস দিচ্ছেন, তাদেরও আমি অভিনন্দন জানাচ্ছি, জানিয়েই বলব যে সান অব দি সয়েল যাতে এইসব ক্ষেত্রে বিশেষ সুযোগ সুবিধা পায় এবং নুতন বেটেলিয়ান করার সময়ও আমাদের ছেলেদের যাতে সেখানে এবজর্ভ করা হয় তার জন্য আমি অনুরোধ রাখছি। কারণ আমাদের এখানে বেকার সমস্যা তীব্র আকার ধারণ করছে, দিনের পর দিন বেকার সংখ্যা বাড়ছে। যারা নাইন, টেন এবং মেট্রিক পাশ করে বেকার বসে আছে, তারা অনেকেই দেশের নিরাপত্তার ভার নিজের হাতে নিতে প্রস্তুত, সেই জায়গায় তাদের গ্রহণ করা দরকার, সেদিকে বিশেষ নজর দেওয়ার জন্য আমি পুলিশ মন্ত্রীর নিকট আবেদন রাখছি।

তারপর হচ্ছে ডিম্যাণ্ড নাম্বার ১৪—এডুকেশান, পেইজ ২৯, সেখানে আমরা এক জায়গায় দেখছি ৪,৯৩,০০০ (সি)—

Partly for meeting expenditure on account of All India National Gymnastic Championship Competition held at Agartala in December, 1967 and also for purchase of stores for the Tripura Engineering College. আমি এখানে জানতে পাচ্ছি না যে কত ইঞ্জিনীয়ারিং কলেজের ষ্টোর পার্চেজের জন্য এবং কত সেই জিমনাষ্টিক কম্পিটিশনের জন্য খরচ হল, তার একটা ডিটেল ব্রেক আপ আমি চাচ্ছি। আরেকটা হচ্ছে 'জ' স্কীমস আণ্ডার কন্সিডারেশান তারও একটা ব্রেক আপ থাকা উচিত যাতে আমরা বুঝতে পারি যে কোনটার এগেইনস্টে কত বরাদ্দ করা আছে, সেইদিকে আমি মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্টোর পার্চেজ হয়েছে কি না কিংবা কি অবস্থায় আছে সেটা এই ষ্টেটমেণ্ট থেকে বুঝা যাচ্ছে না আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছ থেকে সেটা জানতে চাচ্ছি। জানতে চাচ্ছি সমালোচনার দৃষ্টিভঙ্গী নিয়ে নয়, জানতে চাচ্ছি কেন এই অতিরিক্ত এক্সপেণ্ডিচার দরকার হয়েছিল তার একটা ক্ল্যারিফিকেশান আমরা চাচ্ছি।

তারপর হচ্ছে মেডিক্যাল সম্বন্ধে। আমরা দেখছি যে—Additional amount is necessary for payment of the cost of milk & butter supplied to V. M. Hospital and G. B. Hospital by the Dairy Development Department last year. দুধ এবং বাটারের মূল্য বৃদ্ধির জন্য এই ৬৭,২০০ টাকা দরকার না অন্য কোন কারণে এই টাকা প্রয়োজন হয়েছে তার কোন উল্লেখ এখানে নেই, অতএব আমরা সেই সম্পর্কে বিষদ তথ্য চাচ্ছি। আর যে সমস্ত মেডিসিন এখানে চাওয়া হয়েছে সার্জিক্যাল রিকুইজিটস ইত্যাদির জন্য এবং হাউস রেন্ট, ডি, এ'র জন্য, এইগুলি সমর্থন যোগ্য কাজেই আমি এইগুলি সমর্থন করছি।

আরেকটা হচ্ছে ডিম্যাণ্ড নাম্বার ১৬—পাবলিক হেল্থ-সেখানে বলা হয়েছে যে—Additional amount is necessary for maintenance of tube wells and construction of staff quarters. এখানেও কত মেইনটেনেন্সের জন্য এবং কত কোয়ার্টারের জন্য তার কোন ব্রেক আপ দেওয়া হয় নাই। তবে এক জায়গায় আমি দেখছি যে ১,০৪,০০০৲- টাকা সিংকিং অব টিউব ওয়েলসের ইত্যাদির জন্য ধরা আছে। কিন্তু ত্রিপুরাব প্রায় শতকরা ৫০/৬০টি টিউব ওয়েলই অকেজো অবস্থায় আছে। সাতডুবিয়া অঞ্চলে আমি জানি যে সেখানে সাতটি টিউব ওয়েল, সেই সাতটি টিউব ওয়েলই অকেজো অবস্থায় আছে। এই টাকাটা আমরা ওরিজিন্যাল গ্র্যান্টের উপর দিচ্ছি, খরচও করছি কিন্তু যে পিক্চারটা আমরা দেখছি সেটা হচ্ছে, এই যে বাস্তব ক্ষেত্রে প্রায় শতকরা ৬০।৭০টি টিউব ওয়েলই অকেজো অবস্থায় পড়ে আছে। অতএব এই টাকাটা কি ভাবে খরচ হল সেটা আমাদের দেখা দরকার। এদিকে আমি পাবলিক হেল্থ মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করব যে বরাদ্দকৃত টাকা দিয়ে যাতে জনসাধারণের এবং কৃষকের বেনিফিট হয় সেইদিকে যেন নজর দেওয়া হয়। আজকে ড্রাউটে প্রায় প্রত্যেক জায়গায় পুকুর, কুয়া প্রভৃতি শুকিয়ে গেছে, এই অবস্থায় যদি টিউব ওয়েল ফাংশান না করে, একটা ভিলেজে সাতটি টিউব ওয়েলের মধ্যে সাতটিই যদি অকেজো অবস্থায় পড়ে থাকে তাহলে এই টাকা খরচ করার সার্থকতা থাকে না। অতএব আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি এইদিকে আকর্ষণ করছি যে স্বাস্থ্যের জন্য এই টিউব ওয়েলের প্রভিশন করেছেন, মানুষের পিপাসা নিবারণের জন্য, সেটা যাতে বাস্তবে রূপায়িত হয়, সেদিকে তিনি যেন একটু দৃষ্টি রাখেন।

তারপর অ্যানিমেল হাজবেন্ড্রীর ব্যাপারে আমরা একটা জায়গায় দেখেছি—৫০,৯০০ টাকা (সি) তে ধরা হয়েছে due to more provision made towards cost of ration for cattle and birds; cost of bulls and maintenanee of vehicles etc. বার্ডসের জন্য আমাদের গান্ধীগ্রামে একটা ফার্ম আছে এবং সেখানে আমরা মুরগী, হাঁস ইত্যাদি যাবতীয় বার্ডস্ রেখেছি। কিন্তু তার সাথে সাথে আমি একটা আশা রাখব মাননীয় অ্যানিমেল হাজবেন্ড্রী ডিপার্টমেন্টের মন্ত্রীর কাছে যে উনি যখন অ্যাডিশনেল টাকা নিচ্ছেন তখন আমাদের স্যাটিসফাই করবেন যে সেখানে বার্ডসের অ্যাডিশন্যাল প্রভিশন হচ্ছে কিনা

এবং তার প্রকৃত চেহারাটা কি? আর একটা হল কস্ট অব বুলস্। এখানে অনেক তহশীল আছে যেখানে এই বুল নাই। কিন্তু আমাদের যে দেশী গরু আছে তার আপগ্রেডিং দরকার এবং সেইজন্য আমার মনে হয় ৪২টা তহশীলের প্রত্যেকটা তহশীলে একটা করে বুল রাখা দরকার যাতে আমাদের দেশীয় স্পেসিসের কোয়ালিটি ভাল হতে পারে। প্রভিশনের সাথে সাথে প্রভিশনের সার্থকতা যাতে হয় সেইজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব।

আর কো-অপারেশন ডিমাণ্ড নং ১৯—সেখানে পারচেজ অব নিউ ভেহিকেলস্ আছে। কো-অপারেটিভ সম্পর্কে বলতে গিয়ে এবং সেটাকে আমি সমর্থন করতে গিয়ে একটা জিনিষ বলব যে আজকে ত্রিপুরায় যে কো-অপারেটিভ পিরিয়ড হয়েছে, সেই পিরিয়ডের পর একটা ইভ্যালুয়েশন দরকার। আজকে আমি অনুরোধ রাখব আমাদের মাননীয় সমবায় মন্ত্রার কাছে যে সারা ত্রিপুরায় বর্ত্তমান যে সমবায় সমিতিগুলি আছে তাদের দ্বারা আমাদের জন-সাধারণের, কৃষকের, এবং সাধারণ লোকের কল্যাণের জন্য যে সমবায় সেই সমবায় কতটুকু কল্যাণ করতে পেরেছে এবং এত টাকা তার পেছনে খরচ হয়েছে তার দ্বারা তাদের কতটুকু লাভ হয়েছে এই সম্পর্কে ইভ্যালুয়েশনেব সময় এসেছে। তাই সেটাকে সমর্থন জানিয়ে আমি বলব যে আমাদের যখন ইকনমি করা হয়েছে এবং সেনট্রাল বাজেট কেটে দেওয়া হয়েছে এবং আমাদের সেখানকার প্ল্যান বাজেটের ফিফটি পারসেন্ট নাই সেইজন্য এই ভেহিক্যালসের খরচটা যেখানে না হলেও চলে সেখানে এই খরচটা না করাটাই বাঞ্চনীয়, আজকালকার ভারতবর্ষের অর্থনীতির অবস্থার পরিপ্রেক্ষিতে।

ইণ্ডাষ্ট্রি সম্বন্ধে বলতে গিয়ে আমি বলব যে ডিমাণ্ড নং ২০তে প্রডাকশন ইউনিট রিলেটস্ টু ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট এই সম্বন্ধে আমি যতটুকু জানতে পেরেছি যে অরুন্ধুতিনগর ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেটের অবস্থা খুবই খারাপ। সেখানে কর্মীর সংখ্যা দিন দিনই কমে আসছে। কোন কোন ডিপার্টমেন্টে তিনজন শ্রমিক এবং তিনজন টেকনিক্যাল ষ্টাফ। তাদের কষ্ট অব প্রডাকশন তো বেশী পড়েই। ত্রিপুরার যে শিল্পনীতি সেই শিল্পনীতি আজকে কোথায় যাচ্ছে সেটা চিন্তা করার সময় এসেছে। কেন সেইগুলি থ্রাইভ করছে না। থ্রাইভ যেখানে করার কথা সেখানে ডুইনডাল হচ্ছে কেন। সেটা জানার প্রয়োজন আছে। এই যে টাকা ধরা হয়েছে সেটা সম্বন্ধে আমি বলব যে এটা তদন্ত করার প্রয়োজন হয়ে পড়েছে। ৫০০ জন শ্রমিক যেখানে কাজ করত সেটা কমে ৭৫ জনে এসে দাঁড়িয়েছে। তাই মনে হয় সেখানে একটা গলদ আছে। তাই বেকারের যে সংখ্যা দিনের পর দিন বাড়ছে সেটাকে সামনে রেখে আমি আবেদন করব এই সম্বন্ধে যেন তদন্ত করা হয়। এই ডিমাণ্ডকে আমি সমর্থন করছি, কিন্তু সাথে সাথে আমি সমালোচনা করছি যে আজকে দেখবার প্রয়োজন হয়েছে কেন তার সংখ্যা কমে যাচ্ছে এবং যাতে ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটের প্রত্যেকটা ফ্যাক্টরী গীয়ার আপ হয় সেইদিকে দৃষ্টি দেওয়া দরকার। কারণ আমি এইটুকু জানতে পেরেছি যে গভর্ণমেন্টের লেদার ফ্যাক্টরীতে যে পরিমাণ বুট তৈরীর অর্ডার পাওয়া গিয়েছিল সেই পরিমাণ বুট তৈরীর অর্ডার তারা অ্যাকসেপ্ট করতে পারেনি এবং

অন্য জায়গা থেকে চালান এনে তারা বুট সাপ্লাই করেছে। যেখানে আমাদের ছেলেরা কাজ পাচ্ছে না, যেখানে আমাদের ছেলেরা হাজার হাজার টাকা উপার্জ্জন করতে পারত, সে টাকা ত্রিপুরাতেই থেকে যেত সেই টাকা চলে যাচ্ছে অন্য প্রদেশে। অন্য প্রদেশ থেকে আমরা বুট তৈরী করে আনছি এবং এখানকার শ্রমিকের সংখ্যা দিনের পর দিন কমে যাচ্ছে। এটার পরিবর্ত্তন হওয়া দরকার। কারণ বেকারের সংখ্যা যেভাবে দিনের পর দিন বাড়ছে এবং যেসব ছেলেরা আজকে নাইন, টেন পর্যন্ত পড়ে চাকরী পাচ্ছে না সেজন্য তাদের মধ্যে বিক্ষোভ আসতে পারে। তাই আমি বিশেষভাবে ইণ্ডাষ্ট্রির দিকে লক্ষ্য রাখবার জন্য অনুরোধ রাখছি যে, প্রডাকশন ইউনিট রিলেটেস টু ইনডাষ্ট্রিয়াল এষ্টেট, এটা যাতে গীয়ার আপ করা হয় সেই ব্যবস্থা যেন করেন এবং এগুলি যে কার্যকরী করা হয়। এই বলেই সাপ্লিমেন্টারী বাজেটের উপর ইণ্ডাষ্ট্রি সম্বন্ধে আমার বক্তব্য রাখছি।

তবে ইরিগেশনের উপরে আমার বক্তব্যআছে। ইরিগেশনের জন্য টাকা চাওয়া হয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে সিকস্‌টি পারসেন্ট ইরিগেশন স্কীমগুলি ফেল্যুব হয়েছে। পার্টলী ইউটিলাইজড নট ইউটিলাইজড, এইরকম অবস্থা। অতএব সেই দিক দিয়েও আমাদের চিন্তা করা দরকার। যাতে সাধারণ কৃষকদের সংগে পরামর্শ করে বাঁধ দেওয়া হয় যাতে জনসাধারণ জল পেতে পারে এবং আমাদের স্কীমেব টাকাগুলি নষ্ট না হয় এবং প্রপারলী ইউটিলাইজড হয় সেই দিকে আমাদের দৃষ্টি থাকা দরকার। কারণ এটা ভুললে চলবে না যে যদি আমরা জলসেচ ব্যবস্থা না করতে পারি তাহলে শত চিৎকার করলেও আমাদের প্রডাকশন বাড়বে না এবং খাদ্য সমস্যার সমাধান হবে না। খাদ্য সমস্যার সমাধান করার ব্যাপারে ইরিগেশন হচ্ছে মেইন এবং সমস্ত কাজের পূর্বে এটাকে প্রায়রিটি দেওয়া উচিত যাতে সাধারণ কৃষক ইউটিলাইজড করতে পারে। স্কীমগুলি কেন ইউটিলাইজড হচ্ছে না, এই ডিফেক্টের জন্য কে রেসপনসিবল্‌, এই রেসপনসিবিলিটি শুড বি ফিকস্‌ড এবং এই রেসপনসি-বিলিটি ফিক্‌স করার দিন এসেছে। তবে বাজেট বক্তব্য শেষ করার পূর্ব্বে আমি আবার বলব যে এটা কমিটেড একস্‌পেণ্ডিচার। এটাকে রেগুলেরাইজড করবার জন্য এই বাজেট আমাদের সামনে রাখা হয়েছে। আমি সেটাকে সমর্থন করছি এবং আমি আশা করি হাউস সেটাকে অ্যাকসেপ্ট করবে। কারণ মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারী ডিমাণ্ড আমাদের সামনে রেখেছেন সেটা ত্রিপুরার প্রয়োজনেই রেখেছেন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্যঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী প্রমোদরঞ্জন দাশগুপ্ত মহাশয় সাপ্লীমেন্টারী ডিম্যাণ্ডসের সাধারণ ভাবে আলোচনা করতে গিয়ে যে পয়েন্টসগুলি এখানে উল্লেখ করেছেন, সেগুলি অত্যন্ত সতর্কভাবে আমি গ্রহণ করেছি। তিনি যে বিষয়ে ডিসকাশন করেছেন সেটা মেনলি হচ্ছে একসিকিউটিভ সাইড, যাতে একসিকিউটিভ সাইডে আমাদের এফিসিয়েন্সী বাড়ানো যায় তার জন্য আমরা বিশেষ চেষ্টা করছি এবং আমাদের যে সদস্যরা আছেন তারাও এই বিষয়ে সরকারকে বিশেষভাবে সহায়তা করছেন

নানাভাবে উপদেশ দিয়ে। প্রত্যেক এলাকায় যে সমস্ত পরিকল্পনা নেওয়া হয়েছে সেইগুলি যাতে উপযুক্ত ভাবে কাজে লাগানো যায় তার চেষ্টা করা হচ্ছে।

পুলিশের খাতে বি. এম. পি এবং পি. এ. সি সম্পর্কে তিনি যে কথা বলেছেন যে লোক্যাল রিক্রুটমেন্ট করা যায় কিনা সেইদিকে আমাদের চেষ্টা আছে। তবে পুলিশ, মিলিটারী প্রভৃতি কতকগুলি ক্রাইটেরিয়া আছে। আমরা যথাসম্ভব সেইগুলি পালন করে আমাদের লোক্যাল ছেলেদের বিশেষ করে যখন আমরা হোমগার্ড এপয়েন্টমেন্ট দেই তখন আমরা লোক্যাল থেকে রিক্রুট করি। তারপর হোমগার্ড থেকে যারা ফিট বা উপযুক্ত তাদের বিষয় বিবেচনা করা হয় এবং তাদের রেগুলার পুলিশে নিয়ে নেওয়া হয়। ডাইরেক্ট রিক্রুটমেন্টও পুলিশে করা হচ্ছে, এই বিষয়ে যথা সম্ভব চেষ্টা করা হচ্ছে। সংগে সংগে যাতে লোক্যাল ছেলেরা পুলিশের কাজে উপযুক্ত হতে পারে তার চেষ্টাও করা হবে।

এডুকেশান সম্বন্ধে তিনি বলেছেন। এডুকেশানের যে সাপ্লীমেন্টারী ডিমাণ্ড রাখা হয়েছে। তার বেশীরভাগই হচ্ছে রিভিশান অব পে. স্কেল, এনহ্যানসড ডি. এ ইত্যাদির জন্য। আর জিমনাষ্টিক এবং পার্চেজ অব স্টোরস ফর ইঞ্জিনীয়ারিং কলেজ তার জন্য কত টাকা রাখা হয়েছে তার সঠিক ফিগারটা এই মুহূর্ত্তে বলা সম্ভব নয়, সম্ভবতঃ ৪০ হাজার টাকা হবে। তবে সঠিক ফিগারটা আমি পরে মাননীয় সদস্যকে জানিয়ে দেব। আর ইঞ্জিনীয়ারিং কলেজের যে স্টোর কতকগুলি দরকার হয়েছে পার্চেজ করার, প্রায় এক লক্ষ টাকার মত হবে, অর্ডার দেওয়া হয়েছে, সেগুলি প্রয়োজন, তা না হলে লেবরেটারীর কাজ চালান অসম্ভব। লেবরেটারীর জন্যই এই সমস্ত স্টোরস দরকার এবং তার জন্যই এই টাকা বিশেষভাবে প্রয়োজন।

মেডিক্যাল ডিপার্টমেন্ট এবং পাবলিক হেল্‌থ সম্বন্ধে কতকগুলি বিষয় বলা হয়েছে যে কি জন্য এটা ধরা হয়েছে। তার বেশীর ভাগ ক্ষেত্রেই হাউস রেন্ট এ্যালাউয়েন্স, ডি, এ ইত্যাদি, রিভাইজ্‌ড সেলারী এই বাবদই বেশী টাকা ধরা হয়েছে, সামান্য কিছু টাকা রাখা হয়েছে। অন্যান্য খাতে এডজাস্টমেন্ট ইত্যাদি কারণে বছরের শেষে হয়ত দেখা যায় কোন কোন ক্ষেত্রে বা বাড়তি খরচের প্রয়োজন হয়, সেইগুলিই এখানে চাওয়া হয়েছে।

অন্যান্য ডিপার্টমেন্ট সম্বন্ধে যা বল্লেন, এনিমেল হাজবেণ্ড্রী, পাবলিক হেল্‌থ ইত্যাদি এইগুলি সম্বন্ধে যাতে টাকা উপযুক্ত ভাবে খরচ হয় সেইদিকে প্রত্যেক ডিপার্টমেন্ট নজর রাখছে; বিশেষ করে কেন্দ্রীয় সরকার এখন টাকা ব্যয় বরাদ্দ যেখানে কমিয়ে দিচ্ছেন সেই দিক থেকেও এটা নজর রাখতে হবে অথবা যাতে টাকা খরচ না হয়। এই টাকা এমন ভাবে খরচ করতে হবে তার থেকে যেন কিছু রিটার্ণ আসে, সেইদিকে নজর রেখে টাকা খরচ করতে হবে কারণ টাকার পরিমাণ অত্যন্ত কম আমরা পাচ্ছি। তাই মাননীয় সদস্য যে সাজেশন এখানে রেখেছেন সেটা একজিকিউশানের সময় যাতে সেটা লক্ষ্য রাখেন একজিকিউটিভ অফিসাররা সেইদিকে যথাযথ ইন্সট্রাকশান আমরা দেব।

GOVERNMENT BUSINESS (FINANCIAL)

Mr. Speaker :—Today in the List of Business there are 10 Demands viz. Demand Nos. 1—Taxes on Income Other than Corporation Tax-Agricultural Income Tax, 3—State Excise Duties, 2—Land Revenue, 6—Stamps, 7—Registration Fees, 8—Parliament, State/Union Territory Legislature, 9—General Administration, 10—Administration of Justice, 11—Jails and 12—Police to be disposed of.

Members have received the List of Business along with the Appendix showing demands to be moved by the Finance Minister and the Cut Motions to be moved by the Members. Now the Finance Minister will move the demands standing in his name one by one when called by me and as soon as the Finance Minister has moved his demands I shall take all the Cut Motions to be moved and there will be discussion on the demands and the cut motions. Thereafter when the debate is closed, I shall dispose of them one after another by voice vote.

I may also inform the Hon'ble Members that I have decided to request the Finance Minister to move the Demand Nos. 1 & 3—together, Demand Nos. 6 & 7 together, Demand Nos. 8, 9 & 10 together and Demand Nos. 11 & 12—together and I shall have one general debate on these Demands as they are of allied nature ; of course I shall dispose of the demands separately.

Now I call on Hon'ble Finance Minister to move his Demand Nos. 1—Taxes on Income other than Corporation Tax-Agricultural Income Tax and 3—State Excise Duties, together.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 1,700/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 1—Taxes on Income Other than Corporation Tax-Agricultural Income Tax.

Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 20,000/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 3—State Excise Duties.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডিমান্ড নাম্বার ১'এ যে বাড়তি খরচটা ধরা হয়েছে সেটার প্রয়োজন হয়েছিল কারণ ১.১.৬৭ থেকে হাউস রেন্ট এবং ১.৬.৬৭ থেকে এলাউন্স, রেটে ডি. এ.'র স্যাংশান গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া থেকে আনা হয়,

তাব জন্য এই টাকাটা বাড়তি খরচ হয়েছে। আর ডিম্যাণ্ড নাম্বার ৩—ষ্টেট এক্সাইজ ডিউটিজ ; এখানে কতকগুলি এপয়েন্টমেন্ট করতে হয়েছিল এবং হাউস রেন্ট এ্যালাউয়েন্স এবং এনহ্যানসড রেটে ডি. এ. তারজন্য অধিক স্টেট একসাইজ ডিউটিজ খাতে বাড়তি খরচ হয় তার জন্য বরাদ্দ কবা হযেছে। আমি আশা করব হাউস এই ডিম্যাণ্ডসগুলি একসেপ্ট করবেন।

Mr. Speaker :—Now the Members may have discussion on these two demands--Demands No. 1 & 3. I think there will be no discussion. Now I am putting the Demand No. 1 to vote.

(The Demand No. 1--Taxes on Income Other than Corporation Tax—Agricultural Income Tax, was put to vote and passed unanimously).

Mr. Speaker :—I am now puting the Demand No. 3-State Excise Duties, to vote.

(The demand was put to vote and passed unanimously).

Mr. Speaker :—Now I call on Hon'ble Finance Minister to move his Demand No. 2. Land Revenue.

The Hon'ble Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator I Beg to move that a further sum not exceeding Rs. 4,94,200/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 2—Land Revenue.

এখানে যে অতিবিক্ত টাকা রাখা হয়েছে সেটা সিমপ্লী ডিয়াবনেস আব হাউস বেন্টেব জন্যই ধরা হয়েছে।

Mr. Speaker :—Will there be any discussion on this Demand ? I think there will be no discussion. Then I am putting the demand to vote.

(The demand No. 2-Land Revenue, was put to vote and passed unanimously.).

Mr Speaker :—Now I call on the Hon'ble Finance Minister to move his Demand Nos. 6 and 7 together.

The Hon'ble Krishnadas Bhattacharjee—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exeeding Rs. 10,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No, 6—Stamps.

The Hon'ble Krishnadas Bhattacharjee—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 15,400/- be granted to defray the additional charges

which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 7 Registration Fees.

এইগুলি ম্যানুফেকচারিং কষ্ট আব কমিশনের জন্য ধরা হয়েছে। হাউসরেন্ট এ্যালাউন্স এবং একস্‌ট্রা মোহরারদের কপিং চার্জ এবং একজন অফিসারেব অ্যারিয়াব পে এর জন্য খরচ হ য়েছে।

শ্রীমনোরঞ্জন নাথ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় ফিনান্স মিনিষ্টাব যে যে ডিমাণ্ড নং ৬ এবং ৭ হাউসেব সামনে উপস্থিত করেছেন আমি সেই ডিমাণ্ডগুলির প্রতি সমর্থন জানাচ্ছি। তবে সমর্থন জানিয়ে আমি আমাব বক্তব্য বাখছি। ডিমাণ্ড নং ৬ ষ্ট্যাম্প সম্পর্কে সাপ্লিমেন্টারী বাজেটে ১০,০০০ টাকা ধরা হয়েছে। ষ্ট্যাম্প বলতে জুডিসিয়াল এবং নন্‌-জুডিসিয়াল ষ্ট্যাম্প হয়। আমি বর্ত্তমানে দেখেছি ত্রিপুবার বিভিন্ন জায়গাতে জুডিসিয়াল এবং নন্‌-জুডিসিয়াল ষ্ট্যাম্পেব প্রায় এক বৎসর যাবত খুবই অভাব দেখা যাচ্ছে। মফঃস্বল সাবডিভিশনগুলি থেকে প্রতি মাসেই ইনডেন্ট দেওয়া হয়। যে ষ্ট্যাম্প সাপ্লাই দেওয়া হয় সেটা খুবই অপ্রচুর। তার দ্বারা তাদেব চাহিদা মেটে না। এখানে ষ্ট্যাম্প না পাওয়ার দরুণ এখন দেখা যাচ্ছে যে তারা আসাম থেকে হাজাব হাজাব টাকাব ষ্ট্যাম্প এনে দলিল বেজিষ্ট্রি করেছে। এই সম্পর্কে আমি বলতে চাচ্ছি যে ষ্ট্যাম্পেব এখন মূল্য বৃদ্ধি পেয়েছে এবং ষ্ট্যাম্প এখন যথেষ্ট লাগে। সুতবাং ষ্ট্যাম্প বিকুইজিশন বেশী দেওয়া হয়। কিন্তু সেই পবিমান ষ্ট্যাম্প না দেওয়ায় অসুবিধা দেখা দিচ্ছে। যে জায়গাতে এক টাকাব ষ্ট্যাম্পে হয়ে যেত এখন সেই জায়গাতে ১০ টাকার ষ্ট্যাম্প লাগে। সুতবাং আমাদেব ষ্ট্যাম্প বেগুলাবলী যাতে মফস্বলে প্রেবিত হয় সেই দিকে লক্ষ্য থাকা উচিত। তারপর কোর্ট ফিব কথা বলছি। কোর্ট ফী সাধারণতঃ এক টাকাব বা আট আনাব লাগে। কিন্তু কোর্ট ফী পাওয়া যাচ্ছে না। সেই জায়গাতে তাব দুই টাকায় কিনতে হচ্ছে। এব ফলে গভর্ণমেণ্টেবও লস হচ্ছে। যেমন দলিলেব ষ্ট্যাম্পেব ব্যাপাবে যে জায়গাতে ২ টাকার ষ্ট্যাম্পের দরকাব সেই জায়গাতে সেই ঐ মূল্যেব ষ্ট্যাম্প পেল না। তখন সে হয়ত দলিল না-ই করল। সুতবাং গভর্ণমেণ্টেব লস্‌ হচ্ছে। সেই দিক দিয়ে আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ষ্ট্যাম্প সরবরাহ বৃদ্ধি করা হয়। যদি ষ্ট্যাম্প আমাদেব সাপ্লাই করতে অসুবিধা হয় তাহলে অলটারনেট একটা ব্যবস্থা করা যায় কিনা সেই দিক দিয়ে একটু চিন্তা কবা দবকাব। আফটাব পটিশান যখন আমি পাকিস্থানে ছিলাম তখন আমি দেখেছি যে তারা ষ্ট্যাম্প সাপ্লাই করতে পারছে না।
পাঁচ টাকাব ষ্ট্যাম্প দবকাব, পাঁচ টাকা ট্রেজারীতে ডিপজিট দিচ্ছে এবং সেই টাকা দেওয়ার পর সীল বা কারেন্সী সীল মেরে দিল এবং সেটা পাঁচ টাকাব ষ্ট্যাম্প হিসাবে ট্রিট কবা হল, সেটাতে পাব্লিকেব অসুবিধা হচ্ছে না। কাজেই এখানেও পাব্লিকেব এই অসুবিধা দূব কবাব জন্য একটা অলটারনেট ব্যবস্থা যাতে কারেন্সী সীল দিয়ে ষ্ট্যাম্প ভেলুয়েশান করা হয়, পাব্লিক যাতে তার সুবিধা পায় তার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর আমি রেজিষ্ট্রেশান সম্পর্কে বল ... ত ব লাস্ট বাজেট সেশানেও আমি বলেছি যে আমাদের

কেবলমাত্র সাবডিভিশান হেডকোয়ার্টারগুলিতে রেজিষ্ট্রেশান অফিস আছে তাতে পাব্লিকের কাজের সুবিধা হচ্ছে না। কেন হচ্ছে না—যেমন একটা লোককে মনু থেকে দলিল রেজিষ্ট্রি করার জন্য আসতে হচ্ছে কৈলাসহর কিংবা কাঞ্চনপুর থেকে দলিল রেজিষ্ট্রি করার জন্য আসতে হবে ধর্মনগর। এতে একটা বিরাট খরচ হচ্ছে। ইণ্ডিয়ান রেজিষ্ট্রেশান এ্যাক্ট'এ বিধান আছে প্রত্যেক সাবডিভিশনে সাব রেজিষ্ট্রি অফিস খোলা যায়। সেই দিকে আমি কয়েকটা জায়গার নাম বলব যাতে সেই সমস্ত জায়গায় রেজিষ্ট্রি অফিস খোলা হয়; যেমন মনু, কাঞ্চনপুর এবং তেলিয়ামুড়া। যদি এই সমস্ত জায়গায় রেজিষ্ট্রি অফিস খোলা যায় তা হলে পাব্লিকের সুবিধা হবে। কারণ একটা লোককে ১০০ টাকার দলিল রেজিষ্ট্রি করতে হলে তাকে যেতে হবে ধর্মনগর এবং তার খরচ হবে ২৫ টাকা সেই দিক থেকে পাব্লিক অত্যন্ত ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমি আরেকটা দিকে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করব যেমন কোন দলিল যদি রেজিষ্ট্রি করতে হয় তা হলে মফঃস্বল থেকে তাকে আসতে হয় সদরে আগরতলায়। যদি আমরা আমাদের জোনগুলিতে ইণ্ডিয়ান রেজিষ্ট্রেশান এ্যাক্টের স্পেশ্যাল স্যাংসান যেটা সেকশান ৭'এ দেওয়া হয়েছে সেই ধারা মতে ধর্মনগর, কৈলাসহর প্রভৃতি জোনগুলিতে স্পেশ্যাল পাওয়ার দিতে পারি এবং যদি তা করা হয় তাহলে পাব্লিকএর অনেকটা সুবিধা হয় সেইজন্য আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করব যাতে সেই ব্যবস্থা করা হয় এবং রেজিষ্ট্রেশানের সুবিধা করা হয়। এই বলেই আমি ডিমাণ্ডের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Will any other member participate in the discussion ?

শ্রীএসাদ আলি চৌধুরী :—মাননীয় স্পীকার, স্যার, ষ্ট্যাম্প, ডিমাণ্ড নাম্বার ৬, এই যে সাপ্লীমেন্টারী ডিমাণ্ড আছে তা আমি সমর্থন করি এবং সমর্থন'এর পরিপ্রেক্ষিতে আমাদের মাননীয় ডিপুটি স্পীকার মনোরঞ্জন বাবু যে বিষয়গুলির কথা বলেছেন আমিও সেটা সমর্থন করছি। আমি উদয়পুর সম্বন্ধে বলছি যে সেখানে ষ্ট্যাম্প বাড়ানো দরকার; ভেণ্ডার হয়তো এক হাজার টাকার রিকুইজিশান দিল, পাঁচ শত টাকার মাল সেখানে পেল বা তিন শত টাকার মাল পেল তার ফলে দলিল রেজিষ্ট্রি করতে হয়তো একটা লোক মফঃস্বল থেকে আসল কিন্তু ষ্ট্যাম্পের অভাবে সে সেটা করতে পারল না। একজন ভেণ্ডার হয়তো আগরতলা থেকে ষ্ট্যাম্প কিনে নিয়ে একসট্রা কিছু লাভ করছে কারণ আগরতলা আসা যাওয়াতে তার একসট্রা খরচ হচ্ছে কাজেই জনসাধারণকে সেই একসট্রা চার্জ দিতে হচ্ছে এইভাবে ষ্ট্যাম্প'এর অভাবে জনসাধারণ একটা দুর্ভোগ লাগছে অন্যদিকে সরকারেরও রেভিনিউ লস হচ্ছে। কাজেই সেইদিকে চিন্তা করে রেজিষ্ট্রেশান ফী'র দিকে সুনজর দেওয়া উচিত। বহু পূর্ব্ব থেকে আমরা শুনে আসছি সেমি কাগজ কিন্তু আজকে মাত্র সেমি নামটাই আছে। এক বছরের মধ্যেও সেমি পাওয়া যাচ্ছে না। সাদা কাগজে বা অন্য কাগজে আদালতের কাজ চালানো হচ্ছে। আদালতে হয়তো একটা স্যার্টিফিকেট করতে হবে সেটা অত্যন্ত মূল্যবান তার ফিস দিতে হয় তিন টাকা। সেটা পূর্ব্বে একটা পুরু কাগজে লেখা হত, সেটা অনেক দিন লাষ্টিং করত কিন্তু এখন সাদা পাতলা কাগজে লিখতে হয় সেটা সেরকম লাষ্টিং করে না। কাজেই আমি

মনে করি সেমি পাওয়া বিশেষ দরকার এবং কেন আদালতে সেটা পাওয়া যাচ্ছে না সেটা দেখার জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের নিকট অনুরোধ রাখব। তদুপরি রেজিষ্ট্রেশান ফিস সম্পর্কে আমি বলব যে আজকে ষ্ট্যাম্পের অভাব। রেজিষ্ট্রেশান ফি বাড়ছে, অনেক সময় বলা হয় যে রেজিষ্ট্রেশান ফি হচ্ছে সরকারের একটা আয়। সমস্ত জিনিষের দাম বেড়েছে, রেজিষ্ট্রেশান ফি বাড়বে এটা জনসাধারণ হাসিমুখেই মেনে নেবে। কিন্তু অনেক সময় দেখা যাচ্ছে যে মুহুরী যারা লাইসেন্স হোলডারস তারা একটা দলিল রেজিষ্ট্রি করতে নির্ধারিত রেট যা আছে, এত ওয়ার্ডে এত এত টাকা ফিস, সেটা শুধু নাম মাফিক আছে, সেটা মুহুরীরা মানছে না, যেটা আইনগত ফি একটা দলিল দুই টাকার বেশী হতে পারে না, সেই জায়গাতে পাঁচ টাকার কম তারা লিখেনা। মুহুরী এসোসিয়েশান ফি, তারপর রেজিষ্ট্রি অফিসে একসট্রা ফি, অমুক ফাণ্ড'এর এত টাকা, এই করে দেখা যাচ্ছে তার এক হাজার দলিলের ফি হয়তো আইনতঃ চার টাকা হবে সেখানে তাকে দিতে হচ্ছে ১০ টাকা, এইগুলি যাতে না হয়—

কারণ জনসাধারণ এমনিতেই অভাবগ্রস্ত একটা গরু কিনতে হলে হয় তো তাকে জমি একটা বন্ধক দিতে হবে বা এক কাণি জমি বিক্রি করতে হবে ২০০ শত টাকায়. তার ষ্ট্যাম্প খরচ যদি লেগে যায় ২০ টাকা যেখানে খরচ হত ১০ টাকা। যাতে এ অবস্থার সৃষ্টি না হয় মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী যেন একটু দৃষ্টি দেন তাব অনুরোধ রাখছি এবং এটার একটা তদন্তের দাবী রাখছি। এই বলেই আমি আমার বক্তব্য ডিমাণ্ডের সমর্থনে শেষ করছি।

Mr. Speaker :—The discussion is over. The Minister may give his reply.

শ্রীএস্ এল, সিংহ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা বিরাট অসুবিধা হচ্ছে আমি সেটা স্বীকাব করছি। কারণ আমাদের যে স্ট্যাম্প সেটা সেন্ট্রাল গো-ডাউন থেকে আসে, সেন্ট্রাল ডিসপোজাল থেকে সেটা আমরা পাই এবং তাদেরও কাগজের একটা বিরাট অভাব ছিল এবং তার সাথে সাথে আমাদের দরকারও বিরাট আকার ধারন করছে। আমরা যে ইনডেণ্ট করি সেই অনুসারে আমরা সাপ্লাই পাচ্ছি না তার জন্যই অসুবিধা হচ্ছে। সেটা যাতে দূরিকৃত করা যায় তার চেষ্টার ত্রুটি কোন দিক থেকে নেই। যেটা বলা হয়েছে যে ষ্ট্যাম্পের একটা ভ্যালুয়েশান ধরে দেওয়া সীল ইত্যাদি দিয়ে, তাও আমরা পরীক্ষা নিরীক্ষা করে দেখেছি তাতে একটা বিরাট অসুবিধা আছে কারণ এই টাকাটা কোন হেডে ডিপোজিট রাখতে হবে সেটা একটা অসুবিধা। সেই জন্য এই ব্যবস্থাকে কার্য্যকরী করতে আমরা পারিনি। তবে আমরা চেষ্টা করব যাতে সেন্ট্রাল ষ্টোর থেকে অধিক পরিমাণে ষ্ট্যাম্প পেতে পারি ইনডেণ্ট অনুসারে তার চেষ্টা আমরা করছি। আর রেজিষ্ট্রেশন সম্পর্কে যে বলা হয়েছে যে কোন জায়গা রেজিষ্ট্রেশান অফিস খোলা যেতে পারে। এর মধ্যে যদি তারা কোন জায়গাতে করতে না পারে, সিকসটিন মাইলস ডিষ্টেন্সের মধ্যে এটা পসিবল নয় যে প্রত্যেক সিকসটিন মাইলস ডিস্টেনসের মধ্যে আমরা একটা করে রেজিষ্ট্রেশন অফিস খুলব। প্রত্যেক সাবডিভিসন্যাল হেডকোয়ার্টারেই অফিস থাকে। অতএব সেই দিক দিয়ে আমরা

কার্পণ্য করছি না যাতে জনসাধারণের অসুবিধা না হয়। সেই দিক দিয়ে আমরা চেষ্টা করছি, যাতে জনসাধারণ রেজিষ্ট্রেশন করতে গিয়ে অসুবিধায় না পড়ে।

আর একটি কথা বলেছেন যে সেমি কাগজ। সেটাও আমাদের আনতে হয় সেন্ট্রাল ডিসপোজাল থেকে। আগেই বলেছি যে সেমি কাগজ যেটা সেটার অভাব ছিল। ফরেন একসচেঞ্জের ডিফিকালটি আছে। সব জায়গাতেই এই ডিফিকালটি বোধ করা হচ্ছে। অতএব আমরা চেষ্টা করব, সেটা যদি রিলিজ হয়ে যায় তাহলে ত্রিপুরাও সেই দিক দিয়ে বঞ্চিত হবে না।

Mr. Speaker :—Now I am putting the Damand No. 6 to vote.

(The demand was put to vote and passed unanimously).

Mr. Speaker :—Now I am putting to vote the Damand No. 7·

(The demand was put to vote and passed unanimously)

Mr. Speaker :—Now I would call on Hon'ble Finance Minister to move his Demand No: 8, 9 and 10, together.

The Hon'ble Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 55,000/-, exclusive charged expenditure of Rs. 2,000/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967, to 31st March, 1968 in respect of Demand No. 8-Parliament, State/Union Territory Legislature.

There is another Resolution of Shri Baju Ban Riyan. I would call on Shri Riyan to move his Resolution that—This Assembly is of opinion that ত্রিপুরা রাজ্যের দরিদ্র কৃষক সমাজকে সুদ খোর মহাজনদের বে-আইনী সুদের ব্যবসায়ের কবল হইতে রক্ষা করিবার উদ্দেশ্যে প্রচলিত দি বোম্বে মানি লেণ্ডারস এ্যাক্ট ১৯৪৬ কার্য্যকরী হইতেছে কিনা তাহা তদন্ত করিয়া দেখার জন্য প্রতিটি মহকুমায় নিম্নলিখিত ব্যক্তিগণকে নিয়া একটি করিয়া কমিটি গঠন করা হউক।

১) স্থানীয় বিধান সভার সদস্য।
২) স্থানীয় মহকুমা শাসক।
৩) গাঁও প্রধান ও
৪) সরপঞ্চ।

শ্রী বাজুবন রিয়াং :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার প্রস্তাবটি হচ্ছে এই—This Assembly is of opinion that—ত্রিপুরা রাজ্যের দরিদ্র কৃষক সমাজকে সুদখোর মহাজনদের বে আইনী সুদের ব্যবসায়ের কবল হইতে রক্ষা করিবার উদ্দেশ্যে প্রচলিত 'দি বোম্বে মানি লেণ্ডারস্ এ্যাক্ট, ১৯৪৬' কার্যকরী হইতেছে কি না তাহা তদন্ত করিয়া দেখার জন্য প্রতিটি মহকুমায় নিম্নলিখিত ব্যক্তিগণকে নিয়া একটি করিয়া কমিটি গঠন করা হউক :—

১) স্থানীয় বিধান সভার সদস্য,
২) স্থানীয় মহকুমা শাসক,
৩) গাঁও প্রধান ও
৪) সরপঞ্চ।

এই এ্যাক্টে অর্থাৎ বোম্বে মানি লেণ্ডারস্ এ্যাক্ট ত্রিপুরাতে ১৯৫৯ সন থেকে চালু আছে। কিন্তু যে উদ্দেশ্যে এটা চালু করা হয়েছিল আজ ত্রিপুরার বিভিন্ন জায়গায় ঘুরে দেখলে আমরা দেখতে পাই সেই উদ্দেশ্য ঠিক ঠিকভাবে সফলকাম হচ্ছে না। কারণ এই আইন অনুযায়ী ত্রিপুরার সুদের ব্যবসায়ীরা যদি লাইসেন্স করতেন এবং এ লাইসেন্সের মাধ্যমে সরকারের যে কতকগুলি রুলস আছে সেই রুলস অনুযায়ী যদি তারা ব্যবসা করতেন, তবে কৃষকরা যেভাবে শোষিত হচ্ছে, সেইভাবে শোষিত হত না। প্রায় জায়গাতে দেখা যাচ্ছে যারা ছোট ছোট কৃষক এবং যারা সাধারণভাবে জমি চাষ করেন এদের অবস্থা কি? বছরের খোরাকী তাদের ঘরে থাকে না, বছরের আর্থিক সংকুলান তাদের হয় না। কাজেই তাদের প্রত্যেক সময়েই মহাজনদের নিকট যেতে হয়। মহাজন কি করেন, সেটা শুনলে আপনারা অবাক হবেন। বছরের প্রথমেই তারা কৃষককে দাদন দেন। সেই দাদন কৃষককে গরীব করারই একটা কায়দা। যারা ছোট কৃষক তারা তাদের ভবিষ্যত সম্বন্ধে খুব বেশী চিন্তা করতে পারে না। তারা মনে করে সাময়িক অভাব দূর করতে পারলেই তাদের হয়ে যায়, এইজন্য তারা মহাজন যে চুক্তি করে সেই চুক্তিতেই ধান দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে টাকা মহাজন থেকে নিয়ে সাময়িক অভাব দূর করে। কিন্তু বোম্বে মানি লেণ্ডারস্ এ্যাক্ট ১৯৫৯ সালে চালু হওয়ার পর থেকে আইনানুগভাবে এ কৃষকদের উচ্ছেদ করা হয়নি অথচ মহাজনদের কবলে পড়ে তারা এখনও উচ্ছেদ হচ্ছে। এই এ্যাক্ট চালু হওয়ার আগে যেটা হত, সেটা এ্যাক্ট চালু হওয়ার পরেও যদি ঘটতে থাকে তা হলে এই এ্যাক্ট চালু থাকার কোন সার্থকতা থাকে না। এ্যাক্ট এ পেনালটির ব্যবস্থা আছে, সেই পেনালটি যাতে কার্যকরী করা যায় সেইজন্য সরকারের মাধ্যমে হাউসের কাছে আমি অনুরোধ রাখব। এই এ্যাক্ট ঠিক ঠিকভাবে চালু হলে এবং চালু করতে গেলে প্রত্যেক সাবডিভিশনে—আমাদের ১০টি সাবডিভিশন আছে, সেই ১০ সাব-ডিভিশনে ১০টি কমিটি যাতে গঠন করা হয়, এবং যে নামগুলি আমি আমার প্রস্তাবে উল্লেখ করেছি তাদের নিয়ে গঠন করলে আমি মনে করি ভাল। কারণ এখানে স্থানীয় বিধানসভার সদস্য আছেন পাবলিক সাইড থেকে গাঁও প্রধান সরপঞ্চ এবং অফিশ্যাল সাইড থেকে আছেন মহকুমা শাসক। গাঁও প্রধান এবং সরপঞ্চ তারা গ্রামের বিভিন্ন জায়গার তথ্য কমিটিতে উপস্থিত করতে পারবেন এবং ভালভাবে সেইসব বিচার বিবেচনা করা যাবে এবং গরীব কৃষক মহাজনদের শোষণ থেকে বাঁচতে পারবে এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশচীন্দ্রলাল সিংহ:—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই রিজল্যুশান আনা হয়েছে মহাজনদের শোষণ থেকে কৃষককে রক্ষা করার জন্য। এখন ঋণের ব্যবসা যারা করেন, মহাজন ঋণের ব্যবসা করেন। তারা যাতে বেআইনীভাবে অতিরিক্ত সুদ কৃষক থেকে এক্সট্রাক্ট করতে না পারেন সেই উদ্দেশ্য নিয়েই বোম্বে মানি লেণ্ডারস এ্যাক্ট ত্রিপুরাতে চালু করা হয়েছে এবং তাতে পেনাল্টির প্রভিশন আছে। জুমিয়াদের সম্বন্ধে এখানে যে কথা বলা হয়েছে, সেই জায়গাতে দেখতে হয় যে সুদ যেখানে আছে, যদি সিকিউরিটি থাকে তাহলে ৯ পারসেণ্ট সুদ, আর সিকিউরিটি না যদি থাকে তাহলে ১২ পারসেণ্ট সুদ। এখন সবচেয়ে বড় কথা হল এই, আইন করা হয় জনসাধারণের চাহিদা অনুসারে। অতএব যারা এক্সট্রাক্শান

বন্ধ করতে চেয়েছিল তাদের ইচ্ছানুসারেই মানি লেণ্ডার্স এ্যাক্ট এসেছে। ভারতবর্ষের সর্বত্র এটা চালু করা হয়েছে এবং ত্রিপুরাতেও সেটা চালু করা হয়েছে। সেক্ষেত্রে যারা বিনা লাইসেন্সে ব্যবসা করে তা বেআইনী এবং বেআইনী কার্যকলাপকে যদি বন্ধ করতে হয় তা হলে জনসাধারণের মধ্যে বিরাট সংগঠন চাই এবং সংগঠন যদি থাকে তাহলে বেআইনী কার্য্যকলাপ বন্ধ হবে। কেবল মাত্র সরকারী ব্যবস্থাদ্বারা বন্ধ করা সম্ভবপর হয় না। অতএব আমি আবেদন করব, এই যে ঘৃণ্য পন্থা চলছে এর মধ্যে বিরাট একটা সংযোগ আছে। সংযোগটা হল আজকালকার দিনে মহাজনরা ডিরেক্ট দাদন কোন যায়গায় দেন না, সো ফার মাই নলেজ গোজ। তাদের কমিউনিটি যেখানে থাকে তার মধ্য থেকে কয়েকজন লোককে তারা ডেকে নেয় এবং তাদের মধ্য দিয়ে সেই টাকা বিলি করে। তাদের মধ্য দিয়ে তারা সেই টাকা রিয়েলাইজ করে। এবং কোন কোন জায়গায় সমাজদ্রোহী যারা, রাষ্ট্রবিরোধী যারা, তারাও এই কার্য করছে। অতএব দুই দিক থেকে দৃষ্টি দিতে হবে—সামাজিক দিক দিয়ে এবং পলিটিক্যাল দিক দিয়ে, তাহলেই সেটাকে আমরা কার্যকরী করতে পারব।

কারণ যারা পুয়োর তাদেরও ইচ্ছা আছে যে আমি টাকাটা নিই। টাকাটা নিতে গেলে পরে আবার ডিফলটারস্ অনেকে হয়। তখন তারা গ্রামের মধ্যে ঐ অঞ্চলগুলিতে ঐ কমিউনিটির প্রমিনেন্ট লোক যারা থাকে তাদিগকে হাত করে পলিটিক্যাল, সোশ্যাল ইনফ্লুয়েন্সের দ্বারা। এখন আইনটাকে আমরা তখনি কার্যকরী করতে পারব যখন এই ক্লাসগুলি, মিডল্‌মেন যারা এই কাজ করছে, তাদিগকে যদি বাঁধা দিতে পারি। অতএব এটা জানা দরকার এইরকম কোথায় কোথায় হয়। কারণ কম্‌প্লেন চাই যে ঐ লোকটা বে-আইনী ব্যবসা করছে। দ্যাট ভেরী কম্‌প্লেন শুড কাম। কিন্তু আসতে পারে না। কারণ হল এই যে পলিটিক্যালী এই কাজটা হচ্ছে। ইফ্ দে কাম, দে উইল বি মার্ডার্ড; অতএব এই দিক দিয়েই মুভার অব দি রিজলিউশনকে আমি চিন্তা করতে বলব যে এটা বন্ধ করা ঠিকই দরকার কিন্তু মানি লেণ্ডার্সকে আপনারা ধরতে পারছেন না। অতএব সেই যায়গাতে কি করতে হবে। পলিটীক্যালী যেটা হচ্ছে সেটাকে কি করব। সেই দিক দিয়েই আমাদের চিন্তা করতে হবে। সেই দিক দিয়েই সমাজকে জাগ্রত করতে হবে, যে জায়গাতে পলিটিক্যালী ডিল হয় সেই জায়গাতে পলিটিক্যালী করতে হবে। আর এইভাবে যদি কমিটি করাও হয় তাহলে কি লাভটা হবে? মিয়ার কমিটি করে পলিটিক্যালী তারা ফেস করতে পারবে কিনা? অতএব কোথায় কিভাবে কি হচ্ছে না হচ্ছে এটা সংগ্রহ করে আমরা পরীক্ষা নিরীক্ষা করব যে কমিটি করে এটা করব, না অ্যাক্ট অ্যামেণ্ড করব। এটাও একটা ক্রিমিন্যাল ধারাতে রেখে তার শাস্তি বিধান করতে হবে। অতএব আমি অনুরোধ করব মুভার অব দি রেজুলিউশনকে যে উনি যেন এই পরিপ্রেক্ষিতে অবস্থাটা চিন্তা করেন এবং আমরা যেভাবে ষ্টেপ নিচ্ছি সেই দিক দিয়ে চিন্তা করে উনি এটাকে প্রত্যাহার করেন।

শ্রীবাজুবন রিয়াং:—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী শোষণের যে কয়েকটা পথ বলেছেন সেই সম্বন্ধে আমি এক মত। কারণ শোষণের হাত থেকে দরিদ্র

কৃষকদের বাঁচাবার জন্য উনি যে কতকগুলি ষ্টেপ নিবেন বলেছেন সেই সম্বন্ধে আমি একমত। এই আশা নিয়েই আমি আমার প্রস্তাব প্রত্যাহার করছি।

Mr. Speaker—I hope the House agrees with the withdrawal.

The Resolution is withdrawn with the leave of the House

The House stands adjourned till 11 A. M. on Wednesday, the 20th March, 1968.

PAPERS LAID ON THE TABLE

APPENDIX—'A'

Short Notice Question No. 940 by

Shri Abhiram Deb Barma M L A.

QUESTION

Will the Hon'ble Minister in-charge of the Food & Civil Supply Deptt, be pleased to state—

১) ত্রিপুরার রেশন সপ্‌গুলিতে আটা এবং গমের সরবরাহের পরিমাণ কি কমানো হইয়াছে ;

২) যদি কমানো হইয়া থাকে কখন হইতে কি পরিমাণ কমানো হইয়াছে তাহার বিবরণ ;

৩) এইভাবে কমানোর কারণ কি ;

৩) আটার বরাদ্দ ঠিক রাখার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

ANSWER

১) না।

২) প্রশ্ন উঠে না।

৩) প্রশ্ন উঠে না।

৪) প্রশ্ন উঠে না।

STARRED QUESTION NO. 816

By Shri Aghore Deb Barma, M. L. A.

Will the Minister-in-charge of the Medical Deptt. be pleased to state :-

1) Whether it is a fact that the Tribal poor patients who come from different parts of Tripura are entitled to get medical help including T. A., Fooding charges and cost of medicine etc. ;

2) if so, how many persons have been given such help in the last financial year ;

3) if not, the reasons thereof ?

ANSWER

1)

2)

3)

In addition to general medical help there is a provision for Rs. 14,000/- in the budget for treatment of patients suffering from serions diseases, such as T. B , Cancer etc., and also for their transpoot charges. During the year 1966-67 a sum of Rs. 10 105/- has been paid to 74 tribal patients.

STARRED QUESTION NO. 826.

By Shri Aghore Deb Barma, M. L. A.

Will the Minister-in-charge of Local Self Government be pleased to state :—

(a) Whether it is a fact that by breaching of rules of Agartala Municipality Act, Messrs Subhakaran & Madanlal Company (Jute Merchant) has constructed the Godown without keeping space of 4 feet on the eastern boundary :

(b) If so, what steps have been taken by the authority concerned ?

ANSWER

(a) No.

(b) Does not arise.

By STARRED QUESTION NO. 835

Shri Aghore Deb Barma

Will the Hon'ble Minister-in-Charge of the Animal Husbandry Department be pleased to state—

1. Whether the construction work of Veterinary Hospital at Kunjaban of Agartala is going on ;	1. Yes.
2. If so, the total amount sanctioned for that scheme,	2. (a) Rs. 4,71,036·12 p.
date of starting of construction work	(b) During 1964-65.
and the time of completion of that work ?	(c) By March, 1968.

PROCEEDINGS OF THE TRIPURA LAGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT, 1963.

March, 20th, 1968.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A M. on Wednesday, the 20th March, 1968.

PRESENT

Shri M. L. Bhowmik, Speaker in the Chair, The Chief Minister, Four Ministers, Deputy Speaker, The Deputy Minister and twenty one members.

QUESTIONS AND ANSWERS

Mr. Speaker :—Today in the List of Business are the following questions to be answered by the Ministers concerned. Starred questions by Shri Bidya Deb Barma, Shri Abhiram Deb Barma, Shri Aghore Deb Barma, Shri Jatindra Kr. Majumder.

Shri Jatindra Kr. Majumder :— Question No. 874.

Shri S. L. Singh :— Mr. Speaker, Sir. Question No. 874.

Question

(a) Whether any amount has been surrendered from the Budget of Industry Department in the year 1966-67 ;

(b) if so, the reasons therefor ?

Answer

(a) Yes,

(b) As the Tripura small Industries Corporation could not expand its work and the proposed Spinning Mill could not complete its preparatories, the money meant for them could not be given. The money meant for the subsidised Industrial housing scheme was not spent as a measure of economy. The Mobile Van for Weights

& Measures Organisation and the Calendaring Plant for both of which indents were placed through D. G. S, & D. could not be delivered by the supplier companies in time. All these resulted in a net saving of Rs. 1,66,000·00 (after off setting some excesses in other items).

Mr. Speaker :—There is another starred question by Shri Jatindra Kr. Majumder.

Shri Jatindra Kr. Majumder :—Question No. 875.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, Starred Question No. 875.

Question

ক) ১৯৬৬-৬৭ইং সনে বগাফা রেশম শিল্প কেন্দ্রের মোট ব্যয় কত ?

খ) ব্যয়িত অর্থ কি কি খাতে খরচ করা হইয়াছে .

গ) ঐ কেন্দ্রে Departmental rearing করা হয় কিনা ?

ঘ) Rearing করা হইলে ১৯৬৬-৬৭ইং সনে কত গুটি (Cocoon) উৎপন্ন হইয়াছে ?

ঙ) এবং উৎপাদিত গুটির দ্বারা কি করা হয় ?

Answer

ক) টাকা ২০,৩২০·৮৫ পয়সা

খ) সরকারী কর্মচারীদের বেতন বাবদ—টাকা ১০,৩৮০·৫০ প:

২) সরকারী কর্মচারীর ভাতা, ভ্রমণ খরচ ইত্যাদি বাবদ—টাকা ৪,৬৭৫·৯৫ পয়সা।

৩) বিবিধ খরচ বাবদ = টাকা ৫,২৬৪·৪০ পয়সা।

গ) হ্যাঁ, ঐ কেন্দ্রে রোগমুক্ত ডিম সরবরাহ করার জন্য ও ডেমনষ্ট্রেশনের জন্য যথাযোগ্য পশু পালন করা হয়।

ঘ) এরি—৬৩ কেজি (কাটা) মালবারী ১৯—কেজি মুগা—১২৫টি।

ঙ) উৎপাদিত গুটি হইতে সূতা বাহির করা হয়, প্রদর্শনীর জন্য প্রয়োজন অনুযায়ী ব্যবহার করা হয় এবং সম্প্রতি কাপড় তৈয়ারী করা হইতেছে।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :— উৎপাদিত গুটির দ্বার যেসব সূতা উৎপাদন করা হয়েছে এইগুলির দাম কত ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— নোটিশ চাই।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :— উৎপাদিত গুটি হতে কোথায় এই সূতা বাহির করা হয় ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— এইখানে বলাই হয়েছে 'উৎপাদিত গুটি হইতে সূতা বাহির করা হয়, প্রদর্শনীর জন্য প্রয়োজন অনুযায়ী ব্যবহার করা হয় এবং সম্প্রতি কাপড় তৈয়ারী করা হইতেছে।'

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :— আমার প্রশ্ন হচ্ছে সূতাটা কোথায় তৈয়ারী করা হয় ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— নোটীশ চাই।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :— সরকারী কর্মচারীদের ভ্রমণের জন্য ব্যয় হয়েছে বলেছেন। কোথায় এই সরকারী কর্ম্মচারীরা ভ্রমণ করেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— নোটীশ চাই।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :— সেখানে যখন কোকন উৎপাদিত হচ্ছে, সেখানে নিশ্চয়ই সূতাও উৎপাদিত হচ্ছে। সেটা হল আয়ের প্রশ্ন। সেই কেন্দ্রে তাহলে কত আয় হয় মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আগেই বলা হয়েছে যে 'উৎপাদিত গুটির দ্বারা যেসব সূতা বাহির করা হয়, সেইগুলি প্রদর্শনীর জন্য প্রয়োজন অনুযায়ী ব্যবহার করা হয় এবং সম্প্রতি কাপড় তৈয়ারী করা হইতেছে।'

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :— গত সেসনে আমার একটা প্রশ্নের জবাবে বলা হয়েছিল যে সেখান থেকে গুটি উৎপাদন করে বিভিন্ন সেণ্টারে বিলি করা হয়।

Mr. Speaker :— Hon'ble Member, there should not be any reference to the past session. You may ask a separate question.

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ঐ কেন্দ্রে রোগ মুক্ত ডিম সরবরাহ করার জন্য ও ডেমনষ্ট্রেশনের জন্য যথাযোগ্য পলু পালন করা হয়।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :— কোন্ কোন্ জায়গাতে এইসব পলু বিলি করা হয়েছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— ঐ কেন্দ্রে রোগমুক্ত ডিম সরবরাহ করার জন্য ডেমনষ্ট্রেশনের জন্য যথাযোগ্য পলু পালন করা হয়।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী :— ইহা সরবরাহ করা হয় কি না ?

শ্রীএস, এল, সিংহ :— ঐ কেন্দ্রগুলিকে গুটি, ডিম সরবরাহ করা হয়। কোন কোন জায়গা থেকে ডিমগুলি আনা হয় সেটা জানতে হলে আই ডিম্যাণ্ড নোটিশ।

শ্রীএর্সাদ আলি চৌধুরী :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন, কোন কোন প্রদর্শনীতে এই রেশম সূতা প্রদর্শিত হয় ?

শ্রীএস, এল, সিংহ :— আগরতলায় যে প্রদর্শনী হয় তাতেই সাধারণতঃ দেখানো হয়ে থাকে।

শ্রীএর্সাদ আলি চৌধুরী :— উদয়পুর যে প্রদর্শনী হয়েছিল তাতে দেখানো হয়েছে কিনা মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি ?

শ্রীএস, এল. সিংহ— আই ডিম্যাণ্ড নোটিশ।

শ্রীসুরেশ চন্দ্র চৌধুরী:— মাননীয় মন্ত্রী মহোদয়, বগাফা যে গুটি ইত্যাদি উৎপাদন করা হচ্ছে সেটা কি শুধু প্রদর্শনীতে দেওয়ার জন্য না অন্য উদ্দেশ্যও আছে?

শ্রীএস, এল, সিংহ:— অন্য উদ্দেশ্যও আছে। লোককে শিক্ষা দেওয়া এবং শিক্ষিত করে তোলা যাতে জনসাধারণের মধ্যে একটা ফিটনেস আসে টু স্টার্ট উইভিং সেন্টার ইনডিপেণ্ডেণ্টলি টু প্রডিউস কোকন।

শ্রীএস'াদ আলি চৌধুরী:-- এই প্রদর্শনীর ফলে জনসাধারণের মধ্যে কিছু ফিটনেস এসেছে কি না, এই সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় বলতে পারেন কি না?

শ্রীএস, এল, সিংহ:— নিশ্চয়ই এসেছে, তার জনাই আমরা এখানে আলাপ আলোচনা করছি। আমাদের মধ্যেও কিছুটা ফিটনেস এসেছে বৈ-কি।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার:— রেশম শিল্পের সম্প্রসারণের জন্য ঐ কেন্দ্রে ডেমনষ্ট্রেশান করা হয় কিনা মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি?

শ্রীএস, এল, সিংহ:— আই ডিম্যাণ্ড নোটিশ।

Mr. Speaker:— I would draw the attention of the Ministers that they should be punctual in their attendance in the Assembly.

The is one Unstarred Question. The Minister may lay on the Table of the House the reply to the Unstarred Question.

GOVERNMENT BUSINESS (FINANCIAL)

VOTING ON DEMANDS FOR GRANTS, 1967-68

Mr. Speaker:— Today in the List of Business 9 Demands viz. Demand Nos. 24-Irrigation, Navigation, Embankment & Drainage Works (Non-commercial), 25-Electricity Schemes. 26-Public Works (including roads), 27-Capital Outlay on Public Works, 40—Capital Outlay on Irrigation, Navigation, Embamkment & Drainage Works (Non-Commercial), 41—Capital Outlay on Electricity Schemes, 42—Capital Outlay on Public Works, 29—Famine Relief and 46—Loans & Advances by the State/Union Territory Governments are to be disposed of.

Members have received the List of Business along with the Appendix showing Demands to be moved by the Finance Minister and the Cut Motions to be moved by the Members. Now the Finance Minister will move the demands standing in his name one by one when called by me and as soon as the Finance Minister has moved his demands I shall take all the Cut Motions to be moved and there will be discussion on the demands and the Cut Motions. Thereafter when the debate is closed I shall dispose of them one after another by voice vote.

I may also inform the Hon'ble Members that I have decided to request the Finance Minister to move the Demand Nos. 24, 25, 26, 27, 40, 41 & 42 together and I shall have one general debate on these demands as they are of allied nature : of course I shall dispose of the demand separately.

Now I call on Hon'ble Finance Minister to move his Demand Nos. 24-Irrigation, Navigation, Embankment & Drainage Works (Non-Commercial), 25—Electricity Schemes, 26—Public Works (including roads), 27-Capital Outlay on Public Works, 40—Capital Outlay on Irrigation, Navigation, Embankment & Drainage Works (Non-Commercial), 41—Capital Outlay on Electricity Schemes and 42-Capital Outlay on Public Works together.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 2,87,100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 24-Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial).

Mr. Speaker Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 12,71,807/-be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 25-Electiicity Schemes.

Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 43,25,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st Aprll, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 26-Public Works (including roads.),

Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 27,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 27-Capital Outlay on Public Works.

Mr, Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 3,48,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 40—Capital Outlay on Irrigation, Navigation Embankment and Drainage works (Non-Commercial).

Mr. Speaker, Sir, on the reommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 53,33,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 41-Capital Outlay on Electricity Schemes.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 18,29,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 42-Capital Outlay on Public works.

মাননীয় স্পীকার স্যার, আশা করি হাউস এই সাপ্লীমেন্টারী ডিম্যাণ্ডগুলি অনুমোদন করবেন।

Mr. Speaker :—Will there be any discussion on these demands ?

শ্রীসুনীল চন্দ্র দত্ত—মাননীয় অধ্যক্ষ মহোদয়, অর্থমন্ত্রী আজকে আমাদের সামনে ডিম্যাণ্ড নাম্বার ২৪, ২৫, ২৬, ২৭, ৪০, ৪১, ৪২ এই কয়টি বিভিন্ন অংকের ব্যয় বরাদ্দ এর যে দাবী উপস্থিত করেছেন আমরা তা সমর্থন করছি। সমর্থন করছি এই জন্য যে, ইতিমধ্যে এই সম্পর্কে সরকার বহু খরচ ইনকার করেছেন বহু প্রয়োজনীয় খাতে তারই জন্যে এই অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে।

ইরিগেশান. নেভিগেশন, এমবেংকমেন্ট এণ্ড ড্রেনেজ ওযার্কস, ডিম্যাণ্ড নাম্বার ২৪ এবং ডিম্যাণ্ড নাম্বার ৪০ কেপিটেল আউটলে অন ইরিগেগন, নেভিগেশন, এমবেংকমেন্ট এণ্ড ড্রেনেজ ওয়ার্কস ; এই সম্পর্কে আমি শুধু এইটুকু বক্তব্য রাখব যে ফ্লাড থেকে, বন্যার হাত থেকে আমাদের প্যাডি ফ্রিডগুলি রক্ষার জন্য, শহর রক্ষার জন্য যে কাজ করা হয় এমবেংকমেন্টের কাজ, ইরিগেশনের কাজ, যেকোন স্থানে আমরা কাজ করিনা কেন, বাঁধ নির্মান করিনা কেন, এই বাঁধ দ্বারা যে এরিয়া উপকৃত হবে তার পার্শবর্তী অঞ্চল ক্ষতিগ্রস্থ হয় কিনা তার দিকে দৃষ্টি দেওয়া দরকার। আমি একটা দৃষ্টান্ত দ্বারা পরিষ্কার ভাবে এখানে দেখাতে চাই যে খোয়াই শহর রক্ষার জন্য খোয়াইর চতুর্দিকে চক্রাকারে একটা বাঁধ দেওয়া হয়েছে। তার কাজ আশা করা যায় চলতি বৎসরে সম্পূর্ণ হবে। কিন্তু আমি লক্ষ্য করেছি যে এই বাঁধের বাইরে একটা বিরাট অঞ্চলএ ভয়ংকর ভাবে ভূমিক্ষয় আরম্ভ হয়েছে এবং অন্যান্য গ্রামের কয়েক দ্রোণ জমি বিলীন হয়ে গেছে।

কাজেই একটা অঞ্চলকে রক্ষা করতে গিয়ে আর একটা অঞ্চলকে আমরা ধ্বংস করতে পারি না। আমার মনে হয় আমাদের ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্টের এই সম্পর্কে অবহিত হওয়া উচিত যে, যেকোন স্থানের উপকারের জন্য একটা বাঁধ নির্মাণ করতে গিয়ে অন্য একটা অঞ্চলকে ক্ষতিগ্রস্থ করা কাম্য নয়। আমার মনে হয় নদীর এক পাড়ে বাঁধ দেওয়া সব সময়েই সমীচিন নয়। যারা অভিজ্ঞ লোক তারা বলেন যে আমাদের নদীগুলির যদি দুই পাড়ে বাঁধ দেওয়া যায় তাহলে তাদের গভীরতা বাড়বে। আমাদের একটা সমস্যা উদ্ভূত হয়েছে যে

ত্রিপুরার সমস্ত নাব্য নদী পলিতে ভরে গিয়েছে এবং সামান্য বৃষ্টি হলেই দুই কূলে প্লাবন হয়। কাজেই এই সম্পর্কে পরীক্ষা নিরীক্ষার দরকার। ব্যয় বরাদ্দের দাবী হাউসে উপস্থিত হলে হাউস অবশ্যই তা মঞ্জুর করবেন, তাতে দ্বিধার কোন কারণ নাই। কিন্তু জনসাধারণের প্রতিটি পয়সা যাতে ঠিক ঠিক ভাবে ব্যয়িত হয় এবং এক দিকের জনসাধারণকে রক্ষা করতে গিয়ে অপর দিকের জনসাধারণ যাতে ক্ষতিগ্রস্থ না হয় সেই দিকে লক্ষ্য রাখা উচিত।

ইরিগেসন সম্পর্কে আরও কিছু বলার আছে। এই বছরে যে ব্যয় বরাদ্দের দাবী এসেছে সেটা বিভিন্ন জায়গায় ফসল উৎপাদনের জন্য বা ফসল রক্ষার জন্য উত্থাপিত হয়েছে। কিন্তু তথাপি আমরা যে কাজ করেছি তার একটা সমীক্ষা হওয়া দরকার। বহু ছড়াতে আমরা বাঁধ দিয়েছি, কতগুলি ছড়াতে আমরা ভাল ফল পেয়েছি। বাঁধের দ্বারা দ্রোণের পর দ্রোণ জমিতে কৃষকরা উপকৃত হয়েছেন। কিন্তু বেশ কয়েকটা ক্ষেত্র আছে, একটা নামও আমি বলব আমার কমলপুর মহকুমায়, তাতে বহু অর্থ ব্যয় করে বাঁধ দেওয়া হয়েছে, কিন্তু শাউছড়িছড়ার কৃষকরা জল পান না। সেই যে ডিফেক্টিভ কাজ সেইগুলির তথ্য অনুসন্ধান করে ভবিষ্যত কার্য যাতে আরও ভাল হয় তার জন্য সরকার যাতে অবহিত হন সেই অনুরোধ আমি করছি।

লিফ্ট ইরিগেশনের ব্যবস্থা আমরা করেছি বহু জায়গায়। কিন্তু কয়েকটি ক্ষেত্রে আমি দেখেছি—একটা দৃষ্টান্ত আমি দিই—কমলপুর দুরাইছড়া, আর একটা শর্মাছড়ায় বহু অর্থ ব্যয় আমরা করেছি। কিন্তু দুঃখের বিষয় এই, দুইটি স্কীমের একটাতেও দুই এ্যাকর বা তিন এ্যাকরের বেশী জমিতে জলসেচ হয় না। এই রকম ভুল আমরা করছি। ত্রিপুরা রাজ্যের ভূপ্রকৃতি ভারতবর্ষের অনান্য জায়গার মত নয়, কিন্তু ভুল থেকে আমাদের শিক্ষা গ্রহণ করা উচিত। সেই জন্য আমি অনুরোধ রাখব যে ঠিক ঠিক ভাবে যেন আমাদের অর্থ ব্যয়িত হয়। যে ভুল আমরা অতীতে করেছি সেই ভুল যেন আমরা ভবিষ্যতে না করি। এই বলেই আমি শেষ করলাম।

Mr. Speaker :—Will any other member participate in the discussion ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ফ্লাড কনট্রোল এবং ইরিগেশান সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। এই সম্বন্ধে আমরা সজাগ নো ডাউট। দুই পাড়ে বাঁধ দেওয়া, এটা হল ওল্ড মেথড, এটা আমরা জানি। কিন্তু যদি খোয়াই শহরকে বাঁচাতে হয় তাহলে ইমিডিয়েট একটা স্কীম করে তাকে বাঁচাতে হবে। অতএব সেই ইমিডিয়েট মেজারে বাঁধ প্রত্যেক জায়গাতে গ্রহণ করা হয়েছে। কারণ ফ্লাড কনট্রোল করতে গেলে সবচেয়ে বড় যে মেজার সেটা হল টু কন্‌স্ট্রাকট ব্যারেজ ইন দি আপার রিজন এবং সেই ব্যারেজ তৈরী করতে গেলে ৮।১০ বৎসর লাগবে। সুতরাং ৮।১০ বছর কোন জায়গাকে অবহেলিত করে রাখা চলে না। কারণ একটা জায়গাতে দেখা গেল ১০,০০০ একর প্যাডি ফিল্ডকে রক্ষা করতে হবে। ইমিডিয়েটলী সেখানে বাঁধ কনস্ট্রাকশন করে সেটাকে রক্ষা করা হয়। সাথে সাথে নদীকে যে ভরাট করে ফেলছে বলছেন সেজন্য স্কীম হচ্ছে, সয়েল কনজার্ভেশন স্কীম। সয়েল কনজার্ভেশন স্কীম আমাদের ফরেষ্ট থেকে করতে হয়। সেই কাজ ও সাথে সাথে শুরু হয়েছে। কিন্তু সেই কাজের তুলনায় ডিনোটেশন

যেটা হচ্ছে সেটা সহস্রগুণ বেশী। অতএব সেই দিক দিয়েই আমাদের লক্ষ্য রাখতে হবে। কারণ হাজার হাজার ভূমিহীনকে ভূমি দিতে হবে, ভূমি পরিষ্কার করতে হবে, রাস্তাটা করতে হবে। বিরাট বিরাট যে পাহাড় ছিল ত্রিপুরায়, সেইগুলিকে কাটা হচ্ছে, হাজার হাজার মাইলস্ অব রোড আমরা তৈরী করেছি। তারপর সয়েল ইরোসান হচ্ছে এবং সেই সয়েল ইরোসানকে বন্ধ করতে হবে। কিন্তু সাথে সাথে আমাদের রিহেবিলিটশানও মানুষকে দিতে হবে। ব্যাপারটা খুব জটিল ও শক্ত। কারণ যতটুকু সয়েল আমি রাখব এবং কনজার্ভ করব তার যদি চতুর্গুণ বৃদ্ধি হয় রিহেবিলিটেসন তাহলে তার সাথে আমরা কোপ করতে পারবনা। অতএব লক্ষ লক্ষ লোককে ভূমিহীন অবস্থায় রাখা চলবে না। অতএব তার চাহিদা অনুসারে প্ল্যান স্কীম তৈরী করা হচ্ছে। সেই অনুসারে আমরা পরীক্ষা নিরীক্ষা করছি। আমরা চিন্তা করছি যে হায়ার গ্রেডে আমরা করতে পারব কিনা। করলে পরে কতটুকু অর্থ লাগবে। সেই অর্থ বরাদ্দ হল একটা বিরাট ফ্যাক্টর। আর একটা ফ্যাক্টর হল পাকিস্তান। সেই জায়গাতে দুইটি স্টেটে যদি খুব কলাবরেশন থাকে তাহলে নদীকে ঠিকভাবে চালনা করা চলে। কিন্তু সেই দিক দিয়ে অভাব আছে সেটা মাননীয় সদস্যরা নিশ্চয়ই অবগত আছেন। হয়ত আমরা এখানে বাঁধ দিলাম তার সংগে তারাও বাঁধ দিল। অতএব প্রতি নিয়তই যে অবস্থা শুরু হচ্ছে তার সাথে সামঞ্জস্য বিধান করে আমাদের চলতে হবে। এটাকে যদি কেউ ত্রুটি বিচ্যুতি বলে তা হলে এই ত্রুটী বিচ্যুতি থাকবে এবং আমরা সেটা মেনে নিতে বাধ্য। তারপর বলা হয়েছে তিন চার হাজার টাকা খরচ করে পাম্পিং সেট করা হয়েছে। মাননীয় সদস্যরা নিশ্চয়ই অবগত আছেন যে ডিজেল ইঞ্জিন দিয়ে পাম্পিং সেট পরিচালনা করা কত ব্যয় বহুল। তবুও তা আমাদের করতে হচ্ছে। মাননীয় সদস্যরা এও জানেন যে ডিজেল মেশিন দিয়ে লেবার দিয়ে ঘণ্টা মাফিক কাজ করাতে হবে। কাজেই সমস্ত লোককে, সমস্ত কৃষককে এক সময়ে, এক সংগে উপস্থিত হয়ে যে কাজ করতে হবে, তার অভাব এই জায়গাতে পরিলক্ষিত হচ্ছে। ট্রাইবেল ওয়েল-ফেয়ার থেকে পাম্পিং মেশিন দেওয়া হয়। হাজার হাজার ডিম্যাণ্ড তার জন্য আসে। কিন্তু যখনই মেশিন চলল তখনই নানা অজুহাত হয়তো এসে গেল। প্রথমে হয়তো বলা হয় যে মেশিন দাও আমার জায়গার উপর দিয়ে সেটা যাবে কিন্তু যখন দেওয়া হল তখনই বলা হল যে আমার জমির উপর দিয়ে যেতে দেবনা। সেই জায়গায় আবার নুতনভাবে চিন্তা করতে হচ্ছে। অতএব নানা রকম ডিফিকালটী আছে, সেই সম্পর্কে আমাদের চিন্তা করতে হবে, তার পরিবেশ সম্বন্ধে বিচার বিবেচনা করতে হবে। আমরা জানি যে যদি হাইডেল পাওয়ার না হয় তাহলে ইরিগেশন সিসটেম সিসটেমেটিক্যালি হবে না। ট্রান্সপোর্টেশান চার্জও একটা বিরাট খরচ, তবুও তা করা হচ্ছে, তার মধ্যে যদি ত্রুটি বিচ্যুতি থাকে তাহলে সেই ত্রুটি বিচ্যুতি থাকবে, এটাকে ওভার লুক করে ইরিগেশানের জন্য পাম্পিং সেট আমাদের করতে হবে, রাস্তা করতে হবে এবং এইসব করতে গেলে জমির উপর দিয়ে রাস্তা যাবে, ইউ, আর টু কম্পেনসেট হিম। যখন তারা ডিম্যাণ্ড করেন তখন তারা এটা বলেন না। কিন্তু

প্রেকটিক্যালি যখন সেটা করতে গেল তখন তারা কম্পেনসেশান ডিমাণ্ড করছে। অতএব সেই সমস্ত ত্রুটী বিচ্যুতি আছে। তারপর অর্থের পরিমাণের উপর এবং সয়েলের উপরও সেটা নির্ভর করছে। একটা হয়তো স্কীম করা হল তাতে তিন হাজার টাকা ধরা হল, তার চেয়ে ভাল করতে হলে আমার একটাতে ১০ হাজার টাকা লাগবে। নানা ফ্যাকটার এর সঙ্গে জড়িত এবং এই সমস্ত ফ্যাকটারগুলি সম্পর্কে মাননীয় সদস্যরা নিশ্চয়ই অবগত আছেন। যদি আমাদের ভালোভাবে ইরিগেশন করতে হয় তাহলে আমি বলেছি যে আমাদের রেরেজ করতে হবে আপার লেভেলে, এটাও ব্যয় বহুল। অতএব কবে হাইডেল পাওয়ার আসবে, কবে রেরেজ হবে তারজন্য আমরা এই সমস্ত কাজ ফেলে রাখতে পারব না। যেখানে কাচ্চা বাঁধের দরকার সেখানে কাচ্চা বাঁধ করতে হবে, যেখানে পাকা বাঁধের দরকার সেখানে পাকা বাঁধ করতে হবে। যেখানে ইরিগেশানের জন্য পাম্পিং সেট দরকার সেখানে তা করতে হবে, লিফট ইরিগেশানের জন্য ২" ডায়া টিউব ওয়েল দরকার যেখানে সেখানে তাই আমরা করব। যতক্ষন পর্যান্ত না আমরা পাওয়ার আনতে পারি ততক্ষণ পর্যন্ত গ্রাউণ্ড রক্ষা করা, ইরিগেশান সিসটেমকে ঠিক ঠিক ভাবে রক্ষা করা খুবই দুরূহ ব্যাপার। অতএব আমরা সেইদিক দিয়ে ওয়াকিবহাল আছি। মাননীয় সদস্য যে তথ্য দিয়েছেন এটা অত্যন্ত প্রয়োজনীয় তথ্য, সেইগুলি আমরা মনে রেখে এবং সেই অনুসারে কার্য্য পরিচালনা করার চেষ্টা করছি।

Mr. Speaker :—There is one cut motion on Demand for Grant No. 24 But the mover of the motion is absent. So the motion falls through Now I am putting the Demand for Grant No 24 to vote.

The question before the House is that a further sum not exceeding Rs. 2,87,100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 24-Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial).

The Demand is passed by voice vote.

There is one cut Motion on Demand for Grant No. 25. But the Mover of the motion is absent, hence it falls through. Now I am putting to vote the Demand for Grant No 25. The question before the House is that a further sum not exceeding Rs. 12,71, 800/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 25—Electricity Schemes.

The Demand is passed by voice vote.

Mr. Speaker .—There is one Cut Motion on Demand for Grant No. 26. But the mover of the motion is absent, hence it falls through. Now I am putting the main Demand to vote. The question before the House is that a further sum not exceeding Rs. 43,25,000/- be granted to defray the

additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 26—Public Works (including roads).

The demand is passed by voice vote.

There is no motion for reduction of grant on Demand No. 27. I am now putting to vote the Demand for Grant No. 27. The question before the House is that a further sum not exceeding Rs. 27,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No 27—Capital Outlay on Public Works.

The Demand is passed by voice vote.

I am now putting to vote the Demand for grant No. 40. The question before the House is that a further sum not exceeding Rs. 3,48,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No 40—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial).

The Demand is passed by voice vote.

Mr. Speaker :—I am now putting to vote the Demand for Grant No. 41. The question before the House is that a further sum not exceeding Rs. 53,33,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 41—Capital Outlay on Electricity Schemes.

The Demand is passed by voice vote.

I am now putting to vote the Demand for grant No. 42. The question before the House is that a further sum not exceeding Rs. 18,29,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 42—Capital Outlay on Public Works.

The Demand is passed by voice vote.

Now I call on Hon'ble Finance Minister to move his Demand for grant No. 29.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 7,15,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 29—Famine Relief.

Mr. Speaker :—The members may start discussion on this demand.

Shri Sunil Ch. Dutta :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডিমাণ্ড নং ২৯—ফেমিন রিলিফ—এই হেডে যে অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে তা আমি সমর্থন করি এই জন্য যে ত্রিপুরায় প্রতি বৎসর প্রাকৃতিক দুর্যোগ লেগেই আছে এবং সময় মত বিপন্ন লোকদের সাহায্য দেওয়া প্রতিটি সরকারের প্রয়োজনীয় কর্ত্তব্য। কিন্তু এই সম্পর্কে আমি একটা বক্তব্য রাখতে চাই যে সাপ্লিমেন্টারী বাজেটের নোটে লিখা আছে যে—"Additional amount is required for providing relief to flood affected people as compensation for loss sustained by them in the shape of damage to houses, crops etc in different Sub-Divisions." এই সম্পর্কে আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে প্রাকৃতিক দুর্যোগে সাহায্য দেওয়ার ব্যবস্থা প্রতি দেশেই আছে। কিন্তু ক্ষতিপূরণ দেওযার কোন ব্যবস্থা নাই। আমার মনে হয ভুল বশতঃ এই শব্দটি লিখা হয়েছে। কারণ প্রাকৃতিক দুর্যোগের জন্য সরকার দায়ী নন্। কাজেই আমার অনুরোধ হচ্ছে যে এই নোটটা সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় দৃষ্টি রাখবেন এবং ভবিষ্যতে যাতে এই রকম ভুল না হয় তার ব্যবস্থা করবেন। এটা আইন সম্মতও নয়। সাহায্য আমাদের প্রত্যেকটি নাগরিককেই করা উচিত এবং আমাদের চেষ্টাও করা উচিত বা অধিকাংশ ক্ষেত্রেই করা হয়। কিন্তু আমাদের ফাণ্ড প্রচুর নয়, ফাণ্ডের জন্য আমরা প্রায় সমক্ষেত্রেই কেন্দ্রের মুখাপেক্ষী। অনেক সময় দেখা যায় যে হাজার হাজার লোক ক্ষতিগ্রস্থ হলেও প্রতিটি ক্ষেত্রে আমরা সাহায্য দিতে পারি না। সরকার অবশ্য চেষ্টা করেন। অরিজিন্যাল গ্র্যাণ্টে ছিল ১৩০,০০০ টাকা এখন সাপ্লিমেন্টারী গ্র্যাণ্টে এটাতে আরও ৭,১৫,০০০ টাকা চাওয়া হলেও এটা কমিটেড একস্পেণ্ডিচার। তাই আমি এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Minister concerned may give his reply to the debate.

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে বলা হয়েছে গ্র্যাচুশাস রিলিফ এবং সেই বাবদে খরচ হয়েছে ৩,৭০,০০০ হাজার টাকা এবং টেষ্ট রিলিফ বাবদে খরচ হয়েছে ৩,৪৫,০০০ টাকা। টোটেল হল ৭,১৫,০০০ টাকা। এই টাকার বরাদ্দ এখানে চাওয়া হয়েছে। আমরা এই রিলিফটা দিচ্ছি, তাদের ঘরবাড়ী ভেঙ্গে যাওয়ার ফলে যে ক্ষতি হয়েছে

সেটা পূরণ করার জন্য। Additional amount is necessary for taking up "Test Relief Works" in scarcity areas to provide employment to the indigents. যেখানে লোক দুর্দশাগ্রস্থ সেখানে কাজ দেওয়া হয় এবং এইভাবে অর্থের সংকুলান করে দেওয়া যাতে তারা তাদের জীবনযাত্রা নির্ব্বাহ করতে পারে। সেটা মেজরিটি কেসে করা হয়েছে, যেখানে গ্রো মোর ফুড ক্যাম্পেনকে হেলপ করে, বিশেষতঃ সেই জায়গাতে যেখানে রাস্তার কাজ এবং বাঁধের কাজ হবে সেখানে দেওয়া হয়েছে এই দুইটি খাতেই আমরা চেয়েছি ৮,১৫,০০০ টাকা।

Mr. Speaker :—Now I am putting to vote the Demand for Grant No. 29—Famine Relief.

(The demand was put to vote and passed by voice vote).

Mr. Speaker :—Now I call on the Hon'ble Finance Minister to move his demand No. 46.

Shri Krishnadas Bhattacherjee :—Mr. Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a further sum not exceeding Rs. 50,50,300/- be granted to defray the additional Charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 46—Loans and advances by the State/Union Territory Government.

Mr. Speaker :—Now members may start discussion on this demand.

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ডিমাণ্ড নং ৪৬ এ যে টাকা চেয়েছেন সেটা আমি সমর্থন করি। তবে কথা হচ্ছে আজকে এই বাজেট সেশনে মাননীয় সদস্যরা বাজেট সম্পর্কে চিন্তা নিশ্চয়ই করবেন কিন্তু যে টাকাটা ইনকার্ড হয়েছে সেটা ফর দি ডেভেলাপমেণ্ট অব দি ত্রিপুরা ষ্টেট হয়েছে তাতে কোন সন্দেহ নাই। কিন্তু কথা হচ্ছে এখানে একটা জায়গায় দেখা যায়—Due to payment of Cyclone advances to Govt. Servants hited by Cyclone swept over Tripura during 1967-68 as sanctioned by Govt. of India, Ministry of Finance. Memo. No. F. 18(2)-E 11-(A)/67 dated 22nd April, 1967. কিন্তু ২২শে এপ্রিলের পরেও আমাদের এসেম্বলির উইনটার সেশান হয়ে গেল এবং সময় অনেক ছিল, দেশের জন্য খরচ হয়েছে সেটা অনস্বীকার্য্য নয়। কিন্তু উইনটার সেশানের সময় যদি এটা আনা হত তাহলে আমার মনে হয় সেটা ভালই হত। সাপ্লিমেণ্টারী করেই তো আমাদের অ্যাসেম্বলীতে আসতে পারত। যাই হোক এইভাবে বাজেট সেশানে আসা সেটা কি রকম হয় সেটা মাননীয় মন্ত্রী মহোদয়গণ চিন্তা করে দেখবেন। তবে আমি এটা বলছি না যে টাকা যেটা খরচ হয়েছে সেটা অন্যায়ভাবে হয়েছে। তবে দেখার দিক থেকে এটা যেন কিরকম মনে হয়। তাই আমার কথাগুলি রাখলাম। এই বলেই আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :—Now the Minister concerned may give his reply.

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য যেটা বললেন, সেটা ঠিক নয়। এই যে টাকাটা অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে সেটা ল' অনুযায়ী এবং রুলস অনুযায়ী সাপ্লিমেন্টারী ডিমাণ্ডেই আসবে, তার আগে আসার কথা নয়। এখন যেটা এখানে আনা হয়েছে সেটা একরডিং টু ল', একরডিং টু রুলস এণ্ড একরডিং টু পার্লামেন্টারী প্রসিডিউর এটা এসেছে। এর মধ্যে কোন ইরেগুলারিটি হয় নাই। এর আগে আনা কোন রকমের স্কোপ ছিল না। তাই আমি আশা কবব হাউস এটা মঞ্জুর করবেন। এই টাকার বেশীর ভাগ টাকাই হল সাইক্লোন অ্যাডভান্স। ১৯৬৭ সালে একটা বড রকমেব সাইক্লোন হয়, তাতে জনসাধারণের বহু ক্ষয়ক্ষতি হয়েছে। তাই গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া থ্রি মানথ্'স পে অথবা পাঁচশত টাকা যেটা কম হয় সেই এ্যামাউন্ট নন-গেজেটেড যে ষ্টাফ আছে, ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের জন্য একটা টাকা স্যাংশান করে—৫৫,৫২,৬০০ টাকা তাব জন্য দরকার হয়। এই লোনের জন্য একটা টোক্ন প্রভিশন আমাদের ছিল। তার অতিরিক্ত এই Rs. 50,50,300/- টাকা আমাদের দরকার হয়েছে। তার মধ্যে আছে বাই সাইকেলের জন্য ২,৭০০ এবং সাইক্লোন এডভান্স ৫০,৪৭,৭০০ টাকা. সেই টাকাটাই এখানে চাওয়া হয়েছে। আশা করব হাউস সেটা মঞ্জুর করবেন।

Mr. Speaker :—Now I am putting to vote the Demand No. 46.

The question before the House is that a further sum not exceeding Rs. 50,50,300/-, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1967 to 31st March, 1968 in respect of Demand No. 46—Loans and Advances by the State/Union Territory Governments.

The Demand is passed by voice vote.

GOVERNMENT BUSINESS (LEGISLATION)

Mr. Speaker :—Next business of the House, the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968) is to be introduced in the House. I shall request the Hon'ble Krishnadas Bhattacharjee, Minister in-charge of Finance Department to move his motion for leave to introduce the Bill.

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, I beg to move for leave to introduce the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968).

Mr. Speaker :—Now the question before the House is the motion moved by the Hon'ble Krishnadas Bhattacharjee, Minister in-charge of Finance Department for leave to introduce the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968).

The leave to introduce the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968) is granted by voice vote.

Secretary read the title of the Bill.

Mr. Speaker :—I shall call on the Hon'ble Krishnadas Bhattacharjee Minister in-charge of Finance Department to move his motion to introduce the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968)

Shri Krishnadas Bhattacharjee :—Mr. Speaker, Sir, I beg to introduce the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968).

Mr. Speaker :—Now the question before the House is the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968) be introduced.

The Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968) is introduced by voice vote.

The Members are requested to collect their copies from the Notice office.

PRIVATE MEMBERS' BUSINESS (RESOLUTION).

Mr. Speaker :—Next item in the List of Business is Private Members' Resolution. I would call on Shri Naresh Roy to move his resolution that—This Assembly is of opinion that—

ত্রিপুরার তাঁত বস্ত্রকে আরও উন্নত করার জন্য সরকারী ব্যয়ে একটি ক্যালেণ্ডার মেশিন স্থাপন করা হউক।

Shri Naresh Roy :—Hon'ble Speaker, Sir, I shall move a resolution that this Assembly is of opinion that—ত্রিপুরার তাঁত বস্ত্রকে আরও উন্নত করার জন্য সরকারী ব্যয়ে একটি ক্যালেণ্ডার মেশিন স্থাপন করা হউক।

অনারেবল স্যার, আমরা সবাই অবগত আছি যে শিল্পে যে দেশ যত বেশী অগ্রসর আর্থিক দিক দিয়ে সেই দেশ তত বেশী উন্নত। এইদিক দিয়ে যদি আমরা চিন্তা করি, তাহলে আমাদের ঐকান্তিক প্রচেষ্টা থাকলেও ত্রিপুরার শিল্পকে যতটুকু প্রসার করা উচিৎ ঠিক সেই অনুসারে শিল্প প্রসারতা লাভ করছে না। সেই জন্য শিল্পের দিকে একটু অনুন্নত থাকায় তার আর্থিক দুর্গতি অন্যান্য উন্নত দেশের তুলনায় একটু বেশী। এইজন্য এই প্রস্তাব আনা, যে ত্রিপুরার যে সমস্ত শিল্প আছে, বিশেষ করে শিল্পগুলির মধ্যে তাঁত শিল্প যেটা নাকি ত্রিপুরার শিল্পগুলির মধ্যে অন্যতম প্রধান শিল্প এই শিল্পের মান আরও উন্নত কি করে করা যায়। ক্যালেণ্ডার মেশিন স্থাপন করে সেই শিল্পকে আরও উন্নত করা যাতে ত্রিপুরার আর্থিক ক্ষেত্রে আরও একটু অগ্রসরতা লাভ করতে পারে। ক্যালেণ্ডার মেশীন সম্বন্ধে বলতে গেলে বলতে হয় যে একটি লোক হয়তো একটি কাপড় নিজ হাতে ধৌত করে, ভালো করে ধৌত করার পর ভাল ইস্ত্রি করার অভাবে একই কোয়ালিটির কাপড় ধোবা দিয়ে ভালো-ভাবে ইস্ত্রি করিয়ে আনলে পরে যে মর্যাদা পেত সে মর্যাদা পায় না, যেহেতু সেই কাপড়ের ইস্ত্রি নাই। ঠিক ত্রিপুরার তাঁতিরাও যে সমস্ত কাপড় উৎপাদন করে এই সমস্ত কাপড়ও ক্যালাণ্ডার মেশিন দ্বারা মসৃণ না হওয়ায় যে সমস্ত কাপড় বাইরে থেকে বিশেষ করে নবদ্বীপ, সিদ্ধেশ্বরী মিল থেকে যে সমস্ত কাপড় তৈরী হয় সেইগুলির স্টেণ্ডার্ড একই রকমের হওয়া

সত্বেও ত্রিপুরার তাঁত বস্ত্র সেই কাপড়ের সম মর্যাদা পায় না। তার কারণ জিজ্ঞাসা করলে পরে সেটা বলা হয় যে ক্যালেণ্ডার মেশিন যদি আমাদের মধ্যে হত তাহলে এইসব কাপড়ই ত্রিপুরার বাজারে এবং অন্যান্য বাজারে মর্যাদা পেত, তার মান আমাদের মধ্যেও থাকত। ক্যালেণ্ডার মেশিন না থাকাতে আমাদের কাপড়ের চাহিদা কম। আমরা একই স্ট্যাণ্ডার্ডের কাপড় তৈরী করব; একই প্রচেষ্টা চালিয়ে যাব, পরিশ্রম দেব, তথাপি আমার কাপড়ের চাহিদা তুলনায় কম, এবং মূল্য ঠিকমত পাবনা সেটা অত্যন্ত দুঃখের ব্যাপার। সেইজন্যই এই কাপড়কে যাতে উন্নত ধরণের করা যায়, মসৃণতা বাড়ানো যায় এইজন্য আমার এখানে প্রস্তাব রাখা যে ক্যালেণ্ডার মেশিন একটা সরকারী ব্যয়ে স্থাপন করা হউক। সরকারী বায়ে বলার অর্থ এই যে এখানে যে সমস্ত তাঁতশিল্পী আছে তারা ব্যক্তিগতভাবে বা কয়েকজন মিলে যে একটা ক্যালেণ্ডার মেশিন কিনবে সে ক্ষমতা তাদের নেই। তাদের তাঁতশিল্পকে রক্ষা করবার জন্য, তাঁত বস্ত্রকে উন্নত করার জন্য একটা ক্যালেণ্ডার মেশিন সরকারী ব্যয়ে স্থাপন করলে তারা রক্ষা পাবে এবং আমাদের তাঁতশিল্পের মান উন্নত হবে এবং ত্রিপুরার তাঁত-বস্ত্রের মূল্যও আমরা একটু বেশী পাব। এই ক্যালেণ্ডার মেশিন স্থাপন করার আরেকটা উদ্দেশ্য হচ্ছে যে যদি স্থাপন করা যায় তাহলে তাঁত শিল্পীদের কিছু সংখ্যক লোকের এখানে কর্মসংস্থান হবে এটাও অন্যতম কারণ। হয়ত সমস্ত লোকের কর্ম সংস্থান হবে না, তথাপি ক্যালাণ্ডারিং করতে কিছু অধিক লোকের প্রয়োজন হয় এবং তাতে অধিক লোক কাজ করতে পারে এবং তাঁত শিল্পীদের কিছু কাজের যোগাড় আমরা করে দিতে পারি। আর একটা কথা হল কম্পিটিটিভ মার্কেটে আমরা কম্পিট করে টিকে থাকতে পারব এবং বাইরের একই ষ্ট্যাণ্ডার্ডের কাপড় আমাদের ধোঁকা দিতে পারবেনা। তাছাড়া ত্রিপুরার বাইরে যদি বাজার পাওয়া যায় সেই জন্য আমাদের চেষ্টা করতে হবে। তাহলে বাইরের বাজারে যেমন আমাদের কাপড়ের দাম বাড়বে তেমনি চাহিদাও বাড়বে। চাহিদা যদি বাড়ে তাহলে আমাদের প্রডাকশনে আমরা বাইরে সাপ্লাই দিতে পারব। সেই দিক দিয়ে এটা যদি হয় তাহলে আমাদের ত্রিপুরার অন্তর্বাণিজ্য যেমন বাড়বে সেই রকম বাইরের চাহিদা বাড়ার ফলে আমাদের বেকার শ্রমিকের আরও কর্ম সংস্থানের সুবিধা হবে। কারণ বেশী যদি প্রডাকশন করতে পারি তাহলে আমরা বাইরে সাপ্লাই দিতে পারব। এখন আমরা প্রডাকশন বাড়াতে পারি না কেন, কারণ এক ষ্ট্যাণ্ডার্ডের কাপড় বাইরে থেকে যা আসে তার চাহিদাই বেশী কিন্তু যদি আমাদের কাপড়ের চাহিদাও অনুরূপভাবে থাকত তাহলে আমারা তার থেকে অধিক লাভবান হতাম। এখন যে ষ্ট্যাণ্ডার্ডের কাপড় তৈরী হয় সেই ষ্ট্যাণ্ডার্ডের কাপড় আমাদের এখানে অনেকেই তৈরী করতে পারে। কোন কোন শ্রমিক ৮০×৮০ বা ৮০×১০০ কাউন্টের কাপড় তৈরী করতে পারে। যেমন সিদ্ধেশ্বরী মিলস্ থেকে যে কাপড় আসে সেগুলি ৮০×১০০ কাউন্টের তৈরী। কিন্তু তাদের কাপড় একটু ক্যালাণ্ডারিং হওয়াতে সেটার দাম বেশী, চাহিদাও বেশী। যদি আমরা এখানে এই রকম একটা মেশিনের ব্যবস্থা করতে পারি তাহলে আমাদের রাজ্যের চাহিদা আমরাই মিটাতে পারব

এটা যদি করা যায় তাহলে শ্রমিকরা এই শিল্পের প্রতি বিশেষভাবে আকৃষ্ট হবে এবং উৎপাদনকে বাড়াবার জন্য যথেষ্ট প্রয়াস পাবে। কাজেই দেখা যায় যে ত্রিপুরার তাঁত শিল্পকে উন্নত করতে হলে ক্যালাণ্ডারিং মেশিনের প্রয়োজনীয়তা আছে। হয়ত আমার রিজলিউশনের মধ্যে সেটা নাই তথাপি এই প্রসঙ্গে এটা বলা চলে। সুতরাং আমি একটা সংক্ষিপ্ত বিবৃতি দিয়ে এই হাউসে প্রস্তাব উত্থাপন করলাম। আশা করি মাননীয় সদস্যগণ আমার এই প্রস্তাবটাকে সমর্থন করবেন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker—Will any other Member speak ?

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীনরেশ রায় মহাশয় হাউসে যে প্রস্তাব এনেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সেটা আমি সমর্থন করি এই জন্য যে আজকে তাঁতশিল্পকে যদি বাঁচিয়ে রাখতে হয় এবং তাঁত বস্ত্রের যদি উন্নতি করতে হয় এবং ত্রিপুরা থেকে আজকে তাঁত বস্ত্রকে যদি কম্‌পিটিটিভ মার্কেটে দিতে হয় তাহলে সেই শিল্পের সম্প্রসারণের সংগে সেই শিল্পজাত দ্রব্য যেটা সেই কাপড়ের মসৃণতাকে বাড়িয়ে তুলবে তারও প্রয়োজন হবে। তা' না হলে ত্রিপুরার বাইরে তো দূরের কথা, আমরা দেখতে পেয়েছি বেংগলের নবদ্বীপ থেকে যে সমস্ত তাঁতবস্ত্র আসে সেগুলি কম কাউন্টের সুতার হলেও সেগুলি ক্যালাণ্ডারিং থাকা অবস্থায় আসার দরুণ ত্রিপুরার শিল্পীদের তাঁত বস্ত্রের চেয়ে দাম বেশী। কিন্তু দেখা যায় টেকার দিক থেকে ত্রিপুরার শিল্পীদের বোনা কাপড়ের চাইতে কম দিন টেকে। কাজেই ক্যালাণ্ডারিং মেশিনের অত্যন্ত প্রয়োজনীয়তা আছে। তবে সেই ক্যালাণ্ডারিং মেশিন অত্যন্ত ব্যয় সাপেক্ষ। সেটার জন্য অনেক টাকা পয়সার দরকার। যে কো-অপারেটীভ সোসাইটীগুলি আছে সেগুলিরও আর্থিক অবস্থা এমন নয় যে, একটা ক্যালাণ্ডারিং মেশিন কিনতে পারে। সেজন্যই আজকে ক্যালাণ্ডারিং মেশিনের যে প্রস্তাব মাননীয় সদস্য নরেশ রায় করেছেন তার বাস্তবিক প্রয়োজনীয়তা আছে। তাই এটার গুরুত্ব উপলব্ধি করে আমি এটাকে সমর্থন করছি।

Mr. Speaker :—Now Hon'ble Chief Minister may participate in the discussion.

Shri S. L. Singh :—ব্যাপারটা গুরুত্বপূর্ণ ঠিকই। কারণ কুটীরশিল্প বলতে যেটার প্রাধান্য আমরা দিয়েছি সেটা হল তাঁত শিল্প এবং তাঁত শিল্পীও আছে এখানে প্রচুর। তারা এক্সপার্ট ইন উইভিং। ১০০ কাউন্ট থেকে ১৪০ কাউন্ট পর্য্যন্ত তারা বুনতে সমর্থ। কিন্তু ক্যালাণ্ডারিং মেশিনের অভাবে তারা মার্কেটে কমপিট্‌ করতে পারছে না। অতএব ক্যালাণ্ডারিং মেশিন খুবই দরকার এবং তার জন্য আমরা চেষ্টা করছি, যে টাইপের স্কীম আমরা করেছিলাম ফরেন একস্‌চেঞ্জের স্যাক্‌শান আসলে পরে ক্যালেণ্ডারিং মেশিন যাতে স্থাপিত হতে পারে এবং ত্রিপুরার তাঁত শিল্পীরা যাতে মার্কেট কমপিট্‌ করতে পারেন তার ব্যবস্থা আমরা করছি। তাই আমি মাননীয় সদস্যকে বলব যে এই প্রস্তাবটাকে এখন যেন তিনি উইথড্র করেন।

শ্রীনরেশ চন্দ্র রায় ঃ—মাননীয় স্পীকার, স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী ক্যালেণ্ডার মেশিন সম্বন্ধে যে আশার আলো আমাদের সামনে দিয়েছেন সেটা অত্যন্ত প্রশংসনীয় এবং সেই আশার আলোতে সঞ্জিবীত হয়ে আমি আমার এই প্রস্তাব উইথ ড্র করলাম।

Mr. Speaker :—The resolution is to be withdrawn with the leave of the House.

The motion for leave to withdraw the Resolution of Shri Naresh Ch. Roy was put to vote.

(The resolution was withdrawn with the leave of the House.)

There is another Resolution of Shri Bidya Ch. Deb Barma, M. L. A. I would call on Shri Bidya Ch. Deb Barma, to move his resolution. But I find, the Member is absent. So the resolution is deemed to be withdrawn.

The House stands adjourned till 11 A. M. on Thursday, the 21st March, 1968

PAPERS LAID ON THE TABLE

STARRED QUESTION NO. 680 by

Shri Bidya Chandra Deb Barma, M. L. A.

QUESTION

১) বনজ সম্পদ ভিত্তিক শিল্প প্রতিষ্ঠার সম্ভাবনা পরীক্ষা করিয়া দেখিবার জন্য সরকার কি কোন অর্থ ব্যয় করিয়াছেন,

২) যদি করিয়া থাকেন তবে কাহার দ্বারা ঐ পরীক্ষা করানো হইয়াছে এবং তাহাতে মোট কত টাকা খরচ হইয়াছে ;

৩) ঐ পরীক্ষার ফলাফল কি ;

৪) ইহা কি সত্য যে, ভারত সরকার ত্রিপুরায় কাগজ শিল্প প্রতিষ্ঠার পরিকল্পনা অনুমোদন করেন নাই ;

৫) যদি সত্য হইয়া থাকে, তবে অনুমোদন না করার জন্য কি কি কারণ দেখানো হইয়াছে ?

ANSWER

১) হঁ্যা।

২) ন্যাশনেল ইণ্ডাষ্ট্রিয়েল ডেভলেপমেন্ট কর্পোরেশন (ভারত সরকারের পরিচালনাধীন একটি প্রতিষ্ঠান) কে কাগজ কলের প্রাথমিক প্রজেক্ট রিপোর্ট তৈয়ারী করার জন্য ১,৭৫,০০০·০০ টাকা দেওয়া হইয়াছে;

৩) প্রজেক্ট রিপোর্টে কুমারঘাটে প্রতিদিন ৫০ টন কাগজ উৎপাদনের ক্ষমতা সম্পন্ন একটি কাগজ কল স্থাপনের সম্ভাবনা প্রতিষ্ঠিত হইয়াছে।

৪) না।

৫) প্রশ্ন উঠে না।

Starred Question No. 696
BY SHRI ABHIRAM DEB BARMA M. L. A.

QUESTION

শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন ?

১) ছাতার বাট শিল্প সম্পর্কে তদন্তের জন্য জুডিসিয়াল সেক্রেটারীকে চেয়ারম্যান করিয়া কোন কমিটি গঠিত হইয়াছে কি এবং যদি গঠিত হইয়া থাকে কবে গঠিত হইয়াছে ;

২) ঐ কমিটি কি তাহাদের রিপোর্ট প্রকাশ করিয়াছেন;

৩) রিপোর্ট প্রকাশ করিয়া থাকিলে, তাহার মর্ম্ম,

৪) ছাতার বাট শিল্পকে রক্ষা করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

ANSWER

১) হাঁ, ৩১. ৭. ১৯৬৭ ইং তারিখে।

২) কমিটি সরকারের নিকট রিপোর্ট দাখিল করিয়াছেন।

৩) উহা সরকারের পরীক্ষাধীন আছে।

৪) ঐ

Starred Question No. 700
BY SHRI BIDYA CHANDRA DEB BARMA.
M. L. A.

QUESTION

১) অমরপুর টাউনের উপর উচ্চতর এবং এস. বি. স্কুলগুলিতে এবছর কত ছাত্রছাত্রী ভর্তি করা হইয়াছে;

২) কত ছাত্র-ছাত্রী ভর্তির জন্য আবেদন করিয়াছিলেন;

৩) যাহারা ভর্তি হইতে পারেন নাই, তাহাদের পড়াশুনার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছে ?

ANSWER

১) ৬ষ্ঠ শ্রেণীতে ৫৪ জন ছাত্রছাত্রী এবং ৯ম শ্রেণীতে ৮ জন ছাত্র-ছাত্রীকে ভর্তি করা হইয়াছে।

২) ৯ম শ্রেণীতে ভর্তির জন্য ৯ জন ছাত্র-ছাত্রী এবং ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির জন্য ৯৬ জন ছাত্রছাত্রী আবেদন করিয়াছিল।

৩) ৯ম শ্রেণীতে ভর্তির পরীক্ষা নিয়া ৯ জন প্রার্থীকেই ভর্তি হওয়ার সুযোগ দেওয়া হইয়াছিল। অতএব ৯ম শ্রেণী সম্পর্কে প্রশ্ন উঠে না। ৬ষ্ঠ শ্রেণীতে যাহারা ভর্তি হইতে পারে নাই সেইরূপ ছাত্র-ছাত্রীর নিকটবর্ত্তীর কোনো জুনিয়র বেসিক স্কুলে পড়ার সুবিধা রহিয়াছে কিনা তাহা দেখার জন্য অমরপুর হায়ার সেকেণ্ডারী স্কুলের হেড মাষ্টার হইতে রিপোর্ট আনা হইয়াছে এবং তাহা পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

STARRED QUESTION NO. 709
by Shri Bidya Chandra Deb Barma, M. L. A.

Question.	Replies.
১। সরকারী প্রেসের কর্মচারী শ্রীহীরালাল দেবনাথ এবং উপেন্দ্র সিংহকে কি Suspend করা হইয়াছে।	Yes.
২। যদি Suspend করা হইয়া থাকে তবে তাহার কারণ কি;	Charges are for indiscipline. Misbehaviour & misconduct.
৩। ত্রিপুরার সরকারী কর্মচারী সমিতি কি এই Suspension এর কোন প্রতিবাদ জানাইয়াছেন ;	Yes, from the Tripura Govt. Press Employees Union.
৪। যদি প্রতিবাদ জানাইয়া থাকেন, তবে ঐ Suspension আদেশ প্রত্যাহার করা হইবে কি ?	No.

STARRED QUESTION No. 715 by Shri Abhiram Deb Barma. M. L. A.

Question	Answer
১। সরকারী স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের বদলীর ব্যাপারে সরকার কি নীতি অনুসরণ করেন ;	১। প্রধানতঃ জনস্বার্থের খাতিরে। ক্ষেত্র বিশেষে শিক্ষকদের ব্যক্তিগত আবেদনের যৌক্তিকতা বিচার করিয়াও বদলী করা হয়।
২। যাহারা একটী স্কুলে ১০ বছর বা তাহার বেশী চাকুরী করিতেছেন তাহাদের মহকুমা ভিত্তিক হিসাব;	২। সঙ্গের তালিকায় দেওয়া হইল।
৩। এই সকল শিক্ষক-শিক্ষিকাদের বদলী করা হয় না কেন ?	৩। জনস্বার্থে আবশ্যক না হইলে সাধারণতঃ কাহাকেও বদলী দ্বারা তাহাদের অসুবিধা সৃষ্টি করা হয়না।

Detailed position of the account of teachers who have been serving in the same school for 10 years or more

Sub-Division	No. of teachers.
Sadar	140
Kamalpur	12
Dharmanagar	25
Sonamura	8
Sabroom	2
Belonia	4
Udaipur	6
Kailashahar	18
Amarpur	4
Khowai	7
TOTAL :—	226

STARRED QUESTION NO. 748

by Shri Abhiram Deb Barma, M. L. A.

Question	Answer
১। Agartala Arundhutinagar Industrial Estate এর Manager কি materials এর cost বাবদ ১৯৬৫ সালের March মাসে ১৭,৮০০ টাকা draw করেন ;	১। হাঁ।
২। যদি draw করিয়া থাকেন, ঐ টাকা কবে কি ভাবে খরচ হইয়াছে ?	ঐ টাকা ১৯৬৫-৬৬ইং সনে নিম্নলিখিত-ভাবে খরচ করা হইয়াছে:— (ক) কাঁচা মাল খরিদ বাবদ টাকা ১৭,১০৮·৪১ পয়সা (খ) অবশিষ্ট টাকা ৬৯১.৫৯ পয়সা Treasuryতে জমা দেওয়া হইয়াছে।

STARRED QUESTION NO. 805

By Shri Aghore Deb Barma, M. L. A.

১। জিরানীয়া ব্লক এলাকাতে Social Education নারী কর্মিদের মর্যাদা হানীকর কাজ করান হয়েছে বলে শিক্ষা বিভাগের কর্তৃপক্ষের নিকট কিংবা শিক্ষামন্ত্রীর নিকট কোন অভিযোগ করা হয়েছে কিনা ;

২। যদি করা হয়ে থাকে এই সম্পর্কে কোন রকম তদন্ত করা হয়েছে কি না,

৩। এবং তদন্তের ফলাফল ?

ANSWER

১। হাঁ।

২। হাঁ।

৩। তাহারা অভিযোগ প্রত্যাহার করিয়া নিয়াছে।

STARRED QUESTION NO. 807

By Shri Aghore Deb Barma, M. L. A.

১। সাক্রম বিভাগের সমরেন্দ্রগঞ্জ উচ্চবুনিয়াদী স্কুলের দুইজন শিক্ষকের মধ্যে একজন কে ইতিমধ্যেই ট্রেইনিং-এ পাঠান হয়েছে কি না :

২। যে শিক্ষক কে ট্রেইনিং-এ পাঠান হয়েছে তার পরিবর্তে অন্য কোন শিক্ষক পাঠান হয়েছে কিনা ;

৩। উক্ত উচ্চ বুনিয়াদী স্কুলের ছাত্র সংখ্যা কত ?

ANSWER

১। হাঁ।

২। হাঁ।

৩। ৬৯ জন ছাত্রছাত্রী।

STARRED QUESTION NO. 809

By Shri Aghore Deb Barma, M. L. A.

১। জিরানীয়া ব্লক এলাকায় পূর্ব্ব নোয়াগাও গ্রামে Social Education বিভাগের তত্ত্বাবধানে কোন ফার্মের পরিকল্পনা চালু আছে কি না ;

২। যদি এই ফার্ম চালু হইয়া থাকে ভূমির পরিমাণ কত এবং গত আর্থিক বৎসরে এই ফার্ম বাবদ কত ব্যয় বরাদ্দ ছিল এবং এই পর্য্যন্ত কত কর্মচারী নিয়োগ করা হয়েছে ইত্যাদি ;

৩। এই ফার্ম্মের জায়গা সংক্রান্ত ব্যাপারে স্থানীয় লোকদের সাথে কোন রকম dispute আছে কি না এবং বর্ত্তমানে কোন মামলা আছে কি না ?

উত্তর

১। হ্যাঁ।

২। ভূমির পরিমাণ অনুমান ৪৬ কাণি, এই ফার্মের বাবদ ২৩০০টাকা খরচ হইয়াছে। এই উদ্দেশ্যে কোনো স্বতন্ত্র কর্মচারী নিয়োগ করা হয় নাই।

৩। না।

Unstarred Question No. 379 by

Shri Promde Ranjan Das Gupta, M. L. A.

1) The total number of workers employed under the Directorate of Industries in the Arundhutinagar Industrial Estate (showing number of workers in each trade separately);

2) the total number of technical staff employed under the Diiectorate of Industries in the Arundhtinagar Industrial Estates (showing number of technical staff in each trade separately);

3) technical staff and workers, ratio in each trade ?

ANSWER

1)	a)	Carpentry unit	—21.
	b)	Blacksmithy unit	—18.
	c)	Foot-wear unit	—21.
	d)	Tanning unit	— 6.
	e)	Hand made paper unit	— 5.
2)	a)	Carpnentry	—1.
	b)	Blacksmithy unit	—2.
	c)	Foot-wear unit.	—2.
	d)	Tanning unit	—3.
	e)	Hand made paper unit	—2.
3)	a)	Carpentry unit	—1 : 21
	b)	Blacksmithy unit	—1 : 9
	c)	Foot-wear unit	—1 : 11.5
	d)	Tanning unit	—1 : 2
	e)	Hand made paper unit	—1 : 2. 5

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISION OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT, 1963.

21st March, 1968.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A. M. on Thursday, the 21st March, 1968.

PRESENT

Shri Manindra Lal Bhowmik, Speaker, in the Chair, the Chief Minister, four Ministers, the Deputy Speaker, the Deputy Minister and nineteen members.

QUESTION

Mr. Speaker—To-day in the LIST of Business are the following questions, to be answered by the Ministers concerned. Starred Question. (Postponed). Shri Abhiram Deb Barma, He is absent. Shri Aghore Deb Barma. Postponed Starred Question.

Shri Aghore Deb Barma—Question No. 314.

Shri S. L. Singh--Question No. 314, Sir.

Question.

(1) Whether it is a fact that the Electric bill of the Chief Minister's residence has not been paid for the last one year ;

(2) If so, whether the connection has been dis-continued.

(3) If not, the reason thereof.

Answer.

(1) No.

(2) Does not arise.

(3) Bills have been adjusted as per rule.

Mr. Speaker—Shri Promode Rn. Das Gupta. Postponed Starred Question.

Shri P. R. Das Gputa.—Question No. 598

Shri S. L. Singh—Question No. 598, Sir.

Question

(1) whether the Chanpur Block has not the representation from the concerned villagers for repairing or constructing the following bunds for the benefit of respective villagers ;

a) Construction of bund at Montala Colony.

b) Construction of bund at Brajabinodinipur.

c) Construction of bund at Simnachera Colony.

d) Construction of Singhi Tila bund.

Answer :

1) a) Representation was received by the Block Development Officer, Chanpur. The matter is under examination of the Minor Irrigation Division of this Government.

b) representation was received. Minor Irrigation Division of this Govt. has been making survey works.

c) representation was received by the Block Development Officer, Chanpur. No such bund is located within Chanpur Block.

শ্রী প্রমোদ রঞ্জন দাসগুপ্ত—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, মনতলা কলোনীতে একটি বাঁধ ব্লক ডেভলাপমেন্ট থেকে স্যাংশন করা হয়েছিল কি না ?

শ্রী এস. এল, সিংহ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে বলা হয়েছে যে—
The matter is under examination of the Minor Irrigation Division of this Government.

শ্রী প্রমোদ রঞ্জন দাশগুপ্ত—মাননীয় মন্ত্রী মহোদয় তদন্ত করে দেখবেন কি যে এই মনতলা কলোনিতে বাঁধ দেওয়ার জন্য ব্লক ডেভলাপমেন্ট থেকে কোন টাকা স্যাংশান করা হয়েছিল কি না ?

Shri S L. Singh—First of all representation was received by the Block Development Officer, Mohanpur. The matter is under examintion of the Minor Irrigation Division of this Government. No money could be spent without technical sanction of the Minor Irrigation Division. So it is under examination and investigation of the Minor Irrigation Division of this Government. It has already been told.

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি মাইনর ইরিগেশনের যদি কোন বাঁধ বা ইরিগেশনের ব্যবস্থা করে ব্লক থেকে টাকা তার জন্য মঞ্জুর করতে পারে ?

Shri S. L Singh—Whatever might be, without technical opinion no work could be done.

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত –মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি এই যে ছোট ছোট বাঁধ করা হচ্ছে মাইনর ইরিগেশনের, সবগুলির জন্য টেকনিক্যাল ওপিনিয়ন নেওয়া হয় কি না ?

Shri. S. L Singh—Whatever might be this, first of all technical opinion is necessary.

Mr. Speaker—Shri Debendra Kishore Choudhury. He is absent. Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath—Question No. 752.

Shri S. L. Singh—Question No. 752, Sir.

প্রশ্ন

ক) ফটিকুলী ধর্মনগর বাজার উন্নয়নের জন্য কোন টাকা মঞ্জুর করা আছে কি ?

খ) উক্ত বাজারের উন্নয়নের জন্য কোন কাজ না হওয়ার কারণ কি ?

গ) ফটিকুলী বাজারের পার্শ্বে জুড়ী নদীর তীরে বন্যা উন্নয়নের জন্য কোন বাঁধ দিবার পরিকল্পনা আছে কি ?

উত্তর

ক) না ।

খ) এই প্রশ্ন উঠেনা ।

গ) হাঁ ।

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে ফটিকুলি বাজার ডেভেলাপমেন্টের কোন প্রযোজন মনে করেন কিনা ?

শ্রীএস. এল, সিংহ :— There is an estimate amounting to Rs. 4,38,000 for development of Dharmanagar Market which has been sent to Revenue Department for administrative approval and expenditure sanction and the same is still under consideration of the Government. The work could be taken up if the sanction is received from the authority concerned. An estimate of Rs. 1,05,700/- has been sanctioned for construction of a bund for plant protection and drainage works in the town area. All codal formalities are being completed for taking up the work.

Shri Monoranjan Nath : মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে বাঁধ দেবার জন্য যে টাকাটা স্যাংশন করা হয়েছে এটা কবে করা হয়েছে এবং এতদিন পর্য্যন্ত না হওয়ার কারণটা কি ?

Shri S. L. Singh :— All codal formalities are being completed for taking up the work.

Shri Monoranjan Nath :— বাঁধটি কবে পর্য্যন্ত আশা করা যায় ?

Shri S. L Singh : — All codal formalities are being completed. So we may expect it very soon

Mr. Speaker : Shri Nishi Kanta Sarkar.

শ্রীনিশিকান্ত সরকার :— ১৯।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নং ১৯২।

প্রশ্ন	উত্তর
১) বিলোনীয়া সাবডিভিশনের কাটালিয়াছড়ায় ১৯৫২-৫৩ ইং সনে কৃষি বিভাগ হইতে কোন বাঁধ দেওয়া হইয়াছিল কিনা ?	১) না
২) হইয়া থাকিলে কত টাকা ব্যয় হইয়াছিল এবং কি প্রয়োজনে ইহা করা হইয়াছিল ?	২) এ প্রশ্ন উঠে না।

শ্রীনিশিকান্ত সরকার :— কাঠালিয়াছড়ায় যে কলোনী তার পাশে একটা পাকা বাঁধ করবার জন্য কি কোন টাকা ৫২-৫৩ সনে সরকার হতে দেওয়া হয় নাই ?

Shri S. L. Singh :— First of all the bund was constructed at Katalia Tribal Colony under the Belonia Sub-division in the year 1954-55 under the Tribal Welfare Scheme for construction of Artificial Lake at a total cost of Rs. 18,000/-. The object of construction of the Dam was to provide facilities to the Tribal people of the Colony to raise their own protein food by fish cultivation and duck rearing. After formation of the lake, it was charged with black fishes and major carp fry in the years 1956-57 and 1957-58. The Dam was subsequently damaged in the year due to heavy accumulation of rain water and the Public Works Department was entrusted with the work of construction of a spill-way to protect the Dam from further damage. But the work has not yet been taken up by the Public Works Department owing to some technical difficulties.

শ্রীনিশিকান্ত সরকার :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এত বড় একটা মৎস্য চাষের জায়গা, ১৮,০০০ টাকা ব্যয় হওয়ার পরেও এটা মৎস্য চাষের উপযোগী কিনা এবং এটা কত পরিমাণ লম্বা এবং চওড়া ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— আগেই বলা হয়েছে যে মৎস্য চাষের উপযোগী বলেই সেটা ১৮,০০০ টাকা ব্যয়ে ৫৪-৫৫ সালে আরম্ভ হয়েছিল এবং শেষ হয়েছিল তারপর সেটা ৫৭-৫৮ সালে ভেঙে যায়। অতএব সেটাকে আবার মেরামত করার চেষ্টা হচ্ছে।

শ্রীনিশিকান্ত সরকার :— মাননীয় মন্ত্রী মহোদয় এই আশ্বাস দিতে পারেন কিনা যে খুব তাড়াতাড়ি এটার কাজ শেষ হবে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— বলেছি যে যখনই কোডেল ফর্ম্মালিটিজ অবজার্ভ করা হবে তখনি শেষ হবে।

মিঃ স্পীকার :— শ্রীবিদ্যা দেববর্ম্মা অ্যাণ্ড শ্রীসুনীল দত্ত (ব্র্যাকেটেড)

শ্রীসুনীল দত্ত :—কোয়েশ্চান নং ৬৯৮।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয় তথ্য সংগ্রহ করা হইতেছে।

মিঃ স্পীকার :— শ্রীঘনশ্যাম দেওয়ান।

শ্রীঘনশ্যাম দেওয়ান :— ৭৮২।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নং ৭৮২।

QUESTION

(১) ইহা কি সত্য যে ছামনু টি, ডি, ব্লকের লাল ছড়া কো-অপারেটিভ ফার্মিংস জুমিয়া পুনর্ব্বাসন স্কীমে একশত জুমিয়া পরিবারকে ৮/১০ বৎসর পূর্ব্বে পুনর্ব্বাসন দেওয়া হইয়াছিল, কিন্তু অদ্যাবধি তাহাদিগকে নাকি জুমিয়া স্কীমের ৫০০৲ টাকা গ্রেন্ট এবং অন্য কোন প্রকার কলোনীর সুযোগ সুবিধাদি দেওয়া হয় নাই।

(২) যদি সত্য হয় তবে তাহাদের প্রাপ্য গ্রেন্ট ও সাহায্যাদি দেওয়ার ব্যবস্থা করিবেন কি ?

ANSWER

(১) লালছড়া সমবায় সমিতির সদস্যগণকে জুমিয়া পরিকল্পনায় পুনর্ব্বাসন দেওয়া হয় নাই; সুতরাং তাহাদিগকে জুমিয়া পুনর্ব্বাসন পরিকল্পনায় সুবিধাদানের প্রশ্ন উঠে না।

(২) প্রশ্ন উঠে না।

শ্রীঘনশ্যাম দেওয়ান :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি সে সময়ে যে বি, ডি, ও, ছিলেন তিনি তাদিগকে এই আশ্বাস দিয়েছিলেন কিনা যে চাষীরা কলোনীবাসী হবে, তাদিগকে জুমিয়া পুনর্ব্বাসনের যে সমস্ত টাকা বরাদ্দ আছে তাদের প্রত্যেক পরিবারকেই সেই সমস্ত টাকা দেওয়া হবে। কিন্তু এই সমস্ত টাকা এখন পর্যান্ত দেওয়া হয় নাই কেন? দেখা যায় লালছড়াতে সাইড বাই সাইড আর একটি ট্রাইবেল কলোনী আছে, তারা সমস্ত বেনিফিট পাচ্ছেন। সেখানে আছে প্রায় ৯৮ পরিবার আর কো-অপারেটিভ ফার্মিং এ হল ১০০ পরিবার। এই কো অপারেটিভ ফার্মিংএ যারা আছে তারা জুমিয়া আর লালছড়াতে যারা আছে তারাও জুমিয়া। কিন্তু এই নামটা কো-অপারেটিভ ফার্মিং বটে কিন্তু সেখানে বোধ হয় ৩০০/৩৫০ ফ্যামিলী রেজিষ্টার্ড সদস্য আছে কিন্তু তারা কেউই পান নাই।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, লালছড়া সর্ব্বার্থসাধক সমবায় সমিতি নামে একটা সমবায় সমিতি ১৯৬৭ ইং সনে ১৬ জন সদস্য নিয়ে গঠিত হয়। এই সদস্য সংখ্যা পরে বেড়ে ১৩৮ জনে দাঁড়ায়। ১৯৫৯-৬০ ইং সনে এই সমিতি কর্জ হিসাবে ২৭,২০০ টাকা এবং গ্র্যান্ট হিসাবে ১৫,০০০ টাকা, মোট ৪২,২০০ টাকা নিম্নলিখিত বাবদে দেওয়া হয় :—

১) জঙ্গল পরিষ্কার এবং ভূমি প্রস্তুত।
২) ৩২ জোড়া বলদ ক্রয়।
৩) কৃষি কার্যের যন্ত্রপাতি ক্রয়।

এই টাকা কৃষি খাত থেকে দেওয়া হয়। এই সমস্ত পরিবারকে উপযুক্ত পরিকল্পনাধীনে সুবিধা দেওয়ার পরীক্ষা চলছে।

শ্রীঘনশ্যাম দেওয়ান :— আমি জানতে চাই যে তাদিগকে লোনের পরিবর্ত্তে গ্র্যান্ট কেন দেওয়া হল না, জুমিয়া পুনর্ব্বাসনের জন্য যে গ্র্যান্ট দেওয়া হয় সেই গ্র্যান্ট কেন দেওয়া হল না?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—জুমিয়া হিসাবে সেটা দেওয়া হয় নাই। সমবায় সমিতি থেকে অ্যাগ্রিকালচার বাবদে এই স্কীমটা নেওয়া হয়েছে এবং সেই হিসাবে এখানে দেখা যায় কর্জ হিসাবে ২৭,২০০ টাকা এবং গ্র্যান্ট হিসাবে ১৫,০০০ টাকা, মোট ৪২,২০০ টাকা দেওয়া হয়। তারপর এই পরিকল্পনায় যাতে তাদিগকে জুমিয়া সুবিধা দেওয়া যায় তার পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—কত দিনের মধ্যে এই পরীক্ষা নিরীক্ষা শেষ হবে?

শ্রীএস, এল, সিংহ :—কোডেল ফর্ম্মালিটিজ শেষ হলেই।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—রিফিউজীদের ভিতর অনেকে ওজর আপত্তি করছে, তারা জুমিয়া রিলিফ পেয়েছে কিনা?

শ্রীএস, এল, সিংহ ঃ—সেটা আমি জানি। সেজন্যই কোড্যাল ফর্মালিটিজ অবজার্ভ করা দরকার।

মিঃ স্পীকার ঃ—শ্রীসুনীলচন্দ্র দত্ত।

Mr. Speaker :—Shri Sunil Ch. Dutta,

Shri Sunil Ch. Dutta :—Question No. 858

Shri S. L. Singh :—Question No. 858 Sir.

প্রশ্ন

১) খোয়াই—তেলিয়ামুড়া রাস্তার পীচের কাজ কোন বৎসর আরম্ভ হইয়াছিল।

২) এই কাজ কবে শেষ হইবে ?

উত্তর

১। ১৯৬০-৬১ সনে।

২। কাজটি আগামী এপ্রিল মাসের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Mr. Speaker :—Shri Jatindra Kr. Mazumder.

Shri J. K. Majumder :--Question No. 882

Shri S. L. Singh :—Question No. 882, Sir.

প্রশ্ন

১) ইহা কি সত্য যে, সরকার কাংকরিয়া টিলাতে টাইপ টু কোয়ার্টারগুলি স্বল্প বেতন-ভোগী কর্মচারীদের বসবাসের সুবিধার জন্য তৈয়ার করিয়াছিলেন।

২) সত্য হইয়া থাকিলে ঐ থানের ৬।৭টী টাইপ টু কোয়াটার গত ৩।৪ বৎসর যাবৎ মেডিকেল ডিপার্টমেন্টএর সেন্ট্রাল ষ্টোর হিসাবে ব্যবহৃত হইতেছে কেন।

(৩) উক্ত টাইপ টু কোয়ার্টারগুলি চাহিদা অনুযায়ী স্বল্প বেতনভোগী সরকারী কর্মচারীদের সত্বর ভাড়া দেওয়া হইবে কি ?

উত্তর

১) হঁা।

২) স্থানীয় গোবিন্দবল্লভ হাসপাতালের মালখানায় স্থানের অপ্রতুলতা হেতু।

৩) হঁা, বর্ত্তমান নির্ম্মাণাধীন অতিরিক্ত মালখানা সম্পূর্ণ হইলেই।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, মেডিক্যাল ষ্টোর হিসাবে কয়েকটা কোয়ার্টার যে দখল করা আছে এইগুলির জন্য কোন ভাড়া সরকারকে দেওয়া হয় কি না?

শ্রীএস, এল, সিংহ :—সরকারী গো-ডাউনের ভাড়া নেওয়ার কতকগুলি নিয়ম আছে সেই নিয়মানুসারে সেটা বুক ট্রেন্সফার করা হয়।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় সরকারী কর্ম্মচারীদের জন্য যে সমস্ত টাইপ টু কোয়াটার আছে তার মধ্য থেকে কতকগুলি কোয়ার্টার সেন্ট্রাল মেডিক্যাল ষ্টোর হিসাবে ব্যবহৃত হচ্ছে। এইগুলিতে সরকারী কর্ম্মচারী থাকলে পরে তারা যে ভাড়া দিত সেই রকম কোন ভাড়া দেওয়া হয় কি না?

শ্রীএস, এল, সিংহ ঃ—বুক ট্রান্সফার যেভাবে হয় অন্যান্য ক্ষেত্রে, সেইভাবেই অনবরত কাজ চলছে।

Mr. Speaker —Shri Abhiram Deb Barma, he is absent. Shri Aghore Deb Barma

Shri Aghore Deb Barma : – Question No, 804

Shri S. L Singh :—Question No. 804, Sir.

প্রশ্ন

১) সদর উত্তর এলাকার কাশীপুর—কামালঘাট রাস্তার উপর যে চারিটি ভাঙ্গা পুল আছে তাহা পুনর্নির্ম্মাণের জন্য বর্ত্তমান আর্থিক বৎসরে কোন পরিকল্পনা আছে কি না?

২) যদি পরিকল্পনা থাকে তাহা কখন আরম্ভ করা হইবে?

উত্তর

১) না।

২) ১নং উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন এই রাস্তা কবে হয়েছিল?

শ্রী এস, এল, সিংহ :—আই ওয়াণ্ট নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননায় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, এখন এ রাস্তার অস্তিত্ব আছে বলে জানেন কি না ?

শ্রীএস, এল, সিংহ :—আই ওয়াণ্ট নোটিশ।

মিঃ স্পীকার—শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—কোয়েশ্চান নাম্বার ৬৩৭।

শ্রীএস, এল, সিংহ :—কোয়েশ্চান নাম্বার ৬৩৭, স্যার।

QUESTION

1) Whether the Panchayat Secretaries are Government Servants as per appointment letter issued to them by the Director of Panchayats Government of Tripura ;

2) if so, whether the Panchayat Secretaries are made quasi-permanent on completion of 3 years' Service ?

ANSWER

1) Yes.

2) No, cases under scrutiny.

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত—মাননীয় মন্ত্রী মহোদয়, ত্রিপুরায় কতজন পঞ্চায়েত সেক্রেটারী আছেন ?

শ্রীএস, এল, সিংহ :—আই ডিমাণ্ড নোটিশ, স্যার।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, এ্যাজ পার এপয়েন্টমেন্ট তাদের যদি গভর্ণমেন্ট সার্ভেন্ট হিসাবে এপয়েন্টমেন্ট দেওযা হয় এই অবস্থায় তাদের পঞ্চাযেত সমিতিগুলিতে ট্রান্সফার করাটা আইনতঃ ঠিক হবে কি না ?

শ্রীএস. এল. সিংহ :—পঞ্চায়েতকে যদি সেই পাওয়ার দেওয়া হয় তাহলে তাদের এপয়েন্টমেন্ট, ট্রান্সফার এবং টার্মিনেশন সমস্ত পাওয়াবই দিতে হবে যদি পঞ্চায়েতকে সার্থক করতে হয়।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় আমার প্রশ্ন হচ্ছে যে গভর্ণমেন্ট সার্ভেন্ট হিসাবে সে যে সমস্ত সুযোগ সুবিধা পেত, যে নিরাপত্তা এবং পেনশান বা অন্যান্য যে সমস্ত এমিনিটিজ সে পেত, সেইগুলি অর্থাৎ সেই সিকিউরিটি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ট্রান্সফার করা হলে পরে সে পাবে কি না ?

শ্রীএস, এল, সিংহ :—আইন অনুযায়ী পঞ্চায়েতকে যখন পাওয়ার দেওয়া হবে তখন সে ব্যবস্থা নিশ্চয়ই অবলম্বন করা হবে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, পঞ্চায়েতগুলি হচ্ছে নন-গভর্ণমেন্ট ইনষ্টিটিউশান সেখানে যদি কোন গভর্ণমেন্ট সার্ভেন্টকে পাঠান হয় তাহলে সেটা ডেপুটেশানে পাঠান হয় কি না ?

শ্রীএস, এল, সিংহ :— ইট ইজ নট নন-গভর্ণমেন্ট ইনষ্টিটিউশন। ইট ইজ সেল্ফ গভর্ণমেন্ট ইনষ্টিটিউশান।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত ঃ— এন ইলেকটেড বডি দ্বারা চলছে। এটা ডাইরেক্ট এডমিনিষ্টেশানের আণ্ডারে নয় এবং ডাইরেক্ট এডমিনিষ্টেশানের আণ্ডারে যদি না হয়, পঞ্চায়েত সেক্রেটারীকে সেখানে ট্রান্সফার করা যায় কি না। কারণ যদি তাদের রিট্রেন্চমেন্ট করা হয়. পঞ্চায়েত যদি উঠিয়ে দেওয়া হয় তাহলে তাদের অবস্থা কি হবে সেটা হচ্ছে আমার প্রশ্ন।

শ্রীএস, এল, সিংহ ঃ—All the codal formalities are being examined.

—টি. টি, সি'র আমলেও তা হয়েছিল। তারপর Those were transferred to our Department. That was also self Government Institute.

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত ঃ—মাননীয় মন্ত্রী মহোদয়, টি, টি, সিতে যাদের ট্রান্সফার করা হয়েছিল তাদের চাকুরীর গ্যারান্টি ছিল। পঞ্চায়েত সেক্রেটারীর ব্যাপারে অন ডেপুটেশান পাঠান হবে কি না ?

শ্রীএস, এল, সিংহ :— Not all the Government Servents were transferred

শ্রীপ্রমোদ রঞ্জন দাশ গুপ্ত :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি তাদের সার্ভিস সিকিউরিটি ছিল কি না ?

শ্রী এস, এল, সিংহ :— তাদের অপশান নেওয়া হয়ে থাকে একরডিং টু রুলস।

শ্রী প্রমোদ রঞ্জন দাশ গুপ্ত ঃ— যদি কোন পঞ্চায়েত সেক্রেটারী অপশান না দেয় তাহলে তাদের অবস্থা কি হবে ?

Shri S. L. Singh :— This will be dealt accordingly.

Mr. Speakar :— Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :— Question No. 756.

Shri S. L. Singh :— Mr. Speaker, Sir, Question No. 756.

QUESTION

১। ধর্মনগর পদ্মপুর Higher Secondary School building constructionএর জন্য কোন টাকা Sanction আছে কি না,

২) ঐ স্কুল building না হওয়ার কারণ কি ?

ANSWER

১) হ্যাঁ।

২) প্রয়োজনীয় জায়গা না পাওয়ায় কাজটি আরম্ভ করিতে পারা যায় নাই।

শ্রী মনোরঞ্জন নাথ :— স্কুল বিল্ডিংএর জন্য তো জায়গা যথেষ্ট আছে, হয়ত কোয়ার্টারের জন্য না থাকতে পারে। তবে স্কুল বিল্ডিং না হবার কারণ কি ?

Shri S. L. Singh :— The estimate for the whole scheme provides for construction of school building for 500 students, a boarding house for 50 students, 6 Nos. Type III, and 2 Nos. type IV quarters. The work could not be started as suitable land where all the buildings provided in the estimate can be accommodated is not available. Proposal for acquiring further land has been processed.

শ্রী মনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে পদ্মপুরে হাই স্কুলের কোন বিল্ডিং আছে কিনা ?

শ্রী এস, এল, সিংহ :— নোটীশ চাই।

শ্রী মনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যদি স্কুল বিলডিং না হয় তাহলে বোর্ডিং হাউস হয়েই বা কি হবে আর কোয়ার্টার হয়েই বা কি হবে ?

শ্রী শচীন্দ্র লাল সিংহ :— জায়গা যদি না থাকে তাহলে স্কুল বিল্ডিং করতে পারবে না সে জন্যই কোয়ার্টার করা হয়েছে এবং জায়গা অ্যাকুয়ার করা হচ্ছে।

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে তিন বৎসর আগে এই স্কুলের জন্য অন্য কোথাও জায়গা অ্যাকুয়ার করা হয়েছে কিনা ?

শ্রী শচীন্দ্র লাল সিংহ :— এখন কথা হল যে জায়গাটা আছে সেই জায়গাটায় হচ্ছে না, সে জন্য ল্যাণ্ড অ্যাকুয়ার করা হচ্ছে।

শ্রী মনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যদি স্কুলের জন্য ল্যাণ্ড না থাকে তাহলে এষ্টিমেট করবার মানেটা কি ?

শ্রী শচীন্দ্র লাল সিংহ :— পাওয়া যাবে বলে মনে করা হয়েছিল তারপর দেখা গেল জায়গা দেওয়া হয়নি। এখন অ্যাকুয়ার করতে হবে।

শ্রী বিনয় ভূষণ ব্যানার্জী :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি ঐ স্কুল বিল্ডিং এর জন্য কিছু ব্রিক্স সেখানে নেওয়া হয়েছিল কিনা ?

শ্রী শচীন্দ্র লাল সিংহ :— তা হতে পারে। আমি নোটিশ চাই।

মি: স্পীকার :— শ্রীনিশিকান্ত সরকার।

শ্রী নিশিকান্ত সরকার :— কোয়েশ্চান নং ৭৯৪।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নং ৭৯৪।

QUESTION

(১) গকুলনগর ফ্রুট নার্সারীর বাৎসরিক ব্যয় কত, এবং ইহাতে কত আয় হইতেছে ?

ANSWER

(১) বর্ত্তমান বৎসরের (১৯৬৭-৬৮) ব্যয় এবং আয়ের হিসাব নিম্নে দেওয়া গেল :—

সন	ব্যয়	আয়
১৯৬৭-৬৮	টা: ২৬,৮৭৮·৭৫	টা:৩২,৭০২·৪৫

(২৯শে ফেব্রুয়ারী পর্য্যন্ত)

শ্রী নিশিকান্ত সরকার :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি এই যে আয়টা হচ্ছে এটা কিসের দ্বারা হচ্ছে ?

শ্রী এস. এল. সিংহ :—গকুলনগর নার্সারী থেকে এই আয় হচ্ছে। আয় এবং ব্যয়ের হিসাব দিয়েছি।

শ্রী নিশিকান্ত সরকার :— নার্সারীতে কি কি ফল আছে এবং কি কি গাছের চারা আছে ?

শ্রী, এস. এল সিংহ :— নোটীশ চাই।

মিঃ স্পীকার :— শ্রী সুনীল চন্দ্র দত্ত।

শ্রী সুনীল চন্দ্র দত্ত :— কোয়েশ্চান নং ৮৬০।

শ্রী এস. এল. সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নং ৮৬০।

প্রশ্ন	উত্তর
১) বন বিভাগ হইতে ১৯৬৭ইং সনে কতগুলি ফৌজদারী মামলা দায়ের করা হইয়াছে ?	১) ৬৫৭টি।
২) কতগুলি মামলায় আসামীর শাস্তি হইয়াছে ?	২) ৪৬টী।

শ্রী সুনীল চন্দ্র দত্ত :— বাকী যে মামলাগুলি আছে সেগুলিতে কি আসামী খালাস পেয়েছে না পেণ্ডিং ?

Shri S. L. Singh :— During the year 1967, 657 cases were prosecuted in the different courts in Tripura out of which 151 cases were subsequently withdrawn and adjudicated departmentally.

Mr. Speaker :— Shri Jatindra Kr. Majumder.

Shri Jatindra Kr. Majumder :— Question No. 898,

Shri S. L. Singh — Mr. Speaker, Sir, question No. 898.

QUESTION

ক) ঘোড়ামারা নদীর ভাঙ্গনে রাণীর বাজার বিদ্যামন্দিরের প্রভূত ক্ষতি হইতেছে বিধায় উক্ত নদীতে কয়েকটি হানা (Spur) দেওয়ার জন্য স্কুল কর্তৃপক্ষ আবেদন করিয়াছেন কি না ?

খ) যদি আবেদন করিয়া থাকেন ইহার ব্যবস্থার জন্য সরকারী তৎপরতা কতদুর।

ANSWER

ক) হ্যাঁ।

খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

Mr. Speaker :— Shri Abhiram Deb Barma, he is absent. Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :— Question No. 810.

Shri S. L. Singh :— Question No. 810 Sir.

QUESTION

1, Whether there is any scheme for metalling and soling with drain and culverts the Belonia-Ekinpur Road in the current financial year ?

2. if so, whether work will be undertaken ;

3. if not, the reasons thereof ?

ANSWER

1. Yes, the scheme provides for soling and metalling of the portion of the road from Belonia to Rajnagar & constn, of S. P. T. bridge & culverts from Rajnagar to Puranrajbari (Ekinpur).

2, These works are in progress.

3. Does nöt arise.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, এই কাজটা কবে আরম্ভ হয়েছিল ?

শ্রীএস, এল, সিংহ :— আই ওয়াণ্ট নোটিশ অব ইট।

মিঃ স্পীকার :—শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা। শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :— কোয়েশ্চান নাম্বার ৫৫৩

শ্রীএস, এল, সিংহ :—কোয়েশ্চান নাম্বার ৫৫৩ স্যার।

QUESTION

(1). Total quantity of Fertilizers distributed under Mohanpur Block in 1965, 1966 for increasing the production of paddy ;

(2). Percentage of production of paddy increased more in 1965 and 1966 than the production of paddy in 1964 showing the total quantity of production in 1964, 1965 and 1966 ?

ANSWER

(1). No account regarding fertilizers distributed exclusively for paddy is maintained. However, in 1965, 1966 Fertilizers of different kinds amounting to 52,453.425 KG and 53,108.617 KG. respectively were distributed for all crops.

(2). The account of production of paddy is not mentioned calendar year-wise. As such, the estimated production of paddy during 1964-65, 1965-66 and 1966-67 showing the percentage of increase during 1965-66 and 1966-67 over the production during 1964-65 is shown below ;—

Year	Estimated production of paddy (in M. Tonnes)	Percentage of increase over 1964-65.
1964-65	18,733	—
1965-66	18,948	1.15%
1966-67	21,370	14.07%

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন সেই মোহনপুর ব্লকে ১৯৬৫-৬৬ সালে মোট কত ফার্টিলাইজার নেওয়া হয়েছিল ?

শ্রীএস, এল, সিংহ :— এখানে বলা হয়েছে ডিষ্টিবিউটেড ডিউরিং—১৯৬৫

নাইট্রোজেন— ২৮,২২১,৫০ কে, জি,

ফসফেট— ২৩,৫৮৩,১৯২ ,,

পটেশিয়াম

নাইট্রেট— ৬৪৮,৮১৩ ,,

মোট—৫২,৪৫৩,৪২৫

ডিউরিং ১৯৬৬—৫৩,১০৮,৬১৭ কে, জি,

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এণ্টায়ার ষ্টক এ্যালটেড্ ইন ১৯৬৫-৬৬, ইউটিলাইজ করা হইয়াছিল কি না ?

শ্রীএস, এল, সিংহ :—আই ওয়ান্ট নোটিশ অব ইট স্যার।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—এই যে ফার্টিলাইজার জনসাধারণ নিচ্ছে সেটা ব্লক অফিস থেকে নিচ্ছে না অন্য জায়গা আছে যেখান থেকে সব সময়ে পাওয়া যায় ?

শ্রীএস, এল, সিংহ :—সেণ্ট্রাল গো-ডাউন থেকে নিতে পারেন আবার ব্লক থেকেও নিতে পারেন।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার ঃ— মাননীয় মন্ত্রী মহোদয়, মোহনপুর (সদর) ব্লকের তেপাড়িয়া অঞ্চলে কোন সুবিধা আছে কিনা যেখান থেকে ফার্টিলাইজার জনসাধারণ নিতে পারেন ?

শ্রীএস, এল সিংহ :—আই ওয়ান্ট নোটিশ অব ইট, স্যার।

মিঃ স্পীকার :—শ্রীমনোরঞ্জন নাথ।

শ্রীমনোরঞ্জন নাথ :—কোয়েশ্চান নাম্বার ১৫৭

শ্রীএস, এল, সিংহ :– কোয়েশ্চান নাম্বার ১৫৭ স্যার।

প্রশ্ন

ক) বর্ত্তমান বৎসরে ত্রিপুরায় আগর মহালে কতটা দাগে, কত জনকে, কত টাকায় নীলামে বন্দোবস্ত দেওয়া হইয়াছে ;

খ) ইহা কি সত্য যে ত্রিপুরার উত্তর অঞ্চলের আগর মহাল নীলামের তারিখ রীতিমত Publicity না হওয়ায় নীলাম ডাককারীগণ সকলে সুযোগ না পাওয়ায় কত টাকায় বন্দোবস্ত দেওয়ায় সরকারের যথেষ্ট ক্ষতি হইয়াছে ?

উত্তর

ক) ১৯৬৭-৬৮ সালে

১) ধর্ম্মনগর এবং কৈলাশহর সিভিল সাব-ডিভিশন লট নং ১ শ্রীচিত্তরঞ্জন রায় চৌধুরী।
—১৩,১০০ টাকা।

২) খোয়াই এবং কমলপুর সিভিল সাব ডিভিশন লট নং ২ শ্রীজিতেন্দ্র মোহন দাস।
—৭,০০১ টাকা।

৩) সদর এবং সোনামুড়া সিভিল সাব ডিভিশন লট নং ৩ শ্রীমৃণালকান্তি দাস
—৩০,২০০ টাকা।

৪) অমরপুর এবং উদয়পুর সিভিল সাব ডিভিশন লট নং ৪ মেসার্স বি, আর, ট্রেডার্স
—৫৯,০০০ টাকা।

খ) প্রশ্নই উঠে না।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি দক্ষিণাঞ্চল থেকে উত্তরাঞ্চলে কম নর্ম্ম হওযার কারণ কি?

শ্রীএস, এল, সিংহ :—ইট ডিপেণ্ডস আপন দি বিড।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে নর্ম্ম অকশানের পাবলিসিটি হয় নাই?

শ্রীএস, এল, সিংহ :—অকশান নেওয়া হয় একরডিং টু টার্ম এণ্ড প্রসিডিউর।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি কোন কাগজে পাব্লিশড হয়েছিল?

শ্রীএস, এল, সিংহ :—আই ওয়ান্ট নোটিশ।

শ্রীএর্সাদ আলি চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয়, লোক্যাল পেপারে সার্কুলেশান দেওয়া হয়েছিল কি না?

শ্রীএস, এল, সিংহ :—যা প্রসিডিউর আছে সেটাই ফলো করা হয়েছে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এই যে নর্ম কম হল, এতে সরকারের ক্ষতি হয়েছে বলে মনে করেন কি না?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—প্রিভিয়াসলি এটা ডাকা হয় নাই। ইট ওয়জ ষ্টার্টেড দিস ইয়ার, ইট ডিপেণ্ডস্ আপন দি কম্পেরিজন টু দি প্রিভিয়াস ইয়ারস।

শ্রীমনোরঞ্জন নাথ :— আমার যে স্পেসিফিক কোয়েশ্চান আছে যে রীতিমত পাবলিসিটি না থাকায় এটা কম হয়েছে।

Shri S. L. Singh :—The Agar Mahals were never put to auction earlier in Tripura. There were no enlisted traders for the same also on record. Mohals were put to open auction and the highest offers were accepted. So, the question of loss to Govt. does not arise.

The Agar Mahal of Dharmanagar and Kailasahar Civil Sub-division Lot No. 1 and Khowai and Kamalpur Civil Sub-division Lot No. 2 were auctioned on 10. 11. 67 in the Office of the Chief Forest Officer, Tripura, Notice in this regard was circulated by display of the same in notice boards of all important offices. This was also sent to all Divisional Forest Officers and Range Officers throughout Tripura for wide circulation. Copies were also sent to the Executive Engineers, Public Relation Officer for display in their notice boards. One copy of the notice was sent to the Superintendent of Press, Govt. of Tripura with the request to arrange publication of the notice in the next issue of the Tripura Gazette. But the said copy was returned by the Press Superintendent as the same could not be printed in time. As the notice was received back from the Press on the date of auction, arrangement of printing for the same in an extra ordinary issue could not be made.

The Agar Mahal of Sadar & Sonamura Civil Sub-division Lot No. 3, Amarpur and Udaipar Civil Sub-Division Lot No. 4 and Belonia and Sabroom Civil Sub-division Lot No. 5 was auctioned on 13. 1. 68 in the office of the Chief Forest Officer, Tripura. Notice in this regard was also circulated by display of the same in notice boards of all important offices. Copies were also sent to the D. F. Os. and Range Officers for wide circulation. The notice was also printed in the Tripura Gazette and pubiished in local papers. Copies were also sent to the parties who had by that time expressed their willingness to participate in the auction.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় উত্তরাঞ্চলে তা হলে দেখা যায় পাব্লিকেশান হয় নাই ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—হতে পারে।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এই যে অকশানের টাকা সেটা সরকারের কাছে জমা পড়েছে কি না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আই ওয়ান্ট নোটিশ।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এই যে অকশান হয়েছে, এই অকশনের টাকা সরকারের কাছে জমা পড়েছে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—নোটিশ চাই।

শ্রীসুনীলচন্দ্র দত্ত :—বিগত দীর্ঘদিন এইসব মহালের ইজারা না দেওয়ার কারণটা কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—প্রয়োজন বোধ করা হয় নাই, এখন প্রয়োজন বোধ করা হয়েছে বলেই দেওয়া হয়েছে। বিড না হওয়ার কজ অনেক থাকতে পারে, যেমন আগর ম্যাচ্যুরড হয় নাই, আগর সাফিসিয়েন্ট হয় নাই, এখন হয়ত প্রিজার্ভ করার দরকার নাই, সেজন্যই সেটা করা হয়েছে।

মিঃ স্পীকার :—শ্রীনিশিকান্ত সরকার।

শ্রীনিশিকান্ত সরকার :—কোয়েশ্চান নং ১৯৬।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নং ১৯৬।

প্রশ্ন	উত্তর
ক) উদয়পুরের রাজারবাগ মৌজায় চারা ভিটীকে বাস্তু ভিটা বলিয়া জরীপে রেকর্ড করা হইয়াছে কিনা ?	(ক) না।
খ) হইয়া থাকিলে ইহা তদন্ত করা হইবে কিনা ?	(খ) প্রশ্ন উঠে না।

শ্রীনিশিকান্ত সরকার :—এই চারা ভিটিগুলিকে বাস্তুভিটা করার দরুণ খাজনার হার অত্যধিক বৃদ্ধি হয়েছে ইহা মাননীয় মন্ত্রী মহোদয় মনে করেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আগেই বলা হয়েছে এইরকম চারা ভিটিকে বাস্তুভিটিতে পরিণত করা হয় নাই। There is no classification of land as 'Bastubhita'. All lands in Tripura have been classified into different categories following the local nomenclature of different classes of land as per their use and occupation. For example 'Nal' has been called as 'Nal', Lunga' has been called as 'Lunga', River' has been called as 'Nadi', 'Road' has been called as 'Rasta' and so, on. This is also the procedure in West Bengal, Assam, Orissa, Behar etc.

In the present survey & Settlement operation homestead lands have been classified as 'Bastu' and raised lands near homestead have been classified as 'Bhiti'. The same procedure has also been adopted in recording lands in mouja Rajarbag under Udaipur Sub-Division.

The records of mouja Rajarbag were finally published on 1. 9. 1965. All land holders got enough scope at different stages of work to get the classification of land properly recorded if there were any instance of diserepancy in any case.

শ্রীনিশিকান্ত সরকার :— এই রাজারবাগ মৌজার জনসাধারণ ফাইন্যাল হওয়ার পূর্ব্বে কোন রকম দরখাস্ত মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে দিয়েছেন কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— মন্ত্রী মহাশয় অথরিটি নয়। তার নিয়ম কানুন আছে, নিয়ম কানুন অনুসারে তাদিগকে সেই সেই জায়গাতে করতে হবে।

শ্রীনিশিকান্ত সরকার :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে বাস্তুভিটা আর চারাভিটার খাজনার তারতম্য আছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— নোটিশ চাই।

শ্রীনিশিকান্ত সরকার :— যদি তারতম্য থাকে তাহলে যদি সত্যি সত্যি এটা চারা ভিটি হয় তাহলে এটা সংশোধন করা হবে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— আমি তো ল্যাণ্ডের ক্লাসিফিকেশন অনুসারে করা হয়েছে বলেছি।

শ্রীনিশিকান্ত সরকার :— আমি জানতে চাইছি যে ভিটি এবং বাড়ী এতে খাজনার কোন রকম তারতম্য আছে কিনা, যদি থাকে সেটা সংশোধন হবে কিনা ? আর একটা বিষয় আমি জানতে চেয়েছি যে ফাইন্যাল পাবলিকেশন হওয়ার পূর্ব্বেও এখানকার জনসাধারণ জরীপ বিভাগের কাছে বহু আপত্তি দিয়েছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— নোটিশ চাই।

শ্রীএরসাদ আলী চৌধুরী :— মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি যদি দেখা যায় কোন মৌজার কোন দরখাস্ত মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে দিয়ে থাকে তাহলে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় ডিপার্টমেন্টের কাছে পাঠিয়ে দিয়েছেন কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— প্রথম কথা হল তারা অথরিটিকে ইনফর্ম করতে হবে। তারা সেই প্রসিডিউর অনুসারে দিয়েছেন কিনা আমি জানি না এবং না দিয়ে থাকলে আমার কিছু করবার নেই।

শ্রীনিশিকান্ত সরকার :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এই রকম ভিটিকে যদি বাস্তুভিটিতে পরিণত করা হয়ে থাকে তাহলে তার সংশোধন করা হবে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— প্রসিডিউর মতই সব কিছু করা হবে।

Mr. Speaker :— Shri Sunil Ch. Dutta,

Shri Sunil Ch. Dutta :— Question No. 862,

Shri S. L. Singh :— Mr. Speaker, Sir, question No. 862.

প্রশ্ন

ক) ইহা কি সত্য যে কমলপুর শহর ও তদ্ সংলগ্ন ৬টি গ্রাম প্রায় প্রতি বৎসরই বন্যার জলে প্লাবিত হয় ;

খ) এই প্লাবনের ফলে শহর সংলগ্ন গ্রামগুলির জমির ফসল ও শহরের বাড়ী ঘর প্রভূত পরিমাণে বিনষ্ট হয় ;

গ) কমলপুর শহর ও গ্রামগুলি ফসলাদি রক্ষার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি ?

উত্তর

(ক) ও (খ), না। ধলাই নদীতে অস্বাভাবিক বন্যা হইলে শুধু তখনই কমলপুর শহর ও তাহার পার্শ্ববর্তী গ্রামগুলি বন্যায় আক্রান্ত হয়।

(গ) সরকারের বিবেচনাধীন আছে।

Mr. Speaker :— The Question hour is over. There are four Unstarred Question Nos. The Minister may lay on the Table of the House the reply of the Unstarred Questions.

CALLING ATTENTION

Mr. Speakar :— I have received one Calling Attention Notion from the following Member Shri Abdul Wazid on the subject of—"Motor accident in front of U. K. Academy resulting injury to a student".

I have given consent to the Motion of Shri Abdul Wazid to-day. I would request the Hon'ble Minister in-charge of the Department to make a statement. If the Hon'ble Minister is not in a position to make a statement to-day he will kindly give me a date when the Calling Attention Notice will be shown on the order paper for a statement.

Shri S. L. Singh :— Hon'ble Speaker, Sir, I want time. So I shall make a statement on the 28th March, 1968.

Mr. Speaker :— Hon'ble Minister will make a statement on the 28th March, 1968.

GOVERNMENT BUSINESS (LEGISLATION).

Consideration and Passing of the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968).

Mr. Speaker :— Next business of the House, the Appropriation (No. 2) Bill, 1968, (Bill No. 2 of 1968) is to be taken into consideration. I shall request the Hon'ble Krishnadas Bhattacharjee. Minister-in-charge

of Finance Department to move his motion for consideration of the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968).

I find the Minister is absent. Has the Chief Minister been authorised by the Finance Minister to move the motion ?

Shri S. L. Singh :— Hon'ble Speaker Sir, I beg to move that the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968) be taken into consideration at once,

Mr. Speaker :— Now the question before the House is the motion moved by the Hon'ble Chief Minister that the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968) be taken into consideration at once.

The motion is put to vote and carried.

Mr. Speaker :— cl_2 do stand part of the Bill.

As many as are of that opinion will please say Ayes.

Voice—Ayes.

As many as are of contrary opinion will please say Noes.

Mr. Speaker:— I think Ayes have it. Ayes have it, Ayes have it,

Cl_3 do stand part of the Bill.

As many as are of that opinion will please say Ayes.

Ayes.

As many as are of contrary opinion will please say Noes.

No—Voice

Mr. Speaker : — I think Ayes have it. Ayes have it, Ayes have it,

Mr. Speaker :— Schedule do stand part of the Bill.

As many as are of that opinion will please say Ayes.

Voice—Ayes.

As many as are of contrary opinion will please say Noes.

No—Voice

Mr. Speaker :— I think Ayes have it. Ayes have it, Ayes have it.

Cl I do stand part of the Bill.

As many as are of that opinion will please say Ayes.

Voice—Ayes.

As many as are of contrarv opinion will please say Noes.

No—Voice

Mr. Speaker :— I think Ayes have it. Ayes have it, Ayes have it.

The Title do stand part of the Bill.

As many as are of that opinion will please say Ayes.

Voice—Ayes.

As many as are of contrary opinion will please say Noes.

No—Voice

Mr. Speaker :— I think Ayes have it Ayes have it, Ayes have it.

Next business is the Passing of the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968). I shall request the Hon'ble Chief Minister to move his motion for passing of the Bill.

Shri S. L. Singh :— Mr. Speaker, Sir, I beg to move that the Appropriation (No. 2) Bill, 1968 (Bill No. 2 of 1968) as settled in the Assembly be passed.

The Bill is put to vote and passed.

GOVERNMENT BUSINESS (FINANCIAL)

General Discussion on Budget Estimates for 1968-69.

Mr. Speaker :— Next Business to day is the General discussion on the Budget Estimates for 1968-69.

Before the General discussion begins, I would very much like to inform the Hon'ble Members to give me their names who would like to participate in the debate, so that I shall be able to arrange a time schedule for them.

Now I shall call on Hon'ble Member Shri Aghore Deb Barma to open the discussion.

Shri Aghore Deb Barma :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বাজেট ডিসকাশনের জন্য আমি আজকে ব্যাক্তিগতভাবে তৈরী ছিলাম কিন্তু এই মুহূর্তে আমি উইকনেস ফীল করছি। আমার পক্ষে এতক্ষণ দাঁড়িয়ে বক্তৃতা দেওয়া সম্ভব হবে না। অতএব আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করছি আমি যাতে আগামীকাল ডিসকাশনের সুযোগ পাই।

Mr. Speaker :— Now I would call on Hon'ble Jatindra Kr. Mojumder to start discussion.

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে ১৯৬৮-৬৯ আর্থিক বৎসরের জন্য যে বাজেট পেশ করা হয়েছে এটাকে আমি সমর্থন করছি। কারণ এটা সমর্থনযোগ্য বাজেট। তবে কয়েকটা বিষয়ে আমি এই বাজেটের জেনারেল ডিসকাশনের সময় বলতে চাই। ত্রিপুরা রাজ্য প্রায় চারিদিক পাকিস্তান পরিবেষ্টিত কাজেই এই রাজ্যের প্রতি

সমস্ত রাজনৈতিক দল এবং জনসাধারণকে সম্পূর্ণ দৃষ্টি রাখতে হবে এবং সজাগ থাকতে হবে আমাদের সবদিকে। আমরা যদি এই রাজ্যকে সর্বাঙ্গীন সুন্দর এবং সামগ্রিক ভাবে আমরা যদি সবদিক দিয়ে এটার উন্নতি সাধন করতে হয় তাহলে আমাদের প্রথম কর্ত্তব্য হবে এই রাজ্যের যে অধিবাসী প্রায় ১৫ লক্ষের উপর সেই অধিবাসীদের সমস্ত স্তরের, সমস্ত শ্রেণীর, সমস্ত বর্ণের জনসাধারণের সার্মগ্রিক উন্নতি যাতে হয় সেই দিকে লক্ষ্য রাখা এবং সেই দিকে লক্ষ্য রেখেই এই বাজেট প্রস্তুত করা হয়েছে। বাজেটে বিভিন্ন খাতে যে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে প্রায় ২২,২৫,০০০০। টাকার মধ্যে, তাতে দেখা যায় যে, সমস্ত গুরুত্বপূর্ণ খাতের দিকে নজর রেখেই এই টাকা ধরা হয়েছে। কিন্তু আজকে কৃষি, শিল্প এই দুইটী খাতের প্রতি আমাদের বিশেষ দৃষ্টি দিতে হবে। এই জন্য দৃষ্টি দিতে হবে যে, আজকে আমাদের ত্রিপুরা রাজ্যে জনসংখ্যা বৃদ্ধির সংগে সংগে আজকে শিল্পের উপর বা কৃষির উপর যদি বিশেষভাবে দৃষ্টি না দেই, যদি আমরা কৃষির দিক দিয়ে স্বাবলম্বী হতে না পারি, শিল্পের দিক দিয়ে যদি উন্নতি লাভ না করতে পারি, তাহলে এই যে এত লোক তাদের ভবিষ্যত সম্পর্কে আমরা একটা অন্ধকারে থাকব। ওদের জন্য যদি আমরা কৃষির এবং শিল্পের জন্য অধিক টাকা ব্যয় না করি তাহলে এই সমস্ত লোক যারা কর্মী রয়েছে তারা খাবে কি? ছোট বড় মাঝারী ধরণের কৃষক তারা, তারা যদি খাদ্যোৎপাদন বৃদ্ধি না করতে পারে তাহলে যারা শহরাঞ্চলে আছে, যাদের ক্ষেত খামার নাই তারা কি খাবে? এক একর বা দু'এক কাণি জমি যার আছে তার পরিবারে যদি ৮।৯ জন লোক থাকে, তাহলে তার নিজের সংসার চালানোই দায়, তাকে বাজার থেকে কিনে খেতে হয়; তাহলে তার কিছুই উদ্ বৃত্ত হচ্ছে না। সেই জন্য বলছি আজকে আমাদের প্রথম কৃষির দিকে নজর দিতে হবে। তা যদি করতে যাই তাহলে আমাদের দেখতে হবে, কি করে ফসলের উৎপাদন বৃদ্ধি করা যায়। সেজন্য আমাদের উন্নত ধরণের সেচ ব্যবস্থা করতে হবে। ত্রিপুরার বেশীর ভাগ জায়গায়ই টিলা এবং তেছড়া। এই সমস্ত জায়গাতে যদি জল আমরা দিতে না পারি, যদি আকাশের দিকে আমাদের চেয়ে থাকতে হয়, তাহলে কৃষির উৎপাদন বৃদ্ধি হওয়ার কোন আশা নাই। আজকে ত্রিপুরার যে জনসংখ্যা বৃদ্ধির হার সেটা একটা মস্ত বড় সমস্যা হয়ে দেখা দিয়েছে সরকারের কাছে এবং জনসাধারণের কাছে। তাই ইরিগেশনের দিকে সেচের ব্যবস্থার দিকে আমাদের নজর দিতে হবে এবং অন্যান্য খাতের চেয়ে বেশী ব্যয় করতে হবে এই দুইটি খাতে। কারণ ছোট ছোট বাঁধ যেগুলি দেওয়া হয় তার লক্ষিভিটি এক বছর থাকে কিনা আমি জানি না। কারণ ছোট ছোট বাঁধ যেগুলি ২০০।৩০০ টাকায় দেওয়া হয় সেগুলি টিকে না, যার ফলে সেই টাকাগুলি নষ্ট হয়ে যায়। তাই আজকে যদি জলসেচ ব্যবস্থা ঠিকভাবে হয় তাহলে টিলা জায়গাতে, যেটা খুব উঁচু টিলা নয়, সেই সমস্ত জায়গাতেও বিভিন্ন ফসল উৎপাদন হতে পারে। যেমন আলু, চীনাবাদাম, শাক আলু এবং আরও অন্যান্য ফসল উৎপাদন হতে পারে। কিন্তু আকাশ যদি জল না দেয় তাহলে কৃষকদের বসে থাকতে হয়। আমি দেখেছি কয়েকটি টিলা জায়গাতে এত সুন্দর আলু হয়েছে, পুষ্টিও হয়েছে, কিন্তু জলের অভাবে তা শুকিয়ে গিয়েছে। কাজেই কৃষক আর আলু করতে উৎসাহ বোধ করছে না।

কারণ জলের কোন ব্যবস্থা না থাকায় পরের বার সে আর এই ফসল উৎপাদনে আগ্রহী হবে না। তাই ছোট ছোট টিলাগুলিতে আমরা কিভাবে জল দেওয়ার ব্যবস্থা করতে পারি সেইদিকে দৃষ্টি রাখতে হবে এবং সেই পরিপ্রেক্ষিতে আমাদের অর্থ ব্যয় করতে হবে। তা না হলে কৃষি উৎপাদন বৃদ্ধি হবে না। সেচ ব্যবস্থার উপর আমি জোর দিচ্ছি এই জন্য যে, সেচ ব্যবস্থার উন্নতি সাধন না হলে পরে যত রকম প্রচেষ্টাই হউক কৃষির উন্নতির জন্য সব ব্যর্থ হবে। তাইচুং ধানের উৎপাদন কোন কোন প্রজেক্টে ভাল হয়েছে, যেমন জিরানীয়া প্রজেক্টের একটা গ্রামে সরকারী সাহায্যের দ্বারা তাইচুং ধান করা হয়েছে। কিন্তু তার অবস্থা কি? ভাল গাছ হলেও যেখানে আমাদের দেশী ধানের ছড়ায় ৫টা কি ৬টা ধান থাকে সেখানে আমি নিজে দেখেছি এক একটাতে ২।৩টা ধান আছে। যদিও প্রথম দিক দিয়ে কৃষকদের মনে আশার সঞ্চার হয়েছিল তাইচুং ধান ফলাবার জন্য কিন্তু পরবর্তী সময়ে দেখা গেল তাদের সব আশা আকাঙ্খা ধুলিসাৎ হয়ে গেল। সেখানে পরিমিত পরিমাণ ফসল হয় নি। তার কারণ হচ্ছে জল নাই। শুধু পাবলিসিটি প্রপাগাণ্ডাতে জনসাধারণ ভুলবে না। সেচ ব্যবস্থা যদি সুন্দর না হয় তাহলে যতই আমরা সায়েন্টিফিক ওয়েতে ফসল ফলবার চেষ্টা করি না কেন ফসল হবে না, সেটা সকলেই জানেন।

আর একটা হচ্ছে, মাইনর ইরিগেশন থেকে ফ্লাড প্রটেকশনের জন্য যে বাঁধ দেওয়া হয়, মাঠের পর মাঠ জলে নষ্ট হয়ে যায় সেই জন্যই বাঁধ দেওয়া হয়। কিন্তু দেখা যায় বাঁধ দিতে গিয়ে স্থানীয় লীডার যারা আছেন, কালটিভেটর যারা আছেন, পঞ্চায়েত প্রধান যারা আছেন, তাদের সংগে কোনরকম যোগাযোগ না করেই বাঁধ দেওয়া হয়, তার ফলে অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায়, সেই বাঁধ দেওয়ার ফলে এক দিকের ২০০ একর জমি হয়ত রক্ষা পেল কিন্তু অন্যদিকে হয়ত ৩০০ একর জমির ফসল নাই। আমি এখানে একজাম্পল স্বরূপ বলছি যে চিচিমা নদীতে একটা বাঁধ দেওয়া হয়েছে—অন দি রাইট ব্যাঙ্ক অব চিচিমা, ৪ হাজার টাকার এস্টিমেট করা হয়েছে দেখলাম, কাজ হচ্ছে ভাল, আরও অগ্রসর করিয়ে নিয়ে যেতে হবে তাই সাপ্লিমেন্টারী বাজেটেও আরও টাকা চাওয়া হয়েছে। কিন্তু ডান দিকে যে বাঁধ দেওয়া হল তার বাঁ দিকে কি দাঁড়াল সেটা দেখা দরকার। বাঁধ দেওয়ার ফলে হয়তো একটা মাঠ রক্ষা পেল সত্য কিন্তু অন্যদিকে তার ক্ষতির পরিমাণ বেড়ে গেল। আজকে এই বন্যার জল যেখানে দুই দিকে ডিস্ট্রীবিউট হয়ে যেত এখন সেটা একদিকে যাচ্ছে তাই ঐ দিকটা বেশী এফেক্টেড হচ্ছে যে জায়গাতে বাঁধ নাই। ফলে তাই আমি বলছি পরীক্ষা করে যদি এই বাঁধগুলি দেওয়া হয় তাহলে কৃষির উপকার হবে এবং অন্যদিকে ক্ষতির কারণ হবে না। আমি তাই অনুরোধ রাখছি যে পি. ডব্লু ডি'র অফিসাররা অন্ততঃ স্থানীয় জনসাধারণ এবং বিডিও বা টেকনিক্যাল ম্যান যারা আছেন তাদের সংগে যোগাযোগ করে, সেই সমস্ত বাঁধ দেওয়ার পরিকল্পনা নিলে কৃষক এবং কৃষির আরও বেশী উপকার হবে। আরেকটা কথা হচ্ছে আমাদের এই যে কৃষক জনসাধারণ,

প্রত্যেকে চায় তার জমিতে ভাল ফসল ফলুক। কে না চায় যে তার জমিতে ভাল ফসল না হউক। ধানের এবং চাউলের যে বর্তমান বাজার সেই পরিপ্রেক্ষিতে কৃষকরা নিশ্চয়ই চেষ্টা করবে কি করে তার জমিতে ভাল ফসল ফলানো যায়। কিন্তু কথা হচ্ছে এই যে তারা অজ্ঞ। কোন জমিতে কি ফসল দিলে ফসল বেশী হবে, কি কি ফার্টিলাইজার কোন সময়ে কি পরিমাণ দিতে হয় সেই সম্বন্ধে তাদের জানা দরকার। সেই সম্বন্ধে জানতে হলে তাদের কাছে যাকে পাওয়া যায় সে হচ্ছেন ভি. এল. ডব্লু এবং ব্লকের ইন্সপেক্টার। তাই আজকে জনসাধারণের মধ্যে এই কৃষির পরিপ্রেক্ষিতে, সার'এর ব্যবহার, কোন সময় কি কি ফসল দিতে হবে এই সমস্ত কিছু জানার জন্য প্রত্যেক সারডিভিশন ওয়াইজ একজন করেও যদি ভি. এল. ডব্লু না থাকেন, দুই তিনটি সার্কল মিলে যদি একজন ভি. এল. ডব্লু দেওয়া হয়, একটা সার্কেলে হয়তো ৪/৫টি গ্রাম পঞ্চায়েত থাকে, কোন কোন গ্রাম পঞ্চায়েতে ১০ হাজার পর্যান্ত লোক থাকে তার মধ্যে ৪/৫ শত কৃষক থাকবে। তাতে এই যে এক একটি পঞ্চায়েতে ৪/৫ শত লোক ঐরকম চারটি পঞ্চায়েতে হবে ২,০০০ কৃষক, এই কৃষকের সংগে একজন ভি. এল. ডব্লু সমস্ত বিষয়ে টেকনিক্যাল দিক দিয়ে জনসাধারণকে পরামর্শ দেওয়া সম্ভব হয় না বলে আমি মনে করি। তাই আমি বলছি এই সমস্ত বিষয়ে পরামর্শ দেওয়ার জন্য, টেকনিক্যাল এ্যাডভাইস দেওয়ার জন্য, প্রত্যেক সার্কেলে একজন করে অন্ততঃ ভি. এল. ডব্লু দেওয়া দরকার। তা না হলে কৃষকরা ঠিক মত তাদের কাছ থেকে পরামর্শ বা এ্যাডভাইজ নিতে পারে না। বাস্তবিক ভি. এল. ডব্লু যে ভাবে কাজ করে আসছে এটা অত্যন্ত প্রশংসনীয় কাজ। ভি. এল. ডব্লু গ্রাম সেবক হিসাবে যদি কাজ করে তাহলে তারা সত্যই কৃষকের বন্ধু। আমরা যারা জন প্রতিনিধি আছি তাদের চেয়েও ঐ ভি. এল. ডব্লুরা কৃষকের, জনসাধারণের বন্ধু। কৃষক তাদের কাছে পায়, তাদের অভিজ্ঞতার কথা বলতে পারে, তিনি টেকনিক্যাল পরামর্শ দিলে পরে সে সেই অনুসারে কাজ করে। এই দেওয়া নেওয়ার মধ্য দিয়ে ভাবের উদ্ভব হয়। কিন্তু অনেক সময় দেখা যায় যে ভি. এল. ডব্লু হয়তো একজন কৃষককে বলে গেলেন যে এই ধান বুনবেন এই সার দেবেন ইত্যাদি। এর পরবর্ত্তি সময়ে আর ভি. এল ডব্লু'কে কোথায় পাওয়া যাবে যদি সে কাছে না থাকে। ভি. এল. ডব্লু হয়তো বলে গেল একটু গাছ বড় হলে পনের কে. জি. সার দেবেন। কিন্তু কত দিন পর পর দিতে হয় কতটুকু পরিমাণ এবং জমির অবস্থা কখন কি থাকে সেটা তারা জানেনা। পনের কে. জি. সার কৃষক তার জমিতে দিয়ে দিল। গাছ যেখানে সতেজ হয়েছে সেখানে হয়তো পনের দিন পরে না দিয়ে ত্রিশ দিন পরে দিলেই ভাল হত কিন্তু সে জানেনা তাই তার উপকারের পরিবর্ত্তে সেখানে অপকারই হচ্ছে। আমি দেখেছি যে তাইচুং'এর বীজ লাগানো হয়েছে সেখানে এক্সেসিভ ফার্টিলাইজার দেওয়া হয়েছে যার ফলে গাছের পাতা সব শেষ হয়ে গেছে, একটা পাতাও সেখানে ছিল না। এই তাইচুং বীজের ধান যখন লাগান হয় তখন আমি ইনটেনশেনালি সেখানে স্বতঃস্ফূর্তভাবে নিজে যেতাম, আমি মনে করতাম যদি এটা ভাল নয় তাহলে কৃষক সম্প্রদায়কে বলা যাবে।

এই যে ফার্টিলাইজার দেওয়া হয়েছে জনসাধারণ'এর তাতে উৎসাহ বাড়বে তাই আমি ফলনের প্রো দেখাব জন্য সেখানে যেতাম। কিন্তু শেষ পর্যন্ত দেখলাম যে জনসাধারণ যে আশা আকাঙ্খা নিয়ে এটা গ্রহণ করেছিল, তারা তাইচুং'এর ফলন করতে প্রস্তুত হয়েছিল। পরবর্তি সময়ে যদি এদের কাছে যেয়ে বলা হয় যে বিলোনীযাতে তাইচুং'এর ফলন করে এত মণ ধান হয়েছে, তাদের কাছে এই বলে চীৎকার করলেও, আমাদের কথায় তারা আর বিশ্বাস করবে না। একজন কৃষককে আমি বলেছিলাম যে আপনি তাইচুং ফলন করুন, হয় আপনি মরবেন নয়ত আপনি বেশী ফলন পাবেন। তাই সে এই রিস্ক নিয়েছিল। তার নয় কাণি জমিতে সে তাইচুং করেছিল। কিন্তু দেখা গেল অন্য বছর সে এই জমিতে যে পরিমাণ ফসল পেয়েছে তার থেকে সে ২০ মণ ধান কম পেয়েছে। আমি তখন বললাম আপনি হয়তো সেইভাবে যত্ন নেন নি। কিন্তু যত্ন নেন না বললেই তো চলবেনা। সেই মাঠে আমরা দেখলাম যে কৃষকরা পড়ে রয়েছে, দিন রাত মাঠের মধ্যে খাটছে। আর এখান থেকে একটা সার্কুলার গেল যে এতাদিন পর পর তোমরা সার দিবে। কর্মচারীরা রয়েছে, তারা বলবে আমাদের তো অর্ডার আছে এতদিন পর পর সার দিতে হবে; কিন্তু সেটাতে অনেক সময় অপকার হতে দেখা যায়। যেভাবে দেওয়ার ঠিক সেইভাবে যদি আমরা না দিতে পারি তাহলে অনেক সময় এটার রিএকশান দেখা যায়। তার ফলে কৃষক জনসাধারণ যারা আগ্রহশীল, ফার্টিলাইজার আর ইউজ করে যদি একবার কোনরকম একটা খুত দেখতে পায় তাহলে তাদিগকে এটা আবার গ্রহণ করাতে খুব বেগ পেতে হয়। ফার্টিলাইজারের যে অপকারিতা, তা দেখে অনেক কৃষক বলে যে আর সার দিব না। তারপর অনেক বলতে বলতে আবার সে ক্রমে ক্রমে সার ব্যবহার করতে সুরু করে। তাই আমি বলছি যদি ত্রিপুরার মানুষকে আমরা খাদ্যের দিক দিয়ে স্বাবলম্বী করতে চাই তাহলে কৃষির উপর নজর দিতে গিয়ে আমাদের সেচ ব্যবস্থা এবং সার ব্যবহার, ইমপ্রুভড মেথডে চাষ করবার জন্য যথেষ্ট পাবলিসিটি এবং প্রপাগাণ্ডা করা এবং কৃষি ক্ষেত্রে, মাঠে, প্রজেক্টে সরকারী কর্মচারী এবং জনসাধারণ সবাই মিলে সহযোগিতা করে কৃষককে আমাদের ক্ষেতে নামতে হবে এবং দেখতে হবে আজকে কোন্ কৃষক কি অসুবিধা ভোগ করছেন। কোন্ মাঠে জলের প্রয়োজন রয়েছে। আজকে শুধু সরকারী সংস্থার দিকে চেয়ে থাকলে চলবে না, পঞ্চায়েত আছে, তাদিগকে সবার আগে ক্ষেতে নামতে হবে। আর একটা কথা হচ্ছে যে কৃষির দিক দিয়ে নজর দিতে গিয়ে আমরা দেখেছি কোন কোন জায়গা আছে সেখানে মাইনর ইরিগেশন, লিফট ইরিগেশন করার জন্য ব্লক থেকে বহু স্কীম আসে, কিন্তু ঠিক ঠিক সময়ে কার্য্যকরী হয়না, যার দরুণ লিফট ইরিগেশনের সুবিধা থাকা সত্ত্বেও কোন কোন জায়গায় সেগুলি কার্য্যকরী না হওয়ার দরুণ আজকে জলসেচের ব্যবস্থা হচ্ছে না এবং কৃষকের মনোবল ক্রমে ক্রমে ভেঙ্গে পড়ছে। তাই আমি বলব যে অন্ততঃ যেখানে লিফট ইরিগেশন করা হয় সেই জায়গায় ডিপ টিউবওয়েল স্থাপন করে আজকে কৃষকদের কৃষিকার্য্যে উৎসাহ বাড়াতে হবে।

তারপর কথা হচ্ছে শিল্প। কৃষির দিক দিয়ে যেমন আমাদের এগিয়ে যাওয়া দরকার বিশেষ জোরের সঙ্গে, তেমনি শিল্পের দিক দিয়েও আমাদের এগিয়ে যেতে হবে। কারণ যেভাবে জনসংখ্যা বৃদ্ধি হচ্ছে, বেকারের সংখ্যা বাড়ছে, তাছাড়াও আজকে যদি আমরা আমাদের শিল্পজাত দ্রব্য বাইরের বাজারে পাঠাতে না পারি এবং শিল্পের দিক দিয়ে যদি আমরা উন্নতি লাভ না করতে পারি তাহলে এই যে জনসংখ্যা দিনের পর দিন বাড়ছে, সেই বেকারের দল ভবিষ্যতে যে অ্যান্টি সোশ্যাল এলিমেন্ট হয়ে দাঁড়াবে না একথা কে বলতে পারে। কারণ দেখা যাচ্ছে শিল্পের দিক দিয়ে আমরা যদি বিভিন্ন শিল্প স্থাপন করতে পারতাম তাহলে আমাদের রাজ্যের আয় যেমন হত বেকারদেরও কর্ম সংস্থান হত। এখানে যে যে র-মেটেরিয়ালস্ পাওয়া যায়, যেমন বাঁশ ইত্যাদি সেগুলি দিয়ে আমরা শিল্প স্থাপন করতে পারি। সেই দিকে আমাদের নজর দেওয়া উচিত। আর একটা জিনিষ হচ্ছে যে আজকে তাঁত শিল্পের উন্নতি সাধন করতে হবে। তা না হলে আজকে যে তাঁত শিল্পীরা রয়েছে যদি তাদের আমরা সাহায্য না করতে পারি তাহলে এই শিল্পও ধ্বংস হয়ে যাবে। যার ফলে আমাদের একটা সমস্যা এবং একটা বিপদ ঘনিয়ে আসতে পারে। তাই আজকে স্পিনিং মিল স্থাপনের অত্যন্ত প্রয়োজনীয়তা রয়েছে। আজকে যদি এখানে সুতা কাটা না হয় তাহলে অন্য জায়গা থেকে সুতা কিনে এনে কাজ করলে খরচ অনেক বেশী পড়ে যার ফলে তাঁত শিল্পীরা ক্ষতিগ্রস্থ হয়। তাদের কাপড়ের দাম বেশী পড়ে এবং পোষায় না। কিন্তু আসাম থেকে বা অন্যান্য জায়গা থেকে যেসব তাঁতের কাপড় আসছে সেগুলি অপেক্ষাকৃত কম দামে এখানে বিক্রী হচ্ছে। কারণ তাদের সুতা বেশী দাম দিয়ে কিনতে হয় না। আরও একটা বড় কারণ হচ্ছে বাইরের কাপড়গুলি ক্যালেণ্ডারিং করা থাকে। কিন্তু ত্রিপুরাতে কোন ক্যালেণ্ডারিং মেশিন না থাকার ফলে এখানের কাপড়গুলি ক্যালেণ্ডারিং হয় না। ফলে কাপড় ভাল হলেও দাম বেশী পাওয়া যায় না। বেশী দামের কাপড়ের চাহিদা নাই। কারন তার থেকে অনেক কম দামে বাজারে কাপড় পাওয়া যায়। কাজেই বিভিন্ন জায়গায় ত্রিপুরার কাপড়ের যে দাম হবে সেই দাম অনুসারে চাহিদা নাই। তাই শিল্পের দিক দিয়ে উন্নতিসাধন করতে হলে তাঁত শিল্পকে অগ্রাধিকার দিতে হবে। আমরা আজকে যদি তাঁতশিল্পজাত দ্রব্য বাইরের বাজারে পাঠাতে পারতাম তাহলে তাঁতশিল্পীদের আর্থিক দিক দিয়ে অনেক লাভ হত। আরেকটা কথা হচ্ছে যে কুটির শিল্প সেরিকালচার একটা আমাদের আছে। সেই সেরিকালচারটা ত্রিপুরাতে ইনট্রোডিউস করা হয়েছে বিভিন্ন জায়গায়। বিভিন্ন সাবডিভিশানে সেরিকালচার সেণ্টার রয়েছে, প্রদর্শনী কেন্দ্র রয়েছে, সেই সমস্ত প্রদর্শনী কেন্দ্র থেকে যেভাবে আজকে জনসাধারণকে মধ্যে এই সেরিকালচার, রেশম পোকা পালবার জন্য উৎসাহিত করা হচ্ছে সেটা কন্টিনিউয়াসলি চালিয়ে যাওয়া দরকার এবং তার জন্য যথেষ্ট টাকা পয়সা রাখা দরকার। আমি চিন্তা করে দেখেছি যে এই যে সেরিকালচার এটা জনসাধারণের মধ্যে ইনট্রডিউস করলে পরে, জনসাধারণ এটা যদি ব্যাপক ভাবে গ্রহন করে তাহলে তাদের অবসর সময়ে একটা সাবসিডিয়ারী ইনকাম হতে পারে। বাড়ীর আনাচে কানাচে ভেরেণ্ডা গাছ লাগিয়ে দিয়ে তারা

যদি এরা পোকা পালন করেন, তাতে এমন কিছু ক্যাপিটেল লাগে না, বেশী অর্থ ব্যয়ের দরকার হয় না। একটি কৃষক পরিবারের ছোট ছোট ছেলে মেয়ে বা বুড়ো মা বাপ যারা রয়েছেন তারা অন্য কাজ করতে পারেন না। তারা অল্প ব্যয়ে সেটা করতে পারেন এবং কোকন তৈরী করতে পারেন। বিশ্রামগঞ্জে আমাদের একটা সংস্থা আছে। সেখান থেকে সাড়ে সাত টাকা করে কে. জি. কোকন কেনা হয়। যদিও এটা অন্যান্য ষ্টেটের তুলনায় অত্যন্ত কম। আসামে আমি দেখেছি ১১ টাকা করে কে. জি, বিক্রি হয়, আমাদের এখানে হচ্ছে সাড়ে সাত টাকা। যাহাই হউক আস্তে আস্তে তার দাম বাড়তে পারে। আমি বলব যে এই সেরিকালচারের দিক দিয়ে যাতে পাবলিসিটি হয়, প্রপাগাণ্ডা হয় এবং ডেমনস্ট্রেশান করা হয় এবং জনসাধারণকে বুঝিয়ে দেওয়া হয় যে অল্প সময়েতে, বিনা পরিশ্রমে, বা সামান্য পরিশ্রমে, বিনা অর্থ ব্যয়ে কিছু টাকা মাসের শেষে আপনি পাচ্ছেন। এটা যদি সরকারী প্রচেষ্টার মাধ্যমে বুঝিয়ে দেওয়া যায় তাহলে দেখা যাবে কৃষক জনসাধারণের ছোট ছোট ছেলে মেয়ে বা বুড়ো মা বাপ যারা অন্য কোন কাজ করতে অক্ষম তারাও ২২ থেকে ৩০ টাকা পর্যান্ত রেগুলার এই পোকা রিয়ারিং করে রোজগার করতে পারেন। তাই আজকে সেরিকালচারের দিকে আমাদের জোর দিতে হবে। জোর না দিলে পর শিল্প এবং কৃষির দিক দিয়ে উন্নতি সাধন আমরা করতে পারব না। ত্রিপুরার এই যে ক্রমবর্দ্ধমান জনসংখ্যা সেই জনসংখ্যাকে যদি রক্ষা করতে হয় তাহলে কৃষি এবং শিল্প এই দুই দিকেই আমাদের নজর দিতে হবে। শিক্ষার দিকে এগিয়ে যেতে হবে এটা আমি অস্বীকার করছি না, সঙ্গে সঙ্গে কৃষি এবং শিল্পকে পশ্চাদপদ না রেখে আমরা বিশেষ জোরের সঙ্গে যদি এগিয়ে নিয়ে যেতে পারি তাহলে ত্রিপুরাবাসী সুখী এবং সমৃদ্ধশালী হবে। এই কয়টি কথা বাজেটের জেনারেল ডিসকাশনের সময় বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং এই যে বাজেট যেটা এখানে রাখা হয়েছে সেটা আমি সমর্থন করছি।

Mr. Dy. Speaker :—Now I call on Hon'ble Member Nishi Kanta Sarker.

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি অসুস্থ বোধ করছি।

Mr. Dy. Speaker :—Now I call on Shri Kshitish Ch. Das.

শ্রীক্ষিতীশ চন্দ্র দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী মহোদয় হাউসের সামনে রেখেছেন সেটা আমি পূর্ণ সমর্থন করি। তার সাথে সাথে কয়েকটি বিষয়ের উপর আমার বক্তব্য রাখছি যে আজকে ত্রিপুরার যে হারে লোকসংখ্যা বাড়ছে তাতে কৃষির উপর জোর দেওয়া উচিত। আমার পূর্ব্ববর্ত্তী বক্তা অনেক কিছু বলেছেন সেই সম্বন্ধে আমারও দুই একটি বক্তব্য আছে। কৃষির উন্নতি করতে হলে সেচের ব্যবস্থার প্রয়োজন। তবে সেই সেচের ব্যাপারে সরকার অনেক টাকা খরচ করেছেন। তাতে অনেক কাজ এগিয়েছে কিন্তু আরও অনেক কাজ বাকীও আছে। গ্রামের যে ক্ষুদ্র ক্ষুদ্র সেচগুলি সেগুলি আরও পরীক্ষা নিরীক্ষা করে দেখা উচিত। অনেক জায়গায় দেখা গেছে, আমি নিজেও দেখেছি যে একটা ছড়ায় হয়ত বাঁধ দেওয়া হয়েছে কিন্তু তার যে আউট লেট

আবার আরও ছড়িয়ে গেছে। এই কাজগুলি টাকা খরচ করে করা হলেও সেগুলি ফলপ্রসূ হচ্ছে না। অনেক জায়গায়ই অকৃতকার্য হচ্ছে। আমার মনে হয় ১০টি বাঁধ না করে, একটি বাঁধ হলেও সেটা যাতে স্থায়ী হয় এবং কার্যাকরী হয় সেদিকে লক্ষ্য রাখা উচিত। আর বিশেষভাবে কৃষির উন্নতি করতে হলে আমাদের পরিবহণ ব্যবস্থা আরও উন্নত হওয়া দরকার। তা না হলে পরে কৃষি পণ্য যেগুলি গ্রামের ভিতর থাকে সেগুলির অনেক সময় আমরা উপযুক্ত মূল্য পাই না, উপযুক্ত পরিবহন ব্যবস্থার অভাবে। তার কারণ অনেক সময় দেখা যায় যে এক স্থান থেকে অন্য স্থানে জিনিষপত্র নিয়ে যাওয়ার জন্য যথেষ্ট রাস্তা ঘাট নাই। যদিও অনেক রাস্তা ঘাট হয়েছে, হচ্ছে, তবুও আমি বলব যে রাস্তা ঘাট আরও দ্রুত হওয়া দরকার, উপযুক্ত রাস্তা ঘাট থাকলে পরে অল্প পয়সায় এক জায়গা থেকে অন্য জায়গায় কৃষি পণ্য নিয়ে যাওয়া যেত বা অন্য প্রদেশেও সেগুলি বিক্রী করা যেত। রাস্তা ঘাট না থাকায় আমরা সেই সমস্ত পণ্যের ন্যায্য মূল্য পাই না। কাজেই কৃষি পণ্যের যে অসুবিধাগুলি আছে সেগুলির দিকে আমাদের নজর দিলে পরে কৃষক অন্তত: তার কৃষি পণ্যের বিনিময়ে ঠিক মূল্য পেত এবং কৃষির প্রতি আকৃষ্ট হত। প্রত্যেক কৃষকই চায় পরিশ্রমের বিনিময়ে কিছু লাভ। লাভ না হলে, বক্তৃতা করে তাদের বুঝানোর চেষ্টা অনেক ক্ষেত্রে বিফল হবে। লাভ হলে পরে সেটা স্বত:স্ফূর্তভাবেই অগ্রসর হবে। তাইচুং ধান লাগানোর ব্যাপারে সারের ব্যবহার সম্বন্ধে, কৃষকদের অনেকের মধ্যেই সংশয় জেগেছে। অনেকেরই ধারণা যে সার ব্যবহারের ফলে ফসল ভাল হয় না। আবার যারা ভাল ফল পেয়েছে তারা বিশ্বাস করে যে সার ব্যবহার করলে পরে ভাল ফসল তারা পাবে। কাজেই সত্যিকার যদি লাভ হয়, পয়সা আসে তাহলে তারা সেটা গ্রহণ করবে। কৃষি বিভাগের কর্মচারী যারা সেই ব্লক এলাকাতে আছেন তারা কৃষকের সংগে নানাভাবে মেশার চেষ্টা যদি করেন এবং তাদের মধ্যে ঘনিষ্ট সম্পর্ক সৃষ্টি হলে পরে এই যে একটা অবিশ্বাস তাদের মধ্যে আছে সেটা আমরা দূর করতে পারব। শুধু বক্তৃতা দিলে কিছুফল হবে না। যদি একটা প্লট গ্রামে নেওয়া হয়, ডেমনস্ট্রেশান যদি সেখানে করা হয় এবং দেখান হয় যে সার ব্যবহারের ফলে বেশী ফসল হয় এবং না ব্যবহার করলে ফসল কম হয়, এবং কখন কিভাবে সার ব্যবহার করতে হয়, কৃষকদের সংগে আরও ঘনিষ্টভাবে, আন্তরিকভাবে যাতে মেলা মেশার চেষ্টা করা হয়, আমাদের পদস্থ কর্মচারী অফিসার যারা আছেন তারা যাতে সেই দিকে দৃষ্টি রাখেন এই আমার অনুরোধ।

তাছাড়া প্রত্যেক ব্লকে যে অফিসার আছে, প্রত্যেক ডিপার্টমেন্টে যে একসটেনশান অফিসার থাকে সেই একসটেনশান অফিসারদের দায়িত্ব এক এক রকমের থাকে। নানা রকমের একসটেনশান অফিসার আছে। সরকার বি, ডি. ও র উপর যে দায়িত্ব দেন সেটা তিনি ঠিকভাবে দেখতে পারেন কিনা আমার সন্দেহ আছে। তার উপর আবার একস্‌টেনশান অফিসারদের কাজ কর্ম্মের তত্বাবধান করা কতটুকু সম্ভব তা আমি জানিনা। সুতরাং সংশ্লিষ্ট ডিপার্টমেন্টগুলি নিজেরাই যেন একসটেনশান অফিসারদের কাজের তদারকী করেন।

তাহলে আমার মনে হয় ভাল হবে। যাইহোক কৃষির উন্নতি করতে হলে আমাদের কৃষকদের সারের ব্যবহার বাড়াতে হবে এবং সার দিলে ফসল ভাল হয় এটা তাদের উপলব্ধি করাতে হবে, যাতে নাকি কৃষিপণ্য বিক্রি করে তার যে ন্যায্য মূল্য সেটা সে পায় সেই দিকেও আমাদের নজর দিতে হবে। না হলে শত বক্তৃতা করেও কোন কাজ হবে না। আর বিভিন্ন সময়ে কৃষকদের নানা সেন্টারে ট্রেনিং এর জন্য পাঠাতে হয়। বেশীরভাগ ক্ষেত্রেই দেখা যায় বি, ডি, ও বা একসটেনশান অফিসারদের কতগুলি ফ্যাবরেট লোক থাকে তারাই সমস্ত কিছুতে চান্স পায়, তারা কিন্তু প্রকৃত কৃষক নয়। প্রকৃত কৃষক যারা তারা কিন্তু এস্কারসানের সুযোগই পায় না। কৃষকদের কাছে এটা ব্যাপকভাবে প্রচার হয় নাই। যদি প্রচারকার্য্য ঠিকভাবে চলে তাহলে কৃষির উৎপাদন ভাল হবে বলে আমার ধারণা। সেই দিক থেকে আমার বলার আছে যে উৎপাদন বৃদ্ধি হয় এইরকম উপায় দেখাতে পারলে কৃষকরা তাকে গ্রহণ করবেই। কোন কোন জায়গাতে তারা কৃতকার্য্য হয়েছে। আবার কোন কোন জায়গাতে তারা কৃতকার্য্য হয় নাই। বিলোনীয়াতে তাইচুংধান পার একর ১২০ মণ পর্য্যন্ত ফলেছে বলে আমরা প্রদর্শনীতে দেখেছি। কাজেই এইগুলি কৃষকদের মধ্যে বিজ্ঞান সম্মত উপায়ে যাতে প্রচার করা যায় এবং তারা যদি উপলব্ধি করে তাহলে ফল ভাল হবে বলে আমি মনে করি।

কৃষি পণ্যের পরিবহন ব্যবস্থা আরও দ্রুত করা উচিত। তার উন্নতিসাধন করা উচিত। ত্রিপুরাতে রেল লাইনের সম্প্রসারণের জন্য আমরা রিজলিউশন নিয়েছি। কাজেই আমি মনে করি যে ত্রিপুরাতে যে অবস্থা চলছে তাতে ত্রিপুরাতে রেল লাইন চালু করার জন্য চেষ্টা করা উচিত। পরিবহন ব্যবস্থা উন্নতির জন্য রাস্তাঘাটেরও উন্নতি করতে হবে। তারপর ত্রিপুরার চতুর্দিকে পাকিস্তান। বিশেষ করে এখন জম্পুইতে যেরকম গোলযোগ চলছে সেইগুলির বেশীর ভাগই বাইরের লোক উৎপাত করার চেষ্টা করছে। সেইসব অঞ্চলে দ্রুত রাস্তাঘাট না হলে লোকজন যেভাবে ভীত সন্ত্রস্ত হয়ে পড়েছে তাতে তাদের চলাফেরা করতে অসুবিধা হচ্ছে। কাজেই ধর্মনগর সাবডিভিশানের কাঞ্চনপুর তহশীল এলাকায় যাতে সত্বর রাস্তাঘাটের ব্যবস্থা করা হয় সেজন্য আমি হাউসের কাছে প্রস্তাব করছি।

তাছাড়া আজকে শিক্ষা সম্পর্কে আমার দুয়েকটা বক্তব্য হাউসের সামনে আমি রাখছি। এডুকেশন ডিপার্টমেন্টের এডুকেশন সম্পর্কে যথেষ্ট কৃতিত্ব আছে সেটা আমি অস্বীকার করিনা। কিন্তু যে ভাবে ত্রিপুরায় শিক্ষা চলছে সেই ভাবে শিক্ষা পেয়ে বেকার সমস্যা দেখা দিয়েছে। কাজেই একমাত্র সরকারী চাকুরীতেই সেই সমস্যার সমাধান সম্ভব হবে বলে আমার মনে হয় না। যারা শিক্ষিত বেকার তাদের জন্য কিছু করার উপায় নাই। তার একটা কারণ আজকের সমাজ ব্যবস্থা। আজকে একটা কৃষকের ছেলে স্কুল ফ্যাইনাল পাশ করলে বা পাশ করতে পারে নাই এমন যদি হয় তাহলে তাদের মনে এমন একটা ভাব আসে যে কৃষিকার্যে তারা যাবে না। এটা যেন সমাজে একটা নিন্দনীয় কাজ। কৃষকের ছেলে বলে পরিচয় দিতে আমরা অনেক সময় নিজেকে হেয় মনে করি। এই যে সামাজিক হীনমন্যতা

সেটা যাতে আমাদের মন থেকে দূর হয় তার ব্যবস্থা করতে হবে। আজকে কৃষিতে পয়সা বেশী আমদানী হলে পরে চাকরী হয়ত করত না। এই যে কৃষির উপর শিক্ষিত বেকাদের অবহেলা সেটা যাতে সমাজ থেকে দূর হতে পারে তার চেষ্টা করতে হবে। আজকে একটা শিক্ষিত বেকার ছেলে কোন ফার্মে বা কোন কোম্পানীতে চাকরী করতে রাজী আছে, কিন্তু বাড়ীতে থেকে কৃষিকার্য্য করতে রাজী নয়। কারণ সমাজে স্বীকৃতি নাই। তারা ভাবে লেখাপড়া শিখে আমি চাষী হব কেন? অথচ আজকে দুর্গাপুর বা অন্যান্য বড় বড় কারখানায় বা চাবাগানে কাজ করবে।

Mr. Speaker :—The House stands adjourned till 2 P. M. The member speaking will have the floor.

Mr. Speaker :—Hon'ble Member Kshitish Ch. Das may resume his speech,

শ্রীক্ষিতীশ চন্দ্র দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি কৃষি পণ্যের পরিবহনের কথা বলছিলাম। বর্ত্তমানে যেভাবে পরিবহন ব্যবস্থার নমুনা দেখা যাচ্ছে তার পরিপ্রেক্ষিতে রেলওয়ে প্রয়োজনীয় হয়ে পড়েছে। আমাদের কোন কোন জায়গায় এমন সব রাস্তা ঘাট রয়েছে যাদ্বারা মাল পরিবহন করা দূরের কথা, মানুষ পর্য্যন্ত চলাচল করতে পারেনা। আমাদের এইসব রাস্তা ঘাট যদি না হয় তাহলে কৃষিজাত যে শিল্প সেটা গড়ে উঠতে পারবেনা। আজকে ত্রিপুরায় যে ১৮।১৯ মাইল রেল লাইন হয়েছে তাতে দেখা যায় যে বেশ কিছু টাকা রেল থেকে ইনকাম হয়। কাজেই আজকে যদি ধর্মনগর থেকে সাব্রুম পর্য্যন্ত রেললাইন সম্প্রসারণ করা যায় তাহলে আমাদের রেল থেকেও আয় বাড়বে, যোগাযোগ ব্যবস্থার উন্নতি হবে এবং তার সাথে সাথে শিল্প প্রভৃতি ব্যাপারেও উন্নতি হতে পারে। তাই আমি হাউসের সামনে দাবী রাখছি যাতে সরকার সক্রিয়ভাবে যোগাযোগ ব্যবস্থায় মনোনিবেশ করেন। তাছাড়া এখানে কৃষি সম্বন্ধে অনেক কথা হয়ে গেছে, এই বিষয়ে আমার আর বিশেষ বলবার নাই। এখানে আমার শুধু এইটুকু বক্তব্য যে সরকারী কর্মচারী যারা কৃষকদের সুযোগ সুবিধা করে দেওয়ার কাজে নিয়োজিত আছেন তারা যাতে কৃষকদের সাথে ঘনিষ্টভাবে মেলামেশা করেন এবং বৈজ্ঞানিক প্রথার চিন্তা ধারা কৃষকদের মধ্যে প্রচার করেন এই আমার অনুরোধ। এই মেলামেশার মধ্য দিয়ে যতটুকু কৃষকদের অগ্রসর করিয়ে নেওয়া যাবে বক্তৃতার মাধ্যমে তা সম্ভব নয়।

আমি এখানে শিল্পের কথা বলছি যে কৃষির উপর নির্ভর করে নানারকম শিল্প যাতে গড়ে উঠতে পারে তার চেষ্টা সরকার থেকে করা দরকার। যেমন পেপার মিল, পাটজাত শিল্প ইত্যাদি যদি আরও একটু বড় ধরণের কল কারখানা করা যায় তাহলে বেকার সমস্যার কিছুটা সমাধান হবে এবং শিল্প পণ্যের দ্বারা ত্রিপুরার আয়ও বাড়বে। সেইদিকে আরও নজর দেওয়া প্রয়োজন বলে আমি মনে করি। আজকে ত্রিপুরার লোকসংখ্যা দিনের পর দিন বাড়ছে, উদ্বাস্তু আসা লেগেই আছে। উদ্বাস্তু এবং ট্রাইবেলের মধ্যে বিভিন্ন সম্প্রদায়ের লোক আছে

তাদের পেশাও ভিন্ন ভিন্ন। পূর্ব বাংলা থেকে বহু মৎস্যজীবী এখানে এসেছে, কুমার, কামার আছে, বিভিন্ন ধরণের শিল্পিও এদের মধ্যে আছে। তারা তাদের পেশা অনুসারে যাতে এখানে কাজ করতে সুযোগ পায়, সরকার থেকে তাদের একটা সার্ভে করে তাদের কত পরিবার মৎস্য-জীবী আছে, কত পরিবারে অন্যান্য সম্প্রদায় আছে ইত্যাদি বের করে যদি তাদের সরকার থেকে সেইভাবে সাহায্য করা যায়, তারজন্য আমি হাউসের মধ্যে অনুরোধ রাখব। তারপর আমি শিক্ষিত বেকারের কথাও বলছি। আমাদের অনেক ছাত্রকে টেকনিকেল ট্রেনিং দেওয়া হয়েছে, তাদের অনেকেই ট্রেনিং পাওয়ার পর বেকার বসে আছে। কাজেই এইসব দিক থেকে যে হারে বেকার সংখ্যা বাড়ছে দিনের পর দিন মানুষের জীবন ধারণের সমস্যা হয়ে দাঁড়িয়েছে, সেই বেকার সমস্যা বেশী দিন চলতে থাকলে আরও বেশী জটিলতার সৃষ্টি হবে, সেই জন্য আমি সরকারকে সেই দিকে নজর রাখার জন্য হাউসের মাধ্যমে অনুরোধ রাখছি। তারপর আমি শিক্ষার কথা বলব। শিক্ষার দিকে আমরা অনেক অগ্রসর হয়েছি। তারপর আমাদের শিক্ষা ব্যবস্থার যথেষ্ট উন্নতি হয়েছে তা সত্বেও কতগুলি অসুবিধা আমরা দেখেছি। বিভিন্ন জায়গায় অনেক প্রাইমারী, সিনিয়ার বেসিক এবং হায়ার সেকেণ্ডারী স্কুল হয়েছে, সেটা আমি অস্বীকার করি না। কিন্তু প্রাইমারী স্কুলে ছাত্রসংখ্যা যেরকম বাড়ছে তাতে সিনিয়র বেসিক যদি সেই তুলনায় বাড়ানো না হয় তাহলে ছাত্র ভর্তি, বিশেষতঃ গ্রামাঞ্চলে একটা সমস্যা হয়ে দাঁড়াবে এবং ইতিমধ্যেই সমস্যা হয়ে দাঁড়িয়েছে। বেশ কিছু সংখ্যক ছাত্র প্রাইমারী পাশ করে এবার ভর্তি হতে পারে নাই। যারা অ্যাডমিশন টেস্টে পাশ করতে পারে নাই তারা তো ভর্তি হতেই পারে না। এই ব্যবস্থা আমার কাছে খুব একটা ভাল মনে হয় না। একই সরকার পরিচালিত স্কুলে ওরা পড়াশুনা করে পরীক্ষা পাশ করে; কিন্তু যখন উপরের ক্লাসে পড়তে গিয়ে অন্য স্কুলে ভর্তি হতে হবে তখন অ্যাডমিশন টেস্ট নিয়ে তাদের ভর্তি করানো হয়। তাই যদি করতে হয় তাহলে অ্যানুয়াল পরীক্ষা না নিয়ে টেস্ট পরীক্ষা নেওয়াই তো ভাল। টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ না হওয়ার দরুণ আগের পরীক্ষাটা বাতিল হয়ে যায়। এই ব্যবস্থাটা অত্যন্ত সমালোচনা সাপেক্ষ। আমরা চাই শিক্ষার বিস্তার, তাতে যদি এইভাবে বাধার সৃষ্টি করা হয় তাহলে হয় টেস্ট পরীক্ষাটাকে ফাইন্যাল বলে গণ্য করা হোক আর না হোক টেস্ট পরীক্ষাটা উঠাইয়া দেওয়া হোক। আমি এই কথা বলতে গিয়ে এটা চাই না যে শিক্ষার মান কমে যায়। কিন্তু একটা জিনিষ আমি দেখেছি যে, যে স্কুলে সীট থাকে সেখানে টেস্ট পরীক্ষা নিতে হয় না, যেখানে সীট বেশী নেই সেখানেই শুধু টেস্ট পরীক্ষা নেওয়া হয়। এই ব্যবস্থায় অনেকের মনে ক্ষোভ আছে যে তাদের ছেলেরা স্কুলে ভর্তির সুযোগ পায় না। এইভাবে শিক্ষা বিস্তারের পরিবর্তে আমরা শিক্ষা সংকোচ করছি। শিক্ষা বিভাগে অনেক চিন্তাশীল লোক আছেন। আশা করি তারা এই ব্যাপারে ভেবে দেখবেন। আমার কাছে রিপোর্ট এসেছে যে একটা ছেলে গত বৎসর হায়ার সেকেণ্ডারী স্কুলে ভর্তি হতে পারে নাই। সে এক সাবজেক্টে ফেল করেছে। এবারও সে ভর্তি হতে পারে নাই। এই ব্যবস্থার জন্য অশিক্ষিত

পরিবারগুলিতে হতাশার সৃষ্টি হয়েছে। আশা করি সরকার এই ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন।

তাছাড়া স্বাস্থ্য বিভাগে যে টাকা বরাদ্দ করা হয়েছে সেটা যদিও আমি সমর্থন করে যাচ্ছি তবুও এ ব্যাপারে আমার কিছু বক্তব্য আছে। স্বাস্থ্য বিভাগ মানুষকে কতগুলি রোগ থেকে মুক্ত করেছে একথা ঠিক। ম্যালেরিয়া থেকে মুক্ত হয়েছে, বসন্ত থেকে মুক্ত হতে যাচ্ছে। কিন্তু আরও কতগুলি রোগ আমাদের মধ্যে ব্যাপকভাবে বিস্তার লাভ করেছেন, যেমটি টি, বি, এবং লেপ্রোসি। আমার মনে হয় যে একটা সার্ভে করলে বোঝা যাবে যে সারা ত্রিপুরাতে কত লেপ্রোসী রোগী আছে। টি. বি, এবং লেপ্রোসী লোকের মধ্যে মারাত্মকভাবে বিস্তার লাভ করছে। সেই দিকে নজর দিয়ে লেপ্রোসীর একটা সার্ভে ত্রিপুরাতে করা দরকার বলে আমি মনে করি। সার্ভে করলেই বোঝা যাবে যে ত্রিপুরাতে লেপ্রোসীর সংখ্যা কত এবং টি, বি,র সংখ্যা কত। সুতরাং এই দুটি রোগের জন্য অর্থের বরাদ্দ কিছু বেশী করা প্রয়োজন বলে আমি মনে করি। আর বসন্ত নির্মূলের ব্যাপারে যে টিকা দেওয়ার দরকার তা গ্রাম দেশে ভালভাবে হতে পারছেনা। কারণ টীকা দেওয়ার জন্য যে প্রচার দরকার সেই জন্য প্রচার দপ্তরের গাড়ী ভাল রাস্তাঘাট না থাকার দরুণ যেতে পারছে না। সুতরাং লোকেরা টিকা নেওয়ার উপকারিতা বুঝতে পারছে না এবং টিকা নেওয়ার সময় তারা ভয় পায়। সেজন্য আমার অনুরোধ এই ব্যাপারে প্রচার করার ব্যবস্থা ভালভাবে করা উচিত। আমাদের সাবডিভিশনগুলিতে মুমূর্ষ রোগীকে অ্যাম্বুলেন্সে আনার ব্যবস্থা আছে। কিন্তু হাসপাতাল বা প্রাইমারী হেলথ সেন্টারগুলিতে সীটের সংখ্যা বাড়ানো উচিত। আর প্রাইমারী হেলথ সেন্টারগুলিতে রোগীর মলমূত্র পরীক্ষার জন্য কোন মাইক্রোস্কোপের ব্যবস্থা নেই। সেখানে যাতে মাইক্রোস্কোপের ব্যবস্থা করা হয় সেজন্য সরকারকে অনুরোধ করছি।

আর ট্রাইবেল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টে যে রকমভাবে কাজ করা হয় তাতে ট্রাইবেল ওয়েলফেয়ার সুপারভাইজরগণ মনে করেন যে তারা শুধু ট্রাইবেলদের কল্যাণের জন্যই কাজ করবেন। সিডিউল্ড কাষ্টের জন্য কিছুই করার নাই। এইভাবটা সরকারী কর্মচারীদের মন থেকে দূর করা উচিত। আমার মনে হয় এখন যেরকম নাকি ট্রাইবেল ওয়েলফেয়ার চলছে বা ট্রাইবেল বা সিডিউল্ড কাষ্টের মধ্যে যে পুনর্বাসন চলছে সেগুলি সার্ভে করা দরকার। সার্ভে হলে পরে কোন কোন সাব-ডিভিশনে কি রকম জায়গা আছে, খাস জায়গা আছে কি না, থাকলে, খাস জায়গাগুলি ট্রাকটার দিয়ে আগে সমান করার ব্যবস্থা করে তারপর বাড়ীঘর, রাস্তাঘাট করে কিভাবে কলোনী করা যাবে, কোথায় শিক্ষার ব্যবস্থা হবে, কোথায় চিকিৎসার ব্যবস্থা হবে ইত্যাদি দেখে, একটা প্ল্যানড্ ওয়েতে তাদের পুনর্বাসন দেওয়া দরকার। ট্রাইবেলরা চাষবাসে অভ্যস্ত নয়, জুম চাষ থেকে চাষবাসে আসতে গেলে পরে তাদের মধ্যে প্রচুর প্রচারের দরকার এবং প্রচারের মাধ্যমে আস্তে আস্তে যদি তাদের অভ্যস্ত করা যায় তাহলে

আমার মনে হয় তারা কলোনীতে স্থায়ীভাবে বসবাস করতে পারবে। এইদিকে ট্রাইবেল ওয়েল ফেয়ার ডিপার্টমেন্টের যিনি মন্ত্রী তার কাছে আমি অনুরোধ রাখছি যাতে প্ল্যানড্ ওয়েতে কলোনীর কাজ করা হয়। আজকে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি।

Mr. Speaker :—To-day the debate on the Budget is over. Next item in the List of Business is Private Member's Resolution. I would call on Shri Aghore Deb Barma to move his resolution that—This Assembly is of opinion that the Tripura Land Revenue and Land Reforms Act be amended immediately and specially in order to prevent any alienation of land from Tribal to non-tribal. Section 187 of T. L. R. and L. R. Act be amended so that only with prior approval of the Committee consisting of the Tribal Members of Tripura Legislative Assembly the Collector would give permission for any transfer of land by tribals to non-tribals The Central Government be requested to provide such amendment.

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার resolutionটি আমি এই হাউসের সামনে পড়ছি।

This Assembly is of opinion that—The Tripura Land Revenue and Land Reforms Act be amended immediately and specially in order to prevent any alienation of land from Tribal to non-Tribal. Section 187 of T. L R. & L. R. Act be amended so that only with prior approval of the Committee consisting of the Tribal Members of the Tripura Legislative Assembly the Collector would give permission for any transfer of land by the Tribals to non-Tribals The Central Government be requested to provide such amendment. এই হচ্ছে আমার প্রস্তাব।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইতিপূর্বে এই বিষয় বস্তু সম্পর্কে এই হাউসে অনেকবার আলাপ আলোচনা হয়েছে এবং এটাতো স্বীকার্য্য যে Indian Constitutionএর মধ্যে উপজাতিদের সম্পত্তি রক্ষার জন্য safeguard দেওয়া আছে। এবং ত্রিপুরা ল্যাণ্ড রিফরমস্ এ্যাক্টএর মধ্যেও ১৮৭ ধারাটিতে সেই ব্যবস্থা আছে। তার উদ্দেশ্য হলো Protection of tribal Land.

অর্থাৎ এই রাজ্যের মধ্যে উপজাতীরা অনগ্রসর ও পশ্চাৎপদ জাতি। সমাজের অন্যান্য মানুষ থেকে তারা দুর্বল ও বুদ্ধি বিবেচনা রহিত। কাজেই ভারতবর্ষের constitutionএর মধ্যে যে সমস্ত safeguard আছে ঠিক সেইগুলিই আজকে Land Reforms Actএর মধ্যে ও রাখা হয়েছে। উদ্দেশ্য হলো উপজাতীদের ভূমি রক্ষা করা। সকলেই স্বীকার করবেন সেটা সরকারী হউক, বেসরকারীই হউক, বর্ত্তমানে যে অবস্থার মধ্যে আমরা দেখছি সেই আইনগুলির রক্ষা কবচগুলি থাকা সত্বেও ত্রিপুরার উপজাতাদের Land রক্ষা করা হচ্ছে না। জোর কদমে আজকে Landগুলি Transfer হয়ে যাচ্ছে। হয়তো আজকে যারা রাজ্যসরকার পরিচালনা করেন তারা বলতে পারেন যে, তারা কেন জমি বিক্রি করেন, না করলেই তো পারেন। একথা বলা সহজ কিন্তু একটা কথা ঠিক যেহেতু আজকে ভারতবর্ষের সংবিধানের যারা রচয়িতা তারা স্বীকার করে নিয়েছেন যে ভারতবর্ষের মধ্যে মাত্র একটা অংশ Backward sideএ আছে, তাদেরকে রক্ষা করতে হবে। এই পরিপ্রেক্ষিতেই এই আইনগুলি ভারতবর্ষের constitutionএ স্থান পেযেছে। আজকে আমরা কি দেখতে পাই ? যেহেতু তারা Backward সেজন্য তারা জমি বিক্রী করবেই। Tribal Advisory Committeeর meetingএর মধ্যে একজন Minister বলে উঠলেন যে, হ্যাঁ তাদের তো বিয়ে সাদি করতে হবে, ছেলে মেয়ে পড়াতে হবে, কাজেই জমি তো বিক্রি করতেই হবে। এমন কথাও আমি শুনেছি। অর্থাৎ কি করে Tribalদের জমি থেকে উচ্ছেদ করতে হবে সেই ইচ্ছা ruling partyর প্রবল। কাজেই আইনের ধারা উপধারা থাকা সত্বেও আইনের যে মূল উদ্দেশ্য তা কার্যে পরিণত হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে ধর্মনগর থেকে সাব্রুম পর্যান্ত যদি আমরা দেখি তাহলে দেখব যে হাজার হাজার উপজাতা এই আইনগুলি থাকা সত্বেও জমি থেকে উচ্ছেদ হয়ে যাচ্ছে। রাজ্য সরকার আজকে যেন নিরপেক্ষভাবে তাকিয়ে আছেন। ১৮৭ ধারাটিকে Implement করা দরকার। অর্থাৎ ভারতবর্ষের Constitutionএর যে মূল লক্ষ্য বা Land Reforms Actএর যে ল লক্ষ্য, যে উদ্দেশ্য দিয়ে এই ধারাটিকে এখানে রাখা হয়েছে তা কার্যে পরিণত করার কোন লক্ষ্য তাদের নেই। অতএব আজকে Houseএর কাছে এই প্রস্তাব আনতে আমি বাধ্য হয়েছি। আজকে উপজাতীদের মধ্যে যারা নির্ব্বাচিত প্রতিনিধি তাদেরকে এই দায় দায়িত্ব দেওয়া হউক। তাদেরকে নিয়ে committee গঠন করা হউক এবং D. M. Permission দেওয়ার আগে কোন কোন Landএর Permission দেওয়া যাবে না এগুলির বিচার বিবেচনার জন্য committeeর মেম্বারদের উপর দায় দায়ীত্ব দিয়ে দেওয়া হউক। তাদের বিচার বিবেচনার পর যে জমিটা বিক্রির যোগ্য বলে বিবেচিত হবে তা বিক্রির জন্য Permission দেওয়া হবে। অর্থাৎ এই আইন রক্ষা করার জন্য ত্রিপুরার মধ্যে এই Committee হওয়া দরকার। কারণ বর্ত্তমানে আইনের যে ধারা উপধারা আছে, আমি অস্বীকার করছি না যে ৮৭ নং ধারা ছাড়া ও আরো ধারা এই আইনে আছে। আমি সে সব আলোচনা করছি না। আমার বক্তব্য শুধু ১৮৭ ধারাটিতে। কাজেই যদি এই আইনের মূল উদ্দেশ্য রক্ষা করতে হয় তাহলে immediately—Those who

are Tribal members of the Assembly তাদের নিয়ে একটা committee গঠন করা দরকার। অতএব এই প্রস্তাব আমি Houseএর সামনে রাখছি।

Mr. Speaker :—There is an amendment to this resolution Proposed by Shri Radhika Rn. Gupta and Seconded by Shri Suresh Ch. Chowdhury. I would now call on Shri Radhika Rn. Gupta to move his amendment.

Shri Radhika Ranjan Gupta : - Mr. Speaker Sir, মাননীয় সদস্য শ্রীঅঘোর বাবু যে প্রস্তাব এনেছেন আমি তার সংশোধন আনছি। "please delete the portion—'So that only with prior aproval of the committe consisting of the tribal members of the Tripura Legislative Assembly" and substiture the same by the wordings—'in such a way that with prior approval of the tribal Advisory Committee or a Committee set up for the purpose,'

The resolution after amendment is as follows :—This Assembly is of opinion that the Tripura Land Revenue and Land Reforms Act be amended immediately and specially in order to Prevent any altenation of land from Tribal to non-tribal. Section 187 of T. L. R. and L. R. Act be amended in such a way that with prior approval of the Tribal Advisory Commiitee or a Committee set up for the purpose, the Collector would give Permission for any transfer of land by the Tribals to non-tribals. The Central Government be requested to provide such amendment.

মাননীয় সদস্য যে প্রস্তাব এখানে এনেছেন তার অন্তর্নিহিত যে উদ্দেশ্য সে সম্পর্কে আমি একমত। কারণ আমাদের যে সংবিধান সে সংবিধানে বিশেষ করে তপশীলি উপজাতীর জমির উপর যে অধিকার সেই অধিকারকে রক্ষা করার জন্য সেখানে ব্যবস্থা আছে এবং আজকে ত্রিপুরাতে সেই Land Revenue and Land Reforms Act ১৮৭ ধারা মতে Tribal এর জমি বিক্রি করতে District Magistrate এর permission এর ব্যবস্থা রাখা হয়েছে। আমি জানি সম্ভবত: ১৯৫৫ সাল থেকে এই ত্রিপুরা রাজ্যে Chief Commissioner এর একটা আদেশ ছিল যে Tribal এর জমি যদি non-Tribal এর কাছে বিক্রি করতে হয় তাহলে D. M. এর অনুমতি লাভ করতে হবে। তার কারণ হচ্ছে এই যে আজকের এই সরকার বিশ্বাস করে যে যারা অনুন্নত সম্প্রদায় বিশেষ করে তপশীলি উপজাতি, জমিতে তাদের যাতে স্বার্থ সংরক্ষণ করা যায় তার জন্য একটা আইনগত ব্যবস্থা রাখা দরকার এবং তারজন্য Land Reforms Act এর আগেই এই ব্যবস্থা ছিল।

কিন্তু বাস্তব সমস্যা আজকে তা নয়। আমরা জানি ত্রিপুরার অনেক জায়গায় আদিবাসীরা জিলা শাসকের অনুমতি ছাড়াই বিনা রেজেষ্টারীতে তাদের জমি হস্তান্তর করছেন। আমি এও জানি এই জমি হস্তান্তরের পেছনে ত্রিপুরার একটি রাজনৈতিক দলের স্বার্থ প্রণোদিত উদ্দেশ্য নিহিত আছে। ১৯৫৬-৫৭ সালে আমরা কৈলাসহরের জমিনছড়াতে আদিবাসীদের পুনর্বাসনের ব্যবস্থা করি এবং সেখানে ৫৭টি নোয়াতিয়া আদিবাসীদের পুনর্বাসনের ব্যবস্থা

করা হয়— সরকার থেকে তাদের এই পুনর্বাসনের জন্য ৫০০ টাকা করে সাহায্য দেওয়া হয়। তখনও আমরা দেখলাম সেই সমাজদ্রোহী কমিউনিষ্ট পার্টীর লোক প্রচার সুরু করল যে তোমরা এই জমি বিক্রী করে দাও তোমরা আবার পুনর্বাসন পাবে। তাদের প্ররোচনায় তারা সেই জমি হস্তান্তর করতে সুরু করেন এবং সেই জমি তারা বিক্রি করতে আরম্ভ করলেন। আমি জানি মাননীয় সদস্য অঘোর বাবুর লোক বিশ্রামগঞ্জ, রাণীর বাজার. চড়িলাম, থেকে এসে সেই জমি কিনাতে আরম্ভ করলেন এবং যেখানে ১৯৫৭ সালে নোয়াতিয়া ছাড়া অন্য কোন সম্প্রদায়ের লোক ছিলনা সেখানে আজ শতকরা ১০ জনও নোয়াতিয়া পরিবার আছে কিনা সন্দেহ। তার জায়গা দখল করেছে এই তথাকথিত লোকেরা যারা আজ Communism এর নামে প্রচার চালাচ্ছেন।

মৈনাব মা এলাকায় আজকে শতকরা ৭০ জন হল তাদের লোক। রেজেস্টারী হচ্ছে না D. M. এর Permission নিচ্ছে না, যেভাবে হউক Stamp এর উপর সই করে তারা জমি হস্তান্তর করছেন এবং অপেক্ষাকৃত দুর্বল আদিবাসী সম্প্রদায়ের বিশেষ করে নোয়াতিয়া রিয়াং ও অন্যান্য সম্প্রদায়ের জমি তারা কুক্ষিগত করছেন। খাসের জমি যারা দখল করে আছেন তাদেরকে টাকার লোভ দেখিয়ে সেই জমি তারা দখল করছেন। কাজেই শুধু জেলা শাসকের অনুমতি ছাড়া জমি হস্তান্তর করা চলবেনা, তার জন্য একটা Committee গঠন করা দরকার। এই সম্পর্কে আমি একমত। আদিবাসীদের এই সমস্যা যদি দূর করতে হয় তাহলে আমি অনুরোধ করব মাননীয় অঘোর বাবুকে যে তারা ত্রিপুরাতে এই যে কাজগুলি করছেন তা যেন অবিলম্বে বন্ধ করেন এবং তাদের এই যে নীতি, জমি হস্তান্তর করা তা যেন তারা বন্ধ করেন। কাজেই আমি house কে অনুরোধ করব তারা যেন আমার এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করেন।

Mr. Speaker .— I would now call on Shri Suresh Ch. Chowdhury.

Shri Suresh Ch. Chowdhury :—মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় সদস্য শ্রী রাধিকারঞ্জন গুপ্ত মহাশয় যে সংশোধনী প্রস্তাব House এ উত্থাপন করেছেন তা আমি সমর্থন করি। এই সমর্থনের পরিপ্রেক্ষিতে আমার বলার কিছু প্রয়োজনীয়তা আছে। ত্রিপুরায় অঘোর বাবু যে প্রস্তাব এনেছেন সত্যিই তার প্রয়োজনীয়তা আছে। ত্রিপুরার যে সব গরীব ভূমিহীন জুমিয়া পুনর্বাসনের দ্বারা জমি লাভ করেছে তাদের জমির প্রতি সত্যিকারের মায়া জন্মায়নি। ভূমিকে তারা যথেচ্ছভাবে ব্যবহার করে। জমি পাওয়ার পরে তারা তা আবাদ করে না এবং সামান্য অর্থের লোভে অন্য আদিবাসী বা অনাদিবাসী লোকের কাছে জমি বিক্রি করে দেয়। আমি বিলোনীয়ার কয়েকটি জায়গায় ও দেখেছি যে জমি পাওয়ার পূর্বেই তারা সেই জমি বিক্রি করার জন্য বন্দোবস্ত করেছে। কারণ তারা জুম চাষ করতে অভ্যস্ত। তারা সমতল ভূমিতে চাষ আবাদ করতে অভ্যস্ত নয় বলেই জমি বিক্রি করে দেয়। প্রায় সমস্ত মোজায় তারা তাদের জমি বিক্রি করে দিয়ে অন্যত্র চলে গেছে।

এই Settlement এর দৌলতে এবার তাদের জমি জোত হয়েছে এবং জোত হওয়ার ফলে তাদের জমি বিক্রি করা তাদের সুবিধা হয়েছে। আজকে Permission এর যে ব্যবস্থা তা বহু পূর্ব্ব থেকেই ছিল। এই Permission এর কোন বালাই না রেখে বা কবলার উপর কোন গুরুত্ব না রেখে যা পায় তা দিয়েই জমি হস্তান্তর করে। মাননীয় সদস্য রাধিকা বাবু যে বললেন যে একদল সমাজবিরোধী দলের কার্য্যকলাপে এটা আরও বৃদ্ধি পেয়েছে, ইহা অতি সত্য কথা। জোলাই বাড়ীর দক্ষিণ অঞ্চলে মধ্য পিলাক কলোনীতে যে সব লোক পুনর্বাসন পেয়েছে তাতে কতিপয় আদিবাসী কমিউনিষ্ট কর্ম্মী কলোনীতে ঢুকে জমির লোভ তাদের হয়েছে এবং কি করে এই জমি আদিবাসীদের কাছ থেকে হস্তান্তর করা যায় সেই চেষ্টা চলছে এবং তার ফলে কতিপয় কমিউনিষ্ট পার্টীর লোক সেখানে জমির মালিক হয়েছে। এবং সেই মৌজাতে বর্ত্তমানে সম্যকভাবে আদিবাসীদের সমস্ত জমি হস্তান্তর হয়ে গেছে। আর একটি কথা হচ্ছে কিছুদিন আগে বিলোনীয়ার পশ্চিম পাহাড়ে আদিবাসীদের যখন পুনর্ব্বাসন দেওয়া আরম্ভ হয়েছে তখন রাইবসারা এলাকায় যেসব আদিবাসীরা পুনর্ব্বসতি পেয়েছিল তারা সকলেই সেই সমস্ত জমি বিক্রি করে পশ্চিম পাহাড়ে চলে গেছে। নূতন করে পুনর্ব্বসতি নিয়েছে। এমন কি জোতদার, একদ্রোণ, দেড়দ্রোণ জমির মালিক যারা তারাও ঐ সমস্ত জমি বিক্রি করে পশ্চিম পাহাড়ে পুনর্ব্বসতি নেওয়ার চেষ্টা নিয়েছে এবং অনেকেই ৫ কাণি করে জমি ও ৫০০ টাকা পেয়েছে। আসলে তারা জমির জন্য যায়নি। তারা গিয়েছে টাকার জন্য। এখন আবার দেখা যায় পশ্চিম পাহাড়ে শতকরা ৫জনও নেই। তারা জমি বিক্রি করে চলে গেছে। আবার অন্যত্র গিয়ে পুনর্ব্বাসন নেওয়ার চেষ্টা করবে। আবার ৫০০ টাকা পাবে, জমি পাবে। এভাবে তারা ঘুরে ঘুরে বেড়াচ্ছে। আইনের ধারা যদি আরো কঠিনও হয় তাহলেও তাদের এই জমি বিক্রি বন্ধ করা যাবে না বলে আমি মনে করি। যদি অন্যভাবে অন্য দৃষ্টিতে কোন কিছু না করা যায়। আদিবাসীদের সমাজবদ্ধভাবে বাস করাতে হবে। আদিবাসীদের মধ্যে সংগঠনমূলক কার্য্যের ভিতর দিয়ে জমির মায়া জন্মাতে হবে। জমি আবাদ করে জমি থেকে উৎপাদন করে যাতে তারা বাঁচতে পারে— সেই ব্যবস্থা যতক্ষণ পর্য্যন্ত না করা যাবে ততক্ষণ পর্য্যন্ত এই জমি হস্তান্তর বন্ধ করতে হবে। কারণ সেখানে বাঙ্গালীরা আইনের বাধা থাকায় জমি কিনতে পারেনা। সেখানে আদিবাসীদের নামে জমি বিক্রি হয়। আবার এটাও দেখা যাচ্ছে যে বিনা কবলায় সাদা কাগজে জমি হস্তান্তর হচ্ছে। যদি তারা জমি রাখার জন্য চেষ্টা না করেন তা হলে আইন করেও তাদের জমি হস্তান্তর বন্ধ রাখা যাবে না। সেদিক থেকে আমি বলছি আদিবাসীদের ভেতর এখন চেতনার সৃষ্টি করতে হবে যাতে তারা জমির প্রতি আকৃষ্ট হয় এবং জমির ফসলের দ্বারা জীবিকা নির্ব্বাহ করার জন্য আগ্রহী হয়।

একথা বলতে গিয়ে আমি আর একটা কথার উল্লেখ করব। সেটা হচ্ছে আদিবাসীদের মধ্যে যে দাদনের প্রথা বর্ত্তমানে চালু আছে তা বন্ধ করতে হবে এবং কো-অপারেটীভ বা সরকারের মাধ্যমে তাদিগকে সময়মত ঋণ দেওয়ার ব্যবস্থা করতে হবে।

কথা হচ্ছে যে, গরীব আদিবাসী চাষীরা যেন জমি হস্তান্তর করতে না পারে তার জন্য আইনটীকে আরও কঠোর করা প্রয়োজন। দরিদ্র আদিবাসীদের কথা বললাম এই জন্যে যে ধনী আদিবাসীদের, জোতদার আদিবাসীদের জমি তো কমছে না বরং বাড়ছে। যারা ৫।৭ কানি জমির মালিক তাদের জোতের এই সমস্যা দেখা দিয়েছে। তাদের হাত থেকেই জমি হাতছাড়া হয়ে যাচ্ছে। তাই আমি বলছি যে এই আইনের ১৮৭ ধারা সংশোধন করে এমন একটী ধারার সংযোজন করা দরকার যাতে ঐসব দরিদ্র আদিবাসীরা জমি হস্তান্তর করতে না পারে। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Now Shri Deb Barma may give his reply to the debate.

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার মূল প্রস্তাবের উপর যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে, যিনি mover, যিনি সমর্থন করেছেন তাদিগকে আমি ধন্যবাদ দেব এই কারণে যে, আজকে যে সমস্যা তার বাস্তব দিকটা তারা উপলব্ধি করতে পেরেছেন। তার জন্যেই আমার প্রস্তাবটা তারা সমর্থন করেছেন। তবে resolutionএ আমার বক্তব্যটা পরিস্কারভাবে বলে দিয়েছি। সেটা এই amendmentএর ফলে ঢাকা পড়েছে। আমি পরিস্কার ভাবে বলেছি এই প্রস্তাবে যে committee consisting of the Tribal Members of Tripura Legislative Assembly ওনারা এই কথাটা উঠিয়ে দেওয়ার পক্ষপাতী। কথা হলো যে, আজকে সমগ্র উপজাতীয়দের মধ্যে frustration দেখা দিয়েছে। তারা এক জায়গা থেকে অন্য জায়গায় জমি বিক্রি করে চলে যাওয়ার অনেক চেষ্টা করছে এটা অস্বীকার করার কোন কারন নাই। দূরে গিয়েও যে তারা সুখে শান্তিতে বসবাস করবে সে আশাও তারা ছেড়ে দিয়েছে। শুধু চেষ্টা করে একটু ঘোরাফিরা করা। কাজেই ট্রাইবেল মেম্বার যারা, যারা তাদের দ্বারা নির্বাচিত, আজকে সেই ভারটা তাদের উপর দেওয়া উচিত। যাতে তাদের একটা confidence আসে এই সমাজে তাদের নিরাপত্তা ও সমৃদ্ধির ব্যাপারে। সেই জন্যই আমি বলেছি যে, committee consisting of tribal Members of this Assembly যেভাবে এদিকে amendment করার প্রস্তাব করা হয়েছে তাতে একথাটা একেবারে বাদ দিয়ে দেওয়া হয়েছে। ট্রাইবেল মেম্বারদের মধ্যে কংগ্রেস সংখ্যাগরিষ্ঠ। কংগ্রেসী ট্রাইবেল মেম্বারদের তো তারা অবিশ্বাস করতে পারেন না। যদি কোন বিষয় এই কমিটির মাধ্যমে তারা পাশ করাতে চান তা হলে কংগ্রেস ট্রাইবেল মেম্বার, যারা মেজরিটী, তাদের দ্বারাই পাশ করিয়ে নিতে পারবেন;

সংশোধনী প্রস্তাব রাখতে গিয়ে মাননীয় সদস্য রাধিকাবাবু বলেছেন যে, মনু এলাকার মধ্যে, ধুমাছড়া, মৈনাবমা এলাকার মধ্যে আপনার অর্থাৎ আমার শ্রীঅঘোর দেববর্ম্মার বহু আত্মীয় স্বজন বন্ধু বান্ধব গিয়ে সমস্ত নোয়াতিয়াদের জমি দখল করছে। এই প্রস্তাবের মধ্যে এ প্রসঙ্গ আসতেই পারেনা যে ত্রিপুরী সম্প্রদায় নোয়াতিয়াদের জমি কিনতে পারবে না। কারণ যারা ত্রিপুরী তারাও ট্রাইবেল। ট্রাইবেলরা ট্রাইবেলের জমি কিনতে পারবেনা এমন কোন্

কথা তো এই প্রস্তাবে নাই। আজকে বিরোধীদলের সদস্য যেহেতু প্রস্তাব এনেছেন কাজেই একচোট গালি গালাজ করে মনের ঝাল মিটাতে হবে' তাই এসব অবান্তর কথা বলেছেন।

(Noise from Congress bench.)

রুলিং পার্টির এটা বরাবরের স্বভাব। তারা যদিও করতে পারেন, তবুও করবেন না। ইচ্ছা থাকলেও করবেন না। যত দোষ নন্দ ঘোষ—সব দোষ কমিউনিষ্টদের ঘাড়ে চাপিয়ে দাও। আইনের implementation কোন দিনই তারা করবেন না। যত দোষ কমিউনিষ্টদের। আমি জিজ্ঞাসা করি মৈনারমা, খৈনারমা ইত্যাদি এলাকাতে যে সব non-tribal, tribal দের জমি দখল করেছে বে-আইনিভাবে সেগুলো কি কমিউনিষ্টরা করেছে? এই Counter প্রশ্নটা যদি আমি করি তাহলে তার কি উত্তর থাকবে? থাকবে না জানি। নিজেদের সমস্ত ব্যর্থতা কমিউনিষ্টদের ঘাড়ে চাপিয়ে দেওয়াটাই হলো রুলিং পার্টির বরাবরের স্বভাব। ফলে আস্তে আস্তে উপজাতিরা আজ নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে।

আর একটা কথা হলো যে, তার সংশোধনী প্রস্তাবটার আমি প্রশংসাও করেছি এই জন্য যে তিনি এই প্রস্তাবের বাস্তব দিকটা উপলব্ধি করতে পেরেছেন। কিন্তু তার কথাটা অনেকটা বিড়াল তপস্বীর কথার মতো শোনা গেল; আজকে ত্রিপুরার যে সমস্ত ট্রাইবেলদের জমি non-tribal দের নিকট হস্তান্তরিত হয়েছে সেগুলো কমিউনিষ্টরা করেছেন বলে তিনি অভিযোগ করেছেন। তাই আমি আজ বলতে বাধ্য হচ্ছি, সকলেই জানেন বিলোনীয়ায়, দেবতামুড়া একটা ট্রাইবেল কলোনী আছে। ওনার Constituency তে জোলাইবাড়ীর কাছে একটা Tribal Conlony আছে। সেখানকার Tribal Supervisor কালী কুমার রিয়াং চৌধুরী। এই ভদ্রলোক, এই মাননীয় সদস্য মহোদয় সেই Supervisor কে সেখান থেকে transfer করার জন্য বহু দরবার বহু দিন যাবত করে আসছেন। আমার জানা আছে। তারপর ঘটনা কি হলো? যে দিন ঘটনাটা হলো, তার আগের দিন অর্থাৎ বৃহস্পতিবার উনি স্কুল মাঠের এক কোনার মধ্যে মিটিং করছিলেন। মিটিং করে আসার পর.........

Noise

Please Wait. আপনার যদি বলার থাকে কিছু পরে বলবেন—তারপরে উনি group meeting করে মোটামুটি একটা কিছু করে আগরতলায় চলে আসেন। তার পরদিন সেই কালী কুমার চৌধুরীকে কতগুলো গুণ্ডা তার রেসিডেন্স থেকে টেনে নিয়ে বাইরে এসে তাকে খুন করল। এই ঘটনাটা সেই এলাকার সকলেই জানেন। তারপর তাঁর স্ত্রী বহু সাক্ষ্য প্রমাণ দেওয়ার পরেও কাউকে এরেষ্ট করা হলো না। Case টা হ্যাণ্ড আপ করে দেওয়া হলো। তার অপরাধ হলো—সেখানকার ট্রাইবেল কলোনীর যে সব জমি নন্ ট্রাইবেলরা জোর করে encroach করছিল, সেগুলি বাধা দেওয়ার চেষ্টা সে sincerly করছিল। এই হচ্ছে তার অপরাধ।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে দুঃখের কথা বলে কোন লাভ নেই। কারণ বলেও কোন কাজ হয় না। আর আজকে তিনি বিড়াল তপস্বী সেজে এখানে ভালো ভালো কথা আওড়াচ্ছেন। আজ মুখে তারা ভাল ভাল কথা বলবেন আর কাজ করবেন তার উল্টা এবং দোষ দেবেন ট্রাইবেলদের ঘাড়ে।

এখানে একটা কথা বলা দরকার। ক্ষমতা আজ কংগ্রেসের হাতে। সমস্ত ডিপার্টমেন্ট আজ তাদের হাতে। তারা সব কিছুই ইচ্ছানুযায়ী করতে পারেন। আর আমরা যারা কমিউনিষ্ট—তাদের অবস্থা তো এই বিধান সভাতেই দেখছেন। তাদের হাতেই এ সমস্ত দায় দায়ীত্ব, অথচ তারা তাদের দায়ীত্ব পালন করবেন না। তাদের ব্যর্থতার দোষ চাপিয়ে দেন কমিউনিষ্টদের ঘাড়ে। সব সদস্য সম্বন্ধে একথা আমি বলছি না। Particular একটা ঘটনার কথা আমি বলেছি। যদি কেউ Challange করেন এই হাউসের মধ্যে তাহলে সেই Challange আমি অঘোর দেববর্ম্মা সানন্দে গ্রহণ করছি। শেষ পর্য্যন্ত intention ফুলফিল হলোই। সে সুস্থ হওয়ার পর যখন join করলো তখন তাকে transfer করা হলো।

কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আবার বলছি আমি যে প্রস্তাবটা এখানে রেখেছি, আমি কোন prejudice দ্বারা guided হয়ে এই প্রস্তাব আনিনি, অর্থাৎ বর্ত্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে সেই অস্থিরতা মানুষের মধ্যে আজ এসেছে, তাকে যদি স্থায়িত্বের মধ্যে আনতে হয় তাহলে সুষ্ঠুভাবে তাদের এই জমি হস্তান্তর বন্ধ করার চেষ্টা করতে হবে। আজকে কংগ্রেসের যেসব ট্রাইবেল M. L. Aরা আছেন তারাই সংখ্যাগরিষ্ঠ তাদের বিশ্বাস করা হউক, trust the tribal M. L. As ; এই হলো আমার বক্তব্যের বিষয় বস্তু।

আমি বিশ্বাস করি আমাদের চিফ্ মিনিষ্টার ইচ্ছা করলেই কংগ্রেসী ট্রাইবেল এম, এল, এ দের বুঝাতে পারবেন। একবার ভাগ্যক্রমে Tribal Advisory Board এর মিটিংএ আমি attend করেছিলাম। বহু tribals, এম, এল, এর নিকট তাদের মনের কথা, অভাব অভিযোগ পেশ করেন, কিন্তু চিফ মিনিষ্টারের কাছে কোনকিছু বলতে সাহস পান না। কাজেই এই অবস্থাগুলি আজকে বুঝা দরকার। আজকে তাদের মধ্যে confidence create করা দরকার। আমি আর details এ যেতে চাইনা। অনেক চিন্তা করে বক্তব্যের দিকে লক্ষ্য রেখে আমি আমার এই প্রস্তাবটা মুভ করেছি। আমি আশা করব আমার মূল প্রস্তাবটা এই হাউস সর্ব্বসম্মতি ক্রমে পাশ করবেন। আমি আমার প্রস্তাবটার উপর ষ্টীক করছি এবং এখানেই আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—The discussion on amendment is over. Now I am putting to vote the amendment proposed by Shri Gupta.

The question before the House is the amendment moved by Shri Radhika Ranjan Gupta that Please delete the portion—"So that with prior approval of the Committee consisting of the tribal members of the Tripura

Legislative Assembly and substitute the same by the wordings—"in such a way that with prior approval of the Tribal Advisory Committee or a Committee set up for the propose."

As many as are of that opinion will please say 'Ayes'.

(Voices—Ayes)

As many as are of contrary opinion will please say NOES.

I think AYES have it.

AYES have it,

The resolution is passed

Now I am putting to vote the Amended Resolution.

Now the question before the House is that—This Assembly is of opinion that the Tripura Land Reforms Act be amended immediately and specially in order to prevent any alienation of land from Tribal to non-tribal, section, 187 of T. L. R. and L. R. Act, be amended in such a way that with prior approval of the Tribal Advisory Committee or a Committee set up for the purpose, the Collector would give permission for any transfer of land by the Tribal to non-tribals. The Central Govt. be requested to provide such amendment."

As many as are of that opinion will please say AYES.

(Voice—AYES)

As many as are of contrary opinion will please say "Noes".

I think 'Ayes have it, Ayes have it'.

The resolution is passed

There is another Resolution of Shri Bidya Ch. Deb Barma. I find the Hon'ble Member is absent. So the resolution is deemed to have been withdrawn.

The House stands adjourned till 11 A.M. on Friday, the 22nd March, 1968.

PAPERS LAID ON THE TABLE

Starred question No. 308

By Shri ABHIRAM DEB BARMA.

QUESTION	REPLY
1) রিজার্ভ ফরেষ্টের মধ্যে জুম কাটার জন্য ১৯৬৮ সালে কত উপজাতীয় জুমিয়ার বিরুদ্ধে মামলা দায়ের হইয়াছে এবং কত জুমিয়াকে শাস্তি দেওয়া হইয়াছে ?	২৯১ জনের বিরুদ্ধে মামলা দায়ের হইয়াছে। ২১ জনের শাস্তি হইয়াছে।

২)	এই জরিমানা বাবদ কোন বিভাগে কত টাকা আদায় হইয়াছে।	কৈলাসহর—	১০ টাকা
		বিলোনীয়া—	১৫ টাকা
		উদয়পুর—	৫৫ টাকা
		অমরপুর—	৫০ টাকা
৩)	জরিমানার সর্ব্বোচ্চ ও সর্ব্বনিম্ন পরিমাণ কত ?	সর্ব্বোচ্চ ২০ টাকা	সর্ব্বনিম্ন ৫ টাকা

প্রশ্নকারী সদস্যের নাম :—**শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত**

প্রশ্ন নং ২৯১

প্রশ্ন

পূর্ত্ত বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি :—

১) আগরতলা মিউনিসিপ্যালিটির অন্তর্গত বনমালীপুর তুরিয়া কোম্পানীর নিকট হইতে যে পুরাতন বাঁধটি জেলখানার দিকে গিয়াছে তাহার সংলগ্ন পশ্চিম পার্শ্বে খালের আবদ্ধ জল নিষ্কাশনের কোন ব্যবস্থা না করার কারণ কি ?

২) উক্ত বাঁধের পশ্চিম পার্শ্বস্থ সংলগ্ন খালটি কি ত্রিপুরা সরকারের পূর্ত্ত বিভাগের অন্তর্গত, না মিউনিসিপ্যালিটির অন্তর্গত;

৩) উক্ত খালের জল নিষ্কাশনের ব্যবস্থা সরকার গ্রহণ করিবেন কি ?

উত্তর

১) খালটি মিউনিসিপ্যালিটির জল নিষ্কাশন প্রণালীর সহিত সংযুক্ত।

২) খালটি পূর্ত্ত বিভাগের জমিতে অবস্থিত।

৩) মিউনিসিপ্যালিটির জল নিষ্কাশন প্রাণলীর লেভেলের নীচে যে জল আবদ্ধ হইয়া পড়িয়া থাকে তাহা নিষ্কাষনের জন্য একটি প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে।

তারকা চিহ্নিত প্রশ্ন নং ৪২০

প্রশ্ন কারী সদস্যের নাম :—**শ্রীবিদ্যা চন্দ্র দেববর্ম্মা**

প্রশ্ন

পূর্ত্ত বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ?

১) অমরপুর চেলাগাং জলায়া রাস্তার পুল নির্ম্মাণের জন্য এ পর্য্যন্ত মোট কত টাকা খরচ হইয়াছে।

২) পুলগুলির অধিকাংশ ভাঙ্গিয়া যাওয়ার কারণ কি ?

৩) পুল নির্ম্মাণের কাজ কবে কোন ঠিকাদারকে দেওয়া হইয়াছে তাহার বিবরণ ।

৪) সীমান্তের সঙ্গে গুরুত্বপূর্ণ এই সকল পুল পুনঃ নির্মাণের জন্য কি ব্যবস্থা করা হইয়াছে ?

উত্তর

১) ১৬,৭৫৩ টাকা ।

২) পুল ও কালবার্টগুলি অস্থায়ী বলিয়া স্বাভাবিক নিয়মানুসারে স্থানে স্থানে ক্ষয়প্রাপ্ত হইয়াছে ।

৩) শ্রী পি, বি, দত্ত ও জি, সি, ধরকে যথাক্রমে ১৯৬৫ ইং সনের মে এবং জুলাই মাসে দেওয়া হইয়াছিল ।

৪) কাঠের শক্ত পুল ও কালভার্ট নির্ম্মাণের estimate মঞ্জুর হইয়াছে এবং এই কাজ রাস্তার মাটির কাজ শেষ হইলে পর আরম্ভ হইবে ।

তারকা চিহ্নিত প্রশ্ন নং ৪০৭

প্রশ্নকারী সদস্যের নাম :—**শ্রীবিদ্যাচন্দ্র দেববর্ম্মা**

প্রশ্ন

পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

১) তেলিযামুড়া-অম্পি-অমরপুর রোডের সোলিং এবং মেটালিং এর কাজ কোন টিকাদারকে দেওয়া হইয়াছে ।

২) ঐ কাজ কতখানি অগ্রসর হইযাছে ।

৩) ইহা কি ঠিক যে তেলিয়ামুড়া-অম্পি রাস্তার বহুস্থানে মেটেলের কোন চিহ্নমাত্র নাই ।

৪) যদি সত্য হইয়া থাকে তাহার কারণ ?

৫) ঐ রাস্তার সোলিং মেটেলিং এর জন্য এ পর্য্যন্ত মোট কত টাকা খরচ হইয়াছে ?

উত্তর

১) সর্ব্বশ্রী বি, এল, রায়, রঞ্জিত দাশ রায়, সুভাষ চন্দ্র ঘোষ, গোপাল চন্দ্র সাহা, ভোলানাথ ভট্টাচার্য্য, আর, কে, দেববর্ম্মা, ও এসোসিয়েটেড ইঞ্জিনীয়ারিং কোং ।

২) কাজ শেষ হইয়াছে ।

৩) ও ৪) না, তবে কোন কোন স্থানে স্বাভাবিক কারণে সোলিং ও মেটেলিং ক্ষয়প্রাপ্ত হওয়ার সম্ভাবনা থাকিতে পারে ।

৫) ১৮,৫৬,৭০০ টাকা ।

তারকা চিহ্নিত প্রশ্ন নং—৬৩৮

প্রশ্নকারী সদস্যের নাম—**শ্রীঅভিরাম দেববর্ম্মা।**

প্রশ্ন

পূর্ত্ত বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় বলিবেন কি ?

১। সাব্রুম শ্রীনগরের করিমাটিলার আদিবাসিগণ তাহাদের প্রায় ৩০।৪০ দ্রোন জমিতে জলসেচের জন্য কোন প্রস্তাব সরকারের নিকট পাঠাইয়াছিল কি ?

২। ইহা কি সত্য যে দুর্গাছড়া সামান্য divert করা হইলে এই জল সেচের ব্যবস্থা হইতে পারে।

৩। সরকার এই সম্পর্কে তদন্ত করিয়াছেন কি ?

৪। যদি তদন্ত করিয়া থাকেন, এই জল সেচ সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করিবেন ?

উত্তর

১। হঁ্যা।

২। ইহার সম্ভাবনা একমাত্র পরীক্ষার পর দেখা যাইবে।

৩। পরীক্ষার কাজ চলিতেছে।

৪। ইহা পরীক্ষা নিরীক্ষার ফলাফলের উপর নির্ভর করিতেছে।

তারকা চিহ্নিত প্রশ্ন নং—৫৭০

প্রশ্নকারী সদস্যের নাম —**শ্রীদেবেন্দ্র কিশোর চৌধুরী।**

প্রশ্ন

পূর্ত্ত বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় বলিবেন কি ?

(ক) সোনামুড়া টাউন রোডের কার্য্যের (পীচ করার) জন্য কোন ঠিকাদার কি নিযুক্ত হইয়াছে ?

(খ) ইহা কি সত্য যে বর্ত্তমান রাস্তা আরও চওড়া করা দরকার ?

(গ) ইহা কি সত্য যে রাস্তার ধারে খাস জায়গা জোতদারকে বন্দোবস্ত দিয়া আবার সেই জায়গাই অতিরিক্ত ক্ষতিপুরণ দিয়া জোতদারের নিকট হইতে একুইজিশন করিয়া লইতে হইবে ?

উত্তর

(ক) না।

(খ) হঁ্যা।

(গ) না।

Starred Question No. 648—by Shri Abhiram Deb Barma.

QUESTION.	REPLY
১। কৈলাশহর, ধর্ম্মনগর, কমলপুর ও খোয়াই আগরমহল বিগত ১০ই নভেম্বর ১৯৬৭ইং ইজারা দেওয়া হইয়াছে, যদি দেওয়া হইয়া থাকে, কাহাকে কাহাকে কত টাকায় ইজারা দেওয়া হইয়াছে ;	হঁ্যা, কৈলাসহর—ধর্ম্মনগর আগরমহল লট নং ১—শ্রীচিত্তরঞ্জন রায় চৌধুরী ১৩,১০০৲ টাকা। কমলপুর—খোয়াই—আগরমহল লট নং ২—শ্রীজিতেন্দ্রমোহন দাস—১০০১৲ টাকা।
২। ঐ মহল ইজারা ডাকের নোটিশ ত্রিপুরা গেজেটের কোন তারিখের সংখ্যায় ছাপা হইয়াছে এবং স্থানীয় কোন কোন পত্রিকায় ছাপা হইয়াছে ;	গেজেটে ছাপে নাই। কোন স্থানীয় পত্রিকায় ছাপা হয় নাই। ডি, এফ, ও, ও রেঞ্জ অফিসগুলিতে Notice এ জানান হইয়াছে।
৩। ইহা কি সত্য যে অল্প সময়ের মধ্যে নোটিশ হওয়ায় ত্রিপুরার অনেক ইজারাদার এই ডাকে অংশ গ্রহণ করিতে পারেন নাই বলিয়া অভিযোগ করিয়াছেন ;	না।
৪। যদি সত্য হয় এই ইজারার পুর্ণ-ডাকের ব্যবস্থা সরকার করিবেন কি ?	এই সংক্রান্ত ব্যাপারে একটি মামলা মাননীয় জুডিশিয়াল কমিশনারের কোর্টে বিচারধীন থাকায় পুর্ণডাক সম্বন্ধে কিছু বলা হইতেছে না।

Starred Question No. 642—by Bidya Chandra Deb Barma.

QUESTION

Will the Minister-in-charge of the Transport Department be pleased to state :—

১। ত্রিপুরা সরকারেব ষ্টেট বাস চালু করবার কোন পরিকল্পনা আছে কি ?

২। ত্রিপুরা সরকার কি অবগত আছেন যে ষ্টেট বাস না থাকায় যাত্রীদের বিশেষ অসুবিধা হইতেছে এবং বহু যাত্রীকে ট্রাকে চড়িয়া যাতায়াত করিতে হইতেছে।

ANSWER

১। আছে।

২। ট্রাকে চড়িয়া যাত্রীদের যাতায়াত সম্বন্ধে জানা নাই।

তারকা চিহ্নিত প্রশ্ন নং ৬৭৯

প্রশ্নকারী সদস্যে নাম—**শ্রীঅভিরাম দেববর্ম্মা।**

প্রশ্ন

পূর্ত্ত বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় বলিবেন কি ?

১। বিলোনিয়া ঋষ্যমুখ রাস্তার Soling and metalling এর contract কোন কোন contractorকে দেওয়া হইয়াছে এবং কবে দেওয়া হইয়াছে।

২। ঐ কাজের জন্য Contractorদের এপর্য্যন্ত কত টাকা advance করা হইয়াছে ;

৩। ঐ কাজ এপর্য্যন্ত কতখানি অগ্রসর হইয়াছে এবং উহা কবে পর্য্যন্ত শেষ হইবে।

উত্তর

১। শ্রী আশুতোষ রায় ও শ্রী ডি, পি, গাঙ্গুলীকে যথাক্রমে ৩।৭।৬৪ইং এবং ২৬।৭।৬৭ইং সনে দেওয়া হইয়াছিল।

২। কোন অগ্রিম টাকা দেওয়া হয় নাই।

৩। ক) প্রথম ৬ মাইল ২ ফালং পর্য্যন্ত সোলিং কাজ করা শেষ হইয়াছে ; মাত্র ২০০ ফুট বাকী আছে।

খ) ৬ মাইল ৮ ফার্লং হইতে ১২ মাইল ৪ ফার্লং রাস্তার অংশে প্রায় ১ মাইল জায়গা soling করা হইয়াছে। ঠিকাদার অপারগ হওয়ায় বাকী solingএর কাজ ও মেটেলিং কাজ আরম্ভ করিতে পারা যায় নাই। অপর ঠিকাদার দ্বারা কাজ যাহাতে আগামী ডিসেম্বর মাসের মধ্যে শেষ হয় তাহার চেষ্টা চলিতেছে।

প্রশ্ন নম্বর ৬৫৫

সদস্যের নাম—**শ্রী অভিরাম দেববর্ম্মা**

প্রশ্ন

পূর্ত্ত বিভাগের মন্ত্রী মহোদয় বলবেন কি ?

১) সাব্রুমের কন্ট্রাকটার শ্রী অমল চন্দ্র নন্দীকে গত তিন বৎসরে কি কি কাজ দেওয়া হইয়াছে এবং তাহার Estimate Amount কত হইবে ;

২) ঐ সকল কাজের জন্য মোট কতটাকা Payment করা হইয়াছে ?

৩) মনুবাজার হইতে শ্রীনগর রাস্তাটির Soling এবং Metalling এর Contract কি শ্রীনন্দীকে দেওয়া হইয়াছে ;

৪) ঐ কাজের জন্য তাহাকে এ পর্য্যন্ত কতটাকা advance করা হইয়াছে ;

৫) ঐ কাজ কতদূর অগ্রসর হইয়াছে ;

উত্তর

১) ইংরাজী ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭, এবং ১৯৬৭-৬৮ সনের মধ্যে যে যে কাজ শ্রীঅমল চন্দ্র নন্দীকে দেওয়া হইয়াছে তাহার নাম Estimate amount এবং ঠিকাকৃত মূল্য সম্বলিত তালিকা এই সঙ্গে যুক্ত করিয়া দেওয়া হইল।

STATEMENT SHOWING THE LIST OF WORKS AWARDED IN FAVOUR OF SHRI AMAL CH. NANDI, CONTRACTOR, DURING 1965-66 ; 1966-67 1967-68 (UPTO DATE).

Sl.	Name of Works :	Estimated cost :		Tendered Value.
	1965-66			
1.	Supplying of Ist class bricks at Sabroom	Rs.	31,125/-	32,000/-
2.	Laying bituminous premixed carpet 3/4″ thick over U. S. road section II MP 26 to MP/49/5F./supply of stone chips between MP 39 to 41:	Rs.	42,090/-	43,470/-
3.	Constn. of Manubazar-Samarendraganja road/Constn. of S, P T. bridges and culverts (from MP 1/2F to 3/2F Gr. II)	Rs,	42,297/-	51,633/-
4,	Constn, of Manubazar-Samarendraganja road/constn, of S. P. T. bridges and culverts from 3/2F to 9/7F (Gr. II).	Rs.	36,731/-	46,993/-
5.	Constn, of Sabroom-Baishanabpur road/ constn. of S. P. T. bridges and culverts (from 1/5F to 4/4F).	Rs.	49,305/-	57,771/-
6.	Laying bituminous premixed chipping carpet 3/4″ thick over U.S. road MP 26 to 49/5F/laying soling and improvement of curves at MP 34-42.	Rs.	37,734/-	37,182/-
	1966-67			
1.	S/R. to S. P. T. bidges at 39/6-7F of U. S. road.	Rs.	17,428/-	19,440/-
2.	S/R. to S. P, T. birdges (class XII) on U. S. road at Mp 43/6-7F.	Rs.	26,222/-	30,155/-
3·	S/R, to S. P. T. bridges (class XII) on U. S. road at MP 42/3-4F.	Rs.	14,806/-	17.026/.

4. Matelling Manubazar-Srinagar Amlighat road/portion from Manubazar to Bharabhai (gr.II) MP 02 MP 5/manufacturing and supplying bricks and metal.	Rs.	1,66,122/-	2,74,116/-
5. Maintenance of U. S. road from MP 34 to 42 for the year 1966-67.	Rs.	17,416/-	20,028/-
1967-68			
1. Constn. of Higher Secondary School boarding housing and staff quarters at Manu under Sabroom sub-division 1/4 constn. of school building.	Rs.	1,40,950	2,31,001/-
2. Constn. of Poungbari-Srinagar Amlighat road/constn. of S. P. T. bridges and culverts Gr. No. III (MP 3/3F to 4/6F)	Rs.	35,364/-	48,000/-
3. -do- -do- 1/4 gr. No IV (MP 4/6F to 5/3F.)	Rs.	33,468/-	44,512/-
4. Constn. of H. S. school including boarding house and staff quarters at Manu under Sabroom sub-division/ provision of external services such as preparation of site, road, paths, drain etc.	Rs.	22,344/-	31,733/-
	Rs.	7,14,297/-	9,85,060/-

২) মোট ৫,৪৬,৩৪৮ টাকা—

৩) না, তাহাকে ইট ও ইট খোয়া সরবরাহের কাজ দেওয়া হইয়াছে।

৪) এই কাজের জন্য অগ্রিম টাকা দেওয়া হয় নাই।

৫) ইট ও ইট খোয়া সরবরাহ কাজের ৭০ শতাংশ শেষ হইয়াছে।

Starred Question No. 701

By Shri Bidya Chandra Deb Barma

Question

Will the Minister-in-Charge of the Panchayat Raj Department **be** pleased to state :—

১। গ্রাম পঞ্চায়েত সেক্রেটারীরা তাহাদের বেতনের হার পরিবর্তন ও অন্যান্য দাবীর উপর গণছুটি লইয়াছিলেন কি ?

২। সরকার তাহাদের দাবী দাওয়া স্বীকার করিয়া লইবেন কি ?

উত্তর

১। মোট ৪৩২ জন পঞ্চায়েত সেক্রেটারীর মধ্যে ৩৩৫ জন পঞ্চায়েত সেক্রেটারী গণছুটির দাবীতে এক দিবসের আকস্মিক বিদায় প্রার্থনা করিয়াছিলেন। তন্মধ্যে ২৯৬ জন গত ১৩।১২।৬৭ইং তারিখে ছুটি ভোগ করিয়াছেন।

২। বিষয় রাজ্য সরকারের আলোচনাধীন আছে।

Unstarred Question No. 785.

By Shri Ghanashyam Dewan. M. L. A.

Question.	Reply
১। ত্রিপুরার সংরক্ষিত বনাঞ্চলে কত পরিবার উপজাতি অদ্যাবধি জুম চাষ করিতেছে।	তথ্য সংগ্রহ করা হইতেছে।
২) তাহার বিভাগ ভিত্তিক সংখ্যা ;	ঐ
৩) টাঙ্গিয়াদের ও বিভাগ ভিত্তিক সংখ্যা ?	ঐ

UNSTARRED QUESTION NO. 791.

BY **Shri Nishi Kanta Sarker.**

QUESTION

Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state :—

১) উদয়পুরের অমরসাগর দীঘির ভিতরে নার্সারী পার্শ্বে যে সমস্ত টেঙ্ক করা হইয়াছে এগুলির বর্ত্তমান অবস্থা কি ?

২) কতগুলি টেঙ্কে মাছের পোনা উৎপন্ন করা হয় ;

৩) টেঙ্কগুলি কোন সনে করা হইয়াছে এবং কতগুলি কাজের উপযোগী আছে ?

৪) সবগুলি টেঙ্কের পাড় আছে কি না ?

ANSWER

১) মোট ২০টী নার্সারী ট্যাঙ্কের মধ্যে ১১টী কাজের উপযোগী আছে এবং বাকী ৯টীর পাড় উঁচু করা দরকার।

২) ১১টীতে।

৩) নার্সারী ট্যাঙ্কগুলি ১৯৬১-৬৩ সনে তৈয়ার করা হইয়াছিল। বর্ত্তমানে ১১টী কাজের উপযোগী আছে।

৪) ৯টীর পাড় উঁচু করা দরকার।

তারকাচিহ্নিত প্রশ্ন নং—৮৯৭

প্রশ্নকারী সদস্যের নাম :—**শ্রীযতীন্দ্র কুমার মজুমদার**

প্রশ্ন

পূর্ত্ত বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি :—

ক) চম্পকনগর রেশম শিল্প কেন্দ্রের বাড়ী ও সম্পত্তি হাওড়া নদীতে নষ্ট করিতেছে কিনা ,

খ) উক্ত নদী হইতে কেন্দ্রের সম্পত্তি রক্ষার্থে নদীতে হানা (spur) দেওয়ার জন্য আবেদন করা হইয়াছে কিনা ;

গ) আবেদন করা হইলে ইহার ফল কি ?

উত্তর

ক) না।

খ) হ্যাঁ।

গ) বিবেচনাধীন আছে।

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT, 1963

March, 22, 1968.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A. M. on Friday, the 22nd March, 1968.

PRESENT

Shri Manindra Lal Bhowmik, Speaker, in the Chair. The Chief Minister, four ministers, the Deputy Minister, the Deputy Speaker and Nineteen members.

QUESTIONS.

Mr. Speaker :—Today in the List of Business are the following questions to be answered by the Ministers concerned. Starred Questions. Shri Promode Ranjan Dasgupta. Postponed Starred Question.

Shri Promode Ranjan Das Gupta :—546.

Shri S. L. Singh :– Mr. Speaker, Sir, Question No. 546.

QUESTION	REPLY
a) No. of persons holding 2 acres or less arable land in Tripura (upto October, 1967);	(a) 2,15,881 Nos.
b) total arable land occupied by them	b) 1,60,224.09 acres.

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে ত্রিপুরার টোটেল অ্যারাবল্ ল্যাণ্ড কত ?

শ্রীএস, এল, সিংহ :– আমি ঠিক বলতে পারবনা। তবে মনে হয় রিক্লেমড ল্যাণ্ড সহ অ্যারাবল্ ল্যাণ্ড হবে ৬ লক্ষ একরের বেশী।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত :—৬ লক্ষ একরের মধ্যে মাত্র দুই একর এবং তার কম অ্যারাবল, অকুপাই করে আছে ২,১৫,০০০ পরিবার। এখন তার যে পারসেন্টেজ অব ল্যাণ্ড মোর দ্যান সিক্স একরস্ কত পরিবার অকুপাই করে আছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— নোটিশ চাই।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—ত্রিপুরার এই যে টু একরস্ অব ল্যাণ্ড অ্যাণ্ড লেস অ্যারাবল্ ল্যাণ্ডের যে পারসেন্টেজ, সেটা কি ইকনমিক হোল্ডিং ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— আমাদের এখানে ইকনমিক হোল্ডিং হল আড়াই একর। সুতরাং ২ একর অথবা তার চেয়ে কম ইকনমিক হোলডিং নয়।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এইসব পরিবার-গুলিকে যাতে ইকনমিক হোলডিং দেওয়া যেতে পারে তার জন্য কোন ব্যবস্থা করা হয়েছে কি না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—অন্যান্য জুমিয়া এবং ল্যাণ্ডলেসদের রিহেবিলিটেড করার পর যদি নীয়ার বাই কোন জায়গা থাকে তাহলে তাদের দেওয়া যেতে পারে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—আদার জুমিয়া এবং ল্যাণ্ডলেসকে রিহেবিলিটেড করে যদি জমি থাকে তাহলে তাদের ফার্দার ল্যাণ্ড দেবার জন্য কোন সার্কুলার দেওয়া হয়েছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—এই রকম কোন সার্কুলার দেওয়া হয় নাই তবে ফাস্ট প্রেফারেনস্ জুমিয়া এবং ল্যাণ্ডলেস সিডিউল্ড কাস্টদের দেওয়া হবে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—ল্যাণ্ডলেস এবং জুমিয়াদের রিহেবিলিটেড করার পর যদি ল্যাণ্ড থাকে তাহলে আনইকনমিক ল্যাণ্ড হোল্ডারস যারা তাদের ল্যাণ্ড দেবার জন্য কোন রকম নির্দ্দেশ দিতে মাননীয় মন্ত্রী মহোদয় প্রস্তুত আছেন কি না ?

শ্রীএস, এল, সিংহ :—ফাষ্ট অ্যাণ্ড ফোরমোষ্ট হল ল্যাণ্ড যদি না থাকে তাহলে নো গুড উইল কাম আউট ফ্রম ইট। ইফ কনজিগুইটি ফাউণ্ড দেন ইট মে বি গিভেন।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :— যদি কনজিগুইটি থাকে তাহলে নির্দ্দেশ দেওয়া হবে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—সো ফার এ্যাজ মাই নলেজ গোজ, কনজিগুইটী নাই বললেও অত্যুক্তি হবে না।

মিঃ স্পীকার :—শ্রীবিদ্যাচন্দ্র দেববর্মা, শ্রীঅভিরাম দেববর্মা শ্রীঅঘোর দেববর্মা :—

শ্রীঅঘোর দেববর্ম্মা :—কোয়েশ্চান নাম্বার ১২১।

শ্রীএস, এল, সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নং ১২১ ।

QUESTION.

1) Is it a fact that rice to the extent of 720 Kg. was short during the period 24th to 29th December in 1967 in G. E. Shop No 2 ;

2) if so whether any report has been submitted by the Inspector to Food Department ;

3) if so, what action Govt. has taken ?

ANSWER

1) Yes.

2) Yes.

3) Explanation of the dealer has been called for.

মিঃ স্পীকার ঃ—শ্রীনিশিকান্ত সরকার ।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—কোয়েশ্চান নাম্বার ১২৩।

শ্রীএস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নাম্বার ১২৩।

QUESTION

১। জি, সি, আই সিট ও চিনি (৬০%) ডিকনট্রোল হওয়ার পর উক্ত জিনিষের বরাদ্দের আমদানীর পদ্ধতি কি ? এবং ডিলার যোগে এইগুলির আমদানী হইয়া থাকিলে ডিলারদের নিকট প্রতি বাণ্ডেল টীন ও প্রতি কেজি চিনি কত মুনাফায় জনসাধারণের নিকট খুচরা বিক্রী করিবে এমন কোন সরকারী নির্দ্দেশ আছে কি ?

ANSWER

১। জি, সি, আই ও বি, সি. আই সিট এবং চিনি (৪০%) ডিকনট্রোল হওয়ার পর যে কোন ডিলার উপরিউক্ত জিনিষগুলি আমদানী করিতে পারে। কত মুনাফায় এই জিনিষগুলি জনসাধারণের নিকট খুচরা বিক্রী করিবে ডিলারদের প্রতি এমন কোন সরকারী নির্দ্দেশ নাই।

মিঃ স্পীকার :—শ্রীমনোরঞ্জন নাথ ।

শ্রীমনোরঞ্জন নাথ :—কোয়েশ্চান নাম্বার ১১০।

শ্রীএস, এল, সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নাম্বার ১৫০।

প্রশ্ন

ক) ইহা কি সত্য সাবডিভিসনগুলির কালেকটরী বিভাগের যাবতায় Original land record, filed book, খতিয়ান, ম্যাপ প্রভৃতি Settlement Department কর্ত্তৃক আনিয়া damage করিয়া দিয়াছেন ;

খ) ইহা কি সত্য উপরোক্ত কারণে (damage) ধর্ম্মনগর সাবডিভিসনের বিশেষতঃ টাউনের বহুলোক জরুরী প্রয়োজনে জায়গার পুরাতন ম্যাপের Certified Copy পাবার জন্য দরখাস্ত করিয়া উপযুক্ত খরচ দিয়াও পাইতেছেন না ?

ক) না, ইহা সত্য নহে ।

খ) প্রশ্ন উঠে না ।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে কালেকটরী হতে সেটেল-মেণ্ট ডিপার্টমেণ্ট অরিজিন্যাল রেকর্ড নিয়েছিল কি না ?

শ্রী এস, এল, সিংহ :—Copies of the records and maps so far received from different sub-divisional officers have been maintained properly in office of the Settlement Department. Some of the records and maps have been taken back from the sub-divisional offices.

Shri Monoranjan Nath ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানতে চেয়েছি যে সেটেলমেণ্ট ডিপার্টমেণ্ট অরিজিন্যাল রেকর্ড'স নিয়েছিলেন কি না ?

Shri S. L. Singh :—I have already said that copies of the records and maps so far received from the different sub-divisional offices have been maintained properly in the offices of the settlement department. Some of the records and maps have been taken back from the Sub-divisional Officers.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি ধর্ম্মনগরে লাষ্ট ইয়ারে কতগুলি সার্ভে কপির জন্য দরখাস্ত করা হয়েছিল ?

Shri S. L. Singh ঃ—I demand notice.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে বহু দরখাস্ত থাকা সত্বেও তাতে নজর দেওয়া হয় নাই, রেকর্ড'স ড্যামেজ হয়েছে বলে ?

Shri S. L. Singh ঃ—It is not known to me.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় ড্যামেজ হয়েছে কি না এই বিষয়টি তদন্ত করে দেখবেন কি ?

শ্রী এস, এল, সিংহ :—আগেই বলা হয়েছে ইহা সত্য নহে ।

মিঃ স্পীকার ঃ—শ্রী ঘনশ্যাম দেওয়ান ।

Mr: Speaker :—Shri Ghanashyam Dewan, he is absent. Shri Sunil Ch. Dutta.

Shri Sunil Chandra Dutta :—Question No. 864.

Shri S. L. Singh :—Question No. 864 Sir.

প্রশ্ন

ক) খোয়াই বাজারের সব কয়টী মহালের জন্য ১৯৬৭ইং সনে মোট নজর ডাক কত ;

খ) ১৯৬৭ইং সনে খোয়াই বাজারটির উন্নয়ণের জন্য মোট কত টাকা ব্যয় করা হইয়াছে,

গ) খোয়াই বাজারটির সার্ব্বিক উন্নয়ণের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি ?

উত্তর

ক) ৫৫১১ টাকা ।

খ) ৩৫০ টাকা ।

গ) হ্যাঁ ।

Mr. Speaker—Shri Aghore Deb Barma,

Shri Aghore Deb Barma—Question No. 819,

Shri S. L. Singh—Question No. 819 Sir,

QUESTION

1) Whether there is any instruction by the Central Govt- to allot and to distribute ration shops to the ex-political sufferers ;

2). how many shops are allotted to the ex-political sufferers ;

3) when the shops are allotted :

4) if allotted to them the names thereof.

ANSWER

1) No.

2) 3) 4) Ration shops are not allotted to anybody. Suitable and deserving people/Institutions are appointed as dealers for running fair price shops according to requirements. Ex-political sufferers have been so appointed as dealers of fair price from 1962 to 1967, Their names with the years of appointment are given below —

1. Shri Rashik Ranjan Bhattacharjee (1966). (2) Shri Akshoy Kumar Bhattacharjee (1962), (3) Shri Tarani Kanta Bhattacharjee (1963), (4) Ketaki Ranjan Choudhury (1964), (5) Shri Subudh Bhattacharjee (1967) (6) Shri Bejoy Kumar Nandi (1964), (7) Shri Rajendra Ghose (1965), (8) Shri Upendra Paul (1965), (9) Shri Sushil Kr. Dey (1965), (10) Shri Satyendra Prashad Bhattacharjee (1965), (11) Shri Chinta Haran Chakraborty (1965), (12) Shri Jagabandhu Banik (1965), and (13) Shri Chandra Kanta Bhowmik (1966).

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি এক নম্বর কোয়েশ্চানের উত্তরে বলেছেন যে, কোন লোককে রেশন সপ দেওয়া হয় না। কিন্তু আমার প্রশ্নটা ছিল— Whether there is any instruction by the Central Government to allot and to distribute ration shops to the expolitical sufferers ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি বলেছি যে এ্যালট করা হয় না, ডীলারশীপ দেওয়া হয়।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—আমার প্রশ্ন হচ্ছে সেনট্রাল গভর্ণমেন্ট থেকে কোন রকম ইনস্‌ট্রাকশান আছে কি না এই ব্যাপারে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এ্যালট করার প্রশ্ন নাই। এ্যালট করা হয় না। এর বেশী জানতে চাইলে পরে আই ওয়ান্ট নোটিশ অব ইট।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে নোটিশ চাওয়ার কোন কারণ নাই। কারণ আমার প্রশ্নের মধ্যে পরিষ্কার আছে যে, এই রকম কোন ইনস্‌ট্রাকশান আছে কিনা, তিনি থাকলে হাঁ বলবেন আর না থাকলে না বলবেন।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এ্যালটমেন্ট দেওয়া হয় নাই, আমি আগেই বলেছি।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে, সমস্ত নামের লিস্ট তিনি এখানে দিয়েছেন কাকে কোন দোকানে দেওয়া হয়েছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি নোটিশ চাই স্যার।

মিঃ স্পীকার :—শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—কোয়েশ্চান নাম্বার ৬৩৫।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কোয়েশ্চান নাম্বার ৬৩৫ স্যার।

QUESTION

1) Whether there is any discrepancy between the salaries of the Amin under District Administration Settlement Department, Government of Tripura.

2) if so, the reason thereof ?

ANSWER

1) Yes.

2) Due to adoption of West Bengal Pay Scales.

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে, আমিন আণ্ডার ডিষ্ট্রিক্ট এ্যাডমিনিষ্ট্রেশান এবং আমিন আণ্ডার সেটেলমেন্ট ডিপার্টমেন্ট পে-স্কেল কত ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—The revised pay scale was sanctioned by the Central Government for all Departments including the Settlement Department.

মিঃ স্পীকার :—শ্রীনিশিকান্ত সরকার।

শ্রীনিশিকান্ত সরকার :—কোয়েশ্চান নাম্বার ৭২৫।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কোয়েশ্চান নাম্বার ৭২৫ স্যার।

প্রশ্ন

১) সরকারী জরিপ বিভাগের কোন কার্য্যকলাপের ভুল ত্রুটীর জন্য জোতদার তাহার নায্য অধিকার ও স্বত্ব হইতে বঞ্চিত ও ক্ষতিগ্রস্থ হইয়া থাকিলে তাহার যাবতীয় প্রতিকার বিনা খরচায় জোতদার পাওয়ার ব্যবস্থা আছে কি না ?

উত্তর

১) না। ১৯৬০ সনের ত্রিপুরা ভূমি সংস্কার আইন ও তদধীন নিয়মাবলীতে এরূপ কোন বিধান নাই।

মিঃ স্পীকার :—শ্রীমনোরঞ্জন নাথ।

শ্রীমনোরঞ্জন নাথ :—কোয়েশ্চান নাম্বার ১৫১।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কোয়েশ্চান নাম্বার ১৫১ স্যার।

প্রশ্ন

ক) গত এক বৎসরে ধর্ম্মনগর সাব-রেজিষ্টারী অফিসে আসামের কত টাকার Non-Judicial Stamp এ দলিল রেজিষ্টারী হইয়াছে ;

খ) ইহা কি সত্য, ধর্ম্মনগর সাব-ডিভিসনে বিগত এক বৎসর যাবৎ সর্ব্বদা Non-Judicial ও Judicial Stamp এর অভাব, চাহিদামত Stamp পাওয়া যায় না এবং একদিকে জনসাধারণ ও অপরপক্ষে সরকার ক্ষতিগ্রস্ত হইতেছেন ?

উত্তর

ক) মং ৫৬৭৫৲ টাকা, (পাঁচ হাজার ছয়শত পচাত্তর টাকা)।

খ) হ্যাঁ।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে ত্রিপুরাতে ষ্টাম্প না থাকার কারণ কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— During last two years no supply of non-judicial stamp was made as a result the stock of the non judicial stamp is practically nil.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, আসামে ষ্টাম্পের অভাব নাই অথচ ত্রিপুরাতে ষ্ট্যাম্পের অভাব হওয়ার কারণ কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— আমি আগেই বলেছি ষ্ট্যাম্প নাই।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে চান তাহলে ত্রিপুরার ডিমাণ্ড তারা ফুলফিল করছেন না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— ডিমাণ্ড অনুসারে সাপ্লাই হয় না।

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় তাহলে ত্রিপুরাতে সাফিসিয়্যান্ট সাপলাইয়ের জন্য চেষ্টা করবেন কি ?

শ্রীএস. এল. সিংহ :—চেষ্টা করা হচ্ছে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় আমি বলছি যে ভবিষ্যতে চেষ্টা করবেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— চেষ্টা অনবরত করা হচ্ছে।

মিঃ স্পীকার :—শ্রীঘনশ্যাম দেওয়ান।

শ্রীঘনশ্যাম দেওয়ান :— কোয়েশ্চান নাম্বার ১৮৭।

শ্রীএস, এল, সিংহ :— কোয়েশ্চান নাম্বার ১৮৭ স্যার।

প্রশ্ন

১) ইহা কি সত্য যে কমলপুর বিভাগীয় অফিসে উপযুক্ত সংখ্যক আমিন না থাকায় জুমিয়া ও ভূমিহীনদের ভূমি এলটমেন্ট দেওয়ার ব্যাঘাত হইতেছে, যাহাতে এখনও শত শত জুমিয়া ও ভূমিহীনদের দরখাস্ত এস, ডি, ও, অফিসে পড়িয়া রহিয়াছে।

২) যদি সত্য হয় তবে সরকার উপযুক্ত সংখ্যক আমিন পাঠাবার ব্যবস্থা গ্রহণ করিবেন কি ?

উত্তর

১) না।

২) প্রশ্ন উঠে না।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে কমলপুর অফিসে আদিবাসীদের পুনর্বাসনের জন্য দীর্ঘদিন যাবত তারা আবেদন করেছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—কমলপুরে আমিনের কোন শর্টেজ নাই এখন।

শ্রীএরসাদ আলী চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে বর্ত্তমানে কতজন আমিন আছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— নোটিশ চাই।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—আমিনের যদি অভাব না থাকে তবে তাদের অ্যালটমেন্ট দেওয়া হচ্ছে না কেন ?

শ্রীএস, এল, সিংহ :—নানা কারণেই দেওয়া হচ্ছে না। শুধু আমিনের অভাবের জন্য দেওয়া হচ্ছে না এটা ঠিক নয়।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—যে সমস্ত খাস জমি ভূমিহীনরা দখল করে আছে অথবা জুমিয়ারা দখল করে আছে সেগুলি যদি তাদের দেওয়া হয় তবে রাজস্ব বৃদ্ধি হবে তা মাননীয় মন্ত্রী মহোদয় স্বীকার করেন কিনা ?

Shri S. L. Singh :—That is a matter to be examined.

Mr. Speaker :—Shri Sunil Ch. Dutta.

Shri Sunil Ch. Dutta :—Question No. 865.

Shri. S. L. Singh :—Mr. Speaker, Sir, Question No. 865.

প্রশ্ন

ক) ইহা কি সত্য যে চলতি আর্থিক বছরে ভূমিহীন পুনর্ব্বাসনের টাকা সারেনডার করা হইয়াছে;

খ) সত্য হইয়া থাকিলে; কতটাকা সারেনডার করা হইয়াছে;

গ) কি কারণে, এই টাকা সারেনডার করিতে হইল ?

উত্তর

ক) তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

খ) ঐ

গ) ঐ

Mr. Speaker :— Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma —: 820.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, Question No. 820.

QUESTION

১) আগরতলা রেশনের দোকানগুলিতে গত সপ্তাহে (15. 2. 68) থেকে যে নিকৃষ্ট ধরণের কঙ্কর মিশ্রিত ক্ষুদ্র চাউল এবং বালু মিশ্রিত আটা দেওয়া হচ্ছে রাজ্য সরকারের খাদ্য দপ্তর এই সম্পর্কে অবগত আছেন কিনা ?

২) যদি অবগত থাকেন প্রতিকারের কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে ?

৩) যদি অবগত না হয়ে থাকেন এই সম্পর্কে অনতিবিলম্বে তদন্তের ব্যবস্থা করা হবে কিনা ?

ANSWER

১) এইরূপ কোন অভিযোগ পাওয়া যায় নাই।

২) প্রশ্ন উঠে না।

৩) বিষয়টী অনুসন্ধান করিয়া দেখা হইতেছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি ১৫।২।৬৮ইং তারিখে যে চাউল আগরতলা শহরে রেশন থেকে দেওয়া হয়েছে এই চাউল কি লোকেলী প্রকিউরড, না বাইরে থেকে আনা হয়েছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—The stock position is not with me.

Mr. Speaker :—Shri Nishikanta Sarkar.

Shri Nishi Kanta Sarkar :—726.

Shri S. L. Singh :—Question No. 726.

প্রশ্ন

১। বর্ত্তমান জরিপে উদয়পুর বিভাগের কতগুলি মৌজার জরাপ সংক্রান্ত কার্য্যের চূড়ান্ত নিষ্পন্ন হইয়াছে এবং কতগুলি মৌজার জরীপ সংক্রান্ত কার্য্য চূড়ান্তভাবে নিষ্পন্ন হয় নাই ?

২। চূড়ান্ত নিষ্পন্নকৃত মৌজা সমূহের নাম ও অনিষ্পন্নকৃত মৌজা সমূহের নাম কি কি ?

৩। চূড়ান্ত নিষ্পন্নকৃত মৌজা সমূহের অন্তর্গত বা রানিং রেভেনিউ জোতের কোন ভূমি সরকারী খাস ভূমি বলিয়া রেকর্ড করা হইয়াছে কি না ? করা হইলে ঐ ভূমি অন্যের নামে অথবা সেই জোতদারের নামে বন্দোবস্ত দেওয়া হইয়াছে কি না ? অথবা ঐ জোতদারকেই নজর দিয়া বন্দোবস্ত নেওয়ার জন্য বলা হইয়াছে কি না।

উত্তর

১। ক) ৬৩

খ) ১

২। সঙ্গীয় তালিকায় দ্রষ্টব্য

৩। না।

List of Finally published Mouzas of Udaipur Sub-Division.

ক্রমিক নং	মৌজার নাম	ক্রমিক নং	মৌজার নাম
১	খেলাকুম	২৫	তেফানিয়া
২	ছয়ঘরিয়া	২৬	শালগড়া
৩	ছায় ছইমারোয়া	২৭	হাদ্রা
৪	উত্তর বড়মোড়া দেবতামুড়া রিজার্ভ ফরেষ্ট	২৮	গর্জনমুড়া
৫	উত্তর ব্রজেন্দ্রনগর	২৯	আমতলি
৬	ছরথাই	৩০	শিলাঘাটি
৭	কিল্লা	৩১	কাকড়াবন
৮	কাঞ্চগাও রিজার্ভ ফরেষ্ট	৩২	পালাটানা
৯	খুপিলং	৩৩	জামজুরি
১০	বাগমা	৩৪	রাজধরনগর
১১	করাইয়ামুড়া	৩৫	খিলপাড়া
১২	বগাবাসা	৩৬	মুড়াপাড়া
১৩	বড়ভূইয়া	৩৭	উত্তরচন্দ্রপুর
১৪	রাধাকিশোরপুর রিঃ ফঃ	৩৮	মাতাবাড়ী
১৫	রাইয়াবাড়ী	৩৯	রাজারবাগ
১৬	দক্ষিণ ব্রজেন্দ্রনগর	৪০	ফুলকুমারী
১৭	পূর্ব ব্রজেন্দ্রনগর	৪১	হিরাপুর
১৮	লক্ষিপতি	৪২	উত্তর মহারাণী
১৯	ফুটামতি	৪৩	গণ্ডারিয়া
২০	পিত্রা	৪৪	দক্ষিণ মহারাণী
২১	রাজনগর	৪৫	চন্দ্রপুর রিঃ ফঃ
২২	গকুলপুর	৪৬	চন্দ্রপুর দক্ষিণ
২৩	ধ্বজনগর	৪৭	পশ্চিম মগ পুষ্করিণী
২৪	ছাতরিয়া	৪৮	দুধপুষ্করিণী

ক্রমিক নং	মৌজার নাম	ক্রমিক নং	মৌজার নাম
৪৯	হুরিজলা	৫৭	গর্জি রিঃ ফঃ
৫০	রাণী	৫৮	গর্জি ছড়া
৫১	পশ্চিম মিরজার মাঠ	৫৯	পূর্ব্বমগ পুষ্করিণী
৫২	বাদুর পাথার	৬০	বৈশাবাড়ী
৫৩	শামুখছড়া	৬১	তইকারচুম
৫৪	ধূপতলি	৬২	ছাপিয়া পাড়া
৫৫	পূর্ব মিরজারমাঠ	৬৩	দক্ষিণ বড়মুড়া
৫৬	গঙ্গাছড়া		দেবতামুড় রিঃ ফঃ

List of Mouza not finally published—

১। উদয়পুর

Mr. Speaker :—Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath : Question No. 754.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, question No. 754.

QUESTION

(ক) বিগত ১৩৭২ বাং সনে ধর্মনগরের S. D. O. কর্ত্তৃক কাঞ্চনপুর থানার এলাকায় উড়িছড়া Lake or Fishery tank শ্রীপ্রসন্ন কুমার নাথ নামক ব্যক্তিকে ৫ বৎসর ম্যাদে নীলাম ডাকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে কি ;

(খ) কাঞ্চনপুর Project Office, Block Office and Staff বন্দোবস্তকারীকে মৎস্য ধরিয়া আনুষ্ঠানিক কার্য্য করিতে ও মৎস্য ধরিতে নিষেধ করার কারণ কি ?

ANSWER

(ক) হ্যাঁ, উড়িছড়া লেইক।

(খ) নিষেধ করা হয় নাই।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, এই লেকের জল মানুষের ব্যবহারের উপযুক্ত কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—তবে তাদের বাসনপত্র কাপড়চোপড় ইত্যাদি ধৌত করা হয় এবং এই জল দিয়ে আশেপাশের নার্সারীগুলি করা হয়। অতএব জলসেচের কোন অধিকার তাদের নাই।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে, লীজের মধ্যে কি এইকথা ছিল যে জলসেচ করতে পারবে না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—যদি না থাকে, হী ক্যান গো টু দি কোর্ট। কারণ জলসেচ কেউ করে না। ইট ইজ ট্রেডিশান অ্যাণ্ড ট্রেডিশান ইজ ল'।

শ্রীমনোরঞ্জন নাথ :—লীজের কণ্ডিশনে ইহা উল্লেখ করা হয়েছিল কিনা।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—বললাম তো ইট ইজ ট্রেডিশান। হী হ্যাজ বীন গিভেন লীজ অনলী ফর নেটিং।

শ্রীমনোরঞ্জন নাথ :—এই ফিসারী থেকে ব্লক এবং প্রজেক্ট অফিসাররা রীতিমত মাছ ধরছেন, এই কারণেই তারা দিচ্ছেন না, ইহা কি সত্য ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—সেটা হল আলাদা কথা। যদি তা হয়ে থাকে তাহলে হী ক্যান গো টু কোর্ট।

Mr. Speaker :—Shri Ghanashyam Dewan.

Shri Ghanashyam Dewan :—Question No. 779.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, question No. 779.

QUESTION

১। কৈলাসহর বিভাগের মনুঘাটে সরকারের পরিচালনায় একটি বাজার চালু করিবার যে পরিকল্পনা ছিল তা কি পরিত্যক্ত হইয়াছে ;

২) যদি পরিত্যক্ত হইয়া থাকে, তাহার কারণ ;

৩) যদি পরিত্যক্ত না হইয়া থাকে তবে অতি সত্বর রূপায়ণের ব্যবস্থা অবলম্বন করা যাইবে কি ?

ANSWER

১) হ্যাঁ।

২) প্রস্তাবিত ভূমি জনসাধারণের হিতার্থে পূর্ত বিভাগের কার্য্যে প্রয়োজন।

৩) প্রশ্ন উঠে না।

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় মন্ত্রী মহোদয় এই বাজারের জন্য যে জমি বরাদ্দ আছে সেটা জানেন কি ?

Shri S. L. Singh :—Land has been acquired by the P. W. D. for construction of staff quarter, go-down and the establishment of Bazar has been abandoned.

শ্রীঘনশ্যাম দেওয়ান :—যে জায়গাটা একুয়্যার করা হয়েছিল সেটা এখন খালি পড়ে আছে মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—পি, ডব্লু, ডি'র লাগবে সেইজন্য এটা রাখা হয়েছে।

Mr. Speaker :—There are twenty three Unstarred Questions. The Minister may lay on the Table of the House the reply of the Unstarred Questions. Next Business to-day is the General Discussion on Budget Estimates for 1968-69 which is continuing, I would now call on Shri Aghore Deb Barma to participate in the Budget discussion.

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৬৮-৬৯'এর আগামী আর্থিক বছরের বাজেট বরাদ্দ মোট ধরা হয়েছে, ২০'২৫ কোটি টাকা। ইহার মধ্যে রাজস্ব খাতে আনুমানিক ১৪'৩৯ কোটি টাকা ব্যয় হইবে এবং অবশিষ্ট ৭'৮৬ কোটি টাকা মূলধন খাতে ব্যয় হইবে ইত্যাদি অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতার মধ্যে বলেছেন। এখন প্রশ্ন হচ্ছে যে ত্রিপুরা রাজ্যের যে বাজেট, যে বাজেট আমরা বিধান সভার মধ্যে বরাবরই পাশ করে থাকি, এই বাজেট কার উদ্দেশ্যে কিসের লক্ষ্যে করা হয় এই বাজেটের মধ্যে সেটা আলোচনা করা দরকার। কারণ অর্থমন্ত্রী এক জায়গায় উল্লেখ করে বলেছেন যদিও তিনি জোর জবরদস্তি করে দেখাতে চেষ্টা করেছেন যে আমাদের আনুমানিক আয় তিন কোটি টাকার সামান্য একটু বেশী এবং তার আয় ব্যয়ের তুলনামূলক ভাবে দেখি তা হলে আমরা দেখব যে আয়ের তুলনায় ঘাটতি বেশী। তথাপি যেহেতু ইউনিয়ন টেরিটরিগুলি আনডেভলাপ্‌ড সেই হিসাবে কেন্দ্রীয় সরকার বরাবরই এই সমস্ত আনডেভলাপ্‌ড টেরিটরিগুলিকে সাহায্য দিয়ে আসছে, সেই হিসাবে তিনি বলেছেন এইগুলি আমাদের ঘাটতি নয়, এইগুলি আমাদের প্রাপ্য, এইভাবে এটা দেখানোর চেষ্টা করেছেন। এখন মূল প্রশ্ন হচ্ছে এই বাজেট যেভাবে এখানে প্লেস করা হয়েছে, আজকে ত্রিপুরার সমগ্র জনসাধারণের বাস্তব অবস্থার সঙ্গে যদি মিলিয়ে দেখি তাহলে একথা বলতে আমরা বাধ্য যে এই বাজেট ত্রিপুরার সমগ্র জনসাধারণের বাস্তব অবস্থার সঙ্গে সংগতি হীন এবং এই বাজেটের মাধ্যমে যারা সমাজের কৃষক, মজদুর মধ্যবিত্ত অর্থাৎ শ্রমজীবী মানুষের আর্থিক উন্নতি অগ্রগতির কোন লক্ষণ বা সম্ভাবনা নাই। কাজেই আজকে এই বাজেট সম্বন্ধে বলতে গিয়ে বলতে হয় ত্রিপুরা, ভারতবর্ষের একটা অনুন্নত অংশ। এখানে বিরাট সংখ্যক উদ্বাস্তু এবং বিরাট সংখ্যক জুমিয়ার বাস, আর আছেন মধ্যবিত্ত সম্প্রদায়। কাজেই সেই দিক দিয়ে আজকে সাধারণ মানুষের প্রতি লক্ষ্য রেখে এই বাজেট রচনা করা হয় নাই। এখন প্রশ্ন উঠতে পারে যে বাজেট কার জন্য, স্বভাবতঃ এই প্রশ্ন আসে, এই বাজেটে যে অঙ্কের বরাদ্দ রাখা হয়েছে, আজকে ত্রিপুরার মধ্যে যে সমস্ত বড় বড় অফিসার

আছেন তাদের বাড়ী ঘর বা বিভিন্ন ধরণের পরিপূরক ভাতা এইগুলি বহাল ভবিষ্যতে থাকবে তার জন্যই এই টাকা বরাদ্দ করা হয়েছে। আরেকটা হচ্ছে ত্রিপুরার মধ্যে রুলিং পার্টি, ক্ষমতাসীন দলের যারা একমাত্র মেরুদণ্ড বলা যায়, যাদের উপর ভিত্তি করে রুলিং পার্টি প্রশাসন ক্ষমতার মধ্যে এসেছেন তাদের নিশ্চয়ই সুযোগ সুবিধা হবে। এরা হচ্ছে বিশেষ ধরণের কতকগুলি লোক যারা চোরাকারবারী, মজুতদার, তাদের গতানুগতিক ভাবে সুযোগ সুবিধা হবে। কাজেই আজকে সামগ্রিক ভাবে এই বাজেটের যে অবস্থা, তাতে ত্রিপুরার সাধারণ মানুষের বা সমগ্র জনতার বা সমগ্র ত্রিপুরার উন্নতি অগ্রগতির দিকে লক্ষ্য নাই, শুধু বিশেষ ধরণের কতকগুলি লোক বা সুবিধা ভোগী লোকের সুযোগ সুবিধা বাড়বে, এই হচ্ছে বাস্তব ঘটনা যেটা বরাবরই আমরা দেখে আসছি।

কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে ১৯৬৮-৬৯ সালের বাজেট তা যদিও সামান্য, গত বছরের অরিজিন্যাল বাজেটের তুলনায় যদিও টাকার অঙ্ক খানিকটা কম দেখানো হয়েছে তবু এই বাজেটের মধ্যে নুতনত্ব কিছুই নাই, এটা গতানুগতিক এবং আমলাতান্ত্রিক বাজেট তো বটেই এবং মাথাভারী শাসনের বাজেট। আজ বাজেট ভাষণের মধ্যে অর্থ মন্ত্রী অনেক অসুবিধার কথা বলতে চেষ্টা করেছেন। আমরা বছর বছর কোটি কোটি টাকা বাজেটে রাখি ঠিকই, গত বছরও ১৯,৭৮,০০,০০০ টাকা রাখা হয়েছিল। তার উপরেও আবার সাপ্লিমেন্টারী বাজেট করে আরও কয়েক কোটি টাকা আমরা খরচ করেছি। কিন্তু আজকে যদি আমরা দেখতে চাই তাহলে আমরা কি পেয়েছি এই প্রশ্ন উঠে। অর্থাৎ এই টাকা খরচের মাধ্যমে ত্রিপুরার সমস্যাগুলি অংশতঃ সমাধান হয়েছে কিনা। এইগুলি যদি বিচার বিবেচনা করি তাহলে আমরা দেখতে পাই কোন সমস্যার সমাধান তো হয়ই নাই, বরঞ্চ দিন দিন সমস্যা বাড়ছে। এই হচ্ছে বাস্তব ঘটনা। এখানে মাননীয় অর্থমন্ত্রী বলতে চেষ্টা করেছেন যে "যে বৎসর শেষ হইতে চলিয়াছে তাহা খুব সুখকর ছিল না। দীর্ঘকালীন খরা ছাড়াও আমাদিগকে আরো বিভিন্ন প্রকারের অসুবিধার সম্মুখীন হতে হইয়াছিল। খাদ্যের ব্যাপারে এই অসুবিধার কথা বিশেষ ভাবে উল্লেখযোগ্য। যাই হোক, আমরা সমস্ত সমস্যা কাটাইয়া উঠিতে সমর্থ হইয়াছি ও আরো অনুকূল অবস্থায় আগামী বৎসরটি অপেক্ষাকৃত ভাল যাইবে আশা করিতেছি।" এই হল উনার বক্তব্য। এখানে তিনি বলার চেষ্টা করেছেন যে গত আর্থিক বৎসরে অনেক বড় ঝঞ্ঝাট গিয়েছে। অবশ্য সমস্যাটা পার হয়ে গেছে সত্যি। কিন্তু কি অবস্থার মধ্যে দিয়ে তাদের পার হতে হয়েছে তা ত্রিপুরার প্রত্যেকটি লোক জানেন। কাজেই তিনি যে সমস্যার কথা বলেছেন, সমস্যা যদি কাটিয়ে উঠতে হয় তাহলে মূল যে খাদ্য সমস্যা এটার আমরা সমাধান করতে পারি কিনা সেটা দেখতে হবে। শুধু জোর জবরদস্তি করে কোন রকম দিন কাটানো এক কথা আর সমাধান করা আর এক জিনিষ। কাজেই আজকে কোন রকম দিন কাটানো এটা একটা কথা আর রাজ্যের উন্নতি অগ্রগতি এটা আর এক কথা। কাজেই আজকে সমগ্র বাজেট যদি আমি মিলিয়ে দেখি তাহলে আমরা দেখতে পাই ত্রিপুরার মধ্যে যে সমস্যাগুলি আছে এইগুলি দিনের পর দিন বেড়ে উঠছে, এই হচ্ছে আমাদের ত্রিপুরার বাস্তব অবস্থা।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে প্রসংগত বলতে হয় ৫ নম্বরের মধ্যে তিনি উল্লেখ করেছেন, "মূলধনী খাতে খরচ ৭·৮৬ কোটি টাকা, এবং আনুমানিক আয় ৩·৯১ কোটি টাকা ধরা হইয়াছে। এই ঘাটতি কেন্দ্রীয় সরকারের ঋণ দ্বারা পূরণ করা হইবে। মূলধনী খাতে খরচের ঘাটতি হিসাবে এই ঋণ আমাদের নিকট একটি বিশেষ ঘটনা নহে।" এই হল উনার বক্তব্য। কথা হচ্ছে ত্রিপুরা যেহেতু আণ্ডার ডেভেলাপ্‌ড, তার কৃষি. কমিউনিকেশনের সুব্যবস্থা নাই, এই সমস্ত অর্থমন্ত্রী নিজেও উল্লেখ করার চেষ্টা করেছেন। কাজেই কেন্দ্রীয় সরকার ত্রিপুরার সামগ্রিক উন্নতি অগ্রগতির জন্য সব সময় গ্রাণ্ট বা সাহায্য দিচ্ছেন। এখন প্রশ্ন হচ্ছে আমরা যে বাজেট ব্যয়বরাদ্দ করব সেই বাজেট ব্যয়বরাদ্দের উপর ভিত্তি করে ত্রিপুরার উন্নতি অগ্রগতি হচ্ছে কিনা, তার আর্থিক আয় বাড়ছে কিনা সেগুলি আজকে আমাদের তলিয়ে দেখতে হবে। শুধু কেন্দ্র থেকে আমরা অনেক টাকা পাই, এই অবস্থা বেশিদিন চলতে দেওয়া উচিত নয়। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে ত্রিপুরার উন্নতি অগ্রগতির কোন সম্ভাবনাই নাই। যে টাকাই আমরা পাই না কেন সেই টাকাগুলি যে সমস্ত খাতে ইনভেস্ট করলে ত্রিপুরার প্রডাকশন বাড়ত, অর্থাৎ জনসাধারণের আয় বাড়ত, রাজ্যের আয় বাড়ত সেই দিকে ক্ষমতাসীন দলের কোনরকম নজর নাই। শুধু কেন্দ্রীয় সরকার থেকে আমরা বছর বছর টাকা পয়সা আনি এবং খরচ করি, অর্থাৎ লুঠের বাজার চলছে। কাজেই আজকে ত্রিপুরার মধ্যে যে সুযোগ সুবিধা থাকা উচিত তা চাহিদার তুলনায় অনেক কম, কিন্তু যে টাকাগুলি আমরা পাচ্ছি, সেগুলিকে আমরা ইউটিলাইজড করছি না। শুধু বাজেটের টাকা ব্যয় হচ্ছে, কার্যতঃ জনসাধারণের কোন উপকারে আসছে না। কাজেই সেই দিক দিয়ে যে গ্র্যান্ট পাচ্ছি, যে উদ্দেশ্যে এই টাকাগুলি দেওয়া হয়েছে সেই উদ্দেশ্যে খরচ করা দরকার। কিন্তু কার্যতঃ তা হচ্ছে না। অনেকটা লুঠের বাজার. যে যেখানে পারে সেখানেই লুঠে। প্রত্যেকটা ডিপার্টমেন্টে খোঁজ খবর নিয়ে আমরা এই সমস্ত ঘটনাগুলি দেখব। এই হচ্ছে অবস্থা।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে কৃষি সম্বন্ধে বলতে গিয়ে আমি একথা বলব যে কৃষি বিভাগ খুবই একটা ইম্পর্টেন্ট বিভাগ এই সম্বন্ধে সন্দেহ নাই। এখানে মোটা রকমের ব্যয় বরাদ্দ রাখা হয়েছে। এখানে অর্থমন্ত্রী যে সমস্ত তথ্য পরিবেশন করেছেন এইগুলি সঠিক কিনা সেই সম্পর্কে সন্দেহের যথেষ্ট কারণ আছে। কারণ এখানে ধান, তৈল, বীজ, তুলা, পাট ইত্যাদি সম্পর্কে একটা মোটামোটি হিসাব তিনি দিয়েছেন। তৈলবীজ সম্পর্কে বলা হয়েছে যে ১৯৬৭-৬৮ এ আমাদের ছিল ৪ হাজার মেট্রিক টন, আর ১৯৬৮-৬৯ ধরা হয়েছে ৫,৫০০ মেট্রিক টন। কিন্তু বাস্তব অবস্থায় আমরা দেখি, গত বছর অনাবৃষ্টির ফলে সমস্ত রবি শস্য নষ্ট হয়ে যায়। কিন্তু তিনি যে কি করে এটার হিসাব করে দেখিয়েছেন, এটা কি দোকানে বসে না বাজারে বসে উনাকে হিসাব করে দিয়েছেন জানিনা, তবে আমার এই বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। তুলার ফলন আগের তুলনায় অনেক কমে গেছে, এখানে

দেখানো হয়েছে ১৯৬৭-৬৮ সালে উৎপন্ন হয়েছে ৩,০০০ বেল, এইরকম অনেকগুলি তথ্য এখানে দেওয়া হয়েছে। যদি এই তথ্যগুলি বিশদভাবে বিচার বিবেচনা করে দেখা যায় তাহলে হয়তো দেখা যাবে এই তথ্যগুলি আদৌ ঠিক নাও হতে পারে। এখন প্রশ্ন হচ্ছে এ্যাগ্রিকালচার যে বিভাগ তার মধ্যে ডিরেক্টার, এসিস্টেন্ট ডিরেক্টার, ডেপুটি ডিরেক্টার, সুপারিনটেনডেন্ট নাকি আটজন আছে, আরও বহু অফিসার আছে। তার পরিমাণ কত— যদি আমরা দেখি এস্টাব্লিশমেন্ট বাবদ যে পরিমাণ টাকা খরচ হচ্ছে, প্রডাকশান সাইডে অর্থাৎ যেখানে টাকা ইনভেস্ট করলে পরে প্রডাক্শান বাড়ত, কৃষকদের ভাল বীজ দেওয়া, সময়মত এইসব বীজ, সার ইত্যাদি সাপ্লাই দেওয়া, বিভিন্ন ঋণ দেওয়া এই ব্যাপারে টাকা রাখা হয়েছে কম, কিন্তু এস্টাবিল্শমেণ্ট সাইডে টাকা রাখা হয়েছে বেশী। আমার মূল বক্তব্য হচ্ছে কৃষি অর্থনীতিই হচ্ছে আমাদের অর্থনীতি। ডিপার্টমেন্ট বড় করলেই চলবে না, বা ডিপার্টমেন্ট'এর গাড়ী, বাড়ী ইত্যাদি করলেই চলবে না, কৃষকদের সাহায্য করা দরকার। কিন্তু সেটা না হয়ে বছর বছর যেমনভাবে টাকা খরচ হচ্ছে তাই হবে, কার্য্যতঃ প্রডাক্শান বাড়বে না। এখানে বলা হয়েছে যে বিভিন্ন প্রচারপত্র ও পুস্তিকা ছাপাইয়া কৃষকদের মধ্যে বিতরণের জন্য একটি অফসেট মুদ্রণ যন্ত্র বসানো হয়েছে। এই বাবদ হয়তো লক্ষ লক্ষ টাকা ব্যয় হয়ে যাবে, কিন্তু প্রচার কথাটা মুখে বলা খুবই সহজ, কার্যো পরিণত করা খুবই কঠিন। কারণ ত্রিপুরার ভূমি ব্যবস্থা অন্যান্য স্টেট থেকে একটু অস্বাভাবিক। যেমন পাঞ্জাব, ইউ, পি, বা অন্যান্য প্রদেশে দেখা গেছে যে একটা ছড়া বা নদীর মধ্যে বাঁধ দিলে ঐ ক্যানেলের জল দিয়ে সর্বত্র, দ্রোণের পর দ্রোণ জমির মধ্যে জল নেওয়ার ব্যবস্থা করা যায়। কিন্তু ত্রিপুরার মধ্যে এই অবস্থা নাই। একটা ছড়া বা নদীর মধ্যে বাঁধ দিলেই ইচ্ছা করলে হাজার হাজার দ্রোণ জমির মধ্যে জল দেওয়ার ব্যবস্থা করা যায় না, কারণ ত্রিপুরার জমির বিশেষত্ব হচ্ছে একদিকে উঁচু এবং অন্যদিকে নীচু, সমান জায়গা খুব কম। সেইদিকে আজকে বিভিন্ন জায়গার মধ্যে এ্যাগ্রিকালচার ডিপার্টমেণ্টে যে সমস্ত ট্রেণ্ড পার্সনেল আছেন, যারা ক্ষেতে ক্ষেতে, আইলে আইলে ঘুরে কাজ করেন, অনেক উপদেশ দেওয়া হয় যে এইভাবে মেনিউর দাও ইত্যাদি। কিন্তু এখন প্রশ্ন হচ্ছে যে লুঙা জমির মধ্যে হয়তো গোবর ইত্যাদি দেওয়ার ব্যবস্থা করা হল, বর্ষার সময় বা বড় রকমের যখন ফ্লাড হয়, আইল ভেঙ্গে সমস্ত চষা জমি ভেঙ্গে নিয়ে যায় সেখানে মেনিউর থাকার কোন প্রশ্নই উঠে না; তাছাড়া ত্রিপুরা রাজ্যে লুঙা জমি থেকে টিলা, তেছড়া জমির সংখ্যাই বেশী। কাজেই থিওরী এবং প্রেক্টিস দুইটা এক জিনিষ নয়। বাস্তব জিনিষটা বুঝতে হবে। এ্যাগ্রিকালচার ডিপার্টমেন্টের অফিসার বাড়ালে বা ডিপার্টমেন্টকে বড় করলেই আমাদের কৃষি উন্নতি সাধনের যে সমস্যা তার সমাধান হবে সেটা মনে করার কোন কারণ নাই। বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে, এখানে অনেকগুলি নদী, ছড়া ইত্যাদি আছে, বছর বছর ভেঙ্গে অনেক জমি নষ্ট হয়ে গেছে তার প্রতি সরকারের কোন লক্ষ্য নাই, শুধু অফিসারদের বাড়ী ঘর ইত্যাদি করা হচ্ছে। এই রকম বহু ঘটনা দিয়ে বলা যায়। প্রত্যেকটী বিভাগের মধ্যে এই

সমস্ত ঘটনা ঘটছে। যেমন লাটিয়া ছড়া গ্রামে ছোট্ট একটা ছড়া ছিল, এখন সেটা ভাঙ্গতে ভাঙ্গতে যেখানে মাত্র দুই হাত ছড়া ছিল, এখন এক কাণি, দেড় কাণি হয়ে গেছে, অনেকগুলি জমি সেখানে নষ্ট হয়ে গেছে। এইরকম একটা, দুইটা ঘটনা নয়, বহু ঘটনা আছে। আরেকটা হচ্ছে তেপাজলার মধ্যে একটা জায়গা, সেখানে কৃষকরা ফসল করে, ধান এক হাত থেকে দেড় হাতের বেশী হয় না, এইবার বৃষ্টির অভাবে এমনকি ধানের ছড়া পর্যন্ত বাহির হয় নাই, সমস্ত নষ্ট হয়ে গেছে। সেখানে একটা বাঁধের ব্যবস্থা করা যেত, এন্টায়ার মাঠটায় জলের ব্যবস্থা করা যেত, ফসল উৎপাদনও ভাল হত, কিন্তু সেইদিকে এ্যাগ্রিকালচার ডিপার্টমেন্টের নজর নাই। বিভিন্ন স্মল ইরিগেশান স্কীম, ক্যাপিটেল আউটলে অনেক প্ল্যান এবং পরিকল্পনা আছে আমরা দেখছি কিন্তু কার্যতঃ যে সমস্ত জায়গায় টাকা পয়সা খরচ করলে কৃষকদের উন্নতি হবে, প্রডাকশান আমাদের বাড়বে তার দিকে নজর দেওয়া হয় না, শুধু গতানুগতিকভাবে কতগুলি থিওরী আওড়ানো, পুঁথিগত বিদ্যা, বই মুখস্থ করে ছেলেদের পড়ানোর অবস্থা। এইভাবে আমরা দেখি যে কতকগুলি প্রথার কথা বলা হচ্ছে, জাপানী প্রথা ইত্যাদি। প্রথা জিনিষটা খুবই ভাল, কিন্তু প্রথা বললেইতো ধান উৎপাদন বাড়বেনা, যদি জমিতে ভাল খাদ্যের ব্যবস্থা অর্থাৎ জলের ব্যবস্থা করা না যায়। রাস্তার আশেপাশে অনেক জাপানী প্রথা আমরা দেখছি, জাপানী প্রথায় প্রডাকশান বাড়ানো নয়, জাপানী প্রথাকে পপুলারাইজ করাই যেন মূল উদ্দেশ্য। জাপানী প্রথায় প্রডাকশান বাড়ানো যে মূল উদ্দেশ্য, সেইদিকে না যেয়ে, সেই প্রথার উপরই বেশী জোর দেওয়া হয়। আমাদের মন্ত্রীরা নিশ্চয়ই জানেন, যখন রাজ্যের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে, রাস্তার আশেপাশে অনেকগুলি প্রথা, তাইচুং প্রথা, জাপানী প্রথা, ইত্যাদি অনেক প্রথায় সেখানে চাষবাস করা হয়েছে, কিন্তু জলের অভাবে মাঠ ফেটে, ধানের ছড়া বাহির হওয়া দূরের কথা, মাটি ফেটে চৌচিড় হয়ে গেছে। কাজেই আমার মূল বক্তব্য হচ্ছে এই যে এই প্রথাগুলির প্রসেসের মাধ্যমে ভাল ফসল যদি না করা যায়, সেখানে যদি জলের ব্যবস্থা করা না যায়, শুধু প্রথাকে পপুলারাইজ করে কি হবে? কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি বলতে বাধ্য যে এই এ্যাগ্রিকালচার খাতে বা কৃষি খাতে যে অর্থের বরাদ্দ রাখা হয়েছে, তাতে ডিপার্টমেন্টের যে সমস্ত অফিসার আছেন তাদের বাড়ীঘর বহাল তবিয়তে থাকবে, কিন্তু ত্রিপুরার কৃষি অর্থনীতির পরিবর্ত্তন কিছু হবে বা অংশতঃ হলেও কৃষি উৎপাদন বাড়বে সেটা মনে করার কোন কারণ নাই। কারণ অনেক অফিসারই মনে করেন যে কতকগুলি মুখস্থ করা বুলি কৃষকদের বললেই তাদের দায় দায়িত্ব শেষ হয়ে গেল। তাদের দোষ দিয়ে লাভ নাই, এটাই হচ্ছে এই রাজ্যের পলিসী মেটার। আমাদের মন্ত্রীরা দেখেও সেটা দেখেন না, কথায় আছে যে চোরে না শুনে ধর্ম্মের কাহিনী। বর্ত্তমানে যে অবস্থা চলছে এই অবস্থার মধ্যে খাদ্য সমস্যার সমাধান হওয়ার কোন সম্ভাবনা নাই, কংগ্রেসের এই রাজত্বের মধ্যে ঢাক ঢোল পিটিয়ে বলা হয় যে আমরা এই করেছি সেই করেছি, অনেক ফিগার, তথ্য ইত্যাদি দেওয়া হয় কিন্তু বাস্তব অবস্থার সংগে এইগুলির কোন সংগতি নাই। যখন নাকি অভাব দেখা যায়, তখন

চারদিকে ত্রাহি ত্রাহি ডাক পড়ে যায়। কাজেই এই অবস্থার মধ্যে আজকে যদিও বছরের পর বছর বাজেট হচ্ছে তবুও প্রকৃতপক্ষে কেউ বলতে পারবে না—কোন কংগ্রেসীও বুকে হাত দিয়ে বলতে পারবে না যে, হ্যাঁ আমাদের এই বাজেটের মাধ্যমে ত্রিপুরার কৃষকদের আয় বাড়ছে। অর্থাৎ এই বাজেটের মাধ্যমে আজকে যারা গরীব কৃষক তাদের প্রডাকশন বাড়ছে বা আমাদের অন্যান্য সমস্যার সমাধান হয়েছে, এই কথা কেউ বলতে পারবে না। শুধু দিনের পর দিন আমাদের বাজেট হয়, টাকা পয়সা খরচ হয়, কিন্তু সমস্যার সমাধান হচ্ছে না। এখানে অর্থমন্ত্রী তাঁর বাজেটের ভাষণের শেষে যে সতর্কবাণী উচ্চারণ করেছেন সেটা হল, "পরিসমাপ্তির পূর্ব্বে আমি আমাদের খাদ্য-শস্যের ব্যাপারে একটি সতর্কবাণী উচ্চারণ করতে চাই। পৃথিবীব্যাপী চাউলের ঘাটতি থাকায় আগামী বৎসরেও চাউলের ব্যাপারে আমাদের খুব ভাল সময় যাইবে না। আমাদের তরফ হইতে ঘাটতি পূরণের জন্য যতদূর সম্ভব বেশী পরিমাণে বাহির হইতে খাদ্যশস্য আমদানীর যথাসাধ্য চেষ্টা করা হইবে। আমরা যে বর্ণ অথবা সম্প্রদায়েরই হই না কেন এই কথাটি যেন আমরা ভুলিয়া না যাই যে খাদ্যই আমাদের মৌল প্রয়োজন"। এর সংগে তিনি আবার আশ্বাসবাণী উচ্চারণ করেছেন। সুতরাং সতর্কবাণী খুব কারেক্ট। কাজেই এই অবস্থার মধ্যে আজকে যে সংকট আমাদের সামনে আছে, এই কথাতেই প্রমাণ হয় যে আমাদের বাজেটের অর্থ যেভাবে খরচ করছি তাতে সংকট কমে নাই। দিনের পর দিন আরও বাড়ছে। প্রডাক্-শন হচ্ছে না। কাজেই সেইদিক দিয়ে আজকে গত বৎসরের কথাই ধরা যাক—সরকার পক্ষ থেকে বলা হয়েছিল বাম্পার ক্রপ হয়েছে। অর্থাৎ জাম্প করে ফসল বেড়ে উঠেছে। কানি প্রতি ৮ মনের জায়গায় ২২ মন হয়েছে। যদি আমরা সরকারী রিপোর্টগুলি ধরে নিই, বাহির থেকেও আমরা আমদানী করছি, তাহলে ত্রিপুরার যে প্রডাকশন এবং বাইরে থেকে আমদানী, যদি এই দুটোর টোটেল মিলিয়ে দেখি তাহলে আমাদের এত ঘাটতি হওয়ার কোন কারণ নাই। কাজেই একদিকে হাজার হাজার টন উৎপাদন বাড়ছে, আর একদিকে খাদ্যে সংকট। কাজেই একটা কথার সংগে আর একটা কথার মিল নাই। রুলিং পার্টি একদিকে কেন্দ্রীয় সরকারকে ফাঁকি দিচ্ছেন, আর অন্যদিকে জনসাধারণকে ফাঁকি দিচ্ছেন। ত্রিপুরার ইকনমিক ব্যাকওয়ার্ডনেস কাটিয়ে উঠবার জন্য বিভিন্ন প্ল্যানের মাধ্যমে সাহায্য পাচ্ছে। অথচ খাদ্যের অভাব বাড়ছে। আবার তারা বলছেন যে খুব উন্নতি হয়েছে ত্রিপুরায়। সুতরাং পরস্পরবিরোধী কথাবার্তা আমাদের আরও বিভ্রান্ত করছে। তিনি এখানে বলেছেন, "আমাদের সংশোধিত খাদ্য সংগ্রহ ব্যবস্থা অনুসারে উৎপাদকদের প্রয়োজনের অতিরিক্ত শস্য অধিযাচন করা হইতেছে। এই ব্যবস্থার বিরুদ্ধবাদী কিছু স্বার্থান্বেষী দল আছে। আমাদের এই প্রচেষ্টা যে সমাজের বৃহত্তর স্বার্থের জন্যই, এ কথা তাহারা শেষ পর্যন্ত অনুধাবন করিতে পারিবে বলিয়া আশা করা যায়"। অর্থাৎ যত দোষ সব নন্দ ঘোষের ঘাড়ে চাপিয়ে দাও। নিজেরা করবেন অপরাধ, আর সব অন্যায় চাপিয়ে দেবেন অন্যের ঘাড়ে। এটা হল তাদের দায়িত্ব এড়ানোর একটা স্বভাব। ধরে নিলাম কোন সমাজ

বিরোধী যদি অভাব, অন্নসংকটের জন্য দায়ী হয় তাহলে সরকারের তো আইনকানুন, পুলিশ সব কিছু আছে, তাদের বিরুদ্ধে কেন কোন ব্যবস্থা গ্রহণ করা হয় না। কৃষকের ঘরে যখন ধান প্রথম উঠে তখন বাজারে ধানের দাম কম থাকে কিন্তু সরকার তখন ক্রয় করলেন না। ক্রয় করছি করব এইরকম করতে করতে ধানের মূল্য যখন ৪৫ টাকায় উঠল তখন ধানের মূল্য সরকার ধার্য্য করলেন। তখন তারা জোর জবরদস্তি করে রিকুইজিশন করে চাল নিচ্ছেন। তখন তারা লেভী বলেন না, বলেন রিকুইজিশান। তাঁরা বলেছেন সমাজদ্রোহী, কিন্তু এরা কারা? সমাজদ্রোহী তারা যারা মজুতদার, চোরাকারবারী। কিন্তু তাদের ঘরে হাত দেওয়া হচ্ছে না। তাদের ঘরে ধান থাকা সত্বেও তাদের গোলায় হাত দেওয়া হচ্ছে না। যেহেতু তাদের দৌলতে নির্বাচনী বৈতরণী পার হয়ে এসেছেন, শাসন ক্ষমতা পেয়েছেন, কাজেই তাদের আয়ের একটা রাস্তা দিতে হবে। কাজেই যখন প্রথম লেভীর দাম ধার্য করা হল, তখন ধান কালেকশন করা হল না। দাম যখন বাড়ল তখন সমস্ত চোরাকারবারীর খপ্ করে জনসাধারণকে দিয়ে দেওয়া হল। কাজেই সরকার নির্ধারিত মূল্য যদি ৩১।২২ টাকা হয়ে থাকে আর বাজারে যদি সে ৪০ টাকা পায়, তার প্রয়োজনের খাতিরে স্বভাবতই সে ঐ চোরাকারবারীর কাছে বিক্রী করতে বাধ্য হবে। অনিচ্ছা থাকা সত্ত্বেও সে ঐ চোরাকারবারীর কাছে বিক্রি করবেই।

এইভাবে লেভি করব, অমুক করব, এই সমস্ত নোটিশ দেওয়ার কয়েক মাস পর্যন্ত আর ধান, চাউল সংগ্রহ করা হয় না। ধানের দর যখন কম ছিল, কৃষকদের ঘরে যখন ধান, চাউল ছিল তখন লেভি করা হল না, অর্থাৎ মজুতদার, চোরাকারবারীদের অবাধে গ্রাম থেকে ধান, চাউল কেনার সুযোগ সুবিধা করে দেওয়া হল। কৃষকদের ঘরে যখন ধান চাউল শেষ হয়ে গেল তখন আর লেভি বললেন না, তখন বললেন রিকুইজিশান, পুলিশ নিয়ে ঘরে ঘরে ধান, চাউল জোর পূর্ব্বক আদায় করতে লাগলেন। সরকারের যে নীতি ছিল, সংগ্রহ নীতি, যেটা ঘোষণা করা হয়েছিল যে সাড়ে বার কানির উর্দ্ধে যাদের জমি থাকবে তাদেরকেই লেভির আওতায় ফেলা হবে, এইভাবে নোটিশও সার্ভ করা হয়েছিল, কিন্তু ধান যখন কালেক্শান করা হয় তখন সেই নীতির কোন বালাই নাই, জোর জবরদস্তি করে, কেউ যদি উদ্দেশ্যমূলক ভাবে বলে যে তার ঘরে ধান আছে, তাহলে তার বীজের ধান, খোরাকীর ধান, সমস্ত কিছু জোর করে নিয়ে আসা হবে, এই হচ্ছে অবস্থা। টাকার জন্য এইরকম একটা ঘটনা ঘটে গেছে। এইরকম আরও ঘটনা আছে। সাব্রুম বিভাগে আছে, বিলোনীয়া বিভাগে আছে। বহু উপজাতি বা অউপজাতি কৃষকদের ঘর থেকে, যাদের এক কানি জমি আছে, সামান্য খোরাকীর ধান আছে, তাদের ঘর থেকে জোর জবরদস্তি করে ধান, চাউল নিয়ে আসা হচ্ছে, এই হল অবস্থা, এই লেভির নামে জোর জবরদস্তি করে এটা করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যদি কোন সংকট সৃষ্টি হয়ে থাকে তার জন্য দায়ী রুলিং পার্টি, কারণ চোরাকারবারীদের আমরা দেখছি। এই যে সতর্ক বাণী অর্থমন্ত্রী উচ্চারণ করেছেন তার কারণ হচ্ছে তিনি খবর রাখেন যে বেশ কিছুদিন ত্রিপুরাতে বাইরে

থেকে চাউল আমদানি হত, সেই আমদানি বন্ধ হওয়ার পর টাকারজলা এলাকার মধ্যে পর্যন্ত চাউলের দাম ৪৮ টাকা মণ উঠেছে আর আগরতলা শহরে চাউলের দাম ৮৫ টাকা হয়ে গেছে, দিন দিন আরও বাড়ছে। এই অবস্থার মধ্যে মজুতদার যারা, ইতিমধ্যেই হাজার হাজার মণ ধান, চাউল গোদামজাত করেছেন, কারণ তারা ভাল করেই জানেন যে তাদের ঘরে কোন হাত পড়বেনা, তারা হচ্ছেন কংগ্রেসের মেরুদণ্ড কাজেই তাদের টাকা পয়সা আয়ের একটা সুযোগ সুবিধা করে দিতে হবে। আজকে আগামী কয়েকদিনের মধ্যেই ১০০/১৫০ টাকার মধ্যে উঠা নামা করতে পারে, এই অবস্থার মধ্যে চোরাকারবারী, মজুতদার আমাদের নিয়ে যাবে এবং সরকার তখন কি করবে, যত দোষ নন্দ ঘোষ, সব কিছু সমাজদ্রোহীদের ঘাড়ে চাপিয়ে দেবে। সমাজদ্রোহী যদি কেউ থেকে থাকে, তার ক্যাটাগরী কি আমি বলতে পারিনা, তাদের শাস্তি দিতে পারেন, পি, ডি, এ্যাকটে আটক করলে পারেন, কিন্তু আজ পর্য্যন্ত তা করা হচ্ছে না, এই হচ্ছে অবস্থা। আর যারা অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করবে, আপত্তি করবে, তারাই হবে সমাজদ্রোহী। সরকার ঘোষণা করবেন জনসাধারণের প্রয়োজনে ধান ইত্যাদি আমরা আনব। কিন্তু কৃষকদের বীজের ধান, খোরাকার ধান পর্যন্ত জোর করে নিয়ে আসা হচ্ছে। কেউ যদি চ্যালেঞ্জ করেন আমি এই রকম বহু ঘটনা, বহু নজির দিতে পারি। কিন্তু দিয়ে কি হবে—'চোরে না শুনে ধর্ম্মের কাহিনী' এই হচ্ছে অবস্থা। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে সমস্ত তথ্য কৃষি খাতে দেখান হয়েছে যে, কৃষকদের মধ্যে বীজ, সার ও চারা বিতরণের কাজ চলিতেছে, জোর গলায় এখানে এটা বলা হয়েছে, কিন্তু কার্য্যতঃ আমরা দেখতে পাই প্রয়োজন মত, সময় মত এইগুলি পাওয়া যাচ্ছে না। সাব্রুম বিভাগে আমি গিয়েছিলাম, এস. ডি, ও'র সঙ্গে যখন আলাপ হল, তখন তিনি বললেন যে আমরা যা সার, বীজ ইত্যাদি পাই, তা একটা বিভাগের মধ্যে দিতে পারছিনা, কারণ অনেক লেখা-লেখি করেও আমরা সাপ্লাই পাচ্ছি না। কাজেই সামগ্রিকভাবে একটা জিনিষ বুঝা দরকার কৃষকদের যে সময় সাহায্য দরকার, সেই সময় না দিয়ে কেবল ডিপার্টমেন্টকে মাথাভারী করলে চলবেনা, তাতে প্রডাক্শান বাড়বেনা। যে ক্ষেত্রে ইন্‌ভেষ্ট করলে প্রকৃতপক্ষে প্রডাক্শান বাড়বে, আয় বাড়বে, সেটা চিন্তা করা দরকার। কিন্তু সেই দিকে দৃষ্টি দেওয়া হচ্ছে না। টাকা পয়সা আছে, সেগুলি কি ভাবে লুট করা যায় এই হচ্ছে দৃষ্টিভঙ্গী। কাজেই এই বাজেট দ্বারা ত্রিপুরার কৃষির উন্নতি করব, বা খুব একটা অগ্রগতি হবে এটা মনে করার কোন কারণ নাই। এই যে একটা লিষ্ট এখানে দেওয়া হয়েছে, যদি এটা আমরা ধরেও নেই, তবুও আমি বলব এটা একটা মামুলি হিসাব। কারণ প্রতি দিন যে লোক এখানে আগমন করছে, তারা বসে বসে খায় না, বাগানে তরিতরকারিই হউক, আর যে কোন ফসলই হউক তারা উৎপাদন করছে। কাজেই যে মার্জিন এখানে দেখান হয়েছে সেটা না হওয়ারই মত। কাজেই আজকে কৃষি বিভাগের মাধ্যমে ত্রিপুরা রাজ্যের যে কৃষির খুব উন্নতি হবে সে কথা মনে করার কোন কারণ নাই। বরঞ্চ দিনের পর দিন সমস্যা আরও জটিল হয়ে উঠবে। এবং তার জন্য রুলিং পার্টি দায়ী।

আর পশুপালন সম্বন্ধে মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে বলা হয়েছে অনেক রোগ নির্মূল করেছেন, অনেক ডিসপেন্সারী করেছেন, একথা নিশ্চয়ই স্বীকার করতে হবে, আমি নিজেও স্বীকার করি যে রাজার আমল থেকে সামান্যতম উন্নতি হয়েছে। কিন্তু কথা হচ্ছে যে রাজার আমলে সামন্ত তন্ত্র ছিল, এই সমস্ত ব্যবস্থার বালাই তখন ছিল না। কথা প্রসংগে যখন কথা উঠে তখন রুলিং পার্টি থেকে বরাবরই বলা হয় আগের তুলনায় অনেক করেছি। কিন্তু আগেত কিছুই ছিলনা। বর্ত্তমানে চাহিদা অনুযায়ী আমাদের এইগুলি হয়েছে কি না সেইগুলি হচ্ছে বিচার বিবেচনার বিষয় বস্তু। যেখানে যেখানে ষ্টকম্যান সেন্টার দরকার, সেখানে সেগুলি খোলা হয়েছে কি না সেটা দেখা দরকার। ত্রিপুরায় এখন পর্যন্ত এমন বহু জায়গা আছে যেখানে এখনও এই সমস্ত হয় নাই। শুধু বাহাদুরি আর আত্ম সন্তুষ্টি, এই হচ্ছে অবস্থা। আজকে যদি গবাদি পশুর বা বিভিন্ন পশুর ভালভাবে চিকিৎসা করতে হয়, তাহলে একটা হাসপাতাল করা দরকার, এটা ডাক্তারের কথা। তার জন্য একটা স্কীমও ছিল, কনষ্ট্রাক্শান বহুদিন থেকে হচ্ছে, গরুর গাড়ীর চাকা যেমন চলে ঠিক তদনুরূপ এখন পর্যন্ত চলছে, কবে যে শেষ হবে তার নিশ্চয়তা নাই। এখন পর্যন্ত পশু হাসপাতাল হচ্ছে না। অথচ একটা স্কীম যদি ইম্প্লীমেণ্ট করতে হয়, তার যে একটা টার্গেট পিরিয়ড থাকা, তাও তাদের থাকে না। অপদার্থ বললে মিনিষ্টারদের গাত্রদাহ হয়। কিন্তু আজকে সমস্ত ঘটনাগুলি যদি আমরা তলিয়ে দেখি, এই ক্ষেত্রে আমরা দেখব বড় বড় কথা বলা হয়, তার পরিমাণগত ভাবে আজকে ত্রিপুরার সমগ্র পশু, গরু, মহিষ ইত্যাদি বছরের পর বছর মারা যায়, ঠিক ঠিক ভাবে কৃষকদের যে প্রটেকশান দেওয়া সেটা এখন পর্যন্ত হয়ে উঠছেনা। কাজেই আজকে আমরা যেটা করেছি সেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম, আরও হওয়া দরকার।

আরেকটা কথা হচ্ছে আগরতলা ডেয়ারী হতে তিন হাজার লিটারের স্থলে বর্ত্তমানে দৈনিক ৪,২০০ লিটার দুগ্ধ সরবরাহ করা হচ্ছে। খুব বাহাদুরী করে বলা হয়েছে যে এই পরিমাণ বাড়াইয়া দৈনিক ৬০০০ লিটার করা ও কোন কোন অঞ্চলে দুগ্ধ উৎপাদকদিগকে সাহায্য করিয়া উৎপাদন বৃদ্ধি করার কথা প্রস্তাবিত হইয়াছে। ইহার জন্য এই বিভাগ গরুর খাদ্য বিতরণের ব্যবস্থা করিবে। উদয়পুর, ধর্ম্মনগর ও কৈলাসহরে ডেয়ারী স্থাপন প্রস্তাবিত হইয়াছে। খুব ভাল কথা। কিন্তু প্রশ্ন হচ্ছে যারা দুধ ব্যবহার করেন, তিনি মিনিষ্টারই হউক বা অন্য লোকেই হউক. তারা বলতে পারবেন যে আগে দুধে যে পরিমাণ মাখন থাকত, সেইগুলি এখন আছে কি না? বাই দি বাই, যে কণ্টাকটার বা এজেণ্ট যিনি আগরতলা ডেয়ারীতে দুধ সাপ্লাই করেন, রাস্তায় গাড়ীর মধ্যে কথায় কথায় প্রশ্ন উঠল আপনারা যে দুধ সপ্লাই করেন, তা কিভাবে মীট আপ করেন। তখন বলেন যে কম পক্ষে লিটার প্রতি এক পোয়া জল দেই, কারও বাপের সাধ্য নাই যে দুধের এই জল মেশানো ধরতে পারে। বাজারে যে দুধ বিক্রি হয় তার চেয়ে এই দুধ বেটার কোয়ালিটির স্বয়ং মিনিষ্টাররাও এই কথা বলতে পারবেন না। প্রথম যখন ডায়েরী ষ্টার্ট হয় টি, টি, সি'র আমলে, তখন আমরা দেখেছি

বিশ্রামগঞ্জে একজন সুপারভাইজরি ষ্টাফ ছিল, তার সুপারভিসনে সমস্ত গ্রামাঞ্চল থেকে গরুর দুধ কালেকশান করে নিয়ে আসত। আর এখন কনট্রাক্ট সিষ্টেম হয়েছে। বর্ষাকালে নদী নালা সমস্ত জলে ভরে যায়, তখন তো গ্রামে যাওয়ার উপায় নাই। তখন বিরাট একটা গামলায় দুধ জাল দিতে থাকে আর জল মিশিয়ে দুধের রং করে নেয় এবং এইভাবে জলটাকেই দুধ বলে চালিয়ে দেয়। যদি দক্ষিণাঞ্চলে যান তাহলে নিশ্চয়ই এই দৃশ্য দেখতে পারেন। এইভাবে কনট্রাক্টর ইতিমধ্যে একটা নূতন জীপ গাড়ী পর্য্যন্ত কিনে ফেলেছে। এখানে অর্থমন্ত্রী খুব বাহাদুরী করে বলেছেন, দুধ সাপ্লাই আরো বাড়ানো হবে। বেশ ভাল কথা। কিন্তু যে যে প্রসেসে দুধ সাপ্লাই দেওয়া হয় এইভাবে যদি দুধ সাপ্লাই দেওয়া হতেই থাকে তাহলে ডেয়ারীর উদ্দেশ্যই ব্যর্থ হয়ে যায়। ডেয়ারীর উদ্দেশ্য হল খাঁটী দুধ সাপ্লাই দেওয়া ; সেটা হচ্ছে কিনা তা দেখা দরকার। কিন্তু সেটা দেখা হচ্ছে না। তারা বলেন এটাকে নো প্রফিট নো লস ভিত্তিতে চালাচ্ছেন। কিন্তু দেখা যায়, এনিমেল হাজবেনড্রীর ষ্টাফগুলিকে তারা তাদের ডিপার্টমেণ্টে খাটাচ্ছেন, এনিমেল হাজবেনড্রা ডিপার্টমেণ্টের গাড়ী খাটাচ্ছেন অফিসের কাজের ক্ষতি করে। আর নাম দেওয়া হচ্ছে এটা নো লস, নো প্রফিট বেসিসে চলছে। আজকে যদি কনট্রাকটারকে জিজ্ঞাসা করা হয় যে, আপনি আলাদা কেরিং কষ্ট পান কিনা, সে বলে, না আমি আলাদা পাই না ; দুধের দামের সংগেই সেটা ধরা আছে। ঐ দুধের দামের মধ্যে গাড়ী খরচ, পেট্রোল খরচ সবই ধরা আছে। তার উপরেও সে লাভ করে। তাহলেই বুঝতে পারছেন মাননীয় অধ্যক্ষ মহোদয় যে, কি অবস্থা চলছে। কাজেই আমাদের যে উদ্দেশ্য খাঁটি দুধ সাপ্লাই করা সেই উদ্দেশ্যটা পূর্ণ হচ্ছে না। সেখানেও লাভের কারবার চলছে। এই হচ্ছে আপনাদের রাজত্ব। শুধু লাভ আর লাভ। কিভাবে লাভ করতে হবে সেটাই একমাত্র চিন্তা। আরও বলা হয়েছে, উদয়পুর, ধর্মনগর এবং কৈলাসহরে ডেয়ারী স্থাপন প্রস্তাবিত হইয়াছে। খুব ভাল কথা। কিন্তু আমরা যে উদ্দেশ্যের জন্য এই টাকাগুলি খরচ করছি সেই উদ্দেশ্য সাধন হওয়া দরকার। অর্থাৎ খাঁটী দুধ পাওয়া দরকার। মহিষের দুধ সাপ্লাই দিয়ে গরুর দুধ দিয়েছি বলে জনসাধারণকে ফাঁকি দিয়ে রুলিং পার্টি নিজেদের কিছু চেলাচামুণ্ডাকে দিয়ে হয়ত লাভ করাতে পারেন, তাদের হয়ত বাড়ী গাড়ী হতে পারে, কিন্তু জনতার সামগ্রিকভাবে কোন লাভ হবে না, তার মানে এই বাজেটের দ্বারা তাদের কোন উন্নতি, অগ্রগতি হবে না।

এখানে অবশ্য আগেও কিছু বলেছি খাদ্য ও জনসংভরণ দপ্তরের কথা। এখানে দৈনন্দিন নিত্যব্যবহার্য্য জিনিষগুলির দর যেভাবে বাড়ছে তাকে প্রতিরোধ করবার জন্য সরকার বিভিন্ন ব্যবস্থা নিয়েছেন সেটা আমরা দেখতে পাই এবং এই বাবতে লক্ষ লক্ষ টাকা খরচ হয়ে যাচ্ছে বাজেটে। কিন্তু জিনিষের দাম দিনের পর দিন বেড়েই চলেছে। আর খাদ্য সম্পর্কে তো আমি আগেই বলেছি মোটামুটীভাবে। এখানে বলা হয়েছে সমাজবিরোধীদের কার্য্যকলাপে দর বৃদ্ধি হয়েছে। কাজেই আমি এই কথাটা বলতে বাধ্য যে যারা এই সমস্ত কাজ করে থাকে, মিনিস্টারদের অবশ্য অজানা কিছুই নাই, যারা মজুতদার তারাই এখানে সমাজবিরোধী

কার্য্যকলাপ করছে. সমাজবিরোধী দ্বারা চোরাকারবারীদেরও মীন করছে। কিন্তু আমি মনে করি সমাজবিরোধী কথাটি দ্বারা এখানে একটি বিশেষ রাজনৈতিক দলকে বুঝাবার চেষ্টা করা হয়েছে। এখানে তারা বলতে চেয়েছেন যে, একটা বিশেষ রাজনৈতিক দলের লোকেরা জোর করে ধান চাউল আটক করে রাখতে চায়। আমি এটার প্রতিবাদ করি। এটা ঠিক নয়। যদি কোন গৃহস্থ ঘরে ধান চাউল থাকে তাহলে কারো বাপের সাধ্য নাই না দিয়ে পারে। এটা ঠিক কথা নয়। নিজেদের সমস্ত অপদার্থতা বা নিজেদের দলীয় লোকদের পোষণের জন্য অন্যের ঘাড়ে দোষ চাপিয়ে দেওয়ার টেণ্ডেন্সী ছাড়া আর কিছুই নয়। এটা অত্যন্ত উদ্দেশ্যমূলক।

আর একটা কথা হচ্ছে এখানে চিকিৎসা ও জনস্বাস্থ্যের কথা। যদিও আমরা ত্রিপুরা রাজ্যে অনেক হাসপাতাল এবং ডাক্তারখানা ইত্যাদি করেছি তবুও এখন পর্য্যন্ত জনসাধারণের চাহিদার তুলনায় এইগুলি অত্যন্ত কম। আমরা জানি বহু হাসপাতাল আছে, ডাক্তার নাই বা ডাক্তার আছে, কম্পাউণ্ডার নাই, নার্স নাই। তাছাড়া জি, বি, হাসপাতালে যদিও অনেক অভিজ্ঞ ডাক্তার আছে কিন্তু বর্তমানে জি, বি,তে যে সীট ষ্ট্রেন্থ আছে সেটা রোগীদের সংখ্যার তুলনায় নিতান্তই নগণ্য। গ্রামাঞ্চল থেকেও বহু দূরের রোগী আসে এখানে চিকিৎসা করাতে কিন্তু তাদের পক্ষে সীট পাওয়া দুঃসাধ্য ব্যাপার। সীট আরও বাড়ানো দরকার। কিছু কিছু সীট বাড়ানোর কথা অবশ্য বাজেটে বলা হয়েছে। জনসাধারণ চিকিৎসকের কাছ থেকে যেটা আশা করে সেটা তারা পাচ্ছে না। এখানেও দুর্নীতি আছে। একটা হল চিকিৎসা আর একটা হল অর্থ রোজগার। এই দুইটা জিনিষ এক সংগে চলতে পারে না। কাজেই অভিজ্ঞ ডাক্তার যারা নন্ প্র্যাকটাইজিং অ্যালাউন্স পাচ্ছে না তাদের এটা দেওয়া দরকার। আর যারা লোয়ার গ্রেডে আছে তাদের গ্রেড বাড়িয়ে দেওয়া দরকার। কাজেই দোষ শুধু মানুষকে একতরফা দিলে চলে না। সেই দিক দিয়ে যারা ডাক্তার, নার্স, কম্পাউণ্ডার এই ডিপার্টমেন্টে কাজকর্ম করে তাদের সুযোগ সুবিধা ইত্যাদির দিকে আমাদের নজর দেওয়া দরকার যাতে তারা ঠিক ঠিক ভাবে কাজ করতে পারেন। এই বিভাগের কেলেংকারী সম্বন্ধে আমি আর বলতে ইচ্ছা করি না। গতবার বিধানসভার সেশানে এই বিষয়ে অনেক আলাপ আলোচনা হয়ে গেছে। তবে একটা কথা বলতে বাধ্য হচ্ছি। গত সেশানের মধ্যে বা তার আগের সেশানে হবে, আমার ঠিক মনে নেই, জি, বি,তে মেডিক্যাল স্টোরস অর্থাৎ ঔষধপত্রাদি আগুণ লেগে নষ্ট হয়ে গিয়েছিল, এই সম্পর্কে মিনিষ্টার কনসার্ণড পরবর্ত্তি সময়ে রিপোর্ট দেবেন বলেছিলেন। কিন্তু আজ পর্য্যন্ত আমরা সেই বিষয়ে কিছু জানতে পারি নাই, ইট ইজ আণ্ডার ইনভেষ্টিগেশান তখন তিনি বলেছিলেন কিন্তু পরবর্ত্তি সময়ে এই বিষয়ে আমাদের আর কিছু জানান হয় নাই কাজেই এই বিষয়ে আমি আর কিছু বলতে ইচ্ছা করি না। তবে একটা কথা হচ্ছে এই যে, সব জায়গার মধ্যেই দুর্নীতি চলছে, যেমন একটা কথার কথা আমি এখানে বলছি যে একটি কারণে আমি জি, বি, হাসপাতালে সেদিন গিয়েছিলাম, যে ভদ্রলোক ঔষধ পত্রাদি সাপ্লাই করেন, তিনি কতকগুলি ঔষধের বাক্স নিয়ে বারান্দার মধ্যে টাল করে রেখেছেন, ষ্টোর কীপার

নাই। তিনি একবার ইমার্জেন্সী ডাক্তারের কাছে পীড়াপীড়ি করেন, কারণ ডেলিভারী দিতে হবে, সুপারিনটেণ্ডেন্টের কাছে যান, এইভাবে ২।৩ দিন এই সমস্ত পেকিং বাক্স নিয়ে ঘোরাঘুরি করেন সেগুলি রাখার জন্য। এই যে একটা অব্যবস্থা এটা শুধু ঐ জায়গায় চলছেনা, সর্বত্র, সবগুলি ডিপার্টমেন্টের মধ্যেই রন্ধ্রে রন্ধ্রে চলছে। এইগুলি বলে লাভ নেই। আজকে যদিও প্রয়োজনের তুলনায় মেডিক্যাল এবং পাবলিক হেল্থ'এ যে ব্যয় বরাদ্দ বাজেটের মধ্যে রাখা হয়েছে তা পরিমাণগত ভাবে খুবই কম, তথাপি যদি এইগুলি ঠিক ঠিক ভাবে ইউটিলাইজ করা হত তাহলেও জনসাধারণের কিছুটা উপকার হত। কিন্তু এটার মধ্যেও আজকে চোরাকারবার চলছে। কাজেই আজকে মেডিক্যাল এণ্ড পাবলিক হেল্থ বাজেটের মাধ্যমে ত্রিপুরার সমগ্র জনসাধারণের যে উপকৃত হওয়ার কথা, তা হবে না। কিছুদিন আগে এ্যাসেম্বলীর মধ্যে একজন মাননীয় সদস্যের প্রশ্নোত্তরে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলেছেন যে, ৬৯৪ জন চক্ষু চিকিৎসার জন্য ওয়েটিং লিষ্টে আছে, এই যে ৬৯৪ জন রোগী তারা ধর্মনগর টু সাবরুম সমগ্র রাজ্য থেকে অপারেশানের জন্য ওয়েট করছে। কিন্তু তাদের কিভাবে প্রেফারেন্স দেওয়া হয়? যাদের মিনিষ্টারদের সংগে জানাশুনা আছে বা যারা কিছু না কিছু ভাবে এরেঞ্জ করতে পারে—(সিনেমার টিকিট থেকে সব কিছুই ব্ল্যাক হচ্ছে, এটা হওয়া স্বাভাবিক।) তারাই চিকিৎসার সুযোগ পাচ্ছে। আর যাদের পক্ষে কোন ব্যবস্থা করার সম্ভাবনা নাই, তাদের আর কোন চিকিৎসার ব্যবস্থা নাই। বছরের পর বছর ওয়েটিং লিস্টেই তারা থাকে। যদি কিছু দেওয়া যায় তাহলে চিকিৎসার ব্যবস্থা হতে পারে, এই হচ্ছে অবস্থা। ডাক্তার আচার্যির কথাই ধরুন। আমি একদিন একটা পেশান্টের জন্য ফোন করেছিলাম। তিনি বললেন যে কি করি বলুন, ওয়েটিং লিষ্টে ধর্মনগর প্রভৃতি অঞ্চল থেকে এসে বসে আছে। কংগ্রেসের যারা এম, এল, এ, অমুক মিনিষ্টার তাদের রিকম্যাণ্ডেশানে যারা আসছে তাদেরই করে উঠতে পারছি না, আর কি বলব বলুন, এই হল অবস্থা। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি স্পেসিফিক কোন অভিযোগ কারও বিরুদ্ধে আনছিনা, যে অবস্থার কথা আমি বলছি এই হচ্ছে বাস্তব ঘটনা। যদি এইভাবে বছরের পর বছর ওয়েটিং লিষ্টে থাকতে হয় তাহলে যারা বাজেট করেন, সরকার পক্ষ, তারা যদি সামান্য কিছু করেই বলেন আমরা অনেক কিছু করেছি তাহলে ঠিক হবে না।

আর জনস্বাস্থ্য সম্পর্কে কিছু বলা দরকার। কমপারেটিভলি মহারাজার আমলে যে হারে বসন্ত হত, এখন হয়ত তেমনটি নাই। কিন্তু এমন সব অব্যবস্থা এবার দেখা গেছে যে ভেকসিনেশান নেওয়ার পর ইরাপশান হয়ে মরাপাড়ার একটি ছেলে মারা গেল। আগরতলা সহরের উপর এই ঘটনা ঘটে গেল। কাজেই যে সমস্ত লিম্পস আনা হয় সেই লিম্পসগুলি ঠিক কিনা যাচাই করা দরকার। মানুষ বসন্তের টীকা নেয় টু প্রিভেণ্ট দি ডিজিজ, কিন্তু বসন্তের টীকা নেওয়ার পর ইরাপশান হয়ে মারা গেছে এমন বহু ঘটনা আছে। আর গ্রামাঞ্চলের কথা বাদই দিলাম। এই সমস্ত ঘটনাগুলি বিচার বিবেচনা করে দেখা দরকার।

কয়েক বছর আগে মেলেরিয়া নির্ম্মূল না হলেও অনেকটা কমে গিয়েছিল। কিন্তু এখন সেটা আবার যেন মাথা চাড়া দিয়ে উঠতে চায়। এই সমস্ত দিকে নজর দেওয়া দরকার। আরেকটা হচ্ছে ত্রিপুরার সর্বত্র টি, বি এবং লেপ্রোসীর সার্ভে করে যেন চিকিৎসার ভালভাবে ব্যবস্থা করা হয় সেই দিকে অন্ততঃ নজর দেওয়া দরকার। আরেকটা জিনিষের প্রতি আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এখানে একটা আয়ুর্বেদিক হাসপাতাল বা মেনুফেক্চারিং কেন্দ্র হওয়া দরকার। এখানে অলরেডি একটা ডিসপেন্সারী খোলা আছে। এখানে একটা হাসপাতাল হওয়া দরকার। কারণ আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি যে এই সমস্ত পেটেন্ট ঔষধ থেকে কবিরাজী ঔষধের গুণ অনেক বেশী এবং দীর্ঘস্থায়ী হয়। আমাদের এখানে বয়ড়া, আমলকী ইত্যাদি পাঁওয়া যায়, এইগুলি যদি ঠিক ঠিক ভাবে ইউটিলাইজ করে, রিফাইন করে কবিরাজী ঔষধের মধ্যে লাগান যায় তাহলে পরে জনসাধারণের আয়ের একটা ব্যবস্থা করা যেতে পারে, কিন্তু আমরা তা করছি না। আজকে কবিরাজী ঔষধের একটা কারখানা বা হাসপাতাল যাই হউক একটা করা দরকার। শুধু একটা নয়, আরও সেন্টার খুলতে পারলে ভাল হয়। যদি এই হয় যে কিছু নিজস্ব লোক, নিজের দলের সমর্থক লোককে পালন করতে হবে এই যদি টেণ্ডেন্সী হয়, তাহলে উদ্দেশ্য সার্থক হবে না। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয় এই খাতে বাজেটে যে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে, এই ব্যয় বরাদ্দের মাধ্যমে যতটুকু সাহায্য জনসাধারণের পাওয়া দরকার, ততটুকু পাওয়া যাবে কি না যথেষ্ট সন্দেহ আছে। কারণ এখন রুলিং পার্টির সমস্ত সদস্য যার যার ঘর গোছানো নিয়ে ব্যস্ত। কাজেই এই সময়টার মধ্যে যে যেখানে পারে, যতদূর পারে লুঠের বাজার হিসাবে ব্যবহার করছে। কাজেই এই বছরে জনসাধারণ সামগ্রিক ভাবে উপকৃত হবার সম্ভাবনা খুব কম।

আর শিক্ষা সম্পর্কে নূতন স্কুল খোলা, প্রাথমিক ও জুনিয়ার হাই স্কুলগুলিকে নিম্ন বুনিয়াদি ও উচ্চ বুনিয়াদি বিদ্যালয়ে রূপান্তর করা এবং অতিরিক্ত ছাত্রদের শিক্ষার সুযোগ করিয়া দিবার জন্য বর্ত্তমান স্কুলগুলিকে উচ্চ পর্যায়ে উন্নীত করা হইতেছে ইত্যাদি অনেক কিছু বলা হয়েছে। এখানে এই কথা অনস্বীকার্য যে ত্রিপুরা রাজ্যে অনেক স্কুল হয়েছে। হায়ার সেকেণ্ডারী স্কুল হয়েছে, প্রাইমারী স্কুল হয়েছে, এই কথা সত্যি; কিন্তু সঙ্গে সঙ্গে জনসংখ্যাও বাড়ছে এই কথাও অস্বীকার করার কোন উপায় নাই। মাননীয় অর্থমন্ত্রী নিজেও এই কথা বলেছেন। কাজেই চাহিদা মত স্কুল গুলি আজকে হচ্ছে কিনা সেটা বিচার বিবেচনা করে দেখা দরকার। এমন কতগুলি জায়গা আছে, যেখানে মোটেই স্কুল নাই আবার যেখানে মিনিস্টারকে বশ করানো যায়, দরবারের জোর থাকে সেখানে এক জায়গায় ৩টা স্কুল হলেও ক্ষতি নাই। তবে অন প্রিনসিপ্‌ল আমি স্বীকার করি ছাত্র সংখ্যা যদি বেশী থাকে তাহলে সেই অনুযায়ী বেশী স্কুল দরকার। তাতে কোন ক্ষতি নাই। কিন্তু যেখানে মোটেই স্কুল নাই অথচ ছাত্র সংখ্যা প্রচুর সেই দিকে দৃষ্টি দেওয়ার দরকার। যে সমস্ত জায়গাতে ১২ বর্গ

মাইলের মধ্যে একটা হায়ার সেকেণ্ডারী স্কুল নেই সেখানে একটা হায়ার সেকেণ্ডারী স্কুল হলে সেই এলাকার ছাত্ররা পড়তে পারে। এমন অনেক ঘটনা ত্রিপুরা রাজ্যে আছে। তারা যদি ইচ্ছা করেন তবে টাকারজলায় একটা স্কুল দিতে পারেন, গোলাঘাটি ও জম্পুই জলায় কোন হায়ার সেকেণ্ডারী স্কুল নাই। অন্ততঃ নামকাওয়াস্তে একটা জুনিয়ার হাই স্কুল দিতে পারেন। সিপাহীজলার মধ্যে একটা জুনিয়ার হাই স্কুল দিয়েছেন। কিন্তু নাম দিয়েছেন সিনিয়ার বেসিক। সেখানে কিন্তু শিক্ষক স্কুল কিছুই নেই। অর্থাৎ একটা প্রহসন চলছে। এইভাবে বহু স্কুল ঘর, একবার কোন রকমে যদি ঘর করে দেওয়া হয় এবং পরবর্ত্তী সময়ে যদি তা ভেঙে যায় তাহলে সরকারের কোন দায় দায়িত্ব থাকে না। যেমন ব্রজপুর কলোনীতে একটা পাকা ভিটি টিনের ঘর হয়েছে। গত সাইক্লোনে এটা ভেঙে যায়। এখনও আমি দেখেছি এটা ভাঙাই রয়ে গেছে। সেটা আর রিপেয়ার হয় নাই। কথা হল আমরা বহু স্কুল করেছি। প্রাইমারী স্কুল থেকে হায়ার সেকেণ্ডারী পর্যন্ত বহু স্কুল হয়েছে। করাটা বড় কথা নয়, সেই স্কুলগুলির মাধ্যমে ছাত্ররা পড়াশুনা করতে পারছে কিনা সেটাও দেখতে হবে। কাঞ্চনপুর হায়ার সেকেণ্ডারী স্কুল অগ্নি দগ্ধ হল, তারা বলেন অগ্নি সংযোগ—অর্থটা কিন্তু একই। ধরে নিলাম অগ্নি সংযোগই হয়েছে। কিন্তু ছাত্ররা কোথায় স্কুল করছে? কিছুদিন আগে মিনিষ্টার বলেছেন গ্র্যান্ট দেওয়া হয়েছে। কিন্তু কনস্ট্রাকশন হলো কিনা সেটা দেখার সময় নাই। পাকা কনষ্ট্রাকশন না হয় কাচ্চা কনষ্ট্রাকশন করেও তো সাময়িকভাবে চালানো যায়। কাজেই স্কুল করাটাই বড় কথা নয়।

আর ছাত্র ভর্ত্তি করানো তো সাংঘাতিক ব্যাপার এটা সকলেই জানেন। আগে যখন আমরা বোর্ডিং এ ছিলাম তখন আমাদের রাধাকিশোর বলে একটা পাচক ছিল। যুদ্ধের সময় যখন কন্ট্রোল ছিল তখন রেশন সপে সে যেত এবং এসে বলতো যে মুরগীর খাঁচার ভিতরে চাল দিলে মুরগীর বাচ্চাগুলি যে রকম হুড়মুড় করে খাঁচার ভিতরে ঢুকতে চায় এই রকম অবস্থা। ঠিক আমাদের স্কুলগুলিতে ভর্ত্তির সময়েও এই রকম অবস্থা হয়। যাদের একটু জানাশুনা আছে তারা ভর্ত্তি হতে পারে আর কত লোক যে ফিরে চলে যায় তার কোন ইয়ত্তা নেই। স্কুল কলেজ অনেক হয়েছে ঠিকই কিন্তু ছাত্র সংখ্যা অনুযায়ী হয় নি। তারা বলেন সকলেই সরকারী স্কুলে ভর্ত্তি হতে চায় তাহলে কি করে চলবে? কিন্তু আমি জানি বে-সরকারী স্কুলগুলিতেও একই অবস্থা। কাজেই এতে বাহাদুরী করার কিছুই নাই। গ্রামের ছেলে গ্রামে ফিরে গেছে এমন অনেক ঘটনা আছে। তারপর স্কুলকে সাহায্য দেওয়ার ব্যাপারে অনেক বড় বড় কথা বলা হয়েছে। আমাদের শিক্ষা বিভাগের অধিকর্ত্তা বলেছেন ছাত্রদের জন্য বোর্ডিং আছে। বিশ্রামগঞ্জে বোর্ডিং হাউস একটা কনস্ট্রাকশন হচ্ছে, ট্রাইবেল ওয়েলফেয়ার স্কীমের টাকাও এখানে আছে। এখানে তুলসীবতী স্কুলের নিকট যেখানে রিলিফ ডিপার্টমেন্ট ছিল সেখানে বহুদিন যাবত বোর্ডিং কনস্ট্রাকশন চলছে। এটা যে কখন শেষ হবে তার কোন ঠিক নেই। এখানে গ্রামাঞ্চলের মধ্যে ইদানীং কিছু উপজাতীয় মেয়েরা পড়তে আরম্ভ করেছে। অনেক কষ্ট করে হেডমিষ্ট্রেসকে বলে একটা মেয়েকে ভর্ত্তি করানো

গিয়েছিল। তারপর থাকবার জায়গা দিতে পারে না। মহা সমস্যা। মাননীয় শিক্ষামন্ত্রী অবশ্য কথা দিয়েছেন তিনি যদি অ্যাকমডেশন দিতে রাজী থাকেন তবে চেষ্টা করে দেখা যাবে। এমন ঘটনাও আছে। ছাত্র ভর্ত্তি হতে পারে নাই এমন ঘটনা অনেক আছে। কাজেই বলার সময় অনেক কিছু বলা হয় কিন্তু কার্যতঃ কিছুই করা হচ্ছে না।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, বাইরে একদল ডেপুটেশনিষ্ট এসেছেন, তারা আমাকে ডাকছেন। তারা মিনিষ্টারের সঙ্গে দেখা করতে চান।

মিঃ স্পীকার ঃ— Please finish your speech. You may go at the recess time.

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ— এটা সুন্দর হয় যদি ১০ মিনিট আমাকে বাইরে যেতে অনুমতি করেন। দশ মিনিট সভার কাজ না হয় বন্ধ রইল।

শ্রীএস, এল, সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডেপুটেশনিষ্টরা এসেছেন। তারা লেবার মিনিষ্টারের সঙ্গে দেখা করছেন। লেবার মিনিষ্টার গিয়েছেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—আর শিক্ষাক্ষেত্রে যে অরাজকতা চলছে তার কিছু উল্লেখ করা দরকার। বললে হয়ত মিনিষ্টাররা বিশ্বাস করতে চান না। অনেক ক্ষেত্রে দেখা যায় শুধু আগরতলার কথা বলছিনা, বিভিন্ন জায়গার মধ্যে দেখা যায় যে ভর্ত্তি যদি না হতে পারে, টাকা দিলে আবার ভর্ত্তি হওয়া যায়। শিক্ষা প্রতিষ্ঠানে এইগুলি থাকা যদিও বাঞ্ছনীয় নয়, তবুও অনেক জায়গায় সেটা হচ্ছে। আমি কারও বিরুদ্ধে স্পেসিফিক কোন অভিযোগ আনছিনা। তবে এই যে অভিযোগ আমি করলাম সেটা ব্যাপক আকারে দেখা না দিলেও কিছু কিছু ক্ষেত্রে এটা হচ্ছে, সেটা দূর করা দরকার। আরেকটা হচ্ছে সোশ্যাল এ্যাডুকেশান সম্পর্কে একটা ঘটনা আছে। এখানে পিটিশান লেখা হয়েছে, মেমরেণ্ডাম টু দি চীফ মিনিষ্টার এণ্ড অল মেম্বারস অব দি ত্রিপুরা লেজিসলেটিভ এ্যাসেম্বলী—

With due respect and humble submission I beg to lay the following few lines for your kind information and sympathetic and justified consideration. I, Shri. Ajoy Kr Kar, Asstt teacher of Andhericherra Primary School, Dharmanagar suffering much as I am not getting any response from Education Directorate. I was deputed to Hindi Training Centre in 1965. But unluckily I got plucked in the first year examination. Then I was sent back to my previous school i. e. Andhericherra Primary School, Dharmanagar and servey there for six months. After that I was directed by the Director to join again in the Hindi Training Centre etc. etc.

এই হচ্ছে বিষয় বস্তু। তাকে হিন্দী ট্রেনিং'এ পাঠান হয়েছিল। প্রাক্‌ড হওয়ার পর তাকে ওন কাষ্ট ট্রেনিং দেওয়ার কথা বলা হয়, তখন সে অসুস্থ হয়ে পড়ে এবং লিভ চায়। সে যখন অসুখ থেকে মুক্তি পায় তখন সে ডাইরেক্টারের সঙ্গে কমিউনিকেট করে যে কোথায় কি করতে হবে, কিন্তু আর তাকে কোন রিপ্লাই দেওয়া হয় না।

On various occasion I seek orders and permission regarding the position of my service to the Hon'ble Director in letters and telegrams but with no effect. It is about two years I am in hanging position whether I am still in service or not. Director is not giving any reply to my prayer ete. etc.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই হল অবস্থা। তাকে কোন খবর দেওয়া হয় না, তাকে টার্মিনেট করা হল, কি কারণে করা হল, সেই সম্পর্কে তাকে কোন কিছু বলা হচ্ছে না, দীর্ঘদিন যাবত তাকে ঝুলিয়ে রাখা হয়েছে। আরেকটা মজার ব্যাপার আছে, যদিও এ সম্পর্কে একটা কোয়েশ্চান ছিল, আমি নিজে উপস্থিত ছিলাম না। এটা হল,—

To

The Mukshya Sevika.
Sadar Block. Jirania.
Birendranagar,

Sub :— Explanation.

Madam,

In inviting a reference to your letter No. 645/F-56/67, dated 23/12/67, I beg to state the following for your kind favour—

1) I have been transferred to Purba Noagoan Firm as social education worker vide Government of Tripura, Education Directorate Order No. 5. VI/2-E/66, dated 27-10-67. Accordingly I have joined here on 16/11/67.

2) Since then I have been performing my duties as alloted preferably with proper guidance of the authority. At present I am not in a position to follow the word unauthorised absence from the duties.

3) I have been entrusted with the work of following nature as per verbal instruction of the Dy. Director (Women's Programme) to attend night school at Bardwan Thakur para. According to the kind instruction of the Dy. Director (Women's Programme), I attended the night school upto 12/12/67 and on 13/12/67 I have been instructed verbally by Smt. Majumder, Mukhshya Sevika, Jirania, not to attend the night classes Bardwan Thakur para but to attend the house of adult persons and to keep close at watch during the night. She did so after

violating the instruction of the Dy. Director as sated above. Not only this, she also focused me amongst the villagers in a way that I have been appointed as night girl as well as an women of that type who might be utilised by the villagers at any time for anything. She did not think that I am also an woman as like as she is. According to the instruction of Smti Majumder, Mukshya Sevika, I have been performing duties of night girl in violating the instruction of the Deputy Director here where I have been posted. In this connection I would like to point out that I requested Mukshya Sevika to provide me with a security arrangement as there is posibility of facing hamper of female prestige at Purba Noagaon Firm while Bardwan Thakurpara night school is three miles far away from Purba Noagaon. Is it possible for a young lady to perform the duties of night girl in the location of Purba Noagaon to Bardwan Thakurpara alone without security.

Mr. Speaker :— The House stands adjourned till 2 P. M. The Member speaking will have the floor. But you will have only 15 minutes after recess.

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার আরও অনেক বিষয় বস্তু বলার রয়ে গেছে।

Mr. Speaker— Then I shal' try to consider it.

Mr. Speaker :—I would request the Hon'ble Member Deb Barma to continue his speech. I would request the Hon'ble Member to finish his speech writhin twenty minutes.

Shri Aghore Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি এখানে যে বিষয়ে বলতে চাইছি তার বিষয়বস্তু হচ্ছে Education Deptt এ Social education section এর তত্ত্বাবধানে একটি farm করা হয়েছে, সেখানে সব social worker দিয়ে কাজ করানো হয়। যে জায়গায় ঐ farm করা হয়েছে সেটা একটা Disputed land. তাদের force করে এটা দখল করতে হয়, কারণ সকলেই চাকুরী করে এবং উর্দ্ধতম কর্ত্তৃপক্ষের আদেশ তাদের মানতে হবে। নতুবা চাকুরী থাকবে না। তাই চাকুরীর খাতিরে সেই জায়গা তারা দখল করতে গেল ফলে তাদের নামে মামলা দায়ের করা হয় এবং warrant বাহির করা হয়। অনেক কেস তাদের নামে ঝুলছে এবং কেউ কেউ হাজত পর্য্যন্ত খেটেছে। Local paperএ এসব ঘটনা প্রকাশিত হইয়াছে। সময় থাকলে আমি ঐ সব পত্রিকা দেখাতে পারতাম। যা হোক এখানে ডিক্টেটারীর কার্য্যকলাপ যে বেড়ে গেছে তার একটা প্রমাণ আমি দিলাম। একজন Young lady social warkerকে দিয়া বাড়ী পাহারা দেওয়া হয়? ঐ বাড়ীর Adult যে মেয়েরা তারা স্কুলে পড়তে যায় আর adult যে স্বামী তাকে পাহারা দিবার জন্য ঐ মেয়েটি থাকে। এই রকম মর্য্যাদা হানিকর কাজ করা হয়ে থাকে। এইভাবে সর্ব্বত্রই একটা ডিক্টেটারীর খেলা চলছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি Industry সম্বন্ধে কিছু বলব। আজ পর্য্যন্ত এই deptt. এ যত টাকা ব্যয় করা হয়েছে তার কোন মুল্যায়ন করা হয়েছে কি ? অর্থাৎ যে purposeএ টাকাগুলি খরচ করে শিল্পগুলি এখানে করা হয়েছে, সেইগুলি এখানে চালু আছে কি না। কিন্তু বাস্তবিক ক্ষেত্রে তদন্ত করলে আমরা দেখব যে যতসব শিল্প আগে গড়ে উঠেছিল সেইগুলি প্রায় সবই নষ্ট হয়ে গেছে। কাজে কাজেই Production অনেক কমে গেছে। তাঁতের যে কাপড় এখানে উৎপন্ন করা হয় যেটা ত্রিপুরার প্রয়োজনের পক্ষে যথেষ্ট নয়, বহু কাপড় বাহির হতে আমদানী করতে হয়। যদি তাঁতশিল্প আরো প্রসার লাভ করত তাহলে অর্থনৈতিক দিক হতে আর একটা বড় কাজ হত। এখানে যত লক্ষ লক্ষ টাকাই খরচ করা হোক্ না কেন শেষ পর্য্যন্ত দেখা যায় যে সেই সব শিল্পের আর কোন পাত্তাই নাই।

কাজেই এই অবস্থার পরিপ্রেক্ষিতে ত্রিপুরার শিল্পের কোন ভবিষ্যৎ আছে কিনা তা সন্দেহের বিষয়। Teliamura training cum-production centre হচ্ছে। তার কোন হিসাব নাই। তাতে একটা Mismanagement, corruption চলছে। Police এর একটা অভিযোগও সেখানে আছে ৫ হাজার টাকার ফার্নিচার বিক্রী সম্বন্ধে একটা case আছে অথচ কোন তদন্ত হচ্ছে না। সরকার পক্ষও এ সম্বন্ধে কোন কার্যকরী ব্যবস্থা গ্রহন করছেন না। যদি কোন খাতিরের লোক থাকে তবে তার বিরুদ্ধে কোন Actionই নেওয়া হয় না। কাজেই এই রকম সেসমস্ত production centre আছে তার পিছনে প্রচুর টাকা ব্যয় করলে কি হবে, প্রকৃত পক্ষে কোন কাজ হচ্ছে না। প্রদর্শনী মারফতে নানা রকম শিল্পের উন্নতি সম্পর্কে নানা রকম তথ্য দেখান হয়। কিন্তু যতদিন পর্যান্ত Electricity না আসে ততদিন পর্যান্ত মাঝারি শিল্পের কোন উন্নতি হবেনা। কাজেই রাজ্যের অগ্রগতি বা উন্নতি সম্ভব হয়ে উঠছে না।

পূর্ত্ত বিভাগ তো লুটের বাজার। এ সম্পর্কে বলে কোন লাভ নেই, কারণ বহুবার বলা হয়েছে। এ বিভাগে কিভাবে যে লুটের বাজার চলছে তা আপনারা সকলেই জানেন। কিন্তু জানলে কি হবে concrete case দেওয়াটাই মুস্কিল। যাহা হউক S. K. Bhattacharjee, Engineer, past experience আছে। তিনি Mython Hydro Electric Project এ ১৬ কোটি টাকার কাজ করেছেন এবং তার অভিজ্ঞতা হল' ২॥ বৎসরের। আরও অন্যান্য Projectএ উনি কাজ করেছেন ৮ বৎসর। সেইজন্য এই ভদ্রলোককে ত্রিপুরাতে select করে নিয়ে আসা হয়েছে। কিন্তু পরবর্ত্তী সময়ে দেখা যায় যে তাকে বেতন দেওয়া হয় ৮০০ টাকার scale এ। এরপর আর একজন ভদ্রলোককে আনা হলো, তিনি হলেন শ্রীএ, কে, দাশগুপ্ত। এ, কে, দাশগুপ্তকে যখন আনা হলো, তখন S. K. Bhattacharjee একটি representation দিলেন। তিনি experienced এবং qualified এবং যে কাজের জন্য আনা হয়েছে সেই কাজে তার অভিজ্ঞতা আছে, তিনি যে Post এ এসেছেন সেই Postএর তিনি উপযুক্ত। এই বলেই তিনি representation দিয়েছিলেন। তার representationএ action হয়েছিল এবং তাকে প্রমোশন দেওয়ার কথা হয়েছিল। কিন্তু Ruling পার্টির অদৃশ্য হস্তক্ষেপের ফলে

তা স্থগিত রাখা হয়। পরবর্তী অধ্যায়ে আমরা দেখতে পাই যে, ১৯৬৩ সনে তার caseটা suppress করে A. K. Palকে বাইর থেকে আনা হয়েছে। A. K. Pal এর চাইতে S. K. Bhattacherjeeর অভিজ্ঞতা তুলনামূলকভাবে অনেক বেশী'। কিন্তু যেহেতু Ruling পার্টির তাকে পছন্দ হয়নি, কাজেই A. K. Palকে নিয়ে আসা হলো। আগরতলাতে Water supply works এর কাজের দায়িত্ব ভদ্রলোককে দেওয়া হ'ল। পরবর্তী সময়ে দেখা গেল যে জলের pipe অনেক যায়গায় leak করছে এবং ফেটে যাচ্ছে। এমন সংবাদও শুনা যায় যে এখান থেকে pipeগুলো truckএ truckএ বোঝাই করে কলিকাতায় চালান দেওয়া হয়েছে। এই কাজের জন্য অভিজ্ঞ লোক থাকা সত্বেও কেন নতুন করে লোক আনা হলো সেটা সহজেই অনুমান করা যায়।

Mr. Speaker :—মাননীয় সদস্য আপনার পনর মিনিট সময় শেষ হয়ে গেছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমিতো আগেই বলেছি আমায় সময় দিতে হবে। তাড়াহুড়ো করলেতো বলা শেষ হবে না। বিরোধী পক্ষের আরতো কেহ নাই। আমায় আর একটু সময় দিন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে পূর্ত্ত বিভাগে জলবিদ্যুৎ পরিকল্পনার একটি চুক্তি সম্পাদিত হয়েছে। ৮০০ একর জমিতে ক্ষুদ্র সেচ ব্যবস্থা সম্পন্ন হয়েছে। নতুননগর, নরসিংগড় এলাকায় pumping setএর দ্বারা জলসেচের একটা ব্যবস্থা অনেকদিন ধরে আছে। এখন পর্য্যন্তও সেটা চলছেই। কবে যে শেষ হবে তার কোন নিশ্চয়তা নেই। এই ভাবে বহু টাকা খরচ হচ্ছে। আধাআধি হয়ে আছে—Complete হয়নি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, P.W.D. একটি important Department. তার Communication, irrigation, electricity বিভন্ন দিক আছে। কাজেই ওগুলো নিয়ে আলোচনা করতে সময় একটু বেশী লাগবে।

P. W. D. খাতে লক্ষ লক্ষ টাকা খরচ করা হয় কিন্তু জনসাধারণের উপকারে তা কমই লাগে। অনেক জায়গায় বাঁধ তৈরী করা হয়েছে যা নাকি দুদিন পরেই নষ্ট হয়ে গিয়েছে, এরূপ প্রমাণ বহু আছে। ইদানিং Estimate Committeeতে আমরা একটা Report পেয়েছি যে একটি বাঁধ তৈরী করা হয়েছে। কিন্তু জনসাধারণ সেখানে জল পাচ্ছে না। যেখানে বাঁধ দেওয়া হয়েছে সেখানের যে water level তার থেকে জল জমিতে দিবার সুবিধা নাই, এই বাঁধটি সেকেরকোট হতে প্রায় মাইল দুয়েক দূরে কাঞ্চনগর বাজার ও সেকেরকোটের মাঝামাঝি। সিনাই নদীর উপরের সেই বাঁধ, তাতে প্রায় ৩২ হাজার টাকা খরচ হয়েছে কিন্তু জনসাধারণের কোন কাজেই আসে নাই।

গোমতী নদীর plan আমরা বহু দিন পূর্ব্ব থেকেই শুনে আসছি। মহারাজার আমলেও তা ছিল। উদয়পুরে একটি অফিস খুলে তার কাজও আরম্ভ হয়েছিল, এখন সেইটা বরবাদ গেল।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, দৈনিক গণ অভিযানের ২৬শে জানুয়ারীর একটা খবর আমি পড়ে শুনাইতেছি। ত্রিপুরা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি পরিচালনায় ভ্রষ্টাচার দুর্নীতির ইতিহাস।

এটা ত্রিপুরার চিফ কমিশনারের উদ্দেশ্যে লেখা হয়েছে। এখানে অনেক দুর্নীতির ইতিহাস দেওয়া হযেছে। তার মধ্যে আমি অংশ বিশেষ পড়ে শুনাচ্ছি।

এখানে লিখা হয়েছে "ত্রিপুরা রাজ্যের হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সম্পর্কে আপনি অবহিত আছেন। কারণ আপনিই তো আপনার পূর্ববর্ত্তী চীফ কমিশনারের রায়ে বর্ণিত "কো-অপারেটিভ আইন সম্পর্কে শোচনীয় জ্ঞানের অভাব সম্পন্ন ব্যক্তিকে রাজ্যের সমবায় দপ্তরের রেজিষ্ট্রারের পদে অধিষ্ঠিত করেছেন ইত্যাদি, ইত্যাদি।

তারপর আরও লিখা হয়েছে—"কনজিউমার্স হোলসেল কো-অপারেটিভ ভোগকারীদের স্বার্থ রক্ষার জন্যেই না এর প্রতিষ্ঠা। তাহলে তাদের হিসাবের খাতায় পাতা নেই কেন? আপনি তদন্ত করে দেখবেন কি? আমি জানি ১৯৬৬ সালের ১লা জুলাই থেকে ১৯৬৭ সালের ৩০শে জুন পর্যান্ত সময়ের হিসাবের পাতাগুলি খাতা থেকে হাওয়া হযে গেছে।"

তারপরে লিখা হয়েছে "আপনি হযতো শুনে থাকবেন এবারে হোলসেল কনজিউমার্স এর অডিট রিপোর্টে দপ্তরটির অভ্যন্তরের দুর্নীতি ও অপদক্ষতা সম্পর্কে যথেষ্ট কটূক্তি করেছে। অডিট রিপোর্টটি জনস্বার্থের খাতিরে প্রকাশ পাওয়া উচিত হলেও তার কপি পাওয়া বড় সহজ নয়।"

তারপর ৮ নম্বরে বলা হয়েছে—"কনজিউমার্স হোলসেল এর জন্মলগ্ন থেকেই ওর মধ্যে চলছে স্বার্থ উদ্ধারের ফিকির। প্রথমেই ধরুণ, একটা বেঢপ বাড়ীর মালিক পক্ষের সঙ্গে সম্পর্ক। বাড়ীটা লাখ টাকা দামে কেনার জন্যে গোপনে ১০,০০০৲ টাকা আগাম দেওয়া হল। কিন্তু ইতিমধ্যে হাঁড়ির খবর ফাঁস। সঙ্গে সঙ্গে শিলং থেকে ছুটে এলো পুলিশের স্পেশাল ব্রাঞ্চ। লাখ টাকার বাড়ী কিনে বাড়ীওয়ালা/ওয়ালীকে খুসী করা গেল না তবে দশ হাজার টাকা আগাম দেওয়াই রইল। ঠিক হলো বাড়ীর ভাড়া চারশ টাকা। হোলসেল কনজুমার্স তো আর বাড়ীর সংস্কার সাধন না করে বসতে পারে না। সংস্কার হলো। খরচ একুনে পাঁচ হাজার উনিশ টাকা সতেরো পয়সা। রফা হলো এর মধ্যে চার হাজার টাকা বাড়ীর মালিক পক্ষের নামে আগাম জমা হিসাবে গ্রাহ্য হবে ইত্যাদি ইত্যাদি।"

তারপর "চৌদ্দ হাজার টাকা আগাম শোধের জন্য কি কি চমৎকার ব্যবস্থা করা হয়েছে? পয়লা নম্বর হলো যে, ঘরের ভাড়া মাসিক চারশো করে ঠিক হলো এবং এর মধ্যে দু'শো টাকা করে আগাম থেকে কাটা যাবে। কিন্তু যদি বলা হয় এর জন্য কোন লিখিত দলিল রয়েছে কি? উত্তরে শুধু নেতি বাকিা ছাড়া ইতি বাক্যি পাবেন বলে আপনার ধারণা থাকলে আপনি চূড়ান্ত আশাবাদী।"

৩ নং—১৯৬৩ সালের ডিসেম্বর মাসের ১ম সপ্তাহে শ্রীহৃদয়কান্ত বড়ুয়া কুড়ি হাজার পাঁচশো টাকা তহবিল থেকে নিলেন নিত্য প্রয়োজনীয় ভোগ্যদ্রব্য কিনবেন বলে। ঐ সালেরই ডিসেম্বর মাসের শেষ সপ্তাহের হিসাবে দেখা গেল তিনি বার হাজার নয়শত আটত্রিশ টাকা আটত্রিশ পয়সার হিসাব দেখালেন। আর বাকী ৬ হাজার ৫শত ৬১ টাকা ৫৯ পয়সার হিসাব দেখালেন পরবর্ত্তী বছরের জুন মাসের ২৯ তারিখ। হিসাবে দেখানো হলো হিতসন্ধ্যানী তেলিয়ামুড়া ও কমলপুরের সমবায় সংস্থার জন্যও টাকা খরচ হয়েছে। কিন্তু মজার ব্যাপার এ সম্পর্কে সমস্ত খরচের ভাউচারের সাক্ষ্য হলো যে, খরচ হয়েছে ১৯৬৬ সালের জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে। খরচ হয়েছে জানুয়ারীতে, হিসাব দেখানো হয়েছে জুন মাসে। এটা বড় কথা নয়। বড় কথা হলো যাদের নামে খরচ দেখানো হয়েছে তাদের বক্তব্য হলো তারা ১৯৬৫ সালের ডিসেম্বর মাসে কো-অপারেটিভের রেজিষ্ট্রারের কাছে প্রত্যেকে পাঁচ হাজার টাকা করে জমা দিয়েছে। সুতরাং মোট কুড়ি হাজার পাঁচ শো টাকার মধ্যে এখনও পর্য্যন্ত এক হাজার টাকা বাকী। এডমিনিষ্ট্রেটর শ্রী বড়ুয়া এ টাকা নিজের কাছেই রেখে ছিলেন। কারণ তিনি সেটা জমার ঘরে দেখান ২৯শে জুন ১৯৬৬ সাল। ২৯শে জুন হলো তাদের বাণিজ্যিক বৎসরের শেষ দিন; সুতরাং ঐ দিন খাতার ডানদিকে বাঁদিকে মেলানোর প্রয়োজন হয়ে থাকে। ১৯৬৬ সালের ১লা জুলাই থেকে ১৯৬৭ সালের ৩০শে জুন সময়ের খাতার পাতা উড়ে যায়। ৫নং হলো আগরতলায় বা ত্রিপুরা রাজ্যে টিনে পোরা মাছ মাংস কি ক্রেতারা কিনে? তাহলে কোন ভোগকারীর জন্যে ওগুলি কিনে গচ্ছা দেওয়া হলো? গচ্ছা তারা দেয়নি। গচ্ছা দিয়েছে সাধারণ মানুষ ইত্যাদি ইত্যাদি।

৬নং "টিনের মাছ মাংসে ক্রেতা সাধারণে অরুচি রয়েছে। ঔষধে নিশ্চয়ই তারা বিমুখ নন। কারণ এখানে ঔষধের ব্যবসা ভারতবর্ষের কোন অঞ্চলের চেয়ে খারাপ নয়। কুড়ি হাজার আট শো পঞ্চাশ টাকা ছয়ত্রিশ পয়সার ঔষধের কার্য্যকারীতার মেয়াদ শেষ হয়ে যাওয়ার কথা ৩০শে জুন ১৯৬৬ সাল। গেলও তাই। ১৯৬৪-৬৫ সালে তারা কিনলেন আটাশ হাজার দু শ দশ টাকা ছিষট্টি পয়সার ঔষধ। বিক্রি করলেন মাত্র ছয় হাজার ছয়শো একষট্টি টাকা আটত্রিশ পয়সা; ১৯৬৫-৬৬ সালে কিনলেন পঁয়ষট্টি হাজার চল্লিশ টাকা পঁয়তাল্লিশ পয়সার ঔষধ। আর বিক্রি করলেন মাত্র কুড়ি হাজার তিন শো উনিশ টাকা উনিশ পয়সা। আর এই বছরেই ঔষধ নষ্ট হলো কুড়ি হাজার আটশো ছাপ্পান্ন টাকা ছয়ত্রিশ পয়সার। ১৯৬৫ সালের ৩১২৫/তাং ২০শে ডিসেম্বর ১৯৬৫ বিলে ওরা যে ঔষধ কিনেছেন তার একটিও বিক্রি না হওয়া সত্বেও ১৯৬৬ সালের ২৭শে জুলাই তারিখে পুনশ্চাব ১৯২৮নং বিলে ঐ ঔষধই কিনেছে তার দ্বিগুণ মাত্রায় এবং—

শ্রীসুনীল চন্দ্র দত্ত :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীঅঘোর দেববর্ম্মা পত্রিকায় অংশ পড়ছেন। এটা budget বক্তৃতায় পড়তে পারেন না। কাজেই মাননীয় স্পীকার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করব যে অঘোরবাবু পত্রিকার যে অংশ পাঠ করছেন proceed-

ingsএ এমন কোন উল্লেখ থ করেনা যে "মাননীয় সদস্য কর্তৃক পত্রিকার অংশ পাঠ"। কিন্তু উনি যেভাবে বলছেন তাতে অনেকেরই ধারণা হতে পারে যে এটাই উনার বাজেট বক্তৃতা।

Mr. Speaker: —তাই হওয়া উচিত। "পত্রিকার অংশ বিশেষ পাঠ"।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা তারিখ, ঘটনা দিয়েই বলা হচ্ছে। আমার কথা হচ্ছে যে co-operativeটা তো একটা লুটের বাজার হয়ে দাঁড়িয়েছে। সেটাই আমি তারিখ, সন, ঘটনা, দিয়ে বলছি। অতএব এটা পত্রিকার অংশ বলা যায়না। আমি শুধু পত্রিকার reference দিয়ে বলছি।

Mr, Speaker :—আপনি ত শুধু reference দিচ্ছেন না, entire অংশটাই পড়ছেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—এটা যে entire ব্যাপারেই লুট হচ্ছে, আমি ত বর্ক্তাটা আর পড়ছি না শুধু ঘটনাগুলোর সন তারিখ দিয়ে যাচ্ছি। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, Vouchers এবং নম্বর আরো অনেক কিছু আছে এতগুলোর মধ্যে আমি আর যাচ্ছি না, তাতে বুঝতেই পারেন এখন whole sale consumers,এর মধ্যেই অর্থাৎ জনসাধারণের স্বার্থরক্ষার জন্য, জনসাধারণের উন্নতি, অগ্রগতির নামে বাজেটে সমস্ত ব্যয় বরাদ্দের টাকাগুলো কি ভাবে যে লুট হচ্ছে। এ সম্পর্কে আমি প্রথমেই বলেছি, বাজেট এখন এক ধরণের লোকের লুটের বাজার হয়ে দাঁড়িয়েছে। কাজেই এই বাজেট দ্বারা জনসাধারণের সমগ্র অংশের যে উপকার হবে এর সম্ভাবনা সুদূরপরাহত। আমি আমার এ কথাটা জোরদার করার জন্য referenceএ এই ঘটনাগুলোর কথা House এর মধ্যে বলছি। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেটা point of order এর আওতায় আসেনা, এইগুলো বাদ দেওয়ার কোন প্রশ্নই উঠে না।

Mr. Speaker :—I have given my ruling.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—Co-operative এর যে Central marketing Co-operative Society সেটাকে তখনই করা হলো ও শূন্যে ঝুলিয়ে রাখা হলো। কৃষকেরা যাতে পাটের দর পায় তার জন্যই Central Appex marketing Co-operative করা হয়েছিল। কিন্তু কার্যতঃ দেখলাম, পাটের ব্যবসা করতে গিয়ে ২ লাখ টাকার উর্দ্ধে loss, কোথায় লাভ? আর কৃষকেরা বাজার থেকে একটু উঁচু দরে বেচবে মনে করেছিল, কিন্তু তাত কিনলই না, বরঞ্চ এবার পাটের অবস্থা খুব খারাপ হওয়াতে কৃষকেরা পাট উৎপাদন করে ক্ষতিগ্রস্থ হয়েছে।

অর্থাৎ একদিকে লক্ষ লক্ষ টাকার অপব্যয় করা হচ্ছে এবং কৃষকরা ক্ষতিগ্রস্থ হচ্ছেন আর অন্য দিকে মুষ্টিমেয় কিছু সংখ্যক লোক সেই টাকা উদরস্ত করছেন। এই হল অবস্থা।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে বলা হচ্ছে যে বন আমাদের রক্ষা করতে হবে। এই বনরক্ষার নামে অন্যায় উৎপীড়ন করে মানুষকে বিষাক্ত করে তুলেছে। কিছুদিন পূর্ব্বেও পত্রিকায় খবর বের হয়েছে যে বিলোনীয়া এলেকায় মোতায়ার মধ্যে এক উপজাতি মহিলাকে গুলি করে মারা হয়েছে। তার আগের আর একটি ঘটনা মুংলসিং-এ ৭ মাসের এক গর্ভবতী উপজাতি মহিলা রিজার্ভ এলেকার মধ্যে গরু প্রবেশ করায় যখন সেই গরু আনতে গিয়েছিল তখন পাথরের ঢিল পড়ে তার পা ভেঙ্গে যায়। অর্থাৎ বনরক্ষার নামে জনসাধারণকে উৎপীড়ন করা হচ্ছে এবং জনতার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা হচ্ছে। বলা হচ্ছে যে বন নাকি পুড়িয়ে দেওয়া হয়েছে। যদি কোন মানুষ অতিষ্ট হয়ে বন পোড়াইয়া থাকে, তারজন্য দায়ী সরকার। Deptt. তারজন্য দায়ী, কারণ Deptt.ই ইচ্ছা করে এ সমস্ত ঘটনা ঘটাচ্ছেন। এমন ঘটনাতো আমি পাই যে কোন কোন জায়গায় Deptt.এর সঙ্গে অন্য Deptt.এর clash হয় এবং লোক উস্কানী দিয়ে বন পোড়াইয়া দেয় এবং পরে জনসাধারণের উপর দোষারূপ করে।

এখন প্রশ্ন হচ্ছে কারো গরু যদি বাগানে ঢুকে তাকে নিয়ে খোয়াড়ে দেওয়া যেতে পারে। কিন্তু কোন গর্ভবতী মেয়েকে পা ভেঙ্গে দেওয়াটা কি রকম কাজ আমি বুঝি না। আর একটি ঘটনা, লাকড়ী আনার জন্য মানুষ 'দা' নিয়ে যায়, সেটা লাকড়ীর জন্যই হউক বা তরিতরকারী আনার জন্যই হউক। কিন্তু দা হাতে থাকলেই বলা হয় যে তারা আক্রমণ করতে এসেছেন (হাস্যধ্বনী) কাজেই গুলী করে মেরে ফেল। সুতরাং আজ মানুষ মেরে এই বনরক্ষা করা হচ্ছে। মানুষের জন্যই বন, বনের জন্য মানুষ নয়। বন সম্পর্কে অনেক বড় বড় কথা বলা হয়। আমরা plantation করেছি ইত্যাদি; কিন্তু Central থেকে যে টাকা দেওয়া হয় এবং যে যে জায়গায় plantation করা হয় সেই সেই জায়গায় plantation ঠিক ঠিক আছে কিনা তা যদি জিজ্ঞাসা করা হয় তাহলে উত্তরটা এই পাব যে, যে জায়গায় ৫ একর করা হয়েছে সেখানে ২ একর আছে এবং কোন কোন জায়গায় তার কোন অস্তিত্বই নাই ইত্যাদি।

এক জায়গার খবর শুনেছি যে ৪২ একর জমির মধ্যে খুব বেশী হলে ২৫ থেকে ৩০ একর জমি আছে আর বাকী সবই নাই। অথচ টাকাটা ঠিক ঠিক মতই খরচ হয়েছে কিন্তু কাজ হয় নাই। এই রকম বহু ঘটনা আছে। অল্প টাকায় বেশী কাজ করে বাজীমাত করার যে একটা tendency Head of the Deptt এর আছে সেটা অনেক সময়ই ফলপ্রসু হয় না এবং তাতে স্থায়ী কোন কাজই হয় না। মতায়ার যে ঘটনাটা ঘটেছে তার Judicial enquiry করার জন্য আমি দাবী জানাচ্ছি. যে দোষী সে যাতে শাস্তি পায়। যদি এই ভাবে নির্দ্দোষী জনসাধারণকে গুলী করা হয় তা হলে রাজ্যের অবস্থা যে স্তরে গিয়ে পৌঁছবে সেটা সাংঘাতিক হবে। যদি অপরাধ করেও থাকে তাহলে আমাদের আইন আদালত আছে, তাতে বিচার হতে পারে। একটা নিরস্ত্র মেয়েকে বনের মধ্যে নিয়া শিয়াল কুকুরের মত মারার কি যৌক্তিকতা থাকতে পারে? তাকে অনায়াসে ধরে হাজতে রাখা যেতে পারত। কাজেই এই ধরণের কার্য্যকলাপ যদি বন্ধ করা না হয় তাহলে আমি বুঝবো

যে এই রাজ্যে উদ্দেশ্যমূলক ভাবে এক সম্প্রদায়ের উপর আক্রমণ চালিয়ে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সমস্ত কার্য্যকলাপ বন্ধ করা হউক। অপরাধ যদি হয় তবে তাকে শাস্তি দেওয়া হউক, বিচার হউক। তার একটা Legal procedure আছে, সেটা না করে আজকে যদি যেখানে সেখানে গুলি করে হত্যা করা হয় তবে কি বলে তাকে আমি বোঝাবো, তার ভাষা আমি খুঁজে পাইনা। তাই আমি জানাচ্ছি যেন এরূপ ঘটনা ভবিষ্যতে না ঘটে তার জন্য একটা Stricture দেওয়া উচিত বলে আমি মনে করি।

মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি পঞ্চায়েত সম্বন্ধে দু একটি বিষয় এখানে উল্লেখ করতে চাই। একটি ঘটনা হ'ল রাখেশ চন্দ্র দত্ত বালিগাও, কমলপুর, ত্রিপুরা। আমি ঘটনার কথাই বলে যাচ্ছি। একটা Interview নেওয়া হয়। Interviewতে select করে তাকে training দেওয়ার পরে তাকে offer of appointment ও দেওয়া হয়। সে appointment accept ও করে; কিন্তু আজ পর্য্যন্ত তাকে কোনও কাজ দেওয়া হয় নাই। সে বহুদিন ধরে একটার পর একটা representation দিয়ে যাচ্ছে পঞ্চায়েত সেক্রেটারীর জন্য। এর detailsএ আমি যাচ্ছি না। এই ভাবে শুধু পঞ্চায়েতে নয়, সব ক্ষেত্রেই একটা অরাজকতা চলছে আর টাকা পয়সা তো কথাই নেই বাজেটে বহু টাকাপয়সা আছে, তা খরচ হচ্ছে। ইদানিং পঞ্চায়েতে পঞ্চায়েত প্রধান বা যে সমস্ত পঞ্চায়েত মেম্বার আছে তাদের কিছু কিছু ক্ষমতা নাকি দেওয়া হয়েছে। এখন পর্য্যন্ত আমারা কাজের কিছুই দেখছি না—বাস্তবে কিছুই দেখছিনা। কেবল পুলিশ গেলেই তাদের মোরগ যোগাড় করা, খাবার যোগাড় করা পঞ্চায়েত প্রধানের কাজ আর ব্লক বাবুদের মন জোগান, এই চলছে।

তাদের ক্ষমতা দিয়ে গ্রামের গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে শক্তিশালী করা, গ্রামের উন্নতি করা প্রভৃতি কাজ কিছুই হচ্ছে না; এই পঞ্চায়েত কেবল একটা লোকদেখান প্রহসন। আইনমতে যে সমস্ত ক্ষমতা দেওয়া দরকার তা দেওয়া উচিত। কেবলমাত্র নির্ব্বাচন করে বসিয়ে রাখা একটা প্রহসন। আর সমষ্টিগত উন্নয়নের কথা না বলাই ভাল; কারণ এ সম্বন্ধে অনেককিছুই বলা হয়েছে। উন্নতির কিছুই হয়নি কিন্তু টাকা খরচ ঠিকই হয়েছে। আর পরিবহন সম্বন্ধে বলতে গেলে বলব যে এখানে একটা Road Transport Corporation করবার কথা বলা হয়েছে। Corporation Act এর ৪৪ ধারা মতে আইন প্রণয়ন করে প্রকাশ করা হয়েছে। বাঃ। সুন্দর কথা। কিন্তু শুনতে শুনতে হয়ত আমাদের জীবন যাবে। পরিবহনের কি একটা অবস্থা; দিনের পর দিন accident বেড়ে যাচ্ছে তার কোন check up এর ব্যবস্থা নেই। কিছুদিন আগেও খয়েরপুর রাস্তার উপর দুর্ঘটনায় তিনটি লোক একসঙ্গে মারা গেছে নিজের চোখে আমি দেখেছি। হামেশাই ঘটছে এ অবস্থা। রুলিং পার্টির সদস্যরা সবাই জানেন যে কংগ্রেসের যে কোষাধ্যক্ষ তাকে টাকা দিলেই লাইসেন্স পাওয়া যায়। অর্থাৎ টাকা হলে সবই হয়।" আর না গাড়ীর accident দিন দিনই বেড়ে চলেছে। গাড়ীর গায়ে চড়ে, পিছনে চড়ে, পয়সা দিলে সব দিকেই উঠা যায়। এই রকম একটা অবস্থার মধ্যে

আমরা আছি। এমন কি এই হাউসের মধ্যে কোন প্রশ্ন করলেও উত্তর আসে I demand notice, এই হল অবস্থা। কংগ্রেসের মধ্যে যে কয়েক জন ভাল লোক আছেন তারা ভয়ে কিছু বলতে চান না—মিউ মিউ করেন—এই ভাবে অরাজকতার একটা চুড়ান্ত অবস্থা চলছে।

সহর উন্নয়ন পরিকল্পনার কথা ১৯৬৬ সাল থেকে শুনে আসছি। কিন্তু ভোরের বেলায় আপনারা যদি কেহ রাস্তায় ভ্রমণ করতে বের হন তা হলে প্রত্যেক রাস্তার মোড়ে যে রকম ময়লার ড্রাম থাকে তাতে এক অস্বস্তিকর অবস্থার সৃষ্টি হয়, আর সঙ্গে নালা নর্দ্দমার যা অবস্থা তা আর বলবার নয়। সন্ধ্যার দিকে ঘরেই থাকুন আর বাহিরেই থাকুন মশার উপদ্রবে থাকা কষ্টকর। এই রকম এক পরিস্থিতিতে আমরা বাস করছি। এই হল সমষ্টিগত নগর উন্নয়ন পরিকল্পনা। এটা হল পুরানো Scheme। কংগ্রেসী বাবুদের plan সব হয়ে গেছে, এখন ঘর গোছানোর পালা।

কর্ম্ম সংস্থানের কথা বলতে গেলে আমরা দেখি যে ত্রিপুরাতে দিনের পর দিন বেকারের সংখ্যা বেড়েই চলছে। বর্ত্তমানে এখানে প্রায় ১৬ হাজার বেকার যুবক আছে। এখানে যত plan হচ্ছে, Scheme হচ্ছে ততই বেকারের সংখ্যা বাড়ছে। এই ২০ বৎসরের স্বাধীনতার পর লাভ হল এই যে বেকারের সংখ্যা বাড়ল। এটা অবশ্য শুধু ত্রিপুরার কথা নয়, সমগ্র ভারতের কথা। যারা একালের দৈনিক মজুর তারা বর্ত্তমানে জিনিষ পত্রের দাম যে ভাবে বেড়েছে তার সঙ্গে সমতা রক্ষা করে কিছুতেই চলতে পারছে না। প্রায়ই নানা রকম গণ্ডগোল, হরতাল ইত্যাদি পালন করা হচ্ছে। এ সম্পর্কে সরকার একেবারেই উদাসীন। একটা মিটিং ডাকলেই তাদের কাজ শেষ হল। জিনিষের দামও কমাতে পারছে না এবং তাদের বাঁচার কোন উপায়ও করতে পারছে না।

প্রচার বিভাগটি কংগ্রেস সংগঠনের একটি তালুকদারীর মত। কংগ্রেসের যখন রাজত্ব তখন কংগ্রেসের তালুকদারী সেটা হবেই এ সম্পর্কে বলে আর লাভ নাই। প্রদর্শনী, সংগঠন, বিজ্ঞাপন ইত্যাদির জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় করা হচ্ছে, যা কোন উপকারেই আসছে না। এই টাকাগুলি যদি কোন জনহিতকর কাজে যথা pumping set কিনা ইত্যাদি কাজে ব্যয় হত তাতে কাজ হত। অর্থাৎ যত না কাজ হয়, প্রচার তার থেকে বেশী। বৎসরে লক্ষ লক্ষ টাকা খরচ করে প্রদর্শনী করে দেখাচ্ছে আমরা কত উন্নতি করেছি।

জরীপ বিভাগ সম্পর্কেও অনেক কথা বলা হয়েছে, বিশেষ করে শ্রীলোধ সাহেব—উনি publicity র গাড়ীর পিছনে পিছনে ধাওয়া করেন তার যে কি উদ্দেশ্য বুঝি না। তিনি যেখানেই যান সেখানেই publicity van থাকে, সেটা কি তার নিজস্ব প্রচারের জন্য নাকি বুঝি না। যাদের deputation এর সময় শেষ হয়েছে তাদের আরো extension করে যাতে এখানে ভাল ভাবে রাজত্ব কায়েম করতে পারে সেই চেষ্টায় আছে। পুলিশ বাজেটে গতানুগতিক ভাবে টাকার বরাদ্দ করা হয়েছে। পুলিশ হল শান্তি রক্ষার জন্য, কিন্তু আমরা এখানে কি দেখছি? তেলিয়ামুড়ায় তিহরামপাড়া নামক একটি জায়গা আছে। মাননীয় সদস্য শ্রীরবি

শৃংখল তারা ভাল ভাবে জানেন। সেখানে firingএর একটি ঘটনা ঘটে। তা কেন হল ? সেখানে কাশী পদ জমাতিয়া কংগ্রেসের এম, এল, এ সহ কত মণ ধান levy দেবে তা সরকারকে জানিয়ে দিল। সে ঘিলাতলা যাবার সময় গ্রামের মানুষকে জানিয়ে দিল আমি না আসা পর্য্যন্ত কেউ ধান দিবা না। যা দিবার তা আমরা collection করে দিব। S. D. M. যখন ধান আনবার জন্য সেখানে গেলেন তখন তাকে বলা হয় যে কাশীপদ জমাতিয়া আসলে পরে ধান দেওয়া হবে। S. D. M. সাহেব তখন বললেন যে আমি মহকুমার শাসন কর্তা, আমি কারো কথা শুনব না, ধান আমি নেবই। তখন জনতার মধ্যে থেকে বলা হয় যে আপনি যদি গ্রাম সর্দারের কথা না শুনেন তবে আমরা আপনার কথা কেন শুনব। তারপর সেখানকার ছেলে মেয়ে সবাই মিলে গোলাঘরের পথ অবরোধ করে। তখনই একজন পুলিশ রিভলবার দিয়ে একজন জমাতিয়াকে গুলী করে আর একজনকে বেয়নেট দিয়ে আঘাত করে। আমি নিজে হাসপাতালে তাকে দেখে এসেছি। এই হল এখানকার পুলিশের কার্য্যাবলী। তাহলে পুলিশের কি দরকার। পুলিশ শান্তি রক্ষাকারী ; কিন্তু তারা শান্তি রক্ষা করতে গিয়ে সেখানে জনসাধারণের উপর অত্যাচার করল এমন কি মেয়েছেলেদের উপর—তারাও রেহাই পেল না। যদি তারা ঐখানে মেয়েদের নিয়ে টানাটানি না করত তাহলে এই ধরনের কোন ঘটনা হওয়ার সম্ভাবনা ছিল না। কাজেই শান্তি রক্ষার নামে জনতার উপর পুলিশের অত্যাচার সর্ব্বত্র পরিদৃষ্ট হচ্ছে। তারপর মতাইয়ের মধ্যে একজন মহিলাকে গুলী করে মারা হয়েছে। এরকম ঘটনা বহু হয়েছে—আর জোর জবরদস্তি করে করে সাধারণ মানুষের কাছ থেকে ধান চাউল কেড়ে নিয়ে আসছে এ ভাবে পুলিশ দিনের পর দিন অরাজকতার সৃষ্টি করে চলছে। দুঃখের বিষয় যে পুলিশের যে দায় দায়িত্ব তা আমরা দেখতে পাচ্ছি না—শুধু দেখতে পাচ্ছি পুলিশ থাকা সত্বেও সমাজের মধ্যে ক্রমশঃ সমাজদ্রোহীর তৎপরতা বেড়ে যাচ্ছে। আগরতলার মত সহরের রাস্তাঘাটে চলা ফেরা করতে জনসাধারণের নিরাপত্তা বলতে কোন জিনিষ নেই। যে কোন মুহূর্তে যে কোন সময়ে কোন না কোন ঘটনা ঘটতে পারে। এ ধরণের অনেক ঘটনা ইতি পূর্ব্বে ঘটেছে। কিছুদিন আগে কাগজে বেরিয়েছিল আমাদের সীমান্ত থেকে বহু জিনিষ পত্র এবং গরু ইত্যাদি জিনিষ পাচার হয়ে যাচ্ছে। কিন্তু এত সব পুলিশ যেমন P. A. C., B. M. P., B. S. F. ইত্যাদি থাকতে আমাদের সীমান্ত কেন ঠিক ভাবে রক্ষা করা হচ্ছে না এটাই আমার প্রশ্ন। অথচ বর্ডারকে রক্ষার জন্য এবং তাকে শক্তিশালী করবার জন্য অনেক বড বড় কথা বলা হয়েছে। সোনামুড়া মহকুমায় গঙ্গারিয়াতে গত ফেব্রুয়ারী মাসে একটা ঘটনা ঘটে গেছে। ঘটনাটা হল পাকিস্তান থেকে একদল ডাকাত গরু বাছুর পাচার করার জন্য গরু ঘরে ঢুকেছিল তখন গৃহস্বামী তাদের বাধা দিতে গেলে তাকে ধরে মারধর দিতে লাগলো। এই অবস্থা দেখে তার স্ত্রী যখন স্বামীকে রক্ষার জন্য দা নিয়ে এগিয়ে গেল তখন স্বামী স্ত্রী দুজনকে গুলী করে মারা হল।

যেই মহিলাকে মারা হ'ল—সে হ'ল ৮ মাসের গর্ভবতী। স্বামী স্ত্রী তো মরলই, পেটে যে শিশুটি ছিল, সেও মারা গেল। অথচ এই ঘটনাস্থল থেকে BMP Camp দেখা

যায়। পাড়ার লোক ছুটে গিয়ে তাদের যখন সংবাদ দিল, তখন তারা বলল যে আমাদের কাছে কোন order নেই আমরা কিছু করতে পারি না। মাননীয় কংগ্রেস সদস্য শ্রীদেবেন্দ্র চৌধুরী মহাশয় অবশ্য হাউসে এখন উপস্থিত নেই, তিনি এই ঘটনা জানেন। এই ভাবে ঘটনার পর ঘটনা ঘটে যাচ্ছে, কিন্তু পুলিশ নির্বাক। Ruling Party-র যারা Minister তাঁরা যে এ সব ঘটনার কথা জানেন না তা নয়। কিছুদিন আগে বাঙ্গাপানি গ্রামে লক্ষ্মীচরণ দেববর্ম্মার বাড়ীতে রাত্রি ১২/১ টার সময় ১ দল লোক আসলো—তারা হৈ-হল্লা করে তাকে ঘুম থেকে উঠাল। তাকে বন্দুক দেখিয়ে তার ১০টি গরু মহিষ নিয়ে চলে যায় এবং তাকে বর্ডারের দিকে দেড় মাইল রাস্তা পর্য্যন্ত নিয়ে যায়।

এই ভাবে সমস্ত দিনই গরু পাচাড় হচ্ছে আর যায় কোন দিক্ দিয়ে? না, যে দিকে থানা আছে, Police Post আছে সেই দিক দিয়ে। তার কিছু দিন পর আবার সেইখান থেকে গরু চুরি করতে আসে, তখন পাড়ার সমস্ত লোক মিলে হৈ চৈ করার পর তারা চলে যায়। কিন্তু তার ২/৩ ঘণ্টা পরে এসে কতকগুলি বাড়ীতে আগুন ধরিয়ে দেয়, এই হল অবস্থা। এই রকম বহু ঘটনা আছে। আগে চুরি করত কিন্তু এখন তারা আর তা করে না, বন্দুক, রাইফেল দেখাইয়া জোর করে নিয়ে যায়। কিন্তু এই যে বর্ডার পুলিশ, যার রক্ষনা বেক্ষনের জন্য কোটি কোটি টাকা খরচ হয়, তারা এই সব বন্ধ করার জন্য কিছুই করতে পারে না। কাজেই এখানে যে সব P. A. C., B. M. P., Andhra Pradesh Police আছে, তারা শুধু নিরীহ জনসাধারণ, মহিলাদের উপর উৎপীড়ন করার জন্যই আছে। কিন্তু ঐ বর্ডারে যে সব কার্য্যকলাপ হচ্ছে তার কিছুই তারা করতে পারে না। সীমান্তের জনসাধারণের জীবন আজ বিপন্ন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার আরো অনেক কথা বলার ছিল। Judicial থেকে Executiveকে Separation করার কথা অনেক বারই বলা হয়েছে এবং এই সম্পর্কে প্রস্তাবও নেওয়া হয়েছে। জনসাধারণের ধন সম্পত্তি, বাজার প্রভৃতি রক্ষা করার জন্য অগ্নি নির্বাপক সংস্থা আরো বেশী প্রয়োজন। এই দিক দিয়া সরকারের নজর দেওয়ার আছে বলে আমি মনে করি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে ত্রিপুরাকে সর্বাঙ্গীন উন্নতি করা একান্ত প্রয়োজন। যে ভাবে এখানে ডিক্টেটারী চাল চলছে তার থেকে এই রাজ্যকে রক্ষা করার জন্য আমি আহ্বান করব যারা কংগ্রেস কর্ম্মী তারা কংগ্রেস ত্যাগ করে চলে আসুন। এ ছাড়া কোন উপায় নাই। আজকে ২০ বৎসর রাজত্ব করার পরেও আমরা দেখছি মাননীয় মুখ্য মন্ত্রী শ্রী এস এল সিং কথায় কথায় বলেন I Demand Notice। আমি এই কথা বলতে চাই না যে কংগ্রেসের সকলেই খারাপ। এই দুর্নীতি যে শুধু Appex marketingএ তা নয়, সমস্ত departmentএর রন্ধ্রে রন্ধ্রে তা ছড়াইয়া আছে। আর মন্ত্রী মহোদয়রা কোন রকমে মুখ্যমন্ত্রীকে খুসী রাখার জন্যই সচেষ্ট। এই সংগঠনে থেকে ২০ বৎসরের পর আরো ৪০ বৎসর

রাজত্ব করলেও দেশের সমস্যার কোন সমাধান হবে না। তিনটি পরিকল্পনা শেষ হবার পরও বেকার সংখ্যা বেড়েছে, খাদ্য সমস্যার সমাধান হয় নি, বরঞ্চ দিনের পর দিন আরো খারাপের দিকে চলছে। এই দিক দিয়ে অর্থমন্ত্রী যে সতর্কবাণী উচ্চারণ করেছেন তা খুবই সত্য। সত্য কথার স্বীকৃতি উনি না দিয়ে পারছেন না। আগামী কয়েক মাসে খাদ্য সমস্যার সঙ্কট এমন আকার ধারণ করবে যে তার জন্য উপযুক্ত ব্যবস্থা যদি এখন থেকে নেওয়া না হয় তবে ত্রিপুরার হাজার হাজার লোককে অনাহারে থাকতে হবে। কাজেই আমরা মাননীয় শচীন্দ্র লাল সিংহ মুখ্যমন্ত্রীর ডিক্টেটারী শাসনের বিরুদ্ধে সংগ্রাম করার জন্য সিদ্ধান্ত নিয়েছি। তাই ২৭।২৮ ও ২৯শে মার্চ্চ তারিখে আমরা আইন অমান্য করব বলে ঘোষণা করেছি কোন কংগ্রেসী সদস্য যদি আমাদের এই সর্ত্তকে সমর্থন করেন তবে তারা নিশ্চযই সাহায্য ও সহায়তা করবেন।

আমাদের অর্থনৈতিক সমস্যার কোন সমাধানই হচ্ছে না। একদিকে পরিবার পরিকল্পনার কথা বলছেন এবং ঐ খাতে বহু টাকাও ব্যয় হচ্ছে। টাউনের রাস্তাঘাটের যে নমুনা তাতে পরিবার পরিকল্পনা না করলেও চলবে। কথাটা শুনতে হয়ত খারাপ লাগবে। Electricity সঙ্কট সম্বন্ধে আমি বলতে চাই যে সুপরিকল্পিতভাবে এখানে কাজ করা হয় না। আগরতলা থেকে তেলীয়ামুড়া পর্য্যন্ত যে ইলেকট্রিক লাইন বসানো হয়েছে। অদূর ভবিষ্যতে যদি আসাম হতে বিদ্যুৎ আনা হয় তাহলে ঐ লাইনের কোন দরকারই থাকবে না। কাজেই কয়েক লক্ষ টাকা বৃথাই এখানে খরচ হল। আর একটি কথা হল মাননীয় অধ্যক্ষ মহোদয়, ত্রিপুরার সামগ্রিকভাবে উন্নতি করতে হলে রেল লাইন সাব্রুম পর্য্যন্ত দরকার। কিন্তু তার কোন উল্লেখই এই বাজেটে নাই। এই বাজেটে production বাড়বার কোন রকম ব্যবস্থাই নাই। সবই এখানে uneconomic plan. যদি ধরেই নেই ডুম্বুর প্ল্যান successful হবে তারা যদি Power supply দিতে থাকে তাহলে অবস্থা কি দাঁড়াবে? এখানে যদি Industry গড়ে তোলা না হয়, আমরা যে Power গড়ে তুলবার চেষ্টা করছি সঙ্গে সঙ্গে সেই power কাজে লাগাবার কোন রকম ব্যবস্থা যদি না করা হয় তা হলে কোন কাজই সার্থক হবে না। আজ যদি সাব্রুম পর্য্যন্ত রেল লাইন করা হয় তাহলে ছোটখাট বহু Industry গড়ে উঠতে পারে। তখন ঐ power utilisation এর একটা সম্ভাবনা থাকে নতুবা শুধু অপচয়ই ঘটবে। আর বড় জোর এই লাইনে যারা expert তাদের মতে যদি ত্রিপুরা আগামী ১০ বৎসরের মধ্যে খুব বেশী progress করে তবে আরও অতিরিক্ত ৬ হাজার কিলোওয়াট বিদ্যুৎ লাগতে পারে। যদি ত্রিপুরায় উন্নতি করতে হয় তবে টাকাটা এইভাবে খরচ না করে, ৭ কোটি টাকার pumping set দিয়ে সমস্ত ত্রিপুরার লুঙ্গা, টীলা জমিতে জলসেচের ব্যবস্থা করা যেতো তবে আমার মনে হয় ত্রিপুরায় food production অনেক বাড়তো। কিন্তু আমাদের ruling Partyর সেই দিকে নজর নেই। তারা এটাকে লুটের বাজার ধরে নিয়েছেন। যেভাবে খুশী টাকা ছড়াচ্ছেন। সর্ব্বভারতীয় ব্যাপারেই দেখা যাচ্ছে যে আজকে কংগ্রেসের কি অবস্থা। যেভাবে পারছে টাকা লুটে নিচ্ছে।

আজকে এই বাজেটে যে টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে তাতে যে ত্রিপুরার বেকার সমস্যা মিটবে, ফসল উৎপাদন বাড়বে, ইণ্ডাষ্ট্রী বাড়বে এমন কোন সম্ভাবনা দেখা যাচ্ছে না। শুধু কংগ্রেসের যারা পেটুয়া লোক যারা মজুতদার, যারা কালোবাজারী তাদেরই শুধু সুবিধা হবে, তারাই আরো বড়লোক হওয়ায় সুযোগ পাবে। আর যারা গরীব তারা আরো গরীব হবে। অর্থাৎ একটা বিশেষ শ্রেণীর সুবিধা হবে। সমগ্র ত্রিপুরা রাজ্যের জনসাধারণের জন্য এই বাজেট উপকারে আসবে এই কথা মনে করার কোন কারণ নাই। অর্থাৎ এই বাজেটে যারা বড়লোক তারা আরো বড় হবে আর যারা গরীব তারা আরো গরীব হবে। কাজেই এই বাজেটকে আমি সমর্থন করতে পারছিনা। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—I would now request Hon'ble member Shri Naresh Ch. Roy to participate in the debate. You are allowed only 15 munites.

Shri Naresh Roy :—Hon'ble Speaker Sir, বাজেট আলোচনার বহিবঙ্গের expression হিসাবে আমার একটা কথা মনে পড়েছে। সেটা হল এই যে তারা পূজায় বসছে ঠিক, আমাদের গোলমালের ইচ্ছায় তোরা ঢাক বাজিয়ে যা। ঠিক এই হলো অবস্থা। সেটা discussion করতে সময় লাগবে। কাজেই আমি শুধু expressionটা বললাম। যাক্ পুরাপুরি ব্যাপারটাই বলছি। এক গ্রামে বারোয়ারী পূজা হচ্ছিল। সেই বারোয়ারী পূজায় আত্মোৎসর্গকারী অর্থাৎ যারা নাকি সত্যিকারের পূজা করতে চায় তারা পূজা আরম্ভ করল। আরেক দল লোক গায়ে মানে না আপনি মোড়ল তাদের ইচ্ছা হল পূজটা বন্ধ করে দেওয়া। কারণ গ্রামের ভাল ভাল লোক তাদের কথা শুনে না। তারা গায়ে মানেনা আপনি মোড়লের দল। তারা গিয়ে ঢাকীর সঙ্গে চুক্তি করল যে তুমি পূজাটা বানচাল করে দেবে সন্ধি পূজার সময়। সন্ধি পূজার সময় যদি ঢাকঢোল বাজায় তবে নাকি ঠিকমত পূজা হয় না এবং ধর্মের একটা অভিশাপ নাকি দেশের উপরে পড়ে। সেজন্য দেশ রসাতলে যাক্ আর থাক্ তুমি ঢাক বাজিয়ে যাবে। তোমার সঙ্গে চুক্তি ৫৲ টাকা। ঠিক এই রকম চুক্তি করে ঢাকীকে পাঠিয়ে দিল। ঢাকী সন্ধি পূজার সময় ভাবল আমি তো দেখলাম তারা তো ঠিক ঠিক মত পূজা করে যাচ্ছে। আমি ঢাক বাজাই তবে তো আমারও পাপ হবে। পাপ হউক আর যাই হউক আমাদের গোলমালের ইচ্ছায় তুই ঢাক বাজিয়ে যা। ঠিক আমাদের বাজেট আলোচনায় বহিরঙ্গের expressionএর কথা বলতে গেলে আজকের এই ভাষণে বুঝতে পারলাম যে চুক্তি করানো এক ধরণের লোক কেবল ঢাক বাজিয়ে যায়। যা হউক এটা ঠিক যে ত্রিপুরা একটি স্বল্প আয় বিশিষ্ট ঘাটতি অঞ্চল ও অনগ্রসর রাজ্য। কিসের জন্য তার স্বল্প আয় তার কারণ যথেষ্ট আছে। আমাদের এই রাজ্যে যে আয় দেখতে পাই তার কিছুটা আসে land revenue থেকে, কিছুটা আসে excise tax থেকে, কিছুটা আসে taxes on vehicles. entertainment, stamp, registration, ইত্যাদি কতকগুলো item থেকে।

এই আয়গুলো যদি কেহ হিসাব করে কেহ যদি আন্তরিকতার সহিত দেখে যে এই আয় কত হতে পারে তাহলে দেখতে পাবে যে ত্রিপুরার আয় অতি সামান্য এবং এই আয় দ্বারা ত্রিপুরার কোন উন্নতিমূলক কাজ চলতে পারে না। তারজন্যই ঘাটতি বাজেট করতে হয়। এবং টাকা অন্য জায়গা থেকে loan করেই হউক বা যেভাবেই হউক ঘাটতি পূরণের জন্য আনতে হয়। এই দিক দিয়ে বিচার করলে আমাদের সামনে যে বাজেট রাখা হয়েছে তা অত্যন্ত যুক্তি সঙ্গত। বাজেটে যদি আরও কিছু টাকা ধরা হতো তবে তা কোন মতেই অসঙ্গত হতো না বরঞ্চ ত্রিপুরায় বাজেট আরও শক্তিশালী হতো। এই বাজ্যে বর্তমানে দুইটা অসুবিধা আছে। একটা হলো স্বল্প আয় আরেকটা হলো সমাজ বিরোধীদের দৌরাত্ম। আরেকটা হলো বিভিন্ন ক্ষেত্রে অবশ্য করণীয় ব্যয়াধিক্য, আরেকটা হলো বিভিন্ন কারণে কৃষি উৎপাদনে অসুবিধা। স্বল্প আয়ের দরুন বিভিন্ন অসুবিধার কথা আলোচনা করলাম। আর সমাজদ্রোহীদের দৌরাত্ম সম্বন্ধে আলোচনা করতে গেলে প্রতিপদক্ষেপে আমরা সেটা দেখতে পাই। সেটা কি রকম? ধরুন আমরা একটা ভাল কাজ আরম্ভ করলাম, ভাল কাজটায় একটা example দিয়েই বলা যায়। যেমন ত্রিপুরার বন বিভাগ ত্রিপুরাকে আর্থিক উন্নত করবার জন্য একটা বিশেষ পদক্ষেপ। কারণ আমরা জানি ত্রিপুরার বেশীরভাগ জায়গা বনে ঘেরা। যদি এই বনাঞ্চলকে ভালভাবে রূপায়ণ করা যায় তবে বনজ জিনিষ আমরা বাইরে কিছু রপ্তানী করতে পারি।

সেই দিক দিয়ে বনকে সুন্দর ও সুষ্ঠু করার জন্য ত্রিপুরা সরকার যখন প্রচেষ্টা চালাল, উন্নতির চরম সীমায় যখন এসে গেল, ঠিক সেই মুহূর্তে ঢাক বাজানোর দল অর্থাৎ সমাজদ্রোহীরা চিন্তা করল যদি এই প্রচেষ্টা সার্থক হয় তাহলে ত্রিপুরা উন্নতির দিকে আরো এক পদক্ষেপ এগিয়ে যাবে। তাহলে যারা সমাজদ্রোহী তাদের তৎপরতা স্তিমিত হবে। সেইজন্য তারা একটা নির্দিষ্ট Policy নিল। মহিলাদিগকে, প্রমিলা বাহিনী নাম দিয়ে সেখানে পাঠিয়ে দিল এবং বনের পর বন ধ্বংস করে গেল। এই যে বনের পর বন ধ্বংস করল, ত্রিপুরার কোন মানুষ কি বলতে পারবে যে এটা মিথ্যা কথা। আমার বাস্তব অভিজ্ঞতায় আমি যা দেখেছি তা থেকেই বলছি যে তিনটা বন একের পর এক ধ্বংস হয়ে যেতে দেখেছি। সেইসব বনাঞ্চলে যে সব Forester ছিল আমার জানা মতে, এরকম পাঁচজন Forester চাকুরী ছেড়ে দিল এবং বলল যে চতুর্দিক থেকে তাদের ঘিরে রেখেছিল এবং মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে আক্রমণ করেছিল এবং যদি তারা বাধা দিতেন তাহলে তাদের ধ্বংস করা হবে। "আর যদি মঙ্গল চাও তবে চাকুরী ছেড়ে দিয়ে আজকের রাতের মধ্যে চলে যাও"। এই ভয়ে পাঁচজন Forester, যদি কেউ চেলেঞ্জ করেন তা হলে আমি নাম বলতে পারি। চাকুরী ছেড়ে দিয়ে চলে আসল। কারণ কার ভয়ে, সমাজদ্রোহীদের অত্যাচারের ভয়ে, সমাজদ্রোহীদের হাতে তাদের প্রাণ যাওয়ার ভয়ে। ত্রিপুরার অগ্রগতির পথে সমাজদ্রোহীদের এই যে অন্তর্ঘাতমূলক কাজ চলছে তা ভয়ের কারণ। তারা চায় দেশ বাঁচুক আর না বাঁচুক আমরা রাজত্ব করি। আমার মতে অন্যান্য বাজেট খাতের ন্যায় সমাজ দ্রোহীদের দমন করার জন্য এই বাজেটে আরও কিছু অর্থ বরাদ্দ করা উচিত ছিল।

ত্রিপুরায় বর্তমানে যে সঙ্কট চলছে সেই খাদ্য সমস্যা সমাধান করার জন্য—অর্থাৎ যাতে সকলেই খেতে পায় তারজনা খাদ্যোৎপাদন বৃদ্ধি করার প্রয়োজন আছে। ত্রিপুরা সরকার এই সমস্যার কথা চিন্তা করে ঠিক করলেন যে, প্রত্যেক কৃষকদের হালের খরচ তাদের বৎসরের খোরাকী ও মুনীর খরচ বাদ দিয়ে যদি কিছু ধান তার উদ্বৃত্ত থাকে সেই ধান সংগ্রহ করে একটা stock গঠন করবেন যাতে ভবিষ্যতে দুর্ভিক্ষের চরম সীমায় দেশবাসী না পৌছতে পারে। সেই জন্য মাত্র কয়েক হাজার, মাত্র হাজার পাঁচেক মানুষের উপরে লেভীর নোটীশ দেওয়া হয়েছে। এই অবস্থায় এই সমাজদ্রোহীর দল সেইসব কৃষকদের ধান না দেওয়ার জন্যে উস্কানী দিতে থাকে। কিন্তু অনেক জায়গায় এইভাবে উস্কানীমূলক কাজ করা সত্বেও আমরা যখন তাদের বুঝিয়ে বললাম কেন সরকার ধান সংগ্রহ করছে এবং ধান না দেওয়ার পরামর্শ সমাজদ্রোহীদের কাজ—তখন তারা ধান দিতে রাজী হলো। এই যে সমাজদ্রোহীদের অত্যাচার— সেই অত্যাচার অব্যাহত থাকলে দেশ কখনও অগ্রসর হতে পারে না।

আর টেক্স সম্বন্ধে—অর্থাৎ Land revenue সম্বন্ধে আমি বলতে চাই যে, Land revenue যে বেশী করা হয়েছে তা ঠিক নয় এবং কৃষকরাও তাই মনে করেন। তবে তাদের মতে টিলা, নাল, চারা ও পতিত জমির মধ্যে কোন কোন ক্ষেত্রে খাজনার তারতম্য হয়েছে। সেটা যদি ঠিক ঠিক ভাবে বিবেচনা করা হতো তা হলে এই তারতম্য হতো না। এই অবস্থায়ও খাজনা যে খুব বেশী বৃদ্ধি করা হয়েছে একথা বলা চলে না এবং খাজনা আমাদের কমাতে হবে এই দাবীও যুক্তিযুক্ত নয়। কৃষকের সর্বনাশ হয়ে গেল। দেশের কৃষকরা উচ্ছেদ হয়ে যাবে এই সব স্লোগান দেওয়াটা ঠিক নয়।

আমি একটা resolution দেখলাম। সেই resolution এ বলা হয়েছে যে সহরের জলের Tax ২% থেকে ৩/. কমানো হউক। কিন্তু সহরের অধিবাসীরা কি কখনও বলবেন যে জলের Tax অধিক হয়েছে ? এই পরিশ্রুত জল সরবরাহের দাবী সহরবাসীরা অনেক দিন থেকে করছেন। ত্রিপুরা সরকার তাই এই পরিশ্রুত জল সরবরাহের জন্যে অনেক টাকা খরচ করেছেন। সেই তুলনায় Tax এর হার বেশী হয়েছে এই কথা তো কয়েকজন সমাজ-দ্রোহী ছাড়া সহরের আর কাউকে বলতে শুনা যায় না। সেই সমাজদ্রোহীরা সব সময় চিৎকার করছেন Tax এর হার কমিয়ে দাও। অর্থাৎ তারা কোন ভালো মানুষকে সুস্থ মস্তিষ্কে কোন ভালো পরিকল্পনার চিন্তা করতেও দিতে চান না। এই নিয়ে সমাজদ্রোহীরা সব সময় চিৎকার করছেন। তাই আমাদের অর্থমন্ত্রী এবং মুখ্য মন্ত্রীর নিকট আমার অনুরোধ, যেন এই বাজেটে সমাজদ্রোহীদের তৎপরতা বন্ধ করার জন্য কিছু পরিমাণ টাকা বরাদ্দ করা হয়। যদি করা হয় তা হ'লে দেশকে অগ্রগতির পথে নিয়ে যাওয়ার একটা সুষ্ঠু পদক্ষেপ হবে বলে আমি মনে করি।

আর একটা কথা, বিভিন্ন দিকে অবশ্যকরণীয় কাজের জন্য ব্যয়াধিক্য। অবশ্য করণীয় বললাম এই জন্য যে, স্বাধীনতার পরে পাকিস্তান থেকে সংখ্যালঘু সম্প্রদায়ের অনেক লোক এই রাজ্যে এসেছেন এবং এখনও আসছেন। স্বাধীনতার সময় দেশের নেতারা এই আশ্বাস দিয়েছিলেন যে, যতদিন পর্য্যন্ত সংখ্যালঘু সম্প্রদায় পাকিস্তানে নিরাপত্তার অভাব অনুভব করবে, ততদিন পর্য্যন্ত তাদের আমরা ভারতবর্ষে আশ্রয় দিব। সেই প্রতিশ্রুতির পরিপ্রেক্ষিতে ভারত সরকার বিভিন্ন প্রদেশে সেই সব সংখ্যালঘুদের আশ্রয় দিতে লাগলেন। এবং ফলে দেশের বা রাজ্যের লোক সংখ্যাও বাড়তে লাগল দিন দিন। সেই জন্য কি ভাবে যে কোটি কোটি টাকা খরচ করেছেন ভারত সরকার সে কথা সকলেই জানেন। ত্রিপুরাতেও কয়েক কোটি টাকা খরচ করা হয়েছে। ত্রিপুরায় লোক সংখ্যা পূর্ব্বে কতছিল এবং বর্ত্তমানে কি ভাবে কত বৃদ্ধি পেয়েছে সেটাও সকলেই জানেন। কাজেই এই যে খরচ বৃদ্ধি, এই খরচ মানুষের নিরাপত্তার জন্য খরচ। এই খরচের টাকা ত্রিপুরা সরকারকে ভারত সরকার দিয়েছেন। এই খরচ যে অত্যাবশ্যকীয় সে সম্বন্ধে কোন সন্দেহ নাই। যদি ত্রিপুরা সরকার তাদের জন্য এই খরচ না করতেন তা হ'লে হয়ত কিছু লোক বলতে পারতেন যে উদ্বাস্তদের জন্য খরচ করা হচ্ছে না। উদ্বাস্তরা এখানে আশ্রয় পেলনা ইত্যাদি। কাজেই এই খরচ রাষ্ট্রের পক্ষে অবশ্য করণীয়।

পাকিস্তানের সঙ্গে আমাদের যে সীমান্ত যেই সীমান্তে প্রায় সব সময়ই গোলযোগ হওয়ার সম্ভাবনা। চীনের সাথেও আমাদের বিরোধ। সেই পরিপ্রেক্ষিতে সীমান্ত রক্ষার করার জন্য এবং রাষ্ট্রের নিরাপত্তার জন্য সীমান্তে পুলিশ বাহিনী আমাদের রাখতে হ'চ্ছে। সেই জন্য বহু অর্থ খরচ হচ্ছে। সীমান্ত রক্ষার প্রয়োজন নাই এ কথা কেউ বলতে পারেন না। সেই অর্থ খরচের জন্য যে ব্যয় বরাদ্দ বাজেটে রাখা হয়েছে এটা বাধ্যতামূলকভাবে আমাদের রাখতে হবে। যদি কেউ সেই ব্যয় বরাদ্দ সম্বন্ধে সমালোচনা করেন তাহলে সেটাও সমাজদ্রোহীতার আওতায় পড়ে বলে আমার বিশ্বাস।

ভারতবর্ষের স্বাধীনতা প্রাপ্তির পরে আমাদের দেশের তপশীলি জাতি, উপজাতি ও অন্যান্য অনুন্নত সম্প্রদায়ের লোকদের উন্নত সম্প্রদায়ের সম পর্য্যায়ে আনার জন্য ব্যয় বরাদ্দ ও যুক্তি-সংগত।

অনেক ব্যয় বরাদ্দ আজ যা উৎপাদন খাতে বা বৈষয়িক খাতে খরচ করলে পরে আমরা চাক্ষুষ দেখতে পেতাম তার উৎপাদন। যে সব খরচ যেমন রাজ পরিবারের ভাতা বা নূতন জরিপ বাবত খরচ। এইভাবে বহুটাকা আমাদের খরচ করতে হচ্ছে। এগুলো আমাদের আভ্যন্তরীন ব্যাপারে খরচ করতে হয়।

তবে যে টাকা গুলো আমরা খরচ করি সেগুলো যদি আমরা ঠিকঠিক মতে খরচ করতে পারি তাহলে দেশের উন্নতি ও অগ্রগতির সহায়ক হবে।

আর একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি। দেশের খাদ্যোৎপাদনের জন্য আমরা চেষ্টা করছি। আমার মতে দেশের খাদ্যোৎপাদন বৃদ্ধি করতে হলে কৃষকদের জমির মালিকানা দিতে হবে। কৃষি উৎপাদনের সুযোগ দিতে হবে। এখানে বহু non-tribal কৃষক আছে যাদের জমি নাই। এমন প্রায় ৫ লক্ষ কৃষক এই রাজ্যে আছে। যদি তাদেরকে tribalদের থেকে জমি দেওয়া হয় তাহ'লে তারাও উপকৃত হবে এবং দেশের খাদ্য উৎপাদনও বৃদ্ধি পাবে। এই অনুরোধ আমি এখানে রাখছি। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

PRIVATE MEMBERS' RESOLUTION

Mr. Speaker :—Further discussion on budget will be resumed on the 26th March 1968. Now I pass on to the next item of business.

Next item of business is the resolution of Shri Nishi Kanta Sarkar. The resolution is that—"ত্রিপুরা রাজ্যের ঋণগ্রস্ত দরিদ্র কৃষকদের সুদখোর মহাজনদের হাত হইতে রক্ষা করার জন্য ঋণ শালাশী বোর্ড গঠন করা হোক।"

I would call on Shri Nishi Kanta Sarkar to move his resolution.

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে এই হাউসের সামনে আমি একটা প্রস্তাব রাখছি যে ত্রিপুরা রাজ্যের ঋণগ্রস্ত দরিদ্র কৃষকদিগকে সুদখোর মহাজনদের হাত হইতে রক্ষা করার জন্য ঋণ সালাশি বোর্ড গঠন করা হউক।

অধ্যক্ষ মহোদয় হাউসের সামনে এই প্রস্তাবটা আনার উদ্দেশ্য হল এই যে, আজকে ত্রিপুরা রাজ্যের ছোট ছোট কৃষকদের বা আদিবাসী কৃষকদের যে অবস্থা অনুভব করে থাকি এই হাউসের সব মাননীয় সদস্যের কাছে আমি আবেদন করি তারা যেন আমার এই প্রস্তাবটি সর্ব সম্মতিক্রমে গ্রহণ করেন।

যদিও ত্রিপুরা রাজ্যে বোম্বে মহাজনী আইন চালু আছে কিন্তু আমি দেখেছি আইনকে কিভাবে মহাজনরা ফাঁকি দেয়। আজ পর্যন্ত সেই আইনের বলে একটা কৃষক ভাইও ঐ মহাজনদের হাত থেকে রক্ষা পেয়েছে কিনা এটা আমার জানা নাই। আমি দেখেছি যে, ছোট ছোট কৃষকরা, আদীবাসীরা, যখন কৃষিকার্য্যের সময় হয়, যেমন আউসের সময়, চৈত্র বৈশাখের ভিতরে পাট ইত্যাদি শেষ করতে হবে, তখন তারা বাধ্য হয় সেইসব মহাজনদের কাছে যেতে। কারও হয়ত বা গরু নাই। কারও বা মুনি খরচের জন্য, কারও বা চাষাবাদের খরচ মেটানোর জন্যে যেতে হয়। আমি একটি প্রথা দেখেছি সেটা হলো সাফ কবলা। দুশো বা একশো টাকার প্রশ্ন নয়—টাকা নিতে হলেই সাফ কবলা করতে হয়। আর কোন further agreement নাই। মুখে কথা থাকলো যে ২০০ টাকা নিলে তোমাকে ৪০০ টাকা দিতে হবে।

আবার তাও দেখেছি একজোড়া গরু এত টাকার জন্য নিবে, ৪।৫ মাসের জন্য তাকে এত কাণি ধান দিতে হবে। কিন্তু গরুটা ঐ মহাজনের নাম লিখে দিতে হবে যে গরু আমি চাষাবাদের জন্য নিচ্ছি। কাজেই এই যে আইন বর্ত্তমানে চালু আছে তাকে মহাজনরা ফাঁকি দিতে কোন অসুবিধা বোধ করেন না। আর আইনের মধ্যেও তারা পড়ে না, কারণ সাফ কবলা

যে আমি এত টাকা নিলাম এত দিনের মধ্যে দিতে হবে। গরু আমারই ছিল তা এখন মহাজনের নামে গেল কিন্তু তার রক্ষণাবেক্ষণ শুধু আমি করছি। এই ৩০০ টাকার মুলে আমি দেখেছি বহু কৃষকের ১ হাজার টাকার সম্পত্তি ২।৩ বৎসরের মধ্যেই শেষ হয়ে গেল। এমনও দেখেছি কোন কোন আদিবাসী ৩ শত টাকা নিয়ে ১২০০—১৩০০ টাকা পর্য্যন্ত দিয়েছে। তাই এই যে আইন এখানে চালু আছে তাতে কোন কৃষক উপকৃত হয়েছেন বলে আমার জানা নেই। তাই আমি এই হাউসের সামনে আবেদন রাখব যে আজকে আমরা ত্রিপুরার সামগ্রিক উন্নতির দিকে চিন্তা করলে প্রথমেই বলি—জয় কিষান, জয় শ্রমিক। এই দিক দিয়ে চিন্তা করতে গেলে আমাদের কৃষক ভাইরা যারা কঠোর পরিশ্রম করে শহরবাসীদেব খাদ্য জোগাতে, তাদের উন্নতি করতে গেলে আমার এই প্রস্তাব এই হাউস গ্রহণ করবে বলে আমি বিশ্বাস করি। অবশ্য সরকার বলছেন যে আমরাও কৃষকদের ঋণ দিয়ে থাকি, তারা মহাজনদের নিকট যায় কেন? কিন্তু নানা কারণে ও প্রয়োজনে টাকার দরকার হয়ে পড়ে। কাজেই ঋণ সালিশী বোর্ড গঠন করা দরকার বলে আমি মনে করি। যদি বলেন যে মহাজনরা যদি টাকা না দেয় তবে কৃষকরা চলবে কেমন করে? না, সেই রাস্তাও আছে।

কারণ যে মহাজনরা টাকা সুদে লাগান তাদের এই ব্যবসাই করতে হবে। কারণ তা ছাড়া তাদের আর অন্য কোন রাস্তা নাই। আমার যা ধারনা তাতে মনে হয় গ্রামে যারা ৬।৭ কানি পর্য্যন্ত জমির মালিক, কি জুমিয়া বা অজুমিয়া, সবাই মহাজনদের কাছে ঋণী। আমি দেখেছি জুমিয়ারা যে Grant পান ঠিক সেই সময়ে মহাজনরা তাদের খোঁজ খবর রাখেন এবং টাকার জন্য সময়মত হাজির হন। অভাবের সময়ে টাকা নিয়েছ এখন টাকা দাও। এই রকম বহু উদাহরণ আমি দিতে পারি কিন্তু এগুলির আবৃত্তি আমি করতে চাই না। যেহেতু কৃষকদের অবস্থা মাননীয় সদস্যরা সকলেই অবগত আছেন। কাজেই আমি আবেদন রাখব যে আমার এই প্রস্তাব হাউস সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করবেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয় যে প্রস্তাব উনি এখানে এনেছেন সেটা খুব ভাল প্রস্তাব এ সম্পর্কে কোন সন্দেহ নেই। কাজেই এই দিক দিয়ে এই প্রস্তাবটিকে আমি সমর্থন করছি। প্রস্তাবের সমর্থনে দু একটি ঘটনার কথা আমায় বলতে হয়। যদিও গত বিশ বছর অবধি বিশেষ করে উপজাতি কৃষকদের মহাজনী সুদখোরদের হাত থেকে রক্ষা করার নাম করে বোম্বাই মনি লেণ্ডারস এক্টটা এখানে চালু করা হয়েছে। কিন্তু কার্য্যতঃ যদিও ত্রিপুরার মধ্যে এই দাদন প্রথা আইনতঃ বেআইনী। কিন্তু কার্য্যতঃ ঐ প্রথা আজও বন্ধ হয়নি। কাজেই শোষণের যে প্রথা তা চলছেই বরং পূর্ব্বের তুলনায় অনেক বেশী করে শোষণ চলছে। যেমন একটা ঘটনার কথা আমি বলছি। গোলাঘাটী ১৬৮ উপজাতি পরিবারের মোট দাদন হলো ১ লক্ষ টাকা। Last financial year এ যে হিসাব আমরা পেয়েছি। ১৬৮ পরিবারের মোট দাদন একটি গ্রামেই ১ লক্ষ টাকা।

এতো গেলো একটি গ্রামের কথা। পাহাড়ী গ্রামগুলির ঐ একই অবস্থা। প্রথমতঃ দাদনদার. কারা এটা যদি আমরা খুঁজতে যাই তাহলে দেখতে পাব, যে যারা দাদন দেয় তাদের মধ্যে একজন হলো আমাদের চিফ মিনিষ্টারের পরম বন্ধু, নাম বলতে পারি, বিশালগড়ের যোগেশ চন্দ্র সাহা। তার টাকাটাই বড়। এ সম্পর্কে গত বছর স্থানীয় জনসাধারণ বা গ্রাম পঞ্চায়েতের যারা মেম্বার তারা সমস্ত তথ্য collection করে S. D. O. S. R. Chakravortyর নিকট একটি দরখাস্ত করেন। কিন্তু সেই দরখাস্তের কোন উত্তরও পাওয়া যায় নাই। কিন্তু সচরাচর মুখ্যমন্ত্রী বলে থাকেন যে দাদন বেআইনি। কিন্তু বেআইনি দাদন দেওয়ার বিরুদ্ধে কয়টা case করা হয়েছে?

"কেইস কর"—কথাটা বলা খুব সহজ। কিন্তু সাধারণ মানুষের পক্ষে কেইস করা অত্যন্ত কঠিন ব্যাপার। এখন প্রশ্ন হচ্ছে দাদনটা রোধ করার কোন ইচ্ছা সরকারের আছে কিনা ? কাজেই আইন থাকলেও এমন বহু আইন আছে সেটা শুধু নামেই আছে, কার্য্যে পরিণত হয় না।

যদি এরকম ঋণ শালিসী বোর্ড হতো তাহলে গরীব কৃষকেরা উপকৃত হতো। বর্ত্তমানে কংগ্রেসের রাজত্বে এরকম কোন ব্যবস্থা আমি দেখতে পাইনা। অর্থাৎ যারা back bone তাদের স্বার্থ কোন প্রকারে ব্যহত হবে এবকম কোন কাজ সরকার করবে এটা বিগত বিশ বৎসরের অভিজ্ঞতা থেকেই বিশ্বাস করতে পারছি না।

যদি ঋণ শালিশী বোর্ড গঠনও করা হয় তাও নামকোয়াস্তে। Ruling পার্টির প্রচারের সুবিধার জন্য হয়তবা তা গঠিত হতে পারে। কিন্তু ঠিক ঠিক ঋণ মুকুবের জন্য হবে কিনা সে সম্বন্ধে যথেষ্ট সন্দেহ আছে। তবুও যদি হয় মন্দের ভালো। সেই হিসাবে আমি এটা সমর্থন করছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ত্রিপুরার উপজাতিরা আজকে এই দাদনদারদের শোষণের ফলে নিঃশেষ হয়ে যাচ্ছে। মাননীয় সদস্য শ্রীনিশি কান্ত বাবু এটা ভালো করেই জানেন। কাজেই যদি এই প্রস্তাবটা গৃহীত হয় তাহলে ভালোই। তবে বহু প্রস্তাব এই হাউসের মধ্যে গৃহীত হয়েছে, কিন্তু কোনটাই আজ পর্য্যন্ত কার্য্যকরী হয়নি। পূর্ব্বে সাবরুম পর্য্যন্ত বেল লাইন স্থাপন করার একটা প্রস্তাব এই হাউসে গৃহীত হয়েছিল। কিন্তু সেই প্রস্তাবের কোন action আজও হয়নি। প্রস্তাবাকারেই সেটা রয়ে গেছে। কাজেই এই হাউসে প্রস্তাবটা পাশ হওয়াই বড় কথা নয়, প্রস্তাব কার্য্যকরী করাটাই হলো বড।

অতএব মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রস্তাবটি আমি সমর্থন করছি এবং অনুরোধ করবো প্রস্তাবটি পাশ হয়ে যাওয়ার পর যেন ফাইলের মধ্যে পড়ে না থাকে যাতে কার্যাকরী করা হয় সে ব্যবস্থা সরকার গ্রহণ করবেন।

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রস্তাব সম্বন্ধে বিভিন্ন দিক আলোচিত হয়েছে। এই প্রস্তাবের উপযুক্ততা অস্বীকার করার উপায় নেই। কিন্তু দেখতে হবে যে, রোগ আছে এবং যে চিকিৎসা তার করতে হবে। সেই চিকিৎসার দ্বারা সেই রোগের উপশম হয় কি না। আজকে যারা মহাজনি ব্যবসা করছিল বা করছে ত্রিপুরা রাজ্যে তাদের যে অপ্রতিহত ক্ষমতা, তাকে সীমিত করার জন্য আইন করা হয়েছে। অর্থাৎ বোম্বের আইনকে ত্রিপুরাতে প্রচলিত করা হয়েছে। সেই আইনের বিধানের মধ্যে অনেকগুলো safeguard দেওয়া হয়েছে। আজকালকার দিনে যদি কেউ তার জমি বন্ধক দিয়ে ধান নেয় তাহলে কোর্টে যদি সে case করে তাহলে তার জমি ছিনিয়ে নিতে পারবে না তার কাছ থেকে। কোর্ট যা ভাল মনে করে তাই করবে। কেউ যদি উচ্চ হারে সুদ দাবী করে বা সেইজন্যে যদি একই documents করে এবং সেটা যদি কোর্টে প্রডিউস্‌ড হয় তাহলে কোর্টে কেইস করলে পরে ঋণ দাতার শাস্তির ব্যবস্থা সেই আইনে আছে। কোন নির্দিষ্ট এলাকায় ব্যবস্থা করতে হলে সেই এলাকার জন্য তাকে লাইসেন্স নিতে হবে এবং একমাত্র সেই এলাকার মধ্যেই সে কাজ করতে পারবে। কি পরিমাণ সুদ সে নিতে পারবে তাও আইনের বিধানের মধ্যে আছে।

তারজন্য এখানকার যে আইন, সে আইনের ক্ষমতা এখানকার চীফ কমিশনারের উপর দেওয়া আছে। তিনি এজন্যে রুলস করেছেন। এই আইনের মধ্যে চীফ কমিশনার বলেছেন যে, কোন জায়গায় যদি secured থাকে তাহলে 9% এর বেশী কোন সুদ নিতে পারবে না এবং unsecured যদি থাকে তাহলে 12% এর বেশী সুদ নিতে পারবে না। এখন দেখতে হবে, ত্রিপুরা রাজ্যে কোন ভেণ্ডার এইভাবে কোর্টের সহায়তায় কোন লোককে উৎখাত করেছেন কিনা। এই আইন করার পরে কোন Vender কোর্টে সাহায্য নিয়ে জমি থেকে কোন কৃষককে উৎখাত করেছে কিনা। যদি সেটা হয়ে থাকে তাহলে এই যে ঋণ শালিশী বোর্ডের কথা বলা হয়েছে সেই প্রশ্ন আসে। তখন বলা যেতে পারতো যে আজকে এইভাবে কৃষকরা জমি থেকে উৎখাত হচ্ছে। তাদের সুযোগ সুবিধা দেওয়ার জন্যে গ্রামের মধ্যে এই কোর্টটা হউক কারণ ঘন ঘন তাদের কোর্টে আসতে হয়। আগে যখন আমরা একটা ঋণ শালিশী বোর্ডের কথা বলব তখন তার কার্য্যকারকতার কথাও দেখতে হবে। বিশেষ করে ঋণ শালিশী বোর্ড যখন বাংলাদেশে গঠিত হয় তখন নিয়ম ছিল টাকার পরিবর্ত্তে তাদের জমি বন্ধক রাখতে পারত। এখন জমি বন্ধক নিয়ে কোন কারণে যদি টাকা পরিশোধ করতে না পারত তখন তারা জমি থেকে বঞ্চিত হত। বাংলাদেশের সরকার তখন আইন করলেন যে টাকা ফেরৎ না দিলে জমি দখল করা চলবে না। একটা বোর্ড করা হল তারা যেভাবে বলবেন সেইভাবে টাকা ফেরৎ দিবার ব্যবস্থা করা হবে। এখন উনি বলছেন যে কেউ টাকা নেবে তারজন্য তার গরুকে বিক্রী করে দেবে। মুখে মুখে এই কথা থাকে। এখন কথা হচ্ছে যদি টাকা ফেরৎ দেওয়া হয়-তো হলে ফেরৎ পাবেন। তা হলে ঋণ শালিসীর কাছে তা যাচ্ছে না। যদি কেউ বন্ধক দিতে কোন কিছু নেন তার তা না দিতে পারলে জোর করে তা রাখতে যায় তা হলেই শুধু তা ঋণ শালিসীর নিকট যেতে পারে। যদি মুখে মুখে কাজ করা হয় আর কোন রকম দলিল পত্র না থাকে তা হলে ঋণ শালিসী বোর্ড সেই ব্যাপারে কোন রকম নির্দ্দেশ দিতে পারবে না। কারণ যেখানে দলিলে স্পষ্ট লিখা আছে যে 'আমার গরু এত টাকা মূল্যে বিক্রী করিয়াছি, শুধু চাষ আবাদের জন্য আমি ইহা করিয়াছি' সেই ক্ষেত্রে বোর্ড কিছু করতে পারবে না। কাজেই তাকে যদি এই ব্যাপারে সাহায্য করতে হয় তাহলে অন্য দিক দিয়ে তা চিন্তা করতে হবে, ঋণ শালিসী বোড দিয়ে এই সমস্যার সমাধান হবে না। এই ভাবে যদি কেউ টাকা লগ্নী করে আর তা কোর্টে যথোপযুক্ত সাক্ষী প্রমাণ সহ কেউ কোন মামলা দায়ের করে তা হলে Lequidation করার মত একটা back ground তৈরী হতে পারে। আমরা যখন নানা জায়গায় যাই এই ধরনের অভিযোগ আমরা পাই এবং তার সত্যতাও আমি স্বীকার করি কিন্তু কাগজে পড়ি। লিখিত ভাবে তার কোন প্রমাণ না পেলে এ সম্বন্ধে কিছু করা কষ্টকর; কাজেই আজকের দিনে যারা সমাজ সেবা করছেন তাদের উচিৎ এই সমস্ত লোককে ধরিয়ে দেওয়া। যদি কেউ এই রকম দলিল করে যে তাকে ৫০ টাকা দেওয়া হউক এবং তার বিনিময়ে ৪।৫ মণ ধান ফসল উঠার

Shri S. L. Singh :— We are following the West Bengal এবং সেই অনুসারে আমরা তার প্রভিশান রাখতে পারি নাই।

শ্রীমনোরঞ্জন নাথ:—মাননীয় মন্ত্রী মহোদয় তাহলে ওয়েস্ট বেংগলের সবগুলি এ্যাক্ট কি ত্রিপুরা রাজ্যে প্রযোজ্য ?

শ্রীএস, এল, সিংহ :—প্রায় সবই, সার্ভিস থেকে আরম্ভ করে সমস্ত কিছু।

মিঃ স্পীকার :—শ্রীঅঘোর দেববর্ম্মা।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—কোয়েশ্চান নং ৮২২।

শ্রীএস, এল, সিংহ ঃ—অনারাবল স্পীকার, স্যার, কোয়েশ্চান নং ৮২২।

QUESTION

1) Total number of Govt. employees who have completed 3 years of continuous services ;

2) how many of them have been declared quasi-permanent ;

3) whether the fact of not declaring an employer quasi-permanent who

have completed 3 years of continuous services, has been communicated to him/her as per Central Government insıruction ;

4) if not, the reasons thereof ;

5) whether the appointing authority maintain any register of temporary employees ;

6) if not, reasons thereof ;

ANSWER.

1) 9,929 Nos.

2) 3,673 Nos.

3) Yes, this is done in case of persons who are not found eligible on account of fitness, age etc. grounds.

4) Does not arise.

5) Yes.

6) Does not arise.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে কোযাসী পার্মানেন্ট ডিক্লারেশানের জন্য কোন ইনষ্ট্রাকশান এসেছে কি না ?

শ্রী এস, এল, সিংহ :—ইয়েস ইট হ্যাজ কাম।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, কত তারিখে ইনষ্ট্রাকশান এসেছিল ?

শ্রীএস, এল, সিংহ :—আই ওয়ান্ট নোটিশ।

মিঃ স্পীকার :—শ্রীমনোরঞ্জন নাথ।

শ্রীমনোরঞ্জন নাথ :—কোয়েশচান নাম্বার ১৬৯।

শ্রীএস, এল, সিংহ :—কোয়েশচান নাম্বার ১৬৯ স্যার।

প্রশ্ন

১। বিগত ১৬।১১।৬৭ইং ভাংমুন (জম্পই) PAC কেম্পে Hostile Mizo দ্বারা আক্রান্ত হইয়া যে ৭ জন Security Staff নিহত হইয়াছে উক্ত ঘটনার জন্য কোন কেইস্ হইয়াছে কি ;

২। যদি কেইস হইয়া থাকে আসামী ধৃত হইয়াছে কি এবং ধৃত হইয়া থাকিলে হাজতে না জামিনে আছে ? যদি জামিনে থাকে কি Ground এবং Charge sheet হইয়াছে কি ?

উত্তর

১। হ্যাঁ, পুলিশ আইনের ১৪৮ | ১৪৯ | ৩৬৪ | ৩০২ | ৪৩৬ ধারা মতে কাঞ্চনপুর থানায় ৪ (১১) ৬৭ নম্বরে কেইস নথিভুক্ত করা হইয়াছে।

২। ২১জন আসামী ধৃত হইয়াছে এবং প্রত্যেকেই ম্যাজিষ্ট্রেটের বিবেচনাধীনে জামিনে মুক্ত আছে। চার্জসীট এখনও দাখিল করা হয় নাই।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় যে ধারাগুলির কথা বললেন সেগুলিতে দেখা যায় নন্‌বেলেবল্। সেই জায়গাতে তারা কি করে জামিন পেল ?

শ্রী এস, এল, সিংহ :—এটা ম্যাজিষ্ট্রেটের উপর নির্ভর করে।

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় আমি বলতে চেয়েছি যে এই ধারাগুলিতে ম্যাজিষ্ট্রেটকে জামিন দেওয়ার কোন ক্ষমতা দেওয়া হয় নাই। কাজেই তিনি কি করে জামিন দিতে পারলেন।

শ্রীএস, এল, সিংহ :—এটা বলা আমার পক্ষে এখন সম্ভব নয়।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে এমন একটা সিরিয়াস কেস যা চার মাসের উপরে হয়েছে তার চার্জ সীট এখন পর্যান্ত না দেওয়ার কারণ কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—নোটীশ চাই।

শ্রীএরসাদ আলী চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় যে সমস্ত ধারা উল্লেখ করেছেন এইগুলি কি পুলিশ অ্যাক্টের না ইণ্ডিয়ান পেনাল কোডের ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি বলেছি পুলিশ আইনের ১৪৮ | ১৪৯ | ৩৬৪ | ৩০২ | ৪৩৬ ধারা মতে কাঞ্চনপুর থানায় ৪(১১)৬৭ নম্বরে কেইস নথিভুক্ত করা হইয়াছে। এবং ইতিমধ্যেই মাননীয় মেম্বার ধারা সম্বন্ধে উল্লেখ করেছেন এবং সেই ধারামতে বেলেবল কিনা এবং কেন দেওয়া হল তার দ্বারাই পরিস্কার হল যে তিনি বুঝতে পেরেছেন। তবে এখনকার মাননীয় মেম্বার বুঝতে পারেন নাই। সেজন্য তার অবগতির জন্য আমি আবার উল্লেখ করলাম।

শ্রীএরসাদ আলী চৌধুরী :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জিজ্ঞাসা করেছি পুলিশ আইনে না পেনাল কোডে ?

মিঃ স্পীকার :—তিনি বলেছেন পুলিশ আইনে।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে এই ২১ জন আসামী ধৃত হয়েছিল কবে এবং বেলে রিলিজড্ হয়েছে কবে ?

শ্রী এস, এল, সিংহ :— They were relesed on bails on 21. 11. 67 and 23. 12. 67".

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি গভর্ণমেণ্টের কর্ম্মচারী বলে তারা বিশেষ কোন সুবিধা পায় কিনা।

শ্রীএস, এল, সিংহ :—নিশ্চয়ই পায়, তা না হলে কি করে দিল ?

শ্রীএরসাদ আলী চৌধুরী :—যাদের জামিন দেওয়া হয়েছে তাতে কোন কনডিশন ইম্পোজ করা আছে কিনা ?

শ্রীএস, এল, সিংহ :—নোটিশ চাই।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে অবিলম্বে চার্জসীট যাতে দেওয়া হয় সেজন্য কি ষ্টেপ নেওয়া হবে ?

শ্রী এস, এল, সিংহ :—It depends upon the judicial authority.

Mr. Speaker :—Shri Aghore Deb Barma :—

Shri Aghore Deb Barma :—Question No. 851.

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, question No. 851.

QUESTION

(১) ত্রিপুরায় বর্ত্তমান Deputationist Officer বাহির থেকে কতজন আছেন ? কোন বিভাগে কোন্ কোন্ পদে বহাল আছেন ?

(২) অভার শিয়ার ও এস, ডি, ও, (Overseer & S. D. O.) পদে বর্ত্তমানে কতজন Deputation এ আছে ?

(৩) Deputationist অফিসারদের পদে ত্রিপুরা থেকে (Recruit) সংগ্রহ করার কি কি অসুবিধা আছে ?

(৪) Deputationist অফিসারদের জন্য নির্দ্দিষ্ট কোন সময় সীমা আছে কি না ?

ANSWER.

(১) ত্রিপুরা সরকারের অধীনে মোট Deputationist অফিসারের সংখ্যা ১৬ জন। বিভাগীয় ভিত্তিক ও পদানুসারিক বিবরণ নিম্নে দেওয়া গেল।

(১) **সিভিল সেক্রেটারীয়েট**— ২

ফাইনান্স সেক্রেটারী—১

জুডিসিয়েল সেক্রেটারী—১

(২) **পাবলিক ওয়ার্কস্ ডিপার্টমেন্ট**— ২৯

সুপারইনটেণ্ডিং ইঞ্জিনীয়ার—৩

একজিকিউটিভ ইঞ্জিনীয়ার—১২

এসিস্টেন্ট ইঞ্জিনীয়ার—৩৭

এসিসটেন্ট একজিকিউটিভ ইঞ্জিনীয়ার—৩

একাউন্টস-কাম-এডমিনিস্ট্রেটিভ অফিসার—১

ওভারসিয়ার—১

এসিস্টেন্ট আরকিটেক্ট—১

(৩) **ষ্টেটিষ্টিকেল ডিপার্টমেন্ট—** ১

স্কুটিনি ইন্সপেক্টর—১

(৪) **পুলিশ ডিপার্টমেন্ট—** ৭

আই, জি অব পুলিস—১

সুপারিনটেণ্ডেট অব পুলিস—১

সাব-ইন্সপেক্টব অব পুলিস—১

হেড কনষ্টেবল—৪

(৫) **এগ্রিকালচার ডিপার্টমেন্ট—** ১

এডমিনিস্ট্রেটিভ-কাম-একাউন্টস অফিসার—১

(৬) **এডুকেশন ডিপার্টমেন্ট—** ১

এডমিনিস্ট্রেটিভ-কাম-একাউন্টস্ অফিসার—১

(৭) **ফুড ডিপার্টমেন্ট—** ১

টেক্নিকেল এসিস্টেন্ট—১

(৮) **সেটলমেন্ট ডিপার্টমেন্ট—** ১

সেটেলমেন্ট অফিসাব—১

এসিস্টেন্ট সেটলমেন্ট অফিসাব ও চার্জ অফিসাব—১

এসিস্টেন্ট সেটলমেন্ট অফিসার ও সার্কল অফিসার—১

এসিস্টেন্ট সেটলমেন্ট অফিসাব—১

মোট— ১৬ জন

(খ) এস, ডি, ও, (এসিস্টেন্ট ইঞ্জিনীয়ার) ৩৭ জন

ওভারসিয়ার ১ জন

(৩) কোন কোন বিভাগে নিয়োগ সংক্রান্ত নিয়মাবলিতে (Recruitment Rules) বিভাগীয় পদের কতক অংশ ডেপুটেসন ভিত্তিতে (deputation) নিযুক্ত করার বিধি রাখা হইয়াছে। কোন কোন ক্ষেত্রে উপযুক্ত স্থানীয় লোকেব অভাবে নিয়োগ সংক্রান্ত নিয়মাবলীর ধারা মতে ডেপুটেসন ভিত্তিতে নিযুক্ত কববারও বিধি রাখা হইয়াছে।

(৪) হঁ্যা।

Shri Sunil Ch. Dutta :—Point of order, sir, whether such a long answer can be treated as answer to a starred question ?

Mr. Speaker :—If there is any list in connection with the reply to a starred question that may be liad on the table instead of reading it out.

Shri Sunil Ch. Dutta :—Another point of order, sir. As regards question, the question demanding too may details are to be treated as unstarred question. This question demands too many details. It should have drawn the notice of the dealing assistants. I would request the hon'ble speaker to ascertain—

Mr. Speaker :—If the reply is within 150 words that cannot be treated as unstarred question.

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে সমস্ত অফিসার বর্তমানে ডেপুটেশনে আছে তাদের মেয়াদ কতদিন হল পূর্ণ হয়েছে অথচ বহাল রাখা হয়েছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—নোটিশ চাই।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি এই কথা বলতে পারেন যে ত্রিপুরার মধ্যে যে সমস্ত ডেপুটেশনিস্ট অফিসার আছে সে রকম উপযুক্ত লোক ত্রিপুরার ছেলেদের মধ্যেও আছে, তাদের সুযোগ দেওয়া হচ্ছে না কেন অথচ ওদের ডেপুটেশনে রাখা হয়েছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাদের রাখা হয়েছে উপযুক্ত মনে করেই।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন সার্ভে সেটেলমেন্ট ডিপার্টমেন্টে যারা ডেপুটেশনে আছে তাদের মেয়াদ উত্তীর্ণ হয়েছে কি না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—যাদের উপযুক্ত মনে করা হয়েছে তাদের রাখা হয়েছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন সার্ভে সেটেলমেন্ট ডিপার্টমেন্টে ডেপুটেশনে যারা আছেন তাহাদের ডিউ টাইম কত তারিখ পর্য্যন্ত ছিল ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—নোটিশ চাই।

Mr. Speaker :—Shri Aghore Deb Barma interested in question of Shri Bidya Chandra Deb Barma.

Shri Aghore Deb Barma :—Question No. 691.

Shri S. L. Singh :—Question No. 691, Sir.

প্রশ্ন

১) পুলিশ আইনে আগরতলা খোয়াই ও ধর্মনগরে সভা ও শোভাযাত্রা নিয়ন্ত্রণ করিয়া যে আদেশটী জারী করা হয়, তাহা কয় বছর ধরিয়া প্রতি ছয় মাস পর জারী করা হইতেছে।

২) এই সময়ের মধ্যে কতবার সভা ও শোভাযাত্রার জন্য ঐ সকল স্থানে পুলিশের নিকট হইতে অনুমতি লইতে হইয়াছে।

৩) এই ধরণের আদেশ দেশবাসীর ব্যক্তি স্বাধীনতা ও গণতান্ত্রিক অধিকারের পথে ক্ষতিকর কিনা ;

৪) যদি ক্ষতিকর হয় তবে ইহা প্রত্যাহার করা হইবে কি না ?

উত্তর

১) ১৮৬১ সনে পুলিশ আইনের ৩০(২) ধারা মতে ১৯৬২ ইংরাজী হইতে তিন মাসের ম্যায়াদে আদেশ জারী করা হইতেছে।

২) ২০৬ বার অনুমতি হইতে হইয়াছে ;

৩) না।

৪) প্রশ্ন উঠে না।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, কি কারণ ঘটলে এই পুলিশ আইন এখানে চালু করা হয়?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—১৮৬১ সনের পুলিশ আইনের ৩০(১) ধারা মতে ১৯৬২ ইংরাজী হইতে তিন মাসের ম্যায়াদে আদেশ জারী করা হইতেছে।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহোদয়, আমি জানতে চাই কারণগুলি, কি কি কারণ ঘটলে এই পুলিশ আইন এখানে জারী করার প্রয়োজন পড়ে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—৩০(১) ধারা মতে যে সমস্ত ঘটনা ঘটলে পরে ইহা জারী করার কথা, সেই অনুসারে ইহা জারী করা হয় এবং হয়েছে।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার প্রশ্ন হচ্ছে আইনের মধ্যে কি কি লেখা আছে সেটা মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি না ?

মিঃ স্পীকার :—তিনি তা বলেছেন।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আইনে যা আছে সেই অনুসারে এটা করা হয়েছে।

শ্রীঅঘোর দেববর্মা :—আইনের মধ্যে কি কি লেখা আছে ?

Mr. Speaker :—Hon'ble Member, your supplementary question in wider than the original question .

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইভাবে এটা চেপে দেওয়ার প্রশ্ন উঠে না। The Minister shall have to reply it.

Mr. Speaker :—There is no question of suppresing it. Reply তিনি দিয়েছেন।

শ্রীঅঘোর দেববর্মা :—কোয়েশ্চান নাম্বার ১০৭।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কোয়েশ্চান নাম্বার ১০৭ স্যার।

প্রশ্ন

১) আগরতলায় ট্রেজারী Strong room এ গত ১০ই জানুয়ারী রাত্রিতে কি কোন চুরি হইয়াছে ;

২) যদি হইয়া থাকে তবে কি কি জিনিষ পত্র চুরি হইয়াছে ;

৩) ঐ চুরি সম্পর্কে কাহাকেও গ্রেপ্তার করা হইয়া থাকিলে তাহার নাম।

উত্তর

১) বিগত ১১।১।৬৮ ইং তারিখে বেলা ৪ ঘটিকায় Strong room খোলা হইলে দেখা যায় যে, আলমারীর উপরে রক্ষিত কতকগুলি bandroll মেঝের উপর পড়িয়া রহিয়াছে।

২) অনুসন্ধানে দেখা যায়, ৫০টী মেচ বাক্সের জন্য ১৯৬৫ সনে ইস্যু করা ১৫০টী বেণ্ডরোল বিশিষ্ট ২০টী বহি ঘাটতি হইয়াছে।

৩) এ পর্য্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই। কেসটি পুলিশের তদন্তাধীন আছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—কোয়েশ্চান নাম্বার ১০৮।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কোয়েশ্চান নাম্বার ১০৮ স্যার।

প্রশ্ন	উত্তর
১) পাকিস্তানের গোয়েন্দা সন্দেহে গত দুই বছরে ত্রিপুরায় কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে এবং যাহাদের গ্রেপ্তার করা হইয়াছে তাহাদের নাম, ২) ইহাদের মধ্যে কতজনকে আদালতের বিচারে শাস্তি দেওয়া হইয়াছে এবং কয়জনকে ছাড়িয়া দেওয়া হইয়াছে ?	I would draw the attention of the Speaker that for the security of the State, it will not be proper to answer the question.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা কোয়েশ্চান যখন ষ্টার্ড কোয়েশ্চান হিসাবে এক্‌সেপ্‌টেড হয়েছে তখন মিনিষ্টার বিপ্লাই দিতে বাধ্য।

Mr. Speaker :—If it is for the interest of the security of the State the Minister can not reply it.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার একটা প্রশ্ন হচ্ছে এই যে, হাউস এর সেসান আরম্ভ হওয়ার প্রথম দিনে আমি একটা পয়েন্ট অব অর্ডার রেইজ করেছিলাম, সেটার রুলিং মাননীয় অধ্যক্ষ মহোদয় দিয়েছেন কি না আমি জানি না।

Mr. Speaker :—Yes, I shall give my ruling in to-morrow. Are you interested for the question of Shri Abhiram Deb Barma ?

Shri Aghore Deb Barma :—Yes, question No. 697.

Shri S L. Singh :—Question No. 697 Sir.

QUESTION	ANSWER
১) খোয়াইর ভুবন মোহন দেববর্ম্মা হত্যার মামলার সকল আসামী কি আদালতে বে-কসুর মুক্তি লাভ করিয়াছেন, ২) ইহা কি সত্য যে আদালত আসামীদের বিরুদ্ধে কোন প্রাথমিক প্রমাণ সংগ্রহ করিতে পারেন নাই,	Materials are under collection.

৩) ইহা কি সত্য যে, এই মামলা চলাকালে মুখ্যমন্ত্রী কলকাতার সাংবাদিকদের নিকট বলিয়াছিলেন যে, ঐ হত্যাকাণ্ডের জন্য কমিউনিষ্টরা দায়ী,	
৪) ইহা কি সত্য যে, কংগ্রেস তাহাদের চতুর্থ নির্ব্বাচনের সময়ে ঐ হত্যা-কাণ্ডের ছবি ছাপিয়ে ভোটারদের মধ্যে বিলি করিয়াছেন এবং ঐ হত্যাকাণ্ডের জন্য কমিউনিষ্টের দায়ী করিয়াছে।	Materials are under collection.
৫) যদি (১) এবং (২) সত্য হইয়া থাকে তবে সরকার আসামীদের ঐ জন্য ক্ষতিপূরণ দিবেন কি ?	

Shri Aghore Deb Barma :—Question No. 733.

Shri S. L. Singh :—Question No. 733 Sir.

প্রশ্ন

১) খোয়াইর এস, ডি, ও কি করঙ্গিছড়া এক্স-সারভিসম্যানদের লোন দিবার জন্য ১৯৬৬ সালের মার্চ্চ মাসে ১,২৭,৬০০৲ টাকা ড্র করিয়াছেন ;

২) যদি ড্র করিয়া থাকেন, তবে ঐ টাকা কবে কি ভাবে খরচ হইয়াছে ;

৩) যদি খরচ না হইয়া থাকে, তবে তাহার কারণ কি ;

৪) ঐ টাকা দিয়া কি করা হইয়াছে ?

উত্তর

১) হাঁ।

২) ঐ টাকা এখন ও খরচ করা হয় নাই।

৩) ঋণ গ্রহিতাগণের প্রতিজ্ঞাপত্র ভারত সরকার কর্ত্তৃক অনুমোদিত না হওয়ায় টাকা বিলি করা হয় নাই।

৪) ঋন প্রতিজ্ঞাপত্র ভারত সরকারের অনুমোদন সাপেক্ষে সম্যক টাকা খোয়াই উপ-কোষাগারে আমানত জমা রাখা হইয়াছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, সমস্ত কাগজ পত্র দলিল পত্র ঠিক হওযার আগে এইভাবে টাকা তোলার অর্থটা কি ?

শ্রীএস, এল, সিংহ :— আমি আগেই বলেছি যে ঋণ গৃহিতাগণের প্রতিজ্ঞাপত্র ভারত সরকার কর্তৃক অনুমোদিত না হওয়ায় টাকা বিলি করা হয় নাই অতএব সেটা ভারত সরকার থেকে অনুমোদিত হয়ে আসবে সেই হিসাবেই এ টাকা রাখা হয়েছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— এই টাকা কোথায় আছে মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি ?

শ্রীএস, এল, সিংহ ঃ— আগেই আমি বলেছি যে ভারত সরকারের অনুমোদন সাপেক্ষে সম্যক টাকা খোয়াই উপ-কোষাগারে আমানত জমা রাখা হইয়াছে।

মিঃ স্পীকার :— There is another starred question. Are you interested to have the answer ?

শ্রীঅঘোর দেববর্ম্মা :— কোয়েশ্চান নাম্বার ১৩৪।

শ্রীএস, এল, সিংহ ঃ— কোয়েশ্চান নাম্বার ১৩৪ স্যার।

প্রশ্ন

১) গত ৫ই ফেব্রুয়ারী সদর মহকুমার—আসাম-আগরতলা রোডে মোটর দুর্ঘটনা সম্পর্কে সরকার কি কোন তদন্ত করিয়াছেন ;

২) যদি তদন্ত করিয়া থাকেন তার ফলাফল কি ?

৩) মোটর দুর্ঘটনা জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ?

উত্তর

১) হাঁ।

২) বে-পরোয়া ও অসতর্ক মোটর চালনার ফলে দুর্ঘটনা সংঘটিত হইয়াছে বলিয়া প্রকাশ পায়।

৩) ভারতীয় দণ্ড বিধির ২৭৯/৩০৪ (ক) ধারা মতে মোটর চালকের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে। দুই জন ড্রাইভারের মধ্যে একজন কোর্টে আত্মসমর্পণ করিয়াছে এবং অন্য জন এখনও পলাতক আছে। মামলাটির তদন্ত চলিতেছে।

Mr. Speaker :— There is no unstarred Question to-day.

CALLING ATTENTION

Mr. Speaker :— I have received Calling Attention Notice from the following Member Shri Ershad Ali Choudhury on the subject of.

"Motor accident on 18. 3. 68 near Lungthung chhera upon U. S. Road between Bagma and Bisramganja under Sadar Sub-Division."

I have given my consent to the Motion of Shri Ershad Ali Choudhury to-day. I would request the Honble Minister in-charge of the Department to make a statement. If the Hon'ble Minister is not in a position to make a statement to-day he will kindly give me a date when the Calling Attention Notice will be shown on the order paper for a statement.

Shri S. L. Singh :— Hon'ble Speaker, Sir, I shall furnish the reply on the 4th April, 1968.

Mr. Speaker :— Hon'ble Minister will make a statement on the 4th Aprii, 1968.

Mr. Speaker :— Next business to-day is the discussion on the Budget Estimate for 1968-69, continuing. I would call on Shri Promode Ranjan Das Gupta to participate in the discussion.

Shri Promode Ranjan Dasgupta :— মাননীয় স্পীকার মহোদয়, আজকে আমাদের এই হাউসের সামনে ১৯৬৮-৬৯ সালের বাজেট রাখা হয়েছে এবং সেই বাজেটে আমরা দেখছি যে গত বছর যেখানে আমাদের বাজেটে ছিল ১৯·১৯ লক্ষ টাকার মত সেখানে আমাদের এবারের বাজেটে রাখা হয়েছে ২২,২৪,১০,০০০ টাকা। এখানে বাজেটের যে বক্তৃতা আমাদের মাননীয় অর্থমন্ত্রী হাউসে রেখেছেন সেখানে তিনি বলেছেন যে ২২,২৫,০০,০০০ টাকার মধ্যে ১৪,৩৯,০০,০০০ টাকা হচ্ছে রাজস্ব খাতে, আর ৭,৮৬,০০,০০০ টাকা হচ্ছে মূলধনী খাতে। তার মধ্যে ৩ কোটি থেকে কিছু বেশী আয় হয়েছে এবং ১১,৩৭,০০,০০০ টাকা ঘাটতি। এই ঘাটতির কথা বলতে গিয়ে তিনি কতগুলি কারণ দেখিয়েছেন। একটা হচ্ছে "পাকিস্তানের সহিত দীর্ঘ আন্তর্জ্জাতিক সীমারেখা এখন পর্য্যন্ত চিহ্নিত না হওয়ায় আমাদিগকে বাধ্য হইয়া একটি বিরাট সশস্ত্র পুলিশ বাহিনী রাখিতে হইতেছে, তারপর পাকিস্তানের সংখ্যালঘুদের নিরাপত্তার অভাবের দরুণ প্রতি বৎসরই এই রাজ্যে শরণার্থীরা আসিতেছেন এবং সম্প্রতি এই সংখ্যা বৃদ্ধি পাইয়াছে। তাহাদের পুনর্ব্বাসনের নানা প্রকার সুযোগ সুবিধা দেওয়া হইতেছে। যাই হোক কয়েকটি বিষয় সম্বন্ধে আমি আলোচনা করতে চাই। সেটা হচ্ছে সরকারী কাজ বিশেষত: কারিগরী বিষয়ে কাজ চালাইবার জন্য এই রাজ্যকে কেন্দ্র হইতে প্রেরীত বা অন্যান্য রাজ্য হইতে প্রেরীত অফিসারদের উপর নির্ভর করিতে হয় এবং এই বাবত তাহাদিগকে তাহাদের নির্দ্ধারিত বেতনের অতিরিক্ত বিশেষ বেতন দিতে হয়।" মাননীয় স্পীকার মহোদয়, আমাদের এই বাজেটকে সমর্থন করে শুধু এইটুকু বলব যে আজকে বিশেষ করে ত্রিপুরা এই বিশ বছরের স্বাধীনতা লাভের পর আমাদের এখানকার ছেলেরা আজকে অ্যাডমিনিষ্ট্রেশন চালাবার ক্ষমতা রাখে এবং ইঞ্জিনীয়ারিং কলেজ থেকে ষ্টাইপেণ্ড পেয়ে আমাদের বহু ছেলে এসেছে এবং আমি জানি অনেক ছেলে আমাদের ত্রিপুরার ষ্টাইপেণ্ড পেয়ে পড়াশুনা

করেও আজকে তারা এখানে ওভারসীয়ার অথবা অন্য চাকরীতে আছে অথবা তারা অন্যত্র চলে যাচ্ছে। তাদেয় এখানে সুবিধা হচ্ছে না। আমার মনে হয় আজকে কারিগরী কাজের জন্যই হোক বা অন্য যে কোন কাজের জন্যই হোক যত কম ডেপুটেশনিস্ট আনা যায় ততই মংগল। কারণ একটা বেশী পরিমাণ টাকা আমাদের এই জন্য দিতে হয়। তার জন্য আমাদের বাজেটে বিরাট ঘাটতি হয়। আর একটা হচ্ছে। যদিও এটা কেন্দ্রীয় ব্যাপার তবুও একটা মোটা অংক ত্রিপুরার রাজ পরিবারকে আমাদের দিতে হয় যার পরিমাণ হচ্ছে সাড়ে তিন লক্ষ টাকা। আজকে এটা সত্যি কথা যে আমাদের এই সমাজবাদী সরকারের আমলে সামন্ততান্ত্রিক নিদর্শন থাকা উচিত নয়। আমাদের কংগ্রেস সেই সিদ্ধান্ত গ্রহণ করেছেন। শুধু সিদ্ধান্ত গ্রহণ করেন নি, লোকসভায়ও সেই প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। তাই যদিও এটা কেন্দ্রের ব্যাপার তথাপি আমি মনে করি এই হাউসে একটা বক্তব্য থাকা উচিত যে আজকের দিনে এই সামন্ত-তান্ত্রিক নিদর্শন যাতে না থাকে। কোন অবস্থাতেই আমরা এটাকে সমর্থন করতে পারি না।

তারপর কর সম্বন্ধে বলা হয়েছে। এই সম্বন্ধে বলা হয়েছে যে ত্রিপুরার একমাত্র রেভেনিউ যা হয় সেটাই একমাত্র আয়, আর কোন আয় নাই। এটা সত্যি কথা। কারণ ত্রিপুরায় একমাত্র কৃষি ছাড়া শিল্প বাণিজ্য ইত্যাদি ব্যাপারে ত্রিপুরা অনেক পেছনে। তার একমাত্র কারণ হচ্ছে ত্রিপুরা রেলপথ হতে বঞ্চিত। শুধু বঞ্চিত নয় তার সাথে সাথে ত্রিপুরার ইণ্ডাষ্ট্রি ডেভেলাপমেন্ট করেনি। কারণ পাওয়ার না থাকার দরুণ ইণ্ডাষ্ট্রি করবার জন্য ত্রিপুরায় কোন প্রাইভেট পার্টিও আসতে চায় না। কারণ কষ্ট অব প্রডাক্শন যদি বাড়ে তাহলে মার্কেটে ঐ পার্টি তার প্রডাক্-শনকে কম্পিট করতে দিতে পারবেনা। তার জন্য আজকে ত্রিপুরায় কোন প্রাইভেট পার্টি আসতে চাইছে না। তাই হাউসের মধ্যে এই জিনিষটা ব্যক্ত করতেই হবে যে ত্রিপুরায় ইলেক্ট্রিসিটি বা রেলওয়ে যতশীঘ্র আসে ততই ভাল। তাই আমি বলব যে যদি একটা রাজ্যে ইন্কাম বাড়ানো না যায় তাহলে প্রতি বৎসর আমাদের কেন্দ্রের উপর নির্ভরশীল হয়ে বাজেট করতে হবে এবং সেই দিকে আমাদের দৃষ্টি দেওয়া দরকার। তারপর একটা প্রশ্ন রাখা হয়েছে এখানে যে কতগুলি আয়ের ব্যাপারে আমরা কিছু জানি না। জানি এই জন্য আমাদের দুর্ভাগ্য যে ত্রিপুরা আজকেও একটা ইউনিয়ন টেরীটরী। বিশ বছর পরেও আমরা এখনও সাবালক হতে পারি নি। আজকে দরকার আমাদের ষ্টেট হুডের। কারণ আমাদের এই ত্রিপুরার প্রডিউসড যে জুট এবং ত্রিপুরার যে 'টি' তার যে একটা একসাইজ ডিউটী এবং অন্যান্য ডিউটিস তার সম্বন্ধে পারসেন্টেজ কি পরিমাণ সেটা কেন্দ্র থেকে জানতে পারি না এবং জানবার অধিকার নেই এবং তার কোন অংশ দাবী করবার অধিকার আমাদের নাই। কিন্তু এটা কেন্দ্রীয় করের একটা অংশ। অর্থমন্ত্রী এইকথা বলেছেন তার একমাত্র কারণ হচ্ছে এই যে আমরা আজকে সেই দাবী করতে পারি না। কারণ আমরা কেন্দ্রের জমিদারীর অন্তর্ভুক্ত। কারণ আমরা এখনও ষ্টেটহুড লাভ করতে পারি নি। তাই আজকে আমাদের প্রয়োজন এই হাউসে এই কথাটা বলা যে আমাদের ষ্টেটহুড সত্যিই প্রয়োজন।

শুধু তাই নয়, হিমাচল প্রদেশেও ষ্টেটহুডের প্রস্তাব নিয়েছে, মণিপুরেও নিয়েছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ষ্টেটহুডের দাবী জানিয়েছে। তাই আমি দাবী করছি আমাদের ত্রিপুরাকে অনতিবিলম্বে যাতে ষ্টেটহুড দেওয়া হয়। আমাদের পরিবার আমাদের সংসার আমরাই চালাব এবং আমরা চালাবার উপযুক্ত হয়েছি, আমরা হোম মিনিষ্ট্রির উপর সারা বছর নির্ভর করতে রাজী নই। দিল্লীতে আসা যাওয়ার জন্য বিরাট একটা টি, এ, আমাদের প্রতি বছর দিতে হয়। প্রত্যেকটি অফিসারকে আমাদের বিরাট টি, এ, দিতে হয়। দুই দিন পরে পরে তাদের চলে যেতে হয় দিল্লীতে। আমাদের প্রত্যেকটি প্ল্যান এবং স্কীম সেখান থেকে করে দেওয়া হয়। সেই দিক দিয়ে আমাদের চিন্তা করতে হবে।

এরপর আমি বাজেটে আলোচনার প্রথমেই মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণের উপর আলোচনা রাখতে চেষ্টা করব. তার সাথে সাথে এই বাজেট ভাষণকে আমি আমার অভিনন্দন জানাচ্ছি। এই রকমভাবে সমস্ত জিনিষগুলি পরিষ্কারভাবে তুলে ধরে. তার খুঁটিনাটি দেখিয়ে দিয়ে, সুন্দরভাবে বাজেট ভাষণ এর পূর্ব্বে এই হাউসে রাখা হয়নি। এবপর আমি মাননীয় স্পীকার মাধ্যমে বাজেটের উপর, এবারকার যে বাজেট সে বাজেটের দিকে আমার লক্ষ্য দিচ্ছি। এবার আমি দেখছি এই বাজেটের মধ্যে কোন কোন ক্ষেত্রে গত বছর থেকে বরাদ্দ বেশী রাখা হয়েছে, আবার কোন কোন ক্ষেত্রে বরাদ্দ কম রাখা হয়েছে। যেমন আমরা দেখছি ল্যাণ্ড রেভিনিউ খাতে যেখানে গত বছর ছিল ৩৫,২৯,০০০, সেখানে ৪০,৭২,০০০ টাকা করা হয়েছে, ট্যাক্স অন ভেহিকলস্, ৪৭,০০০ টাকা ছিল, এখানে তাই রাখা হয়েছে, ষ্টেট একসাইজ ডিউটিস যেখানে গত বছর ছিল এক লক্ষ এখানে রাখা হয়েছে ১,১৬,০০০. জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশানে রিভাইজড এষ্টিমেটে রাখা হয়েছিল ৫৫,৬০,০০০ সেখানে এবার কমিয়ে ৫৩,৬৩,০০০ রাখা হয়েছে। বিশেষভাবে একটা লক্ষ্যনীয় বিষয় এই যে গতবছর পুলিশ খাতে ১,৫৭,৫৬,০০০ রাখা হয়েছিল, এবার রাখা হয়েছে ১,২৯,৬৮,০০০ টাকা। জানিনা অঘোরবাবু, মাননীয় সদস্য এখানে উপস্থিত নাই, অর্থাৎ এই যে পুলিশ খাতে ব্যায় কমানো হয়েছে, তিনি সেই সম্পর্কে কোন অভিনন্দন তার ভাষণে জানান নি। এডুকেশানে যেখানে রাখা হয়েছিল গত বছর ৩,৮০,০০,০০০ টাকা, এইবার সেটা কমিয়ে ৩,৫৬,৫৮,০০০ টাকা করা হয়েছে। আর মেডিক্যালে যেখানে গত বছর ৬৮,৭২,০০০ টাকা হয়েছিল সেখানে এই অংক এবার বাড়ানো হয়েছে. ৬৮,৮৩,০০০ টাকা রাখা হয়েছে। আমার বক্তব্যের মধ্যে প্ল্যান এবং নন-প্ল্যান উভয়ই আছে। পাবলিক হেল্থে ৩৭,৭৩,০০০ প্ল্যান এবং নন-প্ল্যান'এ মোট রাখা হয়েছিল, সেখানে কমিয়ে ২৮,৩৬,০০০ করা হয়েছে। এ্যাগ্রিকালচারে যেখানে গত বছর প্ল্যান এবং নন-প্ল্যানে ৫০,৪৭,০০০, রাখা হয়েছিল, এবার ৬০.২৫,০০০ রাখা হয়েছে। এনিমেল হাজবেন্ড্রি প্ল্যান এবং নন-প্ল্যান খাতে গত বছর রাখা হয়েছিল যেখানে ৩২,০১,০০০ টাকা সেখানে এবার রাখা হয়েছে ৩১.৬১,০০০ টাকা। কো-অপারেশানে আমরা দেখছি কমান হয়েছে। যেখানে গত বছর ১৪,১৯,০০০ টাকা ছিল সেখানে ৯,৬৬,০০০ টাকা ধরা হয়েছে। ইণ্ডাষ্ট্রি খাতেও কমান হয়েছে। যেখানে প্ল্যান নন-প্ল্যানে মোট ৩৭,২,০০০ টাকা রাখা হয়েছিল, এইবার ৩১,৯৪,০০০ টাকা রাখা হয়েছে।

কমিউনিটি ডেভলাপমেন্ট প্রোজেক্ট নেশান্যাল এক্সটেনশান অ্যাণ্ড সার্ভিস লোক্যাল ডেভলাপমেন্ট ওয়ার্কস এখানে আমরা দেখছি গত বছর ২৮,৪৩,০০০ টাকা রাখা হয়েছিল সেখানে এইবার কমান হয়েছে, সেখানে ২৫,০৯,০০০ টাকা রাখা হয়েছে। একমাত্র লেবার এণ্ড এমপ্লয়মেন্টে দেখছি শুধু বাড়ানো হয়েছে। ৮,৪৬,০০০ টাকা থেকে ১২,০৪,০০০ টাকা করা হয়েছে। এইভাবে আমরা দেখছি পাব্লিক ওয়ার্কসে যেখানে ২,৭৭,৩৩,০০০ রাখা হয়েছিল সেখানে ২,৮০,৭০,০০০ করা হয়েছে। এই যে এবার অনেকগুলি ক্ষেত্রে যেমন এডুকেশান কিংবা ইণ্ডাষ্ট্রি কতকগুলি খাতে যে টাকা কম ধরা হয়েছে আমার ধারণা এর কারণ হচ্ছে এই যে প্ল্যানে আমাদের অনেক টাকা এবার কেটে দেওয়া হয়েছে, সেইজন্য প্ল্যান হেডে টাকা কম হওয়ার দরুণ এক্সপেণ্ডিচার হেডে ইণ্ডাষ্ট্রি, এডুকেশান, অনেক জায়গায় দেখছি বাজেটের অংক কমান হয়েছে। মাননীয় স্পীকার মহোদয়, আমি এই বাজেটের আলোচনা প্রসংগে প্রথমে আমার বক্তব্যে আরও দুই একটি দিকে দৃষ্টি আকর্ষণ করব সেটা হচ্ছে ষ্টেট এক্সাইজ ডিউটিজ, সেখানে যে পরিমাণ আয় আমাদের হয়, গত বছর ছিল ৬,২৩,০০০ টাকা এবার দেখান হয়েছে ৬,৩৩,০০০ টাকা। আমার মনে হয় সেই আয় আরও বাড়ানো যায়। শুধু তাই নয় আমরা জানি এখনও গ্রামে গ্রামে সেই দেশী কান্ট্রি লিকার বিক্রি হচ্ছে উইদআউট লাইসেন্স। যদিও এইগুলি গ্রামে গ্রামে প্রিপারেশান হচ্ছে' সেইগুলির ট্যাক্স নেওয়া হচ্ছে না। সেগুলির দিকে একসাইজ ডিপার্টমেন্ট বিশেষ দৃষ্টি দিচ্ছেন বলে আমার মনে হয় না। আজকার ভিলেজের বাজারে, পথে ঘাটে বসে দেখা যায় যে কান্ট্রি লিকার বিক্রী হচ্ছে। লিকার যত কম প্রচলন হয় ততই ভাল, কিন্তু যদি প্রচলন থাকে তাহলে সরকারকে তার ট্যাক্স দিতে হবে। উইদ আউট লাইসেন্স এইভাবে গ্রামে গ্রামে লিকার বিক্রী যে হচ্ছে সেই দিকে বিশেষ নজর দেওয়া দরকার।

তারপর আমার বক্তব্য রাখছি ল্যাণ্ড রেভিন্যু সম্পর্কে। এখানে ২৪,২৩,০০০ টাকা ধরা হয়েছে। এই সম্পর্কে দুই একটি কথা হাউসে রাখছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দৃষ্টি আকর্ষণ করছি এই জন্য যে আজকে গ্রামে গ্রামে দেখছি যে অনেক কৃষক এখনও যখন খাজনা দিতে চায় তখন তাদের কাছে পাঁচ বছরের সমস্ত খাজনা চাওয়া হয়, দুই এক বছরের খাজনা কম দিলে তাদের খাজনা নেওয়া হয় না। এই যে খাজনা জমেছে তার জন্য সত্যই কৃষক দায়ী নয়, তারজন্য দায়ী সেটলমেন্ট ডিপার্টমেন্ট। কারণ খাজনা ফাইনালাইজ করা সাপেক্ষে তাদের চার বছরের যে খাজনা বন্ধ রাখা হয়েছে তার দরুণ এই যে খাজনা একুমুলেট হয়েছে, এই খাজনা আমাদের সাধারণ কৃষকের পক্ষে এক কালীন দেওয়া অসম্ভব। এই সম্পর্কে মাননীয় মুখ্য মন্ত্রীর সজাগ দৃষ্টি আছে এবং তিনি বলেছিলেন এই বিষয়ে বিবেচনা করবেন। এই খাজনা মাপ দেওয়া বা কৃষকদের রিলিফ দেওয়ার ক্ষমতা এই হাউসের আছে কি না আমি জানি না, তবে এই ব্যাপারে কেন্দ্রের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করা উচিত। কারণ গরীব কৃষকের পক্ষে এক কালীন এই খাজনা দেওয়া সম্ভব নয়, গরীব কৃষককে তাদের জমি নিলামের হাত থেকে রক্ষা করা দরকার, তাই ল্যাণ্ড রেভিনিউর রিসিড সাইডে

আলোচনা করতে গিয়ে আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। তারপর আমি এক্সপেণ্ডিচার খাতে চলে যাচ্ছি। সেখানে প্রথমে আমি গ্রহণ করছি ডিম্যাণ্ড নাম্বার ১২— পুলিশ, সেখানে ১,৭৯,৬৮,০০০ টাকা রাখা হয়েছে এবং সেখানে আমার বক্তব্য হচ্ছে যে পুলিশের খাতে টাকার অংক এবার কমান হয়েছে সেটা সত্য, কিন্তু ত্রিপুরার বুকে এখন যেভাবে একদিকে আভ্যন্তরীণ গোলযোগ, তার সাথে সাথে বর্ডার'এ যে হামলা, সেই সমস্ত গোলযোগের কথা যদি বিবেচনা করি তাহলে আমার মনে হয় আমাদের পুলিশ শক্তি আরও বাড়ান দরকার। বাড়ান দরকার এইজন্য যে আজকে একটা বিরাট প্রশ্ন এসে দাঁড়িয়েছে যে ত্রিপুরার অখণ্ডতার উপর যে বিরাট আক্রমণ এসে পড়েছে তাতে তার ঐক্য বজায় থাকবে কি না? কারণ আজকে আমরা দেখছি সাম্প্রদায়িকতার জিগীর তুলে গ্যাংক্রাক পার্টি আজকে উত্তর ত্রিপুরায় বিরাট আন্দোলন সৃষ্টি করেছে। শুধু তাই নয়, তারা ঘৃণিতভাবে, ঘৃণ্য চক্রান্ত করে অনেক লোককে হত্যা করেছে। তাদের বিচার আমাদের শক্ত হাতে করতে হবে এবং ত্রিপুরার যে অখণ্ডতা এবং ত্রিপুরার যে ইনটিগ্রিটি তাকে রক্ষা করতে হবে। তাই আজকে পুলিশ বাজেটে যদিও টাকার অংক কমান হয়েছে তবুও সেটাকে অভিনন্দন জানিয়ে তার উপর আমি এইটুকু বলছি যে আমাদের এই পুলিশ বাহিনীকে আরও শক্তিশালী করা দরকার।

শুধু তাই নয় আজকে আমাদের ত্রিপুরার অভ্যন্তরে আন্দোলন চলছে যাতে আমরা আমাদের খাদ্য নীতিকে কার্যকরী করতে না পারি। যদি এই খাদ্য নীতিকে আমরা রূপায়িত করতে না পারি তাহলে ত্রিপুরার খাদ্য সমস্যাকে সমাধান করা যাবে না। আজকে শুধু কেন্দ্র থেকে প্রতি বছর খাদ্য আনা সম্ভব নয়। কারণ কেন্দ্র খাদ্য বিদেশ থেকে এনে দিচ্ছে। এর জন্য কেন্দ্রের উপর বিরাট একটা চাপ পড়ে। কারণ যে দেশের কাছ থেকে খাদ্য আনতে হয় সেই দেশ এই সঙ্গে কিছু সর্ত জুড়ে দিতে চায়। পৃথিবীর সকল দেশ খাদ্য দিতেও পারে না। একমাত্র আমেরিকা ভারতকে খাদ্য দিতে পারে। কিন্তু এই আমেরিকাও ভিয়েতনামের ব্যাপারে তার নীতি ভারতের উপর চাপিয়ে দিতে চায়। আজকে খাদ্যের জন্য যদি আমাদের বাইরের দেশের উপর নির্ভর করতে হয় তাহলে আমাদের দেশের ভবিষ্যত অন্ধকার। তাই আমাদের ত্রিপুরায় যে খাদ্য উৎপাদন হচ্ছে—মাননীয় মুখ্যমন্ত্রী একটা প্রশ্নের উত্তরে আমাদের বলেছেন যে ত্রিপুরায় ৬ লক্ষ একরের মধ্যে মাত্র ১ লক্ষ কৃষক দুই একর কিংবা তার চেয়ে কম পরিমাণ জমির মালিক। ত্রিপুরার ৬ লক্ষ একরের একটা বিশেষ পরিমাণ জায়গা আমাদের বড় বড় কৃষকের হাতে আছে এবং তাদের হাতে যে উদ্বৃত্ত ধান আছে তা আমাদের নিয়ে আসতে হবে। কারণ প্রতিটি রাজ্যেই এখন তাই করা হচ্ছে। আমাদেরও তাই রিকুইজিশন করা প্রয়োজন। রিকুইজিশন এই জন্য নয় যে তা গোমতীর জলে ফেলে দেওয়া হবে, তা হাওড়ার জলে ফেলে দেওয়া হবে। রিকুইজিশন করার অর্থ হচ্ছে এই যে ধনী কৃষক যারা, যাদের রাশিয়ান টার্মসে বলে কুলাক্‌স, তাদের হাত থেকে ধান এনে আমাদের অনটনের সময় গরীবের হাতে এবং ছোট ছোট কৃষককে দিয়ে সাহায্য

করতে হবে এবং তাদের ডিষ্ট্রিবিউশন করতে হবে এবং নন্ প্রডিউসিং সেন্টারগুলিতে যেখানে শ্রমিকরা আছে যারা ধান উৎপাদন করে না, সেখানে ধান চাল দিতে হবে, সেজন্যই এই রিকুইজিশন। এই রিকুইজিশন শুধু ত্রিপুরায় হচ্ছে না, সারা ভারতের প্রতিটি রাজ্যে হচ্ছে। কেরালায়ও হচ্ছে। আজকে ৫৬·২৫ পয়সা পার কুইনটাল ধান যেমন ত্রিপুরায় রিকুইজিশন করা হয়েছে, এই ৫৬·২৫ পয়সা পার কুইন্টাল ধান কেরালাতেও রিকুইজিশন করা হচ্ছে। কিন্তু বড়ই তাজ্জবের ব্যাপার যে আমাদের মাননীয় সদস্য অঘোর বাবু বক্তৃতায় বলেছেন যে ধানের যে দাম দেওয়া হচ্ছে রিকুইজিশনের জন্য সেটা অত্যন্ত কম। কিন্তু এই দাম ত্রিপুরা সরকার বেঁধে দেননি। তা কেন্দ্রীয় সরকার বেঁধে দিয়েছেন এবং কেরালায় যে দাম দেওয়া হয়েছে ত্রিপুরায়ও সেই দাম দেওয়া হয়েছে। ভারতের সর্ব্বোচ্চ দাম দেওয়া হয়েছে ত্রিপুরাতে এবং সেই দাম ৪৬·৫৬ পয়সা পর্য্যন্ত আছে নীচের দিকে। এই জায়গায় কেন যে তারা এই ধান চাল সংগ্রহ নীতিকে বানচাল করতে চান তা আমরা বুঝতে পারি না। তারা যে শুধু মিটিং মিছিল করেই ক্ষান্ত তাই নয়, আমরা ব্যক্তিগতভাবে জানি যে অনেক কৃষক ধান দিতে চান কিন্তু পথের মধ্যে সেই ধান লুঠ করা হচ্ছে। শুধু তাই নয় সেই কৃষককে চাপ দেওয়া হচ্ছে যে যদি তুমি ধান দাও তাহলে সমপরিমাণ ধান বাম কমিউনিষ্ট পার্টিকেও দিতে হবে। আমার হাতে এমন কয়েকটা চিঠি আছে ধনী উপজাতি কৃষকের লিখা। তিনি জানিয়েছেন যে তারা বলছে যে তাদের সমপরিমাণ ধান দিতে হবে নতুবা তার ভবিষ্যত অন্ধকার। এই যে ভীতি এবং সন্ত্রাসের সৃষ্টি করা হয়েছে সারা ত্রিপুরায়, সেটা তারা কি জন্য করছে? দিনের পর দিন যাতে খাদ্য সংকট বেড়ে যায় এবং একটা উচ্ছৃঙ্খলতা ত্রিপুরার বুকে চেপে বসে। এটা যদি বেড়ে যায় তাহলে তাদের আন্দোলন, সেই সহিংস আন্দোলনের মাধ্যমে তারা ক্ষমতায় যেতে পারবে। এই যে একটা প্রচেষ্টা এটা সারা ভারতে চলেছে। ইদানীং যারা পত্র পত্রিকা পড়েন তারা দেখেছেন নকশালবাড়ীর যে প্রস্তাব সেই প্রস্তাবে তারা বলেছে যে আমরা লোকসভা কিংবা বিধানসভা মানি না, আমরা সাংবিধানিক পন্থায় ক্ষমতায় যাওয়ার কথা চিন্তাও করি না, যারা করে তাদের আমরা শোধনবাদি বলে মনে করি। আমরা ক্ষমতা দখল করব আন্দোলনের মধ্য দিয়ে নয়, মাওয়ের নির্দিষ্ট পথের মধ্য দিয়ে। এই যে একটা কথা সেটা বিশেষভাবে চিন্তা করতে হবে। তাই আজকে পুলিশ খাতে বক্তব্য রাখতে গিয়ে আমরা বলেছি যে আমরা কোন অবস্থাতেই ত্রিপুরার অভ্যন্তরে কোন অরাজকতা সৃষ্টি করতে দেব না। সেজন্য আমাদের পুলিশ বাহিনীকে আরও শক্তিশালী, আরও সক্রিয় করতে হবে যাতে স্যাংক্রাকের আন্দোলনকে স্তব্দ করে দিতে পারা যায়, যাতে বাম কম্যুনিষ্ট পার্টিই হোক বা যেই হোক খাদ্য নীতিকে যদি বানচাল করে দিতে চায়, বিভ্রান্তিকর প্রচার যদি কেউ করে, ত্রিপুরার অখণ্ডতাকে, ভারতের অখণ্ডতাকে, সাম্প্রদায়িক বিদ্বেষ জাগিয়ে দিতে চায় তবে তাকে প্রতিরোধ করতে হবে যে কোন উপায়ে। তাই আমি পুলিশ

বাজেটের মধ্যে এই কথাটা বিশেষভাবে রাখছি যে ত্রিপুরার ঐক্য ব্যাহত হতে চলেছে। আজকে তাকে রক্ষা করতে হবেই।

তারপর এডুকেশনের খাতে যে টাকা রাখা হয়েছে সেটাকে সমর্থন জানিয়ে আমি বিশেষ অনুরোধ আমাদের শিক্ষা মন্ত্রীর কাছে রাখব যে প্রাইভেট স্কুলের যে গ্র্যান্ট ইন এড দেওয়া হয় তার জন্য একজন আলাদা ডেপুটি ডিরেক্টর রাখা হোক। এটা করলে কাজটা স্পীডিলী হবে। কারণ প্রাইভেট স্কুলগুলির সমস্ত কাজকর্ম্ম ইনস্পেক্টরেটের মাধ্যমে করতে হয় এবং তাদের প্রত্যেকটি চিঠিও ইনস্পেক্টরেটের মাধ্যমে ডিরেক্টরেটের কাছে পাঠাতে হয়। তাতে অনেক দেরী হয়ে যায় এবং সেই জন্য ইনস্পেক্টরেটের কোন দোষ নেই কারণ সরকারী বে-সরকারী সমস্ত স্কুলই তাদের হাতে এবং তাদের দেখা শুনা করতে হয়। তাই আমি এই আবেদন করব মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে যে প্রাইভেট স্কুলগুলির কাজকর্ম্মের জন্য যেন একজন আলাদা ডেপুটি ডিরেক্টরের কাছে দায়িত্ব দেওয়া হয়। তাহলে তাদের কাজ তাড়াতাড়ি হবে। আর শিক্ষা যেভাবে চলছে তাতে এই প্রাইভেট স্কুলগুলির শিক্ষার মান সরকারী স্কুলগুলির চেয়ে কোন অংশে কম নয়, বেশীও হতে পারে। সেই দিক দিয়ে তাদের কাজকর্ম্মের সুবিধার জন্য একজন আলাদা ডেপুটি ডিরেক্টরের কাছে এই দায়িত্ব দেওয়া উচিত।

তারপর আরেকটা জিনিষ মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আমি রাখছি যে আমরা গণতন্ত্রের যুগে বাস করি, আমরা চাই প্রত্যেকটি পরিবার, প্রত্যেকটি মানুষ এই যে সরকারের অধীনে কাজ করে, তারা যেন তাদের ছেলে-মেয়েদের দুই বেলা দুই মুঠো ভাত দিতে পারে। কিন্তু এই শিক্ষা বিভাগের ক্রাফট ট্রেনিং কলেজে এখানে কতকগুলি নাম দেওয়া হয়েছে, পার্ট টাইম ক্রাফট ইনষ্ট্রাক্টার। এটা হচ্ছে এদের টাকা না দেওয়ার একটা ফন্দি। আজকে তিন চার বছর তাদের দিয়ে ৭।৮ ঘণ্টা করে কাজ করিয়ে নেওয়া হয়েছে এবং ইদানীং বলা হচ্ছে তাদের চার ঘণ্টা কাজ, তাদের বেতন ৮০ টাকা, চিন্তা করুন। আজকের দিনে কোন ব্যক্তি ৮০ টাকা মাহিনা পেয়ে স্ত্রী, পুত্র নিয়ে বাঁচতে পারে কি না ? তাই আমার একান্ত অনুরোধ ক্রাফট ইনষ্ট্রাক্টার পোষ্ট যদি থাকে, তাহলে তাদের পার্ট টাইম তুলে দিয়ে ফুল টাইম ইনষ্ট্রাক্টার করে দেওয়া হউক। তা না হলে মানবতার প্রতি অবমাননা করা হবে আমার বিশ্বাস। দ্বিতীয় আরেকটা জিনিষ আমরা লক্ষ্য করছি সেটা হচ্ছে শিক্ষা বিভাগে একটা বিশৃঙ্খলা চলছে, ছাত্রদের মধ্যে যে হতাশা বা বিশৃঙ্খলার মনোভাব সৃষ্টি হয়েছে, তার নিশ্চয়ই কারণ আছে। কারণ হচ্ছে তাদের ভবিষ্যৎ নিরাপত্তার অভাব, চাকুরীর ভবিষ্যত, মনের ভবিষ্যত, তার সাথে সাথে সংসার জীবনের মধ্যে হাহাকার, সব মিলিয়ে তাদের মধ্যে একটা ফ্রাষ্টেশান এসেছে, সেই ফ্রাষ্টেশানের মধ্য দিয়ে তাদের একটা মনোভাব যেটাকে বলা হয় নিহিলষ্টিক মনোভাব অর্থাৎ বাউণ্ড টু নান, কারও কাছে মাথা নত করব না, এই মনোভাব ছাত্রদের মধ্যে মাথা চাড়া দিয়ে উঠেছে। তার একমাত্র কারণ হচ্ছে কোন রাজনৈতিক উদ্দেশ্যে তাদের দলে, ক্যানন ফডারের মত তাদের কাজে লাগান হচ্ছে। আমাদের উচিত প্রত্যেকটি স্কুলে মর‍্যাল এডুকেশানের ব্যবস্থা করা যাতে প্রত্যেক

ছাত্র তার যে ফ্রাষ্টেশান, তার পিছনে যে কারণ সেই কারণটাকে যাতে যুক্তির দ্বারা অতিক্রম করতে পারে। দ্যাট সুড নট বি মেকানিক্যাল, যান্ত্রিকভাবে তাদের যেন এই মর‍্যাল এডুকেশানের ব্যবস্থা করা না হয়। সেমিনার করে, কিভাবে সেটা করা হবে সেটা চিন্তা করা উচিত। আজকে গান্ধিয়ান এডুকেশান এবং মর‍্যাল এডুকেশন প্রবর্ত্তন করার জন্য আলোচনা চলছে এবং তার সাথে সাথে আমাদের ত্রিপুরা সরকারকেও এটা চিন্তা করতে হবে। আমি আরেকটা কথা রাখছি, সেটা হচ্ছে আমার ব্যক্তিগত মত। এই যে বেসিক একটা শব্দ, যে শব্দটা নিয়ে শিক্ষা বিভাগের ফ্যাক্টরীতে বহুদিন ধরে কাজ হচ্ছে তার ফল হয়েছে নিল অথবা মাইনাস। কারণ এই যে বুনিয়াদি শিক্ষার লক্ষ লক্ষ টাকা নষ্ট হয়েছে, সেই লক্ষ লক্ষ টাকা যদি আজকে ত্রিপুরার উৎপাদনের কাজে ত্রিপুরার উন্নতির কাজে, কনষ্ট্রাকটিভ ওয়েতে ত্রিপুরার কৃষকের উন্নতির খাতে ব্যয় করা যেত, তাহলে ত্রিপুরার কৃষির অনেক উন্নতি করতে পারতাম। কোন স্কুলে, কোন শিক্ষক কোন ছাত্রকে ছাফাইয়ের কাজ ছাড়া আর কিছুই করায়নি। দ্যাট সুড বি রিকন্সিডারড। জুনিয়র বেসিক, সিনিয়র বেসিক এইগুলির নাম থাকুক আমার আপত্তি নাই, তবে এই খাতে যে মেটেরিয়্যালসের জন্য, আর্টিকেলসের জন্য ব্যয় হয়, সেটা উঠিয়ে দেওয়া দরকার। নতুবা এই টাকাটা অপব্যয়ই হয়, সেই অপব্যয় ক্ষমার যোগ্য নয়। কারণ যেখানে আমরা কেন্দ্রীয় সরকার থেকে টাকা এনে আমাদের খরচ চালাচ্ছি সেখানে এই অপব্যয় না হওয়াই উচিত। তারপর মেডিক্যাল সম্পর্কে বক্তব্য রাখতে যেয়ে কতকগুলি জিনিষের দিকে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যদিও অনুপস্থিত তবুও মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আমি এইদিকে আকর্ষণ করছি, সেটা হচ্ছে যদিও আমরা স্বীকার করি যে মেডিক্যাল ডিপার্টমেণ্টে ভাল ভাল স্পেশালিষ্ট এনেছি, ভাল ভাল ডাক্তার এনেছি কিন্তু তা সত্বেও আমাদের যে জি. বি. বা অন্যান্য হাসপাতাল-এর বর্ত্তমান অবস্থা তা যদি বিচার করে দেখা যায়, ফেস যত সুন্দরই হউক না কেন, তা দিয়ে জনসাধারণ উপকৃত হবে না। তার জন্য সরকার যাতে আমাদের বর্ত্তমান যে টাকা আমরা খরচ করছি স্বাস্থ্য খাতে, তা দিয়ে ম্যাডিক্যাল ডিপার্টমেণ্টকে এ্যাকটিভ করতে পারি তার চেষ্টা করা। একটা প্রশ্ন হচ্ছে জি. বি.র যিনি সুপারিনটেনডেণ্ট, তিনি একজন সার্জন। এই রকম সার্জন ত্রিপুরায় পেয়ে সত্যই আমরা ভাগ্যবান। কিন্তু তিনি যখন সুপারিনটেণ্ডেণ্টের কাজ করেন, তার একটা সময় তাকে ব্যয় করতে হয় ক্লেরিক্যাল কাজের উপর, এ্যাডমিনিষ্ট্রেটীভ ওয়ার্ক। আমি সেখানে অনুরোধ রাখব, আমার মনে হয় কেন্দ্রের যে সাজেশন যে প্রত্যেক সুপারিনটেণ্ডেণ্ট সুড বি এ্যাসিষ্টেড বাই নন-ম্যাডিকেল অফিসার সেটা ফলো করা দরকার। নন-মেডিক্যাল অফিসার এ্যাসিষ্ট করার অর্থ হচ্ছে যাতে এই সুপারিনটেনডেণ্ট যে শিক্ষা, যে প্রফেশান তিনি নিয়েছেন, সেই প্রফেসানকে ভালভাবে কার্যকরী করতে পারেন। যেই সময়টা তিনি ব্যয় করতেন অফিশিয়াল কাজে, সেই কাজটা নন-মেডিক্যাল অফিসাররা করতে পারেন সেটাকে তাদের হাতে ছেড়ে দেওয়া প্রয়োজন। আরেকটা হচ্ছে একটা এ্যাড্ভাইসারী কমিটী গঠন করা দরকার টু লুক আফটার দি মেনেজমেণ্ট অব দি হসপিটাল। বড় বড় হসপিটালে—যেমন ভি. এম. এবং জি. বি. হাসপাতালের জন্য একটা এ্যাডভাইসারী কমিটী গঠন করা দরকার।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—তারপর আরেকটা জিনিষ করা দরকার, সেটা হচ্ছে ত্রিপুরা বরাবরই গরীব দেশ, এখানকার অধিকাংশ কৃষক, তাদের আয় খুব কম। তাদের যদি চশমা কিনতে হয়, দাঁত তুলতে হয় বা বাঁধাতে হয়, তাদের বেশী দাম দিয়ে দোকান থেকে কিনতে হয়। সেখানে গভর্ণমেন্টের চিন্তা থাকা উচিৎ নো প্রফিট, নো লস বেসিসে তাদের সেই সমস্ত চশমা দেওয়া যায় কি না, এই অনুরোধ আমি এই বাজেট বক্তৃতার মাধ্যমে রাখছি। তারপর আমি আরেকটা কথা রাখব। পত্র পত্রিকায় প্রায়ই দেখা যায় যে হাসপাতালের নেগলিজেন্সীর দরুণ এই রোগীটা মারা গেছে, নেগলিজেন্সীর দরুণ ঐ রোগীটা মারা গেছে, কোনরকম কেয়ার নেওয়া হচ্ছে না। সেই ক্ষেত্রে আমি বলব যে এক্সপার্ট স্পেশালিস্টদের নিয়ে একটা স্ট্রং কমিটি গঠন করা দরকার টু গো থ্রু দি কজেস অব ডেথ। সেইদিকে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর অর্থ হচ্ছে এই যে প্রত্যেক ডাক্তার কনসাশ্ থাকবে। তাব মনে ধারণা থাকবে যে তার নেগলিজেন্সীর দরুণ যদি কোন রোগী মারা যায় তার তদন্ত হবে এবং তার নেগলিজেন্সীর জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে। কাজেই এই জিনিষটা রাখা প্রয়োজন। তারপব হচ্ছে আপনারা যারা হসপিটালে যান, তারা দেখেছেন যে ক্লাস ফোর এমপ্লয়ীরা যারা হাসপাতালে আছে, তাদের কোন ট্রেনিং নাই, কি ভাবে রোগীব বিছানা করতে হবে, কিভাবে রোগীর কাপড় চোপড় পরিষ্কার করতে হবে এই সমস্ত সম্পর্কে। আমি মনে করি তাদের এই ট্রেনিংটা থাকা দরকার।

কারণ তাদের দায়িত্ব সাংঘাতিক। অনেক সময় দেখা গেছে ওদের উপর রোগীদের ছেড়ে দিয়ে নার্স এবং ডাক্তাররা চলে গিয়েছে। সুতরাং সেই ক্লাস ফোব এমপ্লয়ীদের ট্রেনিং থাকা দরকার যাতে রোগীকে সময়মত সেও রিলিফ দিতে পারে। তার সাথে প্রত্যেকটি ওয়ার্ডে কমপ্লেন বুক যাতে থাকে তার ব্যবস্থা করা প্রয়োজন এবং সেই কমপ্লেন বুক তিন মাসেই হোক বা দুই মাসেই হোক একটা সময় অন্তর অন্তর সেটা রিভিউ করা দরকার এবং তা দেখে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা দরকার। কারণ আমি দেখেছি যে মেডিক্যাল সম্পর্কে পত্র পত্রিকায় অনেক কিছু লিখা হয় এবং সেই সম্বন্ধে আমাদের কি করণীয় সেই দিক দিয়ে আমার বক্তব্য রেখেছি। আর জি, বি, হাসপাতালে যারা যান তারা দেখেছেন কিরকম ওভার ক্রাউডেড হচ্ছে। রোগী লাইন ধরে দাঁড়িয়ে থাকে, এমন কি বসবারও সাফিসিয়েন্ট জায়গা নেই। সুতরাং এই ভীড় কমাবার জন্য যদি দুই শিফ্টের ব্যবস্থা করা হয় অথবা এমন ব্যবস্থা করা হয় যাতে খুব তাড়াতাড়ি রোগী টিকিট পেতে পারে অথবা ডাবল শিফ্টের ব্যবস্থা করা দরকার। মেডিক্যাল সম্বন্ধে এই বক্তব্যরেখেই তার জন্য যে টাকা রাখা হয়েছে বাজেটে তার সমর্থন জানাচ্ছি।

তারপর আমি বলব পাবলিক হেলথের সিংকিং অব টিউবওয়েলের কথা। এই খাতে যে টাকা রাখা হয়েছে সে সম্বন্ধে বলতে গিয়ে আমি একটা কথা না বলে পারছি না। সেটা হল টিউবওয়েল সিংকিং এর যে বাস্তব চিত্র সেটা সাংঘাতিক। ফিফটি পারসেন্ট

টিউবওয়েল নন্ ওয়ার্কিং। সাতডুবিয়া গ্রামের মধ্যে সাতটি টিউবওয়েল আছে। কিন্তু সবগুলিই অকেজো। যদি অংক দিয়ে বলা হয় যে হাজার দেড় হাজার টিউবওয়েল আমরা বসিয়েছি। তাতে কিন্তু জনসাধারণের পানীয় জলের সমস্যার সমাধান হয় না। পানীয় জলের সমষ্যার সমাধান তখনি হবে যখন যেসমস্ত টিউবওয়েল বসানো হয়েছে তাকে চালু রাখার ব্যবস্থা সংগে সংগেই করা হয়। তাই আমি অনুরোধ জানাব যে সিংকিং অব টিউবওয়েল এবং রিংওয়েলের ব্যাপারে বিশেষ দায়িত্ব নেওয়া দরকার। কারণ পানীয় জল একটা প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে মানুষেব স্বাস্থ্যের জন্য এবং বাঁচার জন্য। টিউবওয়েল কোথায় বসানো হবে, কি অবস্থায় বসানো হবে তারও বিচার বিবেচনা বিশেষভাবে করতে হবে। ব্লক অফিসারগণ তাদের ইচ্ছামত মাতব্বরদের কথায় মাতব্বরের বাড়ীর কাছে টিউবওয়েল বসিয়ে দিল। আমি বলব গ্রামের শতকরা ৭৫ জন লোক যেখানে চায় সেখানেই বসানো উচিত। আমি জানি হরিণা গ্রামে যেখানে একটি মাত্র পরিবার আছে সেখানে একটি টিউবওয়েল বসানো হয়েছে কিন্তু সেখানে ৭৫ ভাগ লোক আপত্তি জানিয়েছে অথচ তাদের আপত্তি গ্রাহ্য করা হয় নাই। যাই হোক আমি অনুরোধ রাখব যে টিউবওয়েল বসানোর ব্যাপারে যেন নিরপেক্ষ দৃষ্টীভঙ্গি গ্রহণ করা হয় এবং এইগুলি যেন রীতিমত চালু রাখা হয়।

এবার সারা ত্রিপুরায় বসন্ত রোগের খুব প্রাদুর্ভাব হয়েছে। সেজন্য আমি অনুরোধ রাখব আমাদের পার্মানেন্ট ভেকসিনেটার রাখা উচিত। ভেকসিনেশনের ব্যাপারে আরও সক্রিয় হওয়া উচিত।

তারপর এগ্রিকালচারের উপর আমি আমার বক্তব্য রাখছি। ত্রিপুরার কৃষির উৎপাদন যদি বাড়াতে হয় তাহলে আমাদের নাল জমি খুব কম, আমাদের টেবল্ ল্যাণ্ড আছে অনেক বেশী। আমাদের টিলাগুলির একটা চেহারা হচ্ছে এই যে প্রায় টিলাগুলি সমতল সেখানে যদি আমরা কনজার্ভেশনের কাজকে ভালভাবে করি তাহলে অনেক জমিকে আমরা আধুনিক প্রথায় চাষের উপযুক্ত করে তুলতে পারি এবং উৎপাদনও বাড়াতে পারব। কিন্তু সয়েল কনজার্ভেশনের জন্য রাখা হয়েছে যে টাকা সেটা খুব বেশী নয়। এই টাকার অংকটা যাতে বাড়ানো হয় সেইজন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি। কারণ এখানে আমরা দেখেছি যে মাত্র ১০,০০০ টাকার মত সয়েল কনজার্ভেশ-নের জন্য রাখা হয়েছে, আর এক জায়গায় এক লক্ষ টাকা রাখা হয়েছে। এটাকে আরও বাড়ানো দরকার।

তারপর হচ্ছে জুট ডেভেলাপমেন্ট স্কীম। সেখানে মাত্র ১,১১,০০০ টাকা রাখা হয়েছে আমি সেটাকে সমর্থন করে বলব যে জুট তো হবেই, কিন্তু বাজার দর যদি ২২ টাকা আর ২০ টাকা হয় তাহলে কৃষক পাট উৎপাদন করতে চাইবে না। অতএব তাদের প্রাইস সাপোর্ট দিতেই হবে। আমরা দেখি যে ভারত সরকার ঠিক করে দিয়েছেন যে ২৯ টাকার কম পাট কিনতে পারবে না। কিন্তু কার্য্যক্ষেত্রে হচ্ছে কি, ২০।২২ টাকা করে কৃষককে পাট বিক্রি

করতে হচ্ছে। এট দি পয়েন্ট অব ষ্টারভেশন মানুষ বাধ্য হয় কম দামে বিক্রি করতে। কারণ তার টাকা চাই। সেখানে আমার অনুরোধ যে জুট প্রডাকশনের সাথে সাথে জুটের প্রাইস সাপোর্ট দেওয়ার ব্যবস্থা ত্রিপুরা সরকার থেকে করতে হবে। সারা ভারতে জুট প্রডাকশনে ত্রিপুরার স্থান হচ্ছে চতুর্থ। সেখানে জুটের যাতে উপযুক্ত মূল্য পায় তার ব্যবস্থা করা দরকার এবং প্রত্যেকটি মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি এবং আদার সোসাইটিজকে বিশেষভাবে নির্দ্দেশ দিতে হবে যে তারা যেন পাট নায্য মূল্যে ক্রয় করে।

আরেকটা টাকা রাখা হয়েছে ফর ইমপ্রুভমেন্ট অব এগ্রিকালচারের ষ্টেটিস্‌টিক আনডার ফোর্থ প্ল্যান, ৪৫,০০০ টাকা রাখা হয়েছে এই সম্পর্কে অবশ্য ভালভাবে আমি জানিনা। তবে এই ষ্টেটিস্‌টিক দ্বারা ত্রিপুরায় কি পরিমাণ জমি আছে সেটা জানা আমাদের দরকার। আমরা ব্লকে যেয়ে দেখেছি যে যখন জিজ্ঞাসা করা হয় কি পরিমাণ আমাদের জমি সেই ব্লকে আছে তখন তারা সার্ভে সেটেলমেন্টের রিপোর্ট দেখে বলে দেয় এত পরিমাণ জমি আছে। কিন্তু একচুয়েলী আমাদের জানা দরকার কি পরিমাণ নাল জমি আছে, কি পরিমাণ টিলা আছে, কি পরিমাণ সমতল টিলা, কি পরিমাণ ছড়া, কি পরিমাণ লুংগা আছে সেই সম্পর্কে সার্ভে হওয়া দরকার এবং বিশেষ আইডিয়া থাকা দরকার। তাছাড়া আমাদের উৎপাদন বাড়ছে না কমছে তারজন্য একুরেট ষ্টেটিস্‌টিকস্‌ থাকা দরকার এবং এইজন্য যে টাকা রাখা হয়েছে সেটা আমি সমর্থন করছি। এখানে দেখা যায় যে কেশুনাট ডেভলাপমেন্ট স্কীমে ২০ হাজার টাকা রাখা হয়েছে। কিন্তু আমার ভয় হচ্ছে এই কেস্যুনাটের ভবিষ্যত চিন্তা করে। কারণ ১৯৫২ সালের অক্টোবর মাসে যখন পাসপোর্ট হয়, তখন আনারসের দাম অসম্ভব কমে যায়, তখন কৃষক আনারস এবানডন করে সেখানে মেস্তা কিংবা পাটের চাষ করতে থাকে। কারণ সেখানে এক পয়সা দেড় পয়সা একটা আনারসের দাম ছিল। আজকে কেস্যুনাট এর অবস্থাও তাই দাড়িয়েছে। প্রথমে এই কেস্যুনাট ১·৫০।১·৩০ পয়সা কে, জি বিক্রি হত. বর্ত্তমানে ৫০ পয়সা সেটা ক্রয় করা হচ্ছে। কেস্যুনাট প্র্যাকিং করতে ৫০ পয়সা খরচ পড়ে যায়। প্রসেসিং এর ব্যবস্থা যদি ত্রিপুরায় না করা হয় তাহলে এই ক্যাস্যুনাট জংগলে পরিণত হবে। অতএব যে টাকাটা রাখা হয়েছে সেই টাকাটা মাঠে মারা যাবে। তাই আমি অনুরোধ রাখছি কৃষি মন্ত্রী এবং তার সাথে সাথে আমাদের শিল্প মন্ত্রীর কাছে আমাদের অর্থমন্ত্রীর মাধ্যমে যে তারা যেন কেস্যুনাটের প্রসেসিং-এর কথা চিন্তা করেন। কারণ প্রসেসিং করতে চার পাচ বছর সময় লাগে। অতএব যেভাবে ফরেষ্ট ডিপার্টমেন্ট বা প্রাইভেট পার্টিগুলি কেস্যুনাটের চাষ করছে, প্রসেসিংএর অবস্থায় এটা আসবে।

Mr. Speaker :—Hon'ble Member, I would draw your attention that you have only 10 minutes at your disposal.

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত :—I think, I shall be able to finish by this time.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, কমিউনিটি ডেভলাপমেন্ট, ন্যাশান্যাল একসটেনশান সার্ভিস এণ্ড লোক্যাল ডেভলাপমেন্ট ওয়ার্ক, এই সম্বন্ধে আমি দুই চারটি কথা বলছি—সেটা হচ্ছে আমাদের

ত্রিপুরার ব্লক ডেভলাপমেন্ট অফিসগুলির চেহারা অত্যন্ত খারাপ। কারণ সেখানে আমরা যখন যাই তখন দেখি যে ৫০ পারসেন্ট কি ৭০ পারসেন্ট অব দি কো-অপারেটিভ ডিফাংকট করেছে। যদিও প্রত্যেক ব্লকে একজন কোঅপারেটিভ একসটেনশান অফিসার আছে, সেখানে আমরা দেখছি যে ব্লকে কি পরিমাণ জমি আছে এবং কি ধরণের জমি, তার ক্লাসিফিকেশান কি সেটা আমরা জানতে পারি না। আরও দেখছি যে আমাদের কোন ষ্টেটিষ্টিকস সেখানে নাই। কাজেই বাঁধ বা অন্যান্য ডেভলাপমেন্টের কাজ বিজ্ঞান সম্মতভাবে প্রসীড করছে না। সেখানে আমার অনুরোধ অর্থমন্ত্রীর কাছে যে, যদি আমরা ব্লক ডেভলাপমেন্ট অফিস রাখি তাহলে সেটা যেন আরও সক্রিয় হয় এবং তাদের কার্য্যধারা যেন বিজ্ঞান সম্মত হয় সেই দিকে নজর দেওয়া প্রয়োজন। শুধু তাই নয়, ব্লক ডেভলাপমেন্ট অফিসার প্রত্যেকে যাতে একজন টেকনিক্যাল ম্যান হয়, এ্যাট লিষ্ট সে যেন এগ্রী বি, এস, সি, হন সেই চেষ্টা থাকা উচিত। কারণ প্রত্যেকটি ব্লকে যদি এগ্রো বায়াস করতে হয়, উৎপাদন যদি বৃদ্ধি করতে হয় তাহলে একজন এগ্রী বি, এস, সি'র দায়িত্বে সেগুলি রাখা প্রয়োজন।

মাননীয় স্পীকার, স্যার, পাবলিসিটির মধ্যে যে টাকা রাখা হয়েছে, সেখানে আমার একটা বক্তব্য হচ্ছে এই যে, জাগরণে আমি দেখলাম আমাদের গ্রামে গ্রামে রুর‍্যাল ফোরাম থেকে রেডিও দেওয়া হয়েছে কিন্তু আমার এলাকার জন্য বহুবার বলা হয়েছে, বহু দরখাস্ত করা হয়েছে কিন্তু আজ পর্য্যন্ত কোন রেডিও সাপ্লাই করা হয় নাই। অতএব সেটার কার্য্যকারীতা সম্বন্ধে যেভাবে পত্র পত্রিকায় পেয়েছি, তা কাজে বা বাস্তবে রূপায়িত হয়েছে বলে আমি বিশ্বাস করি না, অতএব সেইদিকে বিশেষ নজর দেওয়া প্রয়োজন।

আরেকটা হচ্ছে রেভিন্যু ডিপার্টমেন্ট। সেখানে আমরা দেখছি যে রি-সেটেলমেন্ট অব ল্যাণ্ড টু এ্যাগ্রিকালচারাল লেবারার আদার দ্যান সিডুল কাষ্ট এ্যাণ্ড সিডুল ট্রাইবস। সেখানে ৬,২৩,০০০ টাকা রাখা হয়েছে। গত বছর যে টাকাটা রাখা হয়েছিল তার দিকে আমাদের নজর দেওয়া দরকার।

আরেকটা হচ্ছে ওয়াটার সাপ্লাই এণ্ড সেনিটেশান স্কীম ইন আগরতলা। সেখানে আড়াই লক্ষ টাকা রাখা হয়েছে। গত বছরও আড়াই লক্ষ টাকা রাখা হয়েছিল। আবার সাপ্লিমেন্টারী বাজেটে পাঁচ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। প্রশ্ন হচ্ছে এক্সেস্ এক্সপেনাডচার যেটা সাপ্লিমেন্টারী বাজেটে এনে রেগুলারাইজ করা হয় সেটা সম্বন্ধে বক্তব্য হচ্ছে যে ওরিজিন্যাল বাজেটে হচ্ছে আড়াই লক্ষ টাকা, আর পাঁচ লক্ষ টাকা সাপ্লিমেন্টারী বাজেটে। এই যে একটা বৈষম্য এটা ঠিক নয়। এটা কে গুড বাজেটিং বলে না এবং এষ্টিমেশান ব্যাপারে তাকে ব্যাড এষ্টিমেশান বলা হয়। অতএব আমার ভয় হচ্ছে যে এই যে আড়াই লক্ষ টাকা রাখা হয়েছে, সেটা আবার সাপ্লিমেন্টারী বাজেটে রেগুলারাইজ করতে হবে। কারণ ওয়াটার সাপ্লাই এবং সেনিটেশান স্কীম, ত্রিপুরার ড্রেনেজ স্কীম এ আরও বহু টাকা দরকার হবে। কাজেই ঠিকভাবে চিন্তা করে ভবিষ্যতের দিকে দৃষ্টি রেখে সেটা আমাদের করা প্রয়োজন।

আরেকটা হচ্ছে সিডুল ট্রাইবের ব্যাপারে যে টাকা রাখা হয়েছে সেটাকে আমি সমর্থন জানাচ্ছি। জানানোর পরে এই আবেদন রাখব ত্রিপুরার যে উপজাতি, যাদের নয় হাজার পরিবার এখনও রিহ্যাবিলিটেশান পায় নাই, তাদের রিহ্যাবিলিটেশান এবং সেটেলমেণ্ট ত্বরান্বিত করা দরকার। তার সাথে সাথে আমি অনুরোধ রাখব যে সেটেলমেণ্ট দেওয়ার সাথে সাথে একটা দিকে নজর রাখতে হবে, যে জায়গায় আমরা সেটেলমেণ্ট দেব, সেই জায়গায় ইকনমিক সেটেলমেণ্ট যেন হয়, আইন মাফিক সেটেলমেণ্ট যেন না হয় সেই দিকে দৃষ্টি রাখতে হবে। তা না হলে আবার তাদের আমরা আনসেটেল্‌ড্ করব।

এরপর আমি আমার বক্তব্য রাখছি লেবার এণ্ড এম্পলয়মেণ্ট ব্যাপারে। লেবার এণ্ড এম্পলয়মেণ্ট ব্যাপারে আলোচনা করতে যেয়ে আমি দুই চারটি কথা রাখছি। সেটা হচ্ছে আমাদের শ্রম দপ্তর আছে, শ্রম দপ্তর এর কাজ হচ্ছে শ্রমিকের কল্যাণ সাধন করা। কোন শ্রমিক কাজ করে যাতে তার ডিজারভিং সেলারি এবং বেতন পায়, যত রকম এমিনিটীজ ট্রেড ইউনিয়ন এ্যাক্টে আছে, সমস্ত রকম সাহায্য যাতে পায় এবং মালিক পক্ষ যাতে তাদের এই সমস্ত থেকে বন্‌চিত না করতে পারে সেটা দেখা। কিন্তু ত্রিপুরার দোকান কর্ম্মচারীদের জন্য আজ পর্য্যন্ত কোন আইন করা হয়নি। ওয়েষ্ট বেঙ্গলের ধাঁচে আইন করা হবে কিন্তু এক বছরের মধ্যে একটা ড্রাফট বিল পর্য্যন্ত করা হয়নি। তাদের যে ড্রাফট বিলের একটা খসড়া সেটা এখনও সেক্রেটারিয়েটের টেবিলেই পড়ে আছে, সেই ড্রাফট কপি বিল কবে এই হাউসে আসবে জানিনা, তবে আমি অনুরোধ করব শ্রম মন্ত্রী যেন এই বিষয়ে আরও সক্রিয় হন। কারণ এই যে দোকান কর্মচারী তারা না পায় অতিরিক্ত বেতন, না আছে তাদের চাকুরীর নিরাপত্তা। সুতরাং দোকান কর্ম্মচারী আইনটা যাতে অতি তাড়াতাড়ি চালু করা হয় সেটা দেখা দরকার। প্রদীপের নীচে অন্ধকার থাকাটা খুব ভাল কথা নয়। অরুন্ধতিনগরে যে ইনডাষ্ট্রিয়াল এষ্টেট আছে এবং সেখানে ওয়ার্কার্স আছে তাদের জন্য আজও মিনিমাম ওয়েজ অ্যাক্ট, পেমেণ্ট অব ওয়েজ অ্যাক্ট চালু করা হয় নি। তাই আমি অনুরোধ করব মাননীয় লেবার মিনিষ্টারকে যে অবিলম্বে সেটা যেন চালু করা হয়।

আর একটা হচ্ছে পঞ্চায়েত সেক্রেটারীদের ব্যাপার। পঞ্চায়েত সেক্রেটারী আমাদের ত্রিপুরার ছয় শত আছে। তারা গভর্ণমেণ্ট এম্পলয়ী। যদি তারা গ্রাম পঞ্চায়েতের অধীনে যায়, তাহলে তাদের চাকরীর প্রটেক্‌শন, চাকুরীর সিকিউরিটি আর স্যালারীর প্রটেক্‌শন দেবার প্রতিশ্রুতি যেন পঞ্চায়েত মন্ত্রী পঞ্চায়েত কর্ম্মচারীদের দেন। সেই আশা আমি রাখব যাতে পঞ্চায়েত সেক্রেটারীরা তাদের ভবিষ্যত সম্পর্কে নিশ্চিন্ত হতে পারেন। তার সাথে সাথে আমি আর একটি কথা রাখছি সেটা হচ্ছে আমাদের পি. ডব্লিউ. ডি. সম্বন্ধে। আমার একটা এলাকা সম্বন্ধে বলছি সেটা হল সদরের উত্তরে। সেখানে একটা রাস্তা আছে, আজকে ১০ বছর হয়েছে রাস্তায় এখনও পুল হয় নি। ব্রিজের জন্য টাকা মঞ্জুর হয়েছে এবং বাজেটে

দেখেছি টাকা অনেক ব্যয় হয়েছে কিন্তু পুল করার কাজটা হয় নি। সেই দিকে আমি অনুরোধ রাখব অবিলম্বে যেন সেই রাস্তাটাকে ব্ল্যাক টপিং করা হয়। তারপর আমি দৃষ্টি আকর্ষণ করব যে সিধাই থেকে ৪ ফার্লং রাস্তা পাকিস্তানের মধ্যে পড়ে গিয়েছে এবং সেটাকে সোলিং করেছে এবং মেটেলিং করেছে কিন্তু একটা ডাইভারসান রাস্তা করতে হবে। আমি অনুরোধ করব যাতে অনতিবিলম্বে একটা স্থায়ী রাস্তা সিমনাকে কানেক্শন করবার জন্য ব্ল্যাকটপিং করে করা হয় সেই জন্য আমি অনুরোধ জানাই। সময় নেই নইলে আমার বক্তব্য ছিল অনেক কো-অপারেটিভ সম্বন্ধে। কো-অপারেশন সম্বন্ধে শুধু বলব যে ইভ্যালুয়েশনের দিন এসেছে। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :— Shri Ershad Ali Choudhury. Only 15 minutes.

শ্রীএরসাদ আলী চৌধুরী :— অনারেবল স্পীকার, স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ১৯৬৮-৬৯ সালের যে বাজেট পেশ করেছেন আমাদের অনুমোদনের জন্য, এটা আমি সমর্থন করি এবং সঙ্গে সঙ্গে মাননীয় অর্থমন্ত্রীকে আমি আমার অভিনন্দন জ্ঞাপন করছি বাজেট সম্পর্কে আমাদের মাননীয় সদস্য প্রমোদ বাবু সবিশেষ বলেছেন। সুতরাং এই সম্বন্ধে আমার বিশেষ বলবার নেই। তবে আমি এই বাজেটকে অভিনন্দন জানিয়ে কয়েকটি কথা রাখছি। আমাদের বিরোধী পক্ষ বলেছেন এই বাজেট নাকি গতানুগতিক এবং আমলাতান্ত্রিক ও নৈরাশ্যজনক। তাদের এই বক্তব্য আমি সমর্থন করতে পারছি না। কারণ আমরা দেখতে পাচ্ছি আমাদের এই বাজেটে সোয়া বাইশ কোটি টাকার মত রাখা হয়েছে যেখানে গতবার ছিল উনিশ কোটি টাকা। কিন্তু এবার আমরা দেখছি তার চাইতে অনেক বেশী টাকা রাখা হয়েছে। তবে আমাদের দৃষ্টি রাখতে হবে যাতে টাকাটা যথাযথ ভাবে ব্যয় হয়, ইনফ্লেশন যাতে না হয়. সেটা যদি হয় তাহলে দ্রব্যমূল্য বেড়ে যাবে। সেজন্য খুব সতর্কতার সহিত আমাদের ব্যয় করতে হবে।

তারপর মাননীয় অর্থমন্ত্রী বলেছেন আমাদের ১১ কোটি টাকা ঘাটতি। এটার কি কারণ তা আমাদের প্রমোদ বাবু বলেছেন। তবু আমার দুয়েকটা কথা বলা দরকার, যেমন এক জায়গায় লিখা আছে "পাকিস্তানের সহিত দীর্ঘ আন্তর্জাতিক সীমারেখা এখন পর্যন্ত চিহ্নিত না হওয়ায় আমাদিগকে বাধ্য হইয়া একটি বিরাট সশস্ত্র পুলিশ বাহিনী রাখিতে হইতেছে। সীমান্ত চৌকিগুলি পাহাড়া দিবার জন্যই ইহার প্রয়োজন"। অন্যান্য জায়গায় যেমন আসাম, পশ্চিমবঙ্গের সঙ্গে পাকিস্তানের সীমানা চিহ্নিত হয়ে গেছে। আমার বক্তব্য হচ্ছে আমাদের ত্রিপুরা সরকারও পাকিস্তানের সঙ্গে যোগাযোগ করে সীমানা চিহ্নিত করণের কাজটা সেরে ফেললেই ভাল হত। কারণ এটা একটা গুরুত্বপূর্ণ রাজ্য এবং পাকিস্তান দ্বারা আমরা তিন দিকে পরিবেষ্টিত। সুতরাং এটার সীমানা নির্দ্ধারণ যাতে সত্বর হয় তার জন্য আমি ত্রিপুরা সরকারকে অনুরোধ করছি। কারণ দেখা যাচ্ছে সীমানা নির্দ্ধারণ না হওয়ার জন্য আমাদের পি, এ, সি, আসাম রাইফেলস্ ইত্যাদি নানা রকম পুলিশ বাহিনী আমাদের রাখতে হচ্ছে এবং তার জন্য আমাদের খরচ করতে হচ্ছে। আমার মনে হয় এই সমস্ত বাহিনী কিছু কমিয়ে ত্রিপুরাতে

মহারাজের আমলে যে একটা ত্রিপুরা রাইফেলস্ ছিল সেইরকম একটা রাইফেলস্ ত্রিপুরার আদিবাসী বা অন্যান্য যুবকদের নিয়ে যদি একটা বাহিনী করা হয় তাহলে আমরা বাইরে থেকে যেসব পুলিশ এনে তাদের জন্য খরচ করি সেটা আমাদের ত্রিপুরার লোকের জন্য খরচ করতে পারতাম। তাতে আমাদের বেকার সমস্যারও অনেকটা সমাধান হয়ে যাবে।

তারপর বলেছেন, "রাজ্যে সড়ক পরিবহন ব্যবস্থাও সম্পূর্ণ হয় নাই। এই কারণে ও অন্যান্য কারণে রাজ্যে সরকারী কর্ম্মচারীদের ভ্রমণ ভাতা বাবদ খরচ হয় বেশী।" এটা যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ না হওয়ার জন্যই হচ্ছে। কিন্তু আমি যতদূর জানি যোগাযোগ আগের তুলনায় অনেকটা ভাল হয়েছে। সুতরাং কেন যে সরকারী কর্মচারীদের ভ্রমণ ভাতা বাবদ এত টাকা খরচ হয় সেটা আমরা বুঝতে পারি না। এই বাবতে যাতে খরচ কম হয় সেজন্য আমি সরকারকে অনুরোধ করব ভ্রমণ হয়ত দরকার হতে পারে, কিন্তু কি কারণে ভ্রমণ হচ্ছে, ভ্রমণের দ্বারা কি কাজ হচ্ছে সেটা দেখা উচিত। ভ্রমণের দ্বারা কি কাজ হচ্ছে সেটা আমাদের দেখা উচিত এবং সেটা দেখে এই বাবতে অর্থ ব্যয় যাতে বেশী না হয় সেই জন্য আমি অনুরোধ রাখছি।

তারপর দেখা যাচ্ছে আমাদের বিধবা, অনাথ এবং পুরাতন শরণার্থীদের মধ্যে যারা অনাথা তাদের শিবির, অসমর্থদের পার্শ্ববর্তী রাজ্যে প্রেরণ করে শিক্ষার ব্যবস্থা, বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দ্বিপ্রাহরিক খাবার বিতরণ, বালোয়ারী পরি-চালনা ইত্যাদি খাতে বৎসরে দুই কোটি টাকা খরচ হচ্ছে, এর জন্য আমি অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। এখানে কৈলাশহর, উদয়পুর, ধর্ম্মনগর এর জন্য কিছু টাকা টি, বি, ক্লিনিকের জন্য ধরা হয়েছে, যদি এগুলি হয়ে যায় তাহলে আমাদের অনেক টাকা বাঁচবে। এটা যাতে নাকি অতি সত্বর হয় এই জন্য অনুরোধ রাখছি। আমাদের মেন্টাল হাসপাতাল এখানে নাই। তার জন্য আমাদের রাঁচিতে পাঠাতে হয়, তার জন্য অনেক টাকা খরচ হয়। আমাদের ত্রিপুরাতে যদি একটা মেন্টাল হসপিটাল হয় তাহলে অনেকগুলি টাকা খরচের হাত থেকে আমরা বাঁচতে পারি। আমি অর্থমন্ত্রীর মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি এদিকে আকৃষ্ট করছি এবং আশা করি আমাদের এখানে একটা সেন্টার করা হবে।

আমার এই বাজেট বক্তৃতায় আমি সবচেয়ে বেশী গুরুত্ব দেব কৃষির উপর। দেখা যাচ্ছে যে কৃষি খাতে গত বছরের তুলনায় এবার বেশী টাকা রাখা হয়েছে। কারণ সর্বভারতীয় ভিত্তিতে এটা করা হয়েছে এবং কৃষি খাতে বেশী টাকা মঞ্জুর হয়েছে। আমার বক্তব্য হচ্ছে, কৃষি বিভাগে ডিপুটি সুপারিন্টেণ্ডেণ্ট, ডিরেক্টার, ডিপুটি ডিরেক্টার, বহু কর্ম্মচারী আছেন। কিন্তু এই সমস্ত কর্ম্মচারী থাকা সত্বেও আমাদের কৃষির বিশেষ উন্নতি যে হয়েছে তা নয়। কারণ যে সমস্ত জলসেচের বা সারের ব্যবস্থা, বীজের ব্যবস্থা আমরা করছি, সেগুলি যথাযথভাবে ব্যয় হচ্ছে কিনা আমরা জানি না। ক্যাটল লোন যেটা আমরা দিচ্ছি সেটা নিয়ে তারা ক্যাটল কিনল, না জংগল কাটানর জন্য বা বাড়ী তৈরীর কাজে খরচ করল তা আমাদের পরীক্ষা নিরীক্ষা করে দেখা দরকার। কারণ অনেক ক্ষেত্রে দেখা গেছে যে কৃষি ঋণ নিয়ে অন্য কাজে ব্যয় করা হচ্ছে

এবং যারা প্রকৃত কৃষক তারা ঋণ পাচ্ছে না। আর যাদের ঋণের কোন প্রয়োজনই নাই তারাই ঋণ পাচ্ছে। তারা ২০০ টাকা হয়ত নিল, নিয়ে সঙ্গে সঙ্গে আরেকজন আদিবাসী কৃষকের কাছে লগ্নী করে দিল এই সূত্রে যে প্রতি শত টাকার বদলে তুমি আট মণ ধান আমাকে দেবে। সেই জন্যই আমি বলছি যে কৃষি ঋণ যে আমরা দিচ্ছি সেটা যাতে যথাযথ ব্যয় হয় সেটা তদন্ত করে দেখা দরকার। কারণ আমাদের ব্লক আছে, সেখান থেকে সার, বীজ, ক্যাটল লোন ইত্যাদি বিলি হয়, কাজেই সেই সমস্ত লোন ঠিক ঠিকভাবে ব্যয়িত হচ্ছে কিনা সেটা তদন্ত করে দেখা দরকার। আরেকটা বিষয়ে আমরা দেখছি যে কৃষি ঋণের জন্য একটা দরখাস্ত, সেটা প্রথমে গেল ব্লক অফিসে, সেখান থেকে ভি, এল ডব্লিউ ইত্যাদি করে তারপর ২০০ টাকা মঞ্জুর হল, মঞ্জুর হওয়ার তিন চার বছর পর ক্লীয়ারেন্স দেখাতে হয়। তারপর যেতে হয় রেজিষ্ট্রেশান অফিসে। রেজিষ্ট্রেশান অফিস ডীড দিচ্ছে না, তার জন্য তাকে কিছু অর্থ খরচ করতে হয়। এই ২০০ টাকা যদি তার নিতে হয় তার জন্য তাকে ২০ থেকে ২৫ টাকা খরচ করতে হয়। এই খরচটা যাতে না হয় এবং কো-অপারেটিভের মাধ্যমে যাতে আমরা কৃষি ঋণ দিতে পারি, এবং ঠিক ঠিকভাবে যাতে কৃষি ঋণ দিতে পারি সেই জন্য কৃষি বিভাগের মন্ত্রীর কাছে আমি অনুরোধ রাখছি। তারপর সেচের ব্যবস্থার কথা আমি বলছি। এবার ত্রিপুরার কৃষক বিস্তর পরিমাণ বোরো ধান করেছে, উঁচু জায়গায়ও ৬০।৭০ টাকায় বীজের ধান কিনে বোরো ধান করা হয়েছে কিন্তু শুধু জলের অভাবে, সেচের অভাবে আমাদের ভাল ফসল হয় নাই। কারণ দেখা যাচ্ছে যে এবার ভগবানের আশীর্বাদে চৈত্র মাসের আগে একটা বৃষ্টি হয় এই বৃষ্টির জন, ৫০ পারসেন্ট বোরো আমরা পাব, আর ৫০ পারসেন্ট নষ্ট হয়ে গেছে। কিন্তু এইগুলিতেও প্রচুর জলসেচের ব্যবস্থা করা দরকার। এই ত্রিপুরা বাংলা দেশেরই একটা অংশ। সুজলা, সুফলা, শস্য শ্যামলা দেশ, এখানে নদী, ছড়া বহু আছে। কিন্তু এই কৃষককে ঋণ দিয়ে, টাকা পয়সা দিয়ে আমরা এমন করেছি যে তারা নিজেরা কিছু করতে চেষ্টা করছে না। আমরা দেখেছি পূর্বে ছড়া, ছোট ছোট নদী, নালা ইত্যাদির মধ্যে বাঁধ দিয়ে তারা জলের ব্যবস্থা করেছে, এখন প্রকৃতির উপর নতুবা সরকারের উপর তাদের নির্ভর করতে হয়। ব্লক ডেভলাপ-মেন্ট থেকে তারা যাতে নদী, নালার মধ্যে বাঁধ দিয়ে জলসেচের ব্যবস্থা করতে পারে তার চেষ্টা করা উচিত। তারপর পোকা, মাকড় এ অনেক শস্য নষ্ট করে, সেইজন্য ঔষধের ব্যবস্থা চালু আছে কিন্তু আমি মনে করি এই সমস্ত ভার ব্লক ডেভলাপমেন্টের উপর না দিয়ে অন্য কোন সংস্থা করে, কৃষককে সার, বীজ, জলসেচ ইত্যাদির ব্যবস্থা করা, ঋণ দেওয়া ইত্যাদি কার্য সরকারী নিয়ন্ত্রণে দেওয়া উচিত। আমরা দেখছি যে পাম্পিং সেট আমরা দিয়েছি তারা হয়ত পাঁচ দ্রোণ জমি একজনের সঙ্গে চুক্তি করল যে কানি প্রতি একমণ করে ধান দিতে হবে তার বিনিময়ে সে তার জমিতে জলসেচের ব্যবস্থা করে দেবে এইভাবে কন্ট্রাক্ট করল। এই ব্যবস্থা যদি সরকার থেকে করা হয় এবং জলসেচের ব্যবস্থা; ঋণের ব্যবস্থা যদি আমরা সরকার থেকে সমস্ত কিছু করে দেই এবং কৃষকের সঙ্গে এইভাবে চুক্তি করি যে তোমরা প্রতি কানিতে দুই মণ আড়াই মণ ধান দেবে, তোমাদের আমরা সবকিছু করে দেব, সেটা আমার মনে হয়

সবচেয়ে ভাল হয় এবং কৃষিক্ষেত্রেও উন্নতি হতে পারে। আমি আশা করব কৃষিমন্ত্রী সেইদিকে দৃষ্টি দেবেন। তারপর ফিসারী সম্বন্ধে আমি বলব, আমাদের যে সমস্ত পুকুর লীজ দেওয়া হচ্ছে লীজ না দিয়ে যে সমস্ত লোন আমরা দিচ্ছি সেইগুলি ইন্‌কাইণ্ড যেমন মাছের পোণা ইত্যাদি দিয়ে দেই তাহলে একবছর পরে হয়ত মাছ বেচে এই টাকাটা আমরা তুলতে পারি। কারণ অনেক সময় দেখা যায় যে মাছের পোণা বাবদ টাকা নিয়ে অন্য খাতে খরচ করে ফেলে। তারপর দীঘি, পুকুর ইত্যাদি লীজ দিলে দেখা যায় যে এক কিস্তি খিলাপ হল, কো-অপারেশনকে এটা দিয়ে দিলাম বা অন্যের কাছে দিয়ে দিলাম তারপর কিছুদিন চলল। চলার পর বছরের পর বছর শেষ হয়ে গেল এক কিস্তি, দুই কিস্তি, করে শেষ মেয়াদের দিন শেষ হয়ে গেল, হওয়ার পর সরকার আর কিছুই পেলেন না সরকার এ টাকাটা আদায় করতে পারল না, সংশিত ইত্যাদি করল, টাকা খরচ হল, কিন্তু টাকা আদায় হল না। আমার কথা হচ্ছে যে এক কিস্তি খিলাপ হলে সঙ্গে সঙ্গে নোটীশ ইস্যু করে সেটা কেনসেল করে দিয়ে সেটা সঙ্গে সঙ্গে নিয়ে নিলে ভাল হয়, সেটা করলে হয়ত এই যে টাকাটা উসুল হচ্ছে না সেটার কিছু অংশ হয়ত বাঁচতে পারে।

তারপর মাছ ধরার জন্য জেলেদের সঙ্গে আমরা চুক্তি করে থাকি যে ছোট মাছ হলে তার অর্ধেক তাদের দিতে হবে অথবা প্রতিবার জাল ফেলার জন্য তাদের পাঁচ আনা করে দিতে হবে। এতে আমাদের খুব ক্ষতি হচ্ছে। এটা না করে যদি আমরা একটা টেণ্ডার কল করে দিয়ে দিই যে তোমরা এই রেটে নেবে তাহলে আমাদের অনেক টাকা আয় হয়। তাছাড়া গার্ডের বেতন দিই আমরা মাত্র ৬০ টাকা। ধনী সাগরে একটা ঘটনা ঘটেছে। সেখানে ২৫০ টাকা দামের একটা জাল দিয়ে কতগুলি মাছ ধরে ঢেকে রেখে দেওয়া হয়েছিল। মাছের ওজন হবে ১১০ কে, জি,। সঙ্গে সঙ্গে জাল এবং মাছ দুই-ই চুরি হয়ে গেল। এর কারণ কি? কারণ হয়ত গার্ডরাই এটা চুরি করেছে। কারণ তাদের বেতন মাত্র ৬০ টাকা। এই ৬০ টাকায় সে চলতে পারে না। সুতরাং আমার বক্তব্য হল যে গার্ডের বেতন বাড়িয়ে দেওয়া হোক যাতে নাকি তার চুরি করতে না হয়।

আর কৃষির দিক দিয়ে আমাদের স্বয়ং সম্পূর্ণ হতে হবে। কারণ কৃষির উপর আমাদের জাতি নির্ভর করছে। ত্রিপুরা আমাদের ঘাটতি এলাকা। আমাদের কৃষকরা যাতে নাকি তাদের উৎপাদিত শস্যের বেশী দাম পায় তার ব্যবস্থা করা দরকার। পাটের দর যাতে বেশী হয় তার ব্যবস্থা করতে হবে, না হলে পাট উৎপাদিত হবে না। আমরা দেখতে পাই যে পাকিস্তানের পাটের কোয়ালিটি ভাল হচ্ছে অথচ আমাদের ভাল হয় না। কেন হয় না এটার একটা সমীক্ষা করা দরকার এবং যাতে নাকি ভাল হয় তার ব্যবস্থাও করা দরকার। আমাদের ত্রিপুরা থেকে প্রতি বছর ৫০।৬০ হাজার মণ পাট রপ্তানী হচ্ছে। আমার মনে হয় এর উপর একটা কর বসালে আমাদের অনেক টাকা আয় হতে পারে। সেই দিক দিয়ে আমি অর্থ দপ্তরকে চিন্তা করার জন্য অনুরোধ করছি।

তারপর পশুপালন বিভাগের মধ্যে আমার বক্তব্য হল আমাদের এই দেশে খুব গো-মড়ক হচ্ছে, মোরগ বছর বছর মরে সাফ হয়ে যাচ্ছে। এইগুলি যাতে না মরে তার ব্যবস্থা করা দরকার। তারপর বাজেট ভাষণে দেখা যাচ্ছে আরও পশু চিকিৎসালয় স্থাপন করা হবে। এই জন্য আমি সরকারকে অভিনন্দন জানাচ্ছি। কারণ আমাদের যেসমস্ত ষ্টকম্যান সেন্টার এবং পশু হাসপাতাল আছে সেগুলির সংখ্যা কম এবং অধিকাংশ হাসপাতালগুলিতে এবং ডিসপেন্সারীতে ঔষধ থাকে না। মফঃস্বল এলাকাতেও ব্যাপকহারে হাঁস মুরগী মরছে। এইভাবে যাতে মুরগীর মৃত্যু না ঘটে সেজন্য ব্যবস্থা অবলম্বন করা দরকার।

তারপর ডেয়ারী থেকে আমরা গত বৎসর ৩০০০ লিটার দুধ পেয়েছি, এবার তা বেড়ে ৪,২০০ লিটার করা হয়েছে। এটা নাকি আরও বাড়ানো হবে। খুব ভাল কথা। দুধের কোয়ানটিটি আমরা বাড়িয়েছি সত্যি, কিন্তু কোয়ালিটি সম্বন্ধে নানারকম কথা শুনা যায়। অনেক ক্ষেত্রে দেখা যায় যে দুধে জল মেশানো হচ্ছে। আবার কখনও কখনও দুধে বেঙাচি পাওয়া যায়, আবার কখনও ভাত পাওয়া যায়। তাতে মনে হয় যে দুধে ভাতের ফেন মেশানো হয়। কাজেই এটা ভালভাবে পরীক্ষা নিরীক্ষা করে সরবরাহ করা উচিত। কারণ এটা শিশুর খাদ্য। খাদ্যে এমনিতেই চতুর্দিকে ভেজাল, তারপরে যদি দুধেও ভেজাল থাকে তাহলে এটা খুবই দুঃখজনক। ত্রিপুরা রাজ্যে দুধের একটা নাম ছিল। সেটা আজকে তিরোহিত হয়ে গেছে। যাতে নাকি ভাল দুধ পেতে পারি সেজন্য আমাদের এই বিভাগকে সচেতন হতে হবে।

তারপর শিক্ষা খাতে যথেষ্ট অর্থ বরাদ্দ করা হয়েছে। কিন্তু শিক্ষা ক্ষেত্রে যে স্টুডেন্টস আনরেস্ট আজ চতুর্দিকে চলছে তার কারণ কি এটা আমাদের চিন্তা করে দেখতে হবে। এর জন্য একটা সমীক্ষা করা উচিত। কারণ আজকে দেখা যাচ্ছে ছাত্ররা মাষ্টার মহাশয়কে মানছে না, পুত্র পিতাকে মানছে না। এই সম্বন্ধে যদি আমাদের সরকার সচেষ্ট না হন তাহলে পড়াশুনার ব্যাপারটা হয়ত একদিন ভয়াবহ আকার ধারণ করবে। সেইজন্য যাতে শিক্ষাটা সুন্দরভাবে হয় এবং প্রকৃত শিক্ষা যাতে আমাদের দেশে হয় সেজন্য সচেষ্ট হতে হবে। কারণ অনেক সময় দেখা যায় যে স্কুল হয়ত বাড়ছে কিন্তু মাষ্টার কম। আবার আর এক জায়গায় দেখা যায় ছাত্র অনেক আছে কিন্তু স্কুল ঘর নাই। এটা যাতে না হয় সেইদিকে দৃষ্টি রাখতে হবে। এইভাবে একটা এডুকেশান সার্ভে করা দরকার। হয়ত কোথায় আবার দেখা যায় এক গ্রামে দুইটা স্কুল, আর কোন কোন গ্রামে একটা স্কুলও নেই। বাগমাতে (উদয়পুরের কাছে) এই রকম দুইটা স্কুল ছিল। আমরা এবার এই দুইটা স্কুলকে একটা করে নিয়েছি যাতে সরকারের খরচ কম হয়। এইরকম অন্যান্য জায়গাতেও আছে। হয়ত এক জায়গাতে দুইটা বা তিনটা স্কুল আছে আবার কোন জায়গাতে একটাও নেই। এইগুলি একটা সার্ভে করে দেখার জন্য শিক্ষা বিভাগকে অনুরোধ করছি।

তারপর আসছে বন বিভাগের কথা। এবার শুনা যায় যে বহু বন পুড়িয়ে ফেলা হয়েছে। তার কারণ কি এটা দেখা দরকার। নেচারাল ফরেস্ট যেগুলি ছিল মহারাজের আমলে সেগুলি কেটে এখন আবার নূতন করে বন করা হচ্ছে। আমি মনে করি যে এই সমস্ত নেচারাল ফরেস্টগুলি রাখাই ভাল। ফরেস্ট ডিপার্টমেন্ট প্লেনটেশনের জন্য হাজার হাজার টাকা খরচ করছে। কিন্তু দেখা যায় যে এইগুলি নস্ট হয়ে যাচ্ছে। যেখানে আগাছা রয়ে গেছে সেই সমস্ত আগাছা পুড়িয়ে সেই জায়গায় যদি প্লেনটেশান করা হয় তাহলে আর নেচারাল ফরেস্টগুলিকে নস্ট না করলেও চলে।

শিল্প বিভাগ সম্পর্কে আমার বক্তব্য হল আমাদের উদয়পুরের যে ইণ্ডাস্ট্রিয়াল এষ্টেট আছে তাতে দেখা যাচ্ছে যে লক্ষ লক্ষ টাকার যন্ত্রপাতি এনে রাখা হয়েছে, কিন্তু সেগুলি কোন কাজে লাগানো হচ্ছে না। যেমন উড সিজার্স একটা মেশিন, সেটা এমনিতে পড়ে রয়েছে এটার মূল্য হবে ৩।৪ লক্ষ টাকা। এইভাবে লক্ষ লক্ষ টাকা শুধু শুধু যাতে নস্ট না হয় সেই দিকে দৃষ্টি রাখা উচিত। যে উদ্দেশ্যে যন্ত্রপাতিগুলি আনা হয় সেই উদ্দেশ্যে যেন এইগুলি ব্যবহার দরা হয়।

পূর্ত্ত বিভাগের কথা বলতে গিয়ে দেখা যায় যে আমাদের রাস্তা অনেক হয়েছে। কিন্তু ঐ রাস্তাগুলি উপযুক্ত মেরামত হচ্ছে না, মেন্টেনেন্স হচ্ছে না। আমরা অনেক সময় দেখেছি যে গতবারের ইলেকশনের সময়ে অনেক রাস্তা মেন্টেনেন্সের জন্য দেওয়া হয়েছে এবং কনস্ট্রাকশনের জন্য দেওযা হয়েছে। কিন্তু সেগুলি এখন পর্য্যন্ত পড়ে রয়েছে। আমি মনে করি যে সমস্ত কনট্রাকটররা এগ্রিমেন্ট ফুলফিল করছেন না তাদের আরনেষ্ট মানি বাজেয়াপ্ত করা হোক এবং আবার টেণ্ডার কল করে যাতে কাজগুলি ত্বরান্বিত হয় সেই জন্য আমি পূর্ত্ত-বিভাগের মন্ত্রীকে অনুরোধ করব।

তারপর হয়ত রাস্তা হয়েছে কিন্তু ব্রীজের অভাবে অনেক সময় আমরা যাতায়াত করতে পারছি না। সুতরাং আমার অনুরোধ যেখানে রাস্তাগুলি কমপ্লিট হয়েছে সেখানে ব্রীজগুলি যাতে নাকি হয় সেজন্য তারা যেন চেষ্টা করেন।

সমবায় সম্বন্ধে আমার বক্তব্য হল যে অনেক সমবায় সমিতি আমরা করেছিলাম কিন্তু অনেকগুলি আজকে অচল অবস্থায় পড়ে রয়েছে। হয়ত কিছু ঋণ দিয়েছে কিন্তু ঋণ আর আদায় হচ্ছে না। কেন এই ঋণগুলি আদায় হচ্ছে না এবং কেন কো-অপারেটিভগুলি নস্ট হয়ে যাচ্ছে সেটা কো-অপারেটিভ ডিপার্টমেন্টের দেখা উচিত এবং সেইরকম ব্যবস্থা গ্রহণ করা উচিত যাতে নাকি কো-অপারেটিভগুলি আরও সক্রিয় হয়ে তাদের মাধ্যমে দুঃস্থ কৃষকদের অল্প সুদে ঋণ দিতে পারে। সেইজন্য আমি সমবায় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর পঞ্চায়েতের অনেক বছর হয়ে গেছে তারা কোন ক্ষমতা পায়নি। আমি শুনেছি যে আগামী এপ্রিল মাসে নাকি তাদের হাতে ক্ষমতা দেওয়া হবে। এতে হয়ত কয়েকটা পঞ্চায়েৎ বেনিফিট পেতে পারে।. কারণ এর মধ্যে হয়ত অনেক পঞ্চায়েতের

টার্মস শেষ হয়ে গেছে। আবার তাদের ইলেকশন করতে হবে। পঞ্চায়েতের উপর যদি ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হয় তাহলে অনেক উপকার আমাদের হবে।

Mr. Speaker :— Hon'ble Member have you finished ? If not you will have the floor after recess.

(RECESS)

Mr. Speaker :—Now I call on Hon'ble member Shri Ershad Ali Chowdhury.

Shri Ershad Ali Choudhury :—মাননীয় স্পীকার স্যার আমি বেশী সময় নেব না কারণ আজকেই বাজেট discussion এর শেষ দিন, অনেক member রয়ে গেছেন উনাদের ও বক্তব্য পেশ করতে হবে। ঐ দিকে মন্ত্রী মহোদয়গণেরও reply দিতে বেশ সময়ের দরকার হবে। আমার বক্তব্য হচ্ছে আজকে আমাদের খাদ্যের সমস্যার সমাধান করতেই হবে। ত্রিপুরার খাদ্যের সমাধান করতে হলে, প্রথমতঃ আমাদের অমরপুরের হাইড্রোইলেকট্রিক পরিকল্পনা অতি সত্বর রূপায়িত করতে হবে। তাছাড়া সোনামুড়া, মেলাঘর প্রভৃতি অঞ্চলে অনেক জলা আছে যথা সুখসাগর জলা, রুধী জলা, হীরাপুর, মহারাণী প্রভৃতি জলাগুলিকে যদি অমরা সেচ কার্য্যে ব্যবহৃত করে জমিতে জল সেচের ব্যবস্থা করতে পারি তা হলে আমাদের খাদ্য সমস্যা সমাধানের পথ অনেক সুগম হবে।

তদুপরি আমাদের সুখসাগর জলা (সেটা ৪৫০০ একর) সেখানে একটা স্লুইস গেট থাকায় গত বার আমরা আউস ফসল পেয়েছি, যেখানে আগে পেতাম না। এবং খাদ্যে আমরা অনেকটা অগ্রসর হয়েছি। এই রকম আরও অনেক বড় বড় জলা আমাদের ত্রিপুরাতে আছে। সেই গুলিতেও যদি আমরা এইরূপ স্লুইস্ গেট করি তবে খাদ্যে আমরা আরো বেশী স্বয়ং সম্পূর্ণতা অর্জ্জন করতে পারব। এইজন্য আমি এই দপ্তরের সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি। কৃষি বিভাগের থেকে শহরে প্রদর্শনী দেখানো হয়—সেখানে সবরকম কিছু দেখানো হয়। আমাদের মফঃস্বলের সহরগুলিতেও যে সব প্রদর্শনী হয় যেমন ধর্ম্মনগর, কৈলাসহর, উদয়পুর, বিলোনীয়াতে দেখানো হয় তা অত্যন্ত নৈরাশ্যজনক। সেইজন্য আমি কর্তৃপক্ষকে অনুরোধ করছি শহরে যে রকম প্রদর্শনী হয় মফঃস্বল শহরগুলিতে যেন সে রকম প্রদর্শনী দেখাইয়া কৃষকদিগকে উৎসাহিত ও শিক্ষা দেওয়া হয়। তারপর দেখা যায় যে আমাদের ফরেষ্ট বিভাগে রিজার্ভ ফরেষ্ট অনেক বেশী। এই রিজার্ভ ফরেষ্টের ভিতরে অনেক লুংগা জমি আছে সেগুলি যাতে বন্দোবস্ত দেওয়া হয়।

Medical Department সম্পর্কে প্রমোদ বাবু যে Advisory Committee গঠন করার প্রস্তাব করেছেন সেটা আমি সমর্থন করি। কারণ দেখা যায় যে অনেক সময় রোগীদের খাদ্য সরবরাহ করার জন্য যে কনট্রাক্ট দেওয়া হয় সেখানে হয়ত কলা ১ পয়সা একটা, দুধের সের আট আনা, মাছের কেজি দুই টাকা। আইনের বিধান Lowest tenderer

কে tender দেওয়া হয়। ফলে হয় কি দুধের মধ্যে জল মিশায় ফল ফসলাদিও দেওয়া হয় না। এইভাবে রোগীদের খাদ্য নিয়ে ছিনিমিনি খেলা চলছে সেটা যাতে আর না হয় আমি উক্ত Department এর সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি।

তারপর জেলখানা সম্বন্ধে বলছি, জেলখানাতে আগে Prison Advisory Committee ছিল। এখন অনেক জায়গায় দেখা যাচ্ছে সেটা আর নেই। এ বিষয়ে আমি জেল মন্ত্রীকে অনুরোধ করব যাতে Medical Deptt. এর মত Lowest Tendererকে order দিয়ে খাদ্যে যে রকম ছিনিমিনি খেলা হয় সেটার পুনরাবৃত্তি যেন না হয়। কারণ Lowest Tenderer অনেক সময় খাদ্যের মূল্য বৃদ্ধির জন্য ঠিক ঠিক মত খাদ্য সরবরাহ করতে পারে না। কাজেই আমি মাননীয় কারামন্ত্রীকে অনুরোধ করব যাতে Prison Advisory Committee করা হয়। তারপর Revenue সম্পর্কে আমাদের মাননীয় সদস্য শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত মহাশয় যে কথা বলেছেন যে হয়তো ৪।৫ বৎসরের Revenue এক সঙ্গে দিতে হয়, মাননীয় সরকার বাহাদুর এগুলি মকুব করার চেষ্টা করছেন কিনা জানি না। সেটা আমি মনে করি Revenue Timely নিলে ভাল হয়। এবং কৃষকদের নিকট হতে Season wise নিলে ভাল হয়। যেমন পাটের সময় পাট, ধানের সময় ধান, সরিষার সময় সরিষা ইত্যাদি টাকার পরিবর্তে নিলে কৃষকদের পক্ষে ভাল হয়।

তারপর Industryতে তাঁতীদের যে লোন দেওয়া হচ্ছে—দেখা যাচ্ছে পাকিস্থান থেকে ভাল ভাল তাঁতীরা আমাদের এখানে এসেছে, কিন্তু টাকার অভাবে তারা তাঁত শিল্প গড়ে তুলতে পারছে না। সেজন্য এই সব তাঁতীদের যাতে লোন দেওয়া হয় এবং তাঁত শিল্পের quality যাতে ভাল হয় সেদিকে সংশ্লিষ্ট দপ্তরে দৃষ্টি রাখা প্রয়োজন।

তারপর Tribal Welfare Schemeএ যে সকল ঋণ দেওয়া হচ্ছে Tribalদের সে সমস্ত ঋণের টাকা ঠিক ঠিক মত দেওয়া হচ্ছে না। দেখা যাচ্ছে যে Tribalদের সম্পত্তি Non-Tribalদের কাছে Registry হয়ে যাচ্ছে। এটা যে কিভাবে Without Permissionএ হচ্ছে তা আমি বুঝতে পারছি না। তারপর Refugeeদের যে সমস্ত জায়গা আমরা দিচ্ছি তাতে লেখা আছে ১০ বৎসরের পূর্ব্বে হস্তান্তর করতে পারবে না। কিন্তু সে সমস্তও হস্তান্তর হয়ে যাচ্ছে ১০ বৎসরের পূর্ব্বেই। একজনকে হয়তো ৫ কানি জায়গা দেওয়া হয়েছে সে সমস্ত জমি বিক্রি করে দিয়ে আবার Refugee হয়ে যাচ্ছে। Tribalদের বেলাও দেখা যাচ্ছে যে হয়তো ৫ কানি জায়গা ও ৫০০৲ টাকা লোন দেওয়া হলো। তারপর তারা সেই জমি বিক্রি করে আবার অন্য জায়গায় গিয়ে জুমিয়া হচ্ছে। এটার একটা সমীক্ষা হওয়া দরকার যাতে জুমিয়া এবং রিফিউজি পুনর্ব্বাসন সুষ্ঠুভাবে হয়। যে লক্ষ লক্ষ টাকা এ বাবতে দেওয়া হচ্ছে তা ঠিকমত utilise হচ্ছে কিনা দেখা দরকার।

গত May মাসে শিক্ষক নিযুক্তির জন্য interview নেওয়া হয়েছে। তার মধ্যে Tribal এবং Schedule Caste নেওয়া হয়েছে। তাদের সংখ্যা ১০০ জন হবে কিনা সন্দেহ।

আবার May মাস আসতে চলল। আর কাউকে নিযুক্ত করা হয়নি। এভাবে বেকারের সংখ্যা বেড়েই চলছে। কাজেই আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি, যারা interview দিয়েছেন তাদের যেন অতি সত্বর নিযুক্ত করা হয়।

তারপর আমাদের একটা দাবী ছিল যে ধর্ম্মনগর থেকে সাব্রুম পর্য্যন্ত রেল লাইন করা হউক। এই রেল লাইন হলে আমাদের এখানে অন্ততঃ ২০০ রেল ষ্টেশান হত। প্রত্যেক ষ্টেশানে ১০ জন করে কর্ম্মচারী আমাদের state থেকে নিযুক্ত করলে ২০০০ কর্ম্মচারী আমরা নিযুক্ত করতে পারি। সেজন্য আমি পরিবহন বিভাগীয় মন্ত্রীকে অনুরোধ করছি যাতে অন্ততঃ Railway লাইন ত্রিপুরাতে করা হয়। তাতে বেকার সমস্যার সমাধানও হবে।

তারপর Registration সম্পর্কে আমার বক্তব্য হলো Non-Judicial Stamp, Semi পাওয়া যাচ্ছে না। Court fee দেওয়ার জন্য পর্য্যন্ত Stamp পাওয়া যাচ্ছে না। কাজেই সাদা কাগজে কাওলা করতে হয়। আমি মাননীয় অধ্যক্ষ মহোদযের মাধ্যমে অনুরোধ কবছি সংশ্লিষ্ট Deptt. যাতে Non-Judicial Stamp, Semi ও Court fee দেওয়ার জন্য Stamp পর্য্যাপ্ত পরিমাণে Supply করেন। আসামে Judicial Stamp পর্য্যাপ্ত পরিমাণে পাওয়া যায়, আসাম থেকে আমরা quota পাই, তথাপি আমাদের এখানে Judicial Stamp উপযুক্ত পরিমাণে পাওয়া যায় না কেন? সুতরাং Judicial Stamp পাওয়ার ব্যবস্থা যাতে ত্বরান্বিত করা হয় তজ্জন্য ব্যবস্থা করতে অনুরোধ করি। আমাদেব এখানে S. D. O বা Executive এবং Judicial দুইটি function করে থাকেন, সেইজন্য S.D.O.দের Executive function নিয়ে মফস্বলে যেতে হয়, তাতে, Courtএ Case গুলো ত্বরান্বিত হওয়ার ব্যাপারে ব্যাঘাত সৃষ্টি হয়। সুতরাং যাতে Courtএ বিচার কার্য্য সমূহ তাড়াতাড়ি করা যায় সেজন্য Trying Magistrateএর সংখ্যা বাড়ানো দরকার এবং এ ব্যাপারে আমি অনুরোধ রাখছি Judicial Deptt. এবং Minister এর কাছে।

Motor Vehiclesএর ব্যাপারে যে সমস্ত Condemned Vehicles আছে, সেগুলো বাদ দিয়ে নূতন নূতন ambassadors ও other motor vehicles and Jeepsএর সংখ্যা বাড়ানো উচিত। অনেক সময় দেখা যায় যে বড় বড় মটর দুর্ঘটনা হইতেছে। যেমন গত ১৮ তারিখে আমাদেব বাগমাতে একটা বড় দুর্ঘটনা ঘটে। ১৬ জন যাত্রী নিয়ে একটা জিপ আসতে ছিল। বাগমার নিকটে একটা ট্রাকের সঙ্গে ধাক্কা লেগে উল্টে যায়। এর ফলে তিন জন মারা যায়। সুতরাং যাতে মটর দুর্ঘটনা না ঘটে সেই দিকে যেন নজর দেওয়া হয় তারজন্য আমি অনুরোধ করছি। অনেক সময় রাস্তায় পুলিশ থাকা সত্বেও গাড়ীগুলিতে ওভারলোড্ নেওয়া হয়। পুলিশ ওভারলোড ধরেনা। আমি এমনও শুনেছি যে ড্রাইভারদের সঙ্গে পুলিশের একটা মাসিক বন্দোবস্ত আছে এসব ওভারলোডের ব্যাপারে। মানুষের জীবন নিয়ে এই ছিনিমিনি খেলা বন্ধ করার জন্য আমি কার্য্যকরী ব্যবস্থা করবার জন্য অনুরোধ করছি। এখন নগর উন্নয়ন সম্পর্কে আমার একটা কথা আছে। আগে প্রত্যেক সাব-ডিভিসনে একটা টাউন

ডেভেলপমেণ্ট কমিটি ছিল। কিন্তু আজকাল তা নাই। সুতরাং আমি অনুরোধ করি যাতে প্রত্যেক শহরে একটা Town Dev. Committee করা হয় এবং তার মাধ্যমে যাতে টাউনের উন্নয়ন করা হয়। আমাদের Survey settlement Deptt. এ বাহির থেকে অনেক কর্মচারী আনা হয়েছে। তারা জানেন যে তাদের চলে যেতে হবে। এদের কাজে অনেক ভুল ত্রুটী হয়ে গেছে এবং litigation এর সংখ্যাও বেড়ে গেছে।

Survey settlement Act এর ৯৫ ধারা মতে হাজার হাজার Petition পড়ে গেছে। এই সমস্ত দরখাস্তগুলি যেন তাড়াতাড়ি বিচার বিবেচনা করা হয়। হাজার হাজার একর জোতের জমি খাস land হিসাবে রেকর্ড করা হয়েছে এতে সরকারের ক্ষতি হইতেছে কারণ খাজনা পাইতেছে না এবং লেভি পাইতেছে না। কাজেই সত্বর এইসব ভুলত্রুটী পরিশোধন করে এসব খাসের জমির মালিককে বন্দোবস্ত দেওয়া উচিত। তারপর Excise থেকে মদের মহাল ইজারা দিতেছে। সহরের উপর নুতন নুতন মদের মহাল ইজারা দেওয়া হইতেছে। একে ত মানুষের বিচার বিবেচনা কমে গেছে তারপর এসব নুতন নুতন মদের মহালের ফলে শহরের উপর তাণ্ডবলীলা বেড়ে গেছে। সুতরাং এর ফলে শহরবাসীদের শান্তিপূর্ণ জীবনে বিশৃঙ্খলা সৃষ্টি হইতেছে। সুতরাং এইসব নতুন মদের মহাল শহর থেকে বাহিরে ইজারা দেওয়া উচিত। মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন এবং বাজেটে যেসব Suggestion রেখেছেন সেগুলি আমি সমর্থন করি। এ বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : - Now I call on Hon'ble member, Shri Upendra Kumar Roy.

Shri U. K. Roy :—Mr. Speaker, Sir, মাননীয় অর্থমন্ত্রী আজ ১৯৬৮-৬৯ সালের আয় ব্যয়ের হিসাব Houseএ উপস্থিত করেছেন তাতে আমি আমার অভিনন্দন জানাচ্ছি, এবং বাজেটকে আমার সমর্থন জানাচ্ছি। জানাতে গিয়ে প্রথমে যখন অর্থমন্ত্রীর বাজেট ভাষণের প্রথম ভাষাটী চোখে পড়ল তখন কিন্তু মনে সঙ্কোচ আসল। কথা হচ্ছে এই যে বাজেটে যেটা এখানে উপস্থিত করা হলো এটা approved by the President and recommended by the Administrator, এটা রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত এবং Administrator কর্তৃক স্বীকৃতি প্রাপ্ত, এটা রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত হয়ে এসেছে।

আমরা এটা নিয়ে খুব আলোচনা করব, তর্ক-বিতর্ক ভাষণ-বিভাষণ অনেক কিছু হবে, কিন্তু শেষ পর্য্যন্ত যে আকারে এটা উপস্থাপিত হয়েছে ঠিক সেই আকারেই এটা গৃহীত হবে, তা যদি না হয়, শেষ পর্য্যন্ত রাষ্ট্রপতির assent নিয়েই তার পরিসমাপ্তি ঘটবে এবং একটী পয়সাও এদিক বা ঐদিক করবার ক্ষমতা এই বিধান সভার নাই। এই বাজেট রচনার বিধান হলো এই ত্রিপুরা সরকার ত্রিপুরার বিভিন্ন সমস্যাটী, বিভিন্ন প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে একটা আনুমানিক আয় ব্যয়ের হিসাব নিজেরা ঠিক করেছিলেন। তারপর সেটা কেন্দ্রীয় সরকারের কাছে নেওয়া হল, নেওয়ার পরে কেন্দ্রীয় সরকার কাট-ছাঁট করে যতটুকু অনুমোদন করলেন সেটা এল, এটা আমাদের জানা কথা কিন্তু না করে ত উপায় নেই।

কারণ আমাদের ত্রিপুরায় সর্বসাকুল্যে যে আয় হয়, আমাদের প্রয়োজন যা তাতে আপনারা এখানে দেখেছেন, সেটা একটা ভগ্নাংশও হয় না। ভাগটি দিবেন কেন্দ্রীয় সরকার। কাজেই ত্রিপুরায় হয়ত অনেক বেশী চাহিদা থাকতে পারে কিন্তু কেন্দ্রীয় সরকারের অর্থের সঙ্গতি সীমাবদ্ধ। তাছাড়া শুধু ত্রিপুরার দিকেই দেখলে চলবে না, ভারত ইউনিয়নে যত গুলো রাজ্য আছে প্রত্যেকটা রাজ্যের দাবীর দিকে, প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে কেন্দ্রীয় সরকারের অর্থ সঙ্গতির দিকেও লক্ষ্য করে ত্রিপুরার জন্য ব্যয় বরাদ্দ কেন্দ্রীয় সরকারের করতে হবে, খুব সঙ্গত কথা, এর ভিতর আপনার করবার কিছু নেই, দুঃখ করবারও কিছু নেই। সুতরাং এটা নিয়ে বিভিন্ন আলোচনায় বেশ তাপের সৃষ্টি হয়েছে। এবার অবশ্য সেই তাপের মাত্রা অনেক কম। কারণ বিরোধী দল প্রায়ই অনুপস্থিত। সুতরাং এখানে বক্তৃতা দিয়ে এই ব্যয় বরাদ্দ একটু বাড়ানো হউক বা কমানো হউক এই সমস্ত বলা অর্থহীন। তাহলে এই যে বাজেট আলোচনা এখানে করা হচ্ছে, এটা কেন? এর কি কোন প্রয়োজনীয়তা নেই? আমি মনে করি কিছু প্রয়োজনীয়তা আছে। এই টাকাটা কি ঠিক এই আকারেই বাজেটে গৃহীত হবে। তাহলেও এই আলোচনায় কিছু সার্থকতা আছে। কি সে সার্থকতা? সেটা হল এই—যে আমরা এখানে অর্থমন্ত্রীর ভাষণ থেকে বা ত্রিপুরা সরকারের পক্ষ থেকে অন্যান্য মন্ত্রীদের যে মতামত প্রকাশিত হবে বা এই বাজেট আলোচনার পর অর্থমন্ত্রী যে উত্তর দিবেন তার মধ্য থেকে ত্রিপুরার বিভিন্ন সমস্যা ব প্রয়োজন কোন দৃষ্টীভঙ্গী থেকে দেখছেন এবং কি policy নিয়ে সেই সমস্যার সমাধান করতে অগ্রসর হচ্ছেন এটা আমরা বুঝতে পারি। তাছাড়া বিভিন্ন মাননীয় সদস্যরা আছেন তারাও তাদের ভাষণের মাধ্যমে তাদের সুচিন্তিত মতামত বা suggestion রেখে সরকারকে সাহায্য করতে পারেন। Suggestion আমরা রাখতে পারি। সরকার যতটুকু প্রয়োজন গ্রহণ করতে পারেন বা কিছুই গ্রহণ করতে না পারেন। এইটুকুই হলো বাজেট আলোচনার সার্থকতা। সুতরাং এইগুলি বলার জন্য হৃদয়ে খুব বল পাওয়া যায় না। এখানে অনেক সদস্য আগেও অনেক suggestion রেখেছেন। কোন ক্ষেত্রে বাড়াতে বলেছেন বা কোন ক্ষেত্রে কমাতে বলেছেন। এটা বলা অবশ্য খুবই স্বাভাবিক। যে সমস্ত পুর্ণাঙ্গ রাজ্য আছে সেই সমস্ত রাজ্যে বাজেট আলোচনা যেভাবে হয় সেইভাবেই বাজেট আলোচনা হওয়া দরকার। কিন্তু আমাদের বেলায় একটা মস্তবড় বাধা আছে। এই কথাটাই এখানে বলা আমার উদ্দেশ্য। এখানে আমার মাত্র ১৫ মিনিট সময় আছে। এই বিরাট বাজেট আলোচনা করতে গেলে ১৫ মিনিটে কিছুই বলা যাবে না। কাজেই ২/১টা point নিয়ে আমি সংক্ষেপে আলোচনা করছি। আমাদের ত্রিপুরা একটি অতি ক্ষুদ্র রাজ্য। যার আয়তন কিঞ্চিতধিক ৪ হাজার বর্গ মাইল। আবার প্রায় তিন দিক শত্রুভাবাপন্ন পাকিস্তান দ্বারা বেষ্টিত। আরেকটা দিকে শুধু একটা রাস্তা ভারতীয় ইউনিয়নের সঙ্গে যুক্ত। এটাকে সাধারণতঃ ত্রিপুরার life line বলা হয়। এটাই আমাদের চলার একমাত্র রাস্তা। এখন যে কোন মূহুর্ত্তে শত্রুতার কথা বাদ দিলেও বর্ষা দেবী যদি কৃপা করেন তবে ধ্বস নেমে এই রাস্তা বন্ধ হয়ে

যেতে পারে। এই অবস্থায় ত্রিপুরার হৃৎপিণ্ডের সামান্য স্পন্দনও বন্ধ হয়ে যায়। তার মধ্যেও সম্প্রতি একটি নূতন উপদ্রব দেখা যাচ্ছে। আমাদের ধারণা ছিল যে উত্তর দিকটার যেহেতু ভারত সেহেতু কোন আপদ বিপদ নেই। কিন্তু সেখানেও আবার নূতন উপদ্রব দেখা দিয়েছে। উপদ্রবটা ছিল আগেই কিন্তু তার characterটা বদলে গেছে। সেই মিজো যারা ভারতে একটি ক্ষুদ্র অংশে বাস করছে তারাও আজকে ভারত থেকে বিচ্ছিন্ন হয়ে স্বাধীন হওয়ায় প্রয়াসী হচ্ছে।

দেখতে গেলে প্রায় সমস্ত উত্তর পূর্ব ভারতে বিশেষ করে hill tribesদের মধ্যে একটা বিদ্রোহের ভাব দেখা দিয়েছে। নাগাল্যাণ্ড নেফার কথা বাদ দিলেও আসামের যে সমস্ত hill people তারা বিদ্রোহ করতে প্রয়াসী হয়েছে। কেউবা সম্পূর্ণ স্বাধীন রাষ্ট্র গঠন করার জন্য প্রয়াসী হচ্ছে কেউবা আবার ভারতীয় ইউনিয়নের অধীনে আসাম থেকে বিচ্ছিন্ন হয়ে একটা স্বাধীন সত্বা লাভ করার দাবী করছে। মিজোরাও এই রকমই দলের। সেই যে tribal people এর মধ্যে যে একটা unrest সেটার ঢেউ আমাদের এই ক্ষুদ্র ত্রিপুরার সরু পথটি দিয়ে আসছে। এখানে ঠিক স্বাধীন রাষ্ট্র গঠন করার কথা উঠে না। ৪ হাজার বর্গ মাইলের মত জায়গা। ১৫ লক্ষ হলো বাসিন্দা। তাই সেটা সম্ভবপর নয় বলেই অন্য একটা দাবী তারা করছে। তার একটা support ও আছে আমাদের সংবিধানের মধ্যে। সংবিধানের পঞ্চম schedule এর মধ্যে সেটা আছে। সেই অনুসারে ত্রিপুরাতে একটা tribal area আলাদাভাবে গঠন করার দাবী উঠছে। আমি সমস্ত tribal peopleদের কথা বলছিনা। শুধু একটা section এর কথা বলছি। সেই section এর পরিমাণ কত তা আমার পক্ষে বলা শক্ত। খুব ছোটও হতে পারে আবার বড়ও হতে পারে সেটা আমি বলতে পারি না। তবে সমস্ত tribal নয় সেটা বলতে পারি। আবার মিজোর এবং ত্রিপুরার সীমানা একই। সুতরাং মিজোদের দাবী ও আন্দোলনের ঢেউ বর্ডার পেরিয়ে ত্রিপুরাতেও এসেছে। মিজোরাই ত্রিপুরার ভিতরে ঢুকে গোলমাল করছে সেটা মাননীয় স্পীকার ও সদস্য সকলেরই জানা। এ বিষয়ে বহুবার আলোচনা এখানে হয়ে গিয়েছে। মিজোদের বিদ্রোহের দ্বারা প্রভাবান্বিত হয়ে ত্রিপুরাতেও সেই বিশেষ আদিবাসীদের মধ্যে গোলমালের একটা চেষ্টা চলছে। কিছু কিছু নাশকতামূলক কাজও তারা করেছে। কোন জায়গায় বাড়ী পুড়িয়েছে, কোন জায়গায় নরহত্যা করছে। এগুলি অবশ্য অনেকেরই জানা। এই যে একটা unrest among the section of the tribal people সেটা এক জায়গাতে সীমাবদ্ধ নেই। সেটা ছড়িয়ে পড়ছে ক্রমে ক্রমে ত্রিপুরার অভ্যন্তরে। বর্ত্তমানে ত্রিপুরাতে যত সমস্যা আছে আমার মনে হয় এটা সবচেয়ে গুরুত্বপূর্ণ। এবং যত তাড়াতাড়ি এটা সমাধান করা যায়, সমাধান নয়, আমার মনে হয় যত তাড়াতাড়ি এটা দমন করা যায়, সেই দিকে সরকারের দৃষ্টি দেওয়া একান্ত কর্ত্তব্য। সরকার কি করছেন জানি না। তবে নিরাপত্তার খাতিরে এই সমস্ত কথা ঠিক ঠিকভাবে অবশ্য বিধান সভায় বলা যায়না। তবে আমার ধারণা সরকার এই সম্বন্ধে অবহিত আছেন, এবং যথেষ্ট গুরুত্ব দিচ্ছেন। এই কথাটা এই হাউসে একটু আগে মাননীয় সদস্য শ্রী প্রমোদ দাশগুপ্ত বলেছেন। তবে আমার মনে হয় এর

গুরুত্ব অনেক বেশী। কারণ শুধু ত্রিপুরাতেই নয়, এর শিকড়টা অনেক দূরে চলে গেছে। এই যে মিজো troubleএর কথা শুনছি, আসামেও যা শুনছি, এর ভিতরে ভারতের নিকটবর্ত্তী রাষ্ট্র যা ভারতের প্রতি মোটেই মিত্রভাবাপন্ন নয়, প্রকাশ্যভাবে বলা যায় পাকিস্তান এবং চীন এদেরও অশুভ হস্ত পিছন থেকে কাজ করছে এই ইঙ্গিতও পাওয়া যায়। সুতরাং এটাকে একটা বিশেষ গুরুত্ব দিয়ে চিন্তা করা উচিত। এখানে বলা যেতে পারে এটা কিভাবে করা যেতে পারে? এই যে troubleটা ত্রিপুরার tribal peopleদের মধ্যে ছড়িয়ে পড়ছে তার অর্থ হল tribal people-দের কিছু হয়ত দুঃখ কষ্টে আছে সেটাকে টেনে এনে capital করে যারা অভিসন্ধিমূলক কাজ করতে অভ্যস্ত, রাজনৈতিক দলও হতে পারে বা অন্যও হতে পারে রাজনৈতিক বিশেষ করে যারা মাওপন্থী তারাতো করবেনই এবং সেই পদ্ধতিটাও দেখা যাচ্ছে। সুতরাং এটাকে একদিকে খুব শক্ত হাতে দমন করতে হবে। যাতে বাইরে থেকে কোন trouble না আসতে পারে। মিজোরা একবার ঢোকেছিল আর যেন ঢোকতে না পারে। Boarder security force খুব শক্ত করে গড়ে তোলার arrangement করতে হবে। Internal administration এর মধ্যেও এসব বেআইনী ও নাশকতামূলক কাজকর্ম্ম চলছে এইগুলিকে শক্ত হাতে, শক্তভাবে দমিয়ে দেওয়া দরকার যাতে এই বিরোধী শক্তি মাথা তুলে দাঁড়াতে না পারে। এইগুলি দমন করতে কি করতে হবে? আমার ধারণা সরকার সেই সম্বন্ধে সুষ্ঠ পন্থা অবলম্বন করবেন Tribal এর মধ্যে এই যে unrest আস্তে আস্তে দানা বাধছে যার ফলে ঘরের মেয়েরাও পর্য্যন্ত গিয়ে আমাদের মূল্যবান রাবার plantation ও অন্যান্য অনেক বনজ সম্পদ নষ্ট করে দিচ্ছে তার দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। একদিকে শক্ত হাতে দমন করতে হবে, অন্যদিকে বাস্তবিকই তাদের কোন অভাব অভিযোগ আছে কিনা তা দেখে দূর করতে হবে। অর্থাৎ consolation এর পথেও যেতে হবে। অভাব, অভিযোগ, দুঃখ কষ্ট কিছু ছিল নিশ্চয়ই যার জন্য তারা সহজেই ঐভাবে প্ররোচিত হচ্ছে। আমার যতটুকু মনে হয় সেটা বোধ হয় প্রাক স্বাধীনতা যুগে যখন মহারাজার আমল ছিল তখন তারা এরকমভাবে জীবন যাত্রায় অভ্যস্ত ছিল, তাদের shifting land cultivation অর্থাৎ জুম প্রথায় চাষ তাদের রীতি নীতি যেভাবে ছিল সেভাবেই আছে—তাই অনুসরণ করে চলছিল—এখন স্বাধীনতা লাভের পর ভারত সরকার যদিও সংবিধানে সমস্ত নাগরিকের সমান সুযোগ সুবিধার ব্যবস্থা করেছেন কিন্তু যারা অর্থনৈতিক বা অন্যান্য দিকে পশ্চাদপদ সেই সমস্ত section of people এর জন্য ও বিশেষ ব্যবস্থা রয়েছে এবং এখানেও তাই করা হয়েছে। Tribal peopleদের জন্য বিশেষ একটা ব্যবস্থা করা হয়েছে। General budget যা করা হয় তার উপরে একটা special budget, in addtion to the

general budget করা হয়েছে। আমি বলছি, এখন যা করা হয়েছে, আমি যতটুকু দেখলাম—এবারের বাজেটে যা ধরা হয়েছে তাতে কোন ত্রুটি আছে বলে আমি জানি না। একটা কথা হল tribalদের shifting cultivation অর্থাৎ জুম চাষ প্রথাটা আরেকটু আস্তে আস্তে বদলানো উচিৎ ছিল—হঠাৎ করে না করে যদি ক্রমশঃ করা হত তাহলে এই কাণ্ডটা হত না মনে হয়। তাছাড়া একদিকে forest departmentকে খুব ধন্যবাদ সহকারে অভিনন্দন জানাব যে একমাত্র forest--I have not finished my introduction even, then I may stop my speech, thank you.

Mr. Speaker :— Now I call on Hon'ble member Shri Benoy Bhusan Banerjee.

Shri Benoy Bhushan Banerjee :— মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ভারতের একপ্রান্তে বহু সমস্যা সম্বলিত ত্রিপুরায় ১৯৬৮-৬৯ সালের যে বাজেট এই সভায় পেশ করেছেন তার প্রতি আমি আমার সমর্থন জানিয়ে অনগ্রসর ত্রিপুরার সমস্যার পরিপ্রেক্ষিতে আমি আমার বাজেট বক্তৃতায় কয়েকটি কথা বলব। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন পাকিস্তানী সংখ্যা লঘুদের নিরাপত্তা হারিয়ে ত্রিপুরার জনসংখ্যার যে বৃদ্ধি হচ্ছে এবং ত্রিপুরার যে খাদ্য সমস্যা এবং তার ভৌগোলিক অবস্থান এই সবের দিকে লক্ষ্য রেখে আমাদের যে প্রয়োজন বোধ— ত্রিপুরার অগ্রগতির জন্য, ত্রিপুরাকে ধাপে ধাপে অগ্রসরের পথে এগিয়ে নেওয়ার জন্য আমাদের যে উপলব্ধি, সেই উপলব্ধিকে বাস্তবে পরিণত করার জন্য আমাদের সকলের একটা সমবেত চিন্তা থাকা প্রয়োজন। আমাদের সীমিত আয়। আমরা কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল। আমরা যতটুকু পাই— এই অর্থ যাতে উপযুক্ত ভাবে এবং সময়ের প্রতি লক্ষ্য রেখে আমরা যাতে ঠিক ঠিক ভাবে ব্যয় করতে পারি, ক্ষুদ্র সমবল হলেও ধীরে ধীরে যাতে অগ্রগতির দিকে এগিয়ে যেতে পারি তার প্রতি সজাগ দৃষ্টি রাখার প্রয়োজন আছে বলে আমি মনে করি,। বিভিন্ন কারণে আজ এই বাজেটে বিস্তৃত আলোচনা করা অল্প সময়ের মধ্যে সম্ভব নয়। তাই ক্ষুদ্র দু'একটি বিষয়ে আলোচনার মাধ্যমে আমি সব ক্ষেত্রেই একটু রেখাপাত করব—এবং একটি জিনিষই অনেক কিছুর দৃষ্টি আকর্ষণ করবে। এখানে আমি একটা জিনিষ দেখছি Construction of Recreation Hall-Cum-Auditorium campus Hall of Dharmanagar, 1966-67এ যে উদ্দেশ্য নিয়ে বাজেটে ব্যয় বরাদ্দ ধরা হল, যে সমস্ত অভিজ্ঞ কর্মচারী এই বাজেট বা plan তৈরী করলেন তাদের একটা মূল্যবান সময়, তাদের একটা চিন্তা নিশ্চয়ই ব্যয় হয়েছে। সেই বৎসর ১৯৬৭-৬৮ সনে সেইখানে ব্যয় বরাদ্দ ধরা হল চল্লিশ হাজার টাকা। সেই বৎসর কোন কাজ হল না। এই বৎসর ১৯৬৮-৬৯ সালে তার জন্য ব্যয় বরাদ্দ ধরা হয়েছে ১০ হাজার টাকা। আমি চিন্তা করি হারাধনের ১০টি ছেলের মত এই দশ হাজার টাকাও শেষ পর্য্যন্ত পাওয়া যাবে কিনা। আমার জিজ্ঞাসা এই ব্যাপারে যে সময়ও সামর্থ নষ্ট হয়েছে তার অপচয় হয়েছে কিনা। ত্রিপুরা একটি অন্যতম কৃষি প্রধান দেশ। তার অর্থনৈতিক বুনিয়াদ দৃঢ়ভাবে যদি প্রতিষ্ঠা করতে হয় তবে

তার ভিত্তি হবে কৃষি ও পরে শিল্প। এই কৃষির উপরে যদি লক্ষ্য রাখা হয় তাহলে এখানের অর্থ-নৈতিক বুনিয়াদ সুদৃঢ় হতে পারে। কৃষির উন্নতির জন্য জল সেচের প্রয়োজন। কৃষককে শুধু সার ব্যবহার করবার উপদেশ দিলে চলবে না, সঙ্গে সঙ্গে উপযুক্ত পরিমাণ জল দিবার ব্যবস্থা থাকা দরকার। আমাদের দেশের কৃষক যারা লিখা পড়ায় অনুন্নত তারা বৈজ্ঞানিক ভিত্তিতে সার ব্যবহার করতে জানে না। কাজেই খাদ্য সমস্যা জর্জ্জড়িত আমাদের এই দেশে যারা গরীব কৃষক তাদের দিকে বিশেষ লক্ষ্য রাখা দরকার।

Industry সম্বন্ধে আমি বলতে চাই গ্রামীন মানুষ যারা আছেন তাদের যদি আমরা কাজে লাগাতে না পারি তাহলে এইটা রাষ্ট্রের পক্ষে একটা বিরাট অপচয়। তাদের বাঁচার জন্য আমাদের কুটির শিল্প গড়ে তোলা দরকার। সময় কারো জন্য বসে থাকে না, সময়মত আমরা যদি কাজ না করি তাহলে তার পরিণতির জন্য আমাদের দুঃখ পেতে হবে। কুটির শিল্পের জন্য খাদীর প্রসার দরকার। গ্রামের মধ্যে খাদীর প্রসার মোটেই নাই, প্রতিবারই বাজেটে টাকা ধরা হয় কিন্তু বাস্তবে কোন কাজ হয় না। এই বিষয়ে মন্ত্রীমণ্ডলীর নিকট আমি অনুরোধ রাখব।

Education Deptt. এ আমি দেখেছি যে একটা স্কুল থেকে কতকগুলি ছাত্র পাশ করে আসে কিন্তু আরেকটি স্কুলে প্রবেশের পরীক্ষা নেওয়া হয়, কিন্তু দেখা গেল যে সেখানে ভাল নম্বর পেয়েছে অথচ এখানে পাশ করতে পারে নাই। তার স্থান হল না। তাহলে বুঝা যায় একটি স্কুলে পড়ার পর, পাশ করার পর একটা সমস্যা থেকে যায়। তাহলে শিক্ষার মান একভাবে অগ্রসর হচ্ছে না। আমি এখানে বলতে চাই ত্রিপুরার সমস্ত স্কুলের ছাত্ররা Class V ও Class VIII এর Final পরীক্ষা যখন দেয় তখন একই রকম প্রশ্নপত্র করা উচিৎ যাতে শিক্ষার একটা মান রক্ষিত হয় ও নানাহ অসুবিধার হাত থেকে রক্ষা পাওয়া যায়।

আমাদের গণতান্ত্রিক দেশে Co-operative একটি প্রধান সোপান বলে আমি মনে করি। এদিক থেকে আমরা দেখছি যে ত্রিপুরার কো-অপারেটিভগুলি রেশনসপ্ ও অন্যান্য ব্যবসা বাণিজ্যে বেশ পারদর্শিতা দেখাইয়াছে। কিন্তু আজ পর্য্যন্ত ত্রিপুরায় Agriculture Farming Co-operative কয়টি গঠন করা হয়েছে তা আমি জানি না। এই গরীব দেশে সুষম খাদ্য বন্টন করা উচিত এবং প্রোটিন জাতীয় খাদ্য গ্রহণ করা দরকার। আমাদের যারা ডিরেক্টারগণ আছেন তাদের সেই দিকে লক্ষ্য দিতে বলব। এই রকম Agri-farm যাতে গড়ে উঠতে পারে সেজন্য আমি মাননীয় মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করব।

ধর্ম্মনগরের কুর্ত্তী অঞ্চলে এমন অনেক জলাশয় আছে যেখানে বাঁধ দিয়ে আমরা প্রচুর ফসল ফলাতে পারতাম। গত বাজেট সেশনে ও আমি সে সম্বন্ধে বলেছি, এ বিষয়ে যাহাতে সরকার একটু মনযোগ সহকারে ভেবে দেখেন তার জন্য আবার অনুরোধ করব। আমরা টাকা বরাদ্দ করলাম কিন্তু তা যাতে ঠিক ঠিক ভাবে ব্যয় হয় সেদিকে লক্ষ্য রাখা দরকার। আমাদের এখানে অভিজ্ঞ ইঞ্জিনীয়ার নাই। এখানে আগরতলা হইতে ধর্ম্মনগর পর্য্যন্ত যে

রাস্তা ও ত্রিপুরার life line আমরা দেখছি তাও ঠিক মত maintain হয় না। আবার দেখছি যে অর্থ ফেরৎ যায়। তাই আমার মনে হয় মন্ত্রী পরিষদের শুভ ইচ্ছা থাকলেও, গণপরিষদের শুভ ইচ্ছা থাকলেও কোথায় যেন একটি গলদ রয়ে গেছে যার জন্য কাজ ঠিক ঠিক মত হচ্ছে না। তাই আমি অনুরোধ রাখব যে এত টাকা ব্যয় করে আমরা বাহির হইতে যে সব কর্মচারী আনি তাদের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন হল কি না তার দিকে কঠোর দৃষ্টি রাখতে হবে এবং এই life line যাহাতে সব সময় চলাচলের উপযোগী থাকে তার ব্যবস্থা করতে হবে।

রাজার আমলে আমরা দেখেছি কিছু সংখ্যক লোক ছিল যারা নাকি শুধু পরের বাড়ীতে নকরী করে সংসার চালাইতো, অথচ তারা কৃষক, কৃষি জানে, তারা অন্য কাজ করছে, কারণ তাদের ভূমি নেই, মাথা গোঁজবার জায়গা নেই। বিশেষ করে যারা scheduled নয় বা backward community বলেও ঘোষিত নয় এমন কতকগুলি লোকও আছে যারা কোনরকম সাহায্য পায় না। আমি দেখছি যে এক বৎসর যাবৎ landless কলোনীর জন্য চেষ্টা হচ্ছে ও কোন লোককে সাহায্য দেওয়া হচ্ছে না অথচ এই টাকা ফেরৎ যাবে কেন? তাহলে ত্রিপুরাকে যে রূপ দিতে চাই তা ব্যর্থ হয় কাদের জন্য? আমি অনুরোধ করব আমাদের কৃষক ভাইদের ও শিক্ষিত সমাজকে যাতে আরো উন্নত করা যায় যাতে সমৃদ্ধ এক সমাজ ত্রিপুরাতে গড়ে উঠে। এই landless colonyর কাজ যাহাতে ত্বরান্বিত হয় সেজন্য আমি অনুরোধ করব।

ধর্মনগরের যে বাজার আছে তাহা মহারাজার আমল হইতে চলিয়া আসিয়াছে এবং করিমগঞ্জ, ফেঞ্চুগঞ্জ ইত্যাদি বহু স্থানের সহিত এই বাজারের যোগাযোগ। কিন্তু বাজারটি বহু অবহেলিত। তার অবস্থা দেখলে দুঃখ হয়। ১৯৬২ সাল থেকে ধর্মনগরের জনসাধারণ এই বাজার সংস্কারের জন্য বহু দাবী জানাচ্ছে। ইজারা দেওয়া হয়ে গেলেই বাজারের সমস্ত কর্তৃত্ব যেন ইজারাদারদের হাতে চলে যায়। রাস্তাগুলি বেশ প্রশস্ত ছিল কিন্তু সমস্ত জায়গা বন্দোবস্ত দিয়ে রাস্তাগুলি একেবারে সঙ্কীর্ণ করে ফেলা হয়েছে। গৃহস্থরা মালামাল নিয়ে বাজারে যে বসবে ন্যায্য পয়সা দিয়ে তার স্থানও হয় না। মধ্যস্বত্বভোগী একদল বানিয়া ঐসব কৃষকদের সমস্ত মাল কিনিয়া নেয় ও লাভবান হয়। নালা নর্দমা, নর্দ্দমার গন্ধে বাজারে চলাফেরা করা যায় না, একটি পরিকল্পনা নিয়া এই বাজারের যাতে সংস্কার সাধন করা হয় তার জন্য আমি সরকারের নিকট অনুরোধ রাখব।

ধর্মনগরের কতকগুলি গ্রামীন রাস্তা—আমি গত নির্ব্বাচনের পর থেকে দেখেছি যে একটি রাস্তারও কোন কাজ হয় নাই। PWDতে বহু কর্মচারী আছে, এখনি কাজ করার সময় যাচ্ছে, বৃষ্টি নেমে গেলে কাজ করা আর সম্ভব নয়। মার্চ মাসে তাড়াহুড়া করে কাজ করলে পরে নিয়মশৃঙ্খলা অনুযায়ী কাজ করা হয় না। রামনগর হইতে পদ্মবিলের মধ্য দিয়ে একটি রাস্তা গিয়েছে। বোড়াতলী, তিলথৈ ধর্মনগর ও ছোট ছোট অনেক রাস্তা আছে তাতে আজ পর্য্যন্ত কোন হাত পড়ে নাই।

ত্রিপুরা বহু সমস্যায় জর্জ্জরিত, একদিকে পাকিস্তান ও অন্যদিকে বৈরী মিজোদের অত্যাচার। তদুপরি অর্থের জন্য আমরা সব সময়ই কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল। তাই আমরা সকলে মিলে ত্রিপুরাকে যাতে উন্নত করে গড়ে তুলতে পারি এবং বাজেটের বরাদ্দ টাকা ঠিক ঠিকভাবে ব্যয় করতে পারি সেইদিকে সকলকে লক্ষ্য রাখতে অনুরোধ করব এবং বাজেট সমর্থন করে আমার বক্তব্য এখানেই শেষ করলাম।

Mr. Speaker :— Now I call on hon'ble member Nishi Kanta Sarkar.

Shri Nishi Kanta Sarkar :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী ১৯৬৮-৬৯ সালের যে বাজেট এখানে রেখেছেন, তাকে আমি সমর্থন জানাচ্ছি।

এই সমর্থন জানাতে গিয়ে বাজেট সম্পর্কে দু-চারটি কথা আমি এখানে রাখব। প্রথমতঃ বাজেটে যেসব খাতে টাকা বরাদ্দ করা হয়েছে তা অর্থমন্ত্রী বিচার বিবেচনা করেই রেখেছেন। ত্রিপুরার খাদ্য ঘাটতি দূর করার জন্য বিদেশ থেকে যে কোটি কোটি টাকার খাদ্য আনতে হয় এবং কৃষি বা কৃষকের উন্নতির জন্য যে টাকা এখানে ধরা হয়েছে, তা আমার কাছে আশাপ্রদ বলে মনে হচ্ছে না। ত্রিপুরাকে উন্নত করার ব্যাপারে কৃষি বা কৃষক ছাড়া আর অন্য কোন পথ আমি দেখতে পাচ্ছি না। বিগত কয়েক বছরে আমরা ২।৩ টা পরিকল্পনার কথাই শুনে আসছি। কিন্তু বাস্তব ক্ষেত্রে ত্রিপুরার বিশেষ কোন গ্রামের বা মৌজার আজ পর্য্যন্তও কৃষির উন্নতির জন্য সেচ ব্যবস্থার কার্য্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়নি। তবে হয়তো বলতে পারেন যে কিছু হয়নি এমন বলা চলে না— কেননা বড বড় প্রকল্প যেমন, সুক সাগর জলা, লুধি জলা প্রভৃতির কাজগুলি সম্পন্ন হতে তো ৪।৫ বছর সময় লাগবেই—তা ঠিক কথা। আবার এগুলি করতে গেলে যে অর্থের প্রয়োজন তাও ঠিক। কিন্তু সবদিক চিন্তা করেই কৃষি খাতে আরও টাকা বরাদ্দ করার প্রয়োজন ছিল। যেহেতু Minor Irrigation ও Agriculture খাতে যে টাকার অঙ্ক ধরা হয়েছে, তা আমার কাছে কম বলেই মনে হচ্ছে। তবে আজকে আমরা যদি গ্রামের কৃষকদের দিকে তাকাই তাহলে দেখব যে তারা কৃষি কাজের জলের জন্য আকাশের দিকে তাকিয়ে থাকে—কখন বৃষ্টির জল পড়বে। আর সেই জন্য আমরা বৈজ্ঞানিক পন্থায় সেচ ব্যবস্থার কথা বলে থাকি। মাননীয় সদস্যরা অবশ্য এসম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন। কিন্তু আমি দেখছি ত্রিপুরা রাজ্যের সবগুলি মহকুমার কৃষক ভাইরা আজকাল এই বহু কথিত বৈজ্ঞানিক পন্থার দিকে নজর দিয়েছেন কিন্তু তাতে কি হবে বৃষ্টি না হলে যে আমরা অর্ধেক ফসলও পাব না। আর সেজন্য প্রত্যেক গ্রামসভার কৃষকদের কাছ থেকে দাবী আসছে যে অন্ততঃ তাদের হাতে ২।৩টি করে pump set দিলে তারা তাদের ফসলাদি ভালভাবে করতে পারবে। তাছাড়া অন্যান্য শস্যাদিও করা চলবে। কিন্তু কার্য্যতঃ তা হয়ে উঠছে না। তাছাড়া ছোট ছোট কতকগুলি বাঁধও হয় Block থেকে—তাও যে লাল ফিতার বাঁধনে কোথায় ডুবে যায়,

তা বুঝা বড় দায়। সেগুলি দিয়েও আমরা অন্ততঃ ২০।২৫ একর জমিতে জল সেচের ব্যবস্থা করতে পারি। তাই আজকে যদি কৃষির উন্নতি করতে হয় তবে বৈজ্ঞানিক প্রথার সঙ্গে সব কিছুর তাল মিলিয়ে কাজ করতে হবে।

কৃষককে দাদন দেওয়ার কথা বলা হচ্ছে। কিন্তু ২০০/২৫০ টাকা ঋণ দিলে সে ঐ টাকায় এক জোড়া বলদও কিনতে পারে না। কারণ বর্ত্তমানে এক জোড়া বলদের দাম ৫০০৲ টাকা। কাজেই আমার মতে কৃষকদের ঋণ দেওয়াটা একমাত্র সমবায় সমিতির মাধ্যমে হওয়া উচিত। প্রত্যেকটা গ্রাম পঞ্চায়েতের মধ্যে এক একটি সমবায় সমিতি গঠন করে প্রত্যেক কৃষককে ঐ সমিতির মেম্বার করলে পরে আমার বিশ্বাস ঋণ পাওয়ার ব্যাপারে কৃষকদের উপকার হবে। হযত বা অনেকে বলবেন সে কৃষি সমবায় সমিতি করলেই তো হয়। কিন্তু আমি দেখিছি সমবায় সমিতিগুলি ঠিক ঠিক ভাবে কাজ করে না।

কাজেই আমার প্রস্তাব হলো যে, প্রত্যেক গ্রামের মধ্যে গাঁও পাঞ্চায়েত প্রধানের মাধ্যমে সমবায় সমিতি গঠন করে এবং সব কৃষকদের ঐ সমিতির সভ্য করে যদি তাদের ছেলেদের মধ্য থেকে সমবায়ের কর্ম্মচারী নিয়োগ করা যায় তা হলে কৃষকদের ঋণ পেতেও সুবিধা হবে এবং তা আদায় করতেও কোন বেগ পেতে হবে না। কৃষি বিভাগ অবশ্য কৃষকদের সাহায্য করার চেষ্টা করছে কিন্তু সেই চেষ্টা ফলপ্রসূ হচ্ছে না। কারণ যদি কোন কৃষকের ঔষধের প্রয়োজন হয় তা হলে সে বলবে গ্রাম সেবককে, গ্রাম সেবক বলবে ব্লককে এবং ব্লক বলবে কৃষি বিভাগকে এই ভাবে নানা পথ ঘুরতে ঘুরতে ঔষধের প্রয়োজনের সময় আর ঔষধ পাওয়া যায় না। ফলে ঐ সময়টার ভিতরে পোকায় ধান নষ্ট করে দেয়। কাজেই আমাদের দেখতে হবে যাতে প্রত্যেকটি গ্রামে সমবায় সমিতি গঠিত হয় এবং সেই সমবায় সমিতির মাধ্যমে প্রত্যেকটি কৃষক পরিবার সময় মত ঋণ পায়। এ জন্য সমিতির কর্মকর্ত্তাদের উপরও আমাদের চাপসৃষ্টি করতে হবে যেন সমিতিগুলি ঠিক ঠিক ভাবে চালু থাকে।

আর তা ছাড়া প্রত্যেকটি সাবডিভিশনে পরীক্ষা নিরীক্ষা করে বড় বড় Tube well করে সরকার যেন জলসেচের ব্যবস্থা করেন। তা ছাড়া দু'চার দশ হাজার টাকা কৃষি বিভাগকে খরচ করার জন্য একক ভাবে এই বাবদে ক্ষমতা দিতে হবে। যাতে তাড়াতাড়ি কাজগুলো করা যায়। কারণ বর্ত্তমান ব্যবস্থানুযায়ী অনেক বিভাগ ও আফিস ঘুরে টাকাটা পেতে ১ বৎসরের উপর সময় লেগে যায়। ছোট ছোট কৃষক যারা ঋণ গ্রস্ত, যাদের উপর সংশিত নোটিশ হচ্ছে বা সম্পত্তি ক্রোক হচ্ছে তাদের সাহায্য করার প্রয়োজনীয় ব্যবস্থা করা দরকার। আমি আগেও বলেছি যে, ছোট ছোট কৃষকদের খাজনা মকুব করা প্রয়োজন।

আর একটা বিষয় হলো আমাদের মৎস বিভাগ দিন দিন বেশ উন্নতির দিকে যাচ্ছে। এটা খুব ভালো কথা। আমি দেখেছি যে উদয়পুরে দীঘিগুলিতে মৎস্যের চাষ হচ্ছে। এ সম্বন্ধে আমি বলব যে উদয়পুরে বড় বড় দীঘি ছাড়াও ছোট ছোট ঢেপা নালা ইত্যাদি পরিষ্কার করে যদি মৎস্য চাষের ব্যবস্থা করা যায় তা হলে মাছের অভাবের কিছু সুরাহা

হবে। আমি বলছি না যে কাজ হচ্ছে না। যেমন পূর্ত্ত বিভাগ। বড় বড় রাস্তার কাজ হচ্ছে, দালান বাড়ী হচ্ছে। উদয়পুরের কথা আমি বলছি। বিগত ৫।৭ বৎসর ধরে আমি দক্ষিণ মহারাণী থেকে উত্তর মহারাণী এবং উত্তর মহারাণী থেকে গর্জী পর্য্যন্ত একটা রাস্তার কথা বলে আসছি। T. T. C.র সময়ে সে রাস্তা হয়েছিল। কিন্তু তারপর আর সেই রাস্তা maintenance এর জন্য কোন কাজ হয় নাই। ফলে সেই রাস্তা নষ্ট হয়ে গেছে। এইবার আমরা দেখেছি যে, দক্ষিণ মহারাণীর আদিবাসী ও বাঙ্গালী কৃষকরা ২২ টাকার ধান ৪ টাকা খরচ দিয়ে উদয়পুরে এনে বিক্রি করেছে। অর্থাৎ সে ধানের দাম পেলো ১৮ টাকা। তদনুরূপ বাইশ মৌজার ধান মহারাণী বাজার পৌঁছাতেও ৪ টাকা খরচ করতে হয়।

রাস্তা ঘাট অবশ্য হচ্ছে। কিন্তু কৃষকের উন্নতি করতে হলে পরে সম্পূর্ণ সাব-ডিভিশনকে রাস্তা দিয়ে সংযোগ রক্ষা করতে হবে যাতে গ্রাম থেকে গ্রামান্তরে সহরে ও বাজারে যে যার উৎপন্ন ফসল অল্প খরচে নিয়ে যেতে পারে। যেমন ব্রজেন্দ্রনগর যেটা নাকি তেলিয়ামুড়া ও জম্পুইজলা পর্য্যন্ত উদয়পুর সাব-ডিভিশনের একটা এলাকা। ১০ স্কোয়ার বর্গ মাইলের ভিতরে আমি আজ পর্য্যন্ত রাস্তা করাতে পারলাম না। ট্রাইবেল ওয়েলফেয়ার থেকে কিছু রাস্তা করা হয়েছে। কিন্তু মেরামত হচ্ছে না। তাই আমি প্রস্তাব করছি যে, কৃষককে, কৃষিকে তথা দেশকে বাঁচাতে হলে প্রত্যেকটি বিভাগ বা সংস্থাকে গ্রামের দিকে নজর দিতে হবে। গ্রামের উন্নতি না হলে, কৃষির উন্নতি না হলে ত্রিপুরার সর্ব্বাঙ্গীন উন্নতি হতে পারে না।

মেডিকেল সমন্ধে আমি বলব যে অনেক ডাক্তারখানা হয়েছে এবং আরও হবে তাও আমি জানি। কিন্তু কতবার আমি প্রস্তাব দিয়ে ছিলাম যে উদযপুর সাব-ডিভিশনের দক্ষিণ মহারাণী সেটা ট্রাইবেল অধ্যুষিত এলাকা সেখানে একটা ডিসপেন্সারী করা হউক। তাও আজ পর্য্যন্ত হয় নাই। তাই আমি এই হাউসের কাছে আবেদন করছি যেন পরীক্ষা নিরীক্ষা করে অন্ততঃ দু' একটি ডিসপেন্সারী উদয়পুর সাব-ডিভিশনের মধ্যে করা হয়।

শিক্ষা সম্বন্ধে বলতে গিয়ে আমি বলব যে শিক্ষার প্রসার অনেক হয়েছে আরও হবে। কিন্তু উদয়পুর সাব-ডিভিশনে বর্ত্তমানে লোক সংখ্যা যে ভাবে বৃদ্ধি পেয়েছে তাতে আর কয়েকটি হায়ার সেকেণ্ডারী স্কুল দরকার। তাছাড়া গ্রামাঞ্চলে জুনিয়ার বেসিক স্কুলগুলিতে অন্ততঃ উদয়পুরে মাষ্টারের সংখ্যা কম। আজ পর্য্যন্ত উদয়পুরের জুনিয়ার বেসিক স্কুলগুলির মধ্যে একটাতেও কোন গ্র্যাজুয়েট টিচার নাই। আমি প্রস্তাব করি যে শিক্ষা ব্যবস্থার উপর যে চাপের সৃষ্টি হয়েছে তা কমাতে হলে অন্য ব্যবস্থা অবলম্বন করতে হবে। যেমন গ্রামাঞ্চলে যদি সিনিয়র বেসিক স্কুলগুলিতে যথেষ্ট পরিমাণ যোগ্যতা সম্পন্ন শিক্ষক দেওয়া হয় এবং সহরের স্কুলগুলিতে বোর্ডিং এর ব্যবস্থা করা হয় তা হলে হয়ত বা কিছুটা চাপ কমতে পারে। যেমন উদয়পুরে একটা প্রাইভেট স্কুল, একটা মেয়েদের স্কুল আছে। মাননীয় মন্ত্রী মহোদয়ও সেটা জানেন। মেয়েদের স্কুলে অন্ততঃ ৫০ জন মেয়ে থাকতে পারে এই রকম একটা বোর্ডিং হাউস করা একান্ত প্রয়োজন বলে আমি মনে করি। কারণ তা হলে গ্রামের

মেয়েরা এখানে বোর্ডিং-এ থেকে লেখা পড়া করতে পারবে। তা না হলে গ্রামের মেয়েরা শিক্ষার পর আর তারা উচ্চ শিক্ষা পাবে না তাই আমি শিক্ষা বিভাগের মন্ত্রী মহোদয়ের নিকট আবেদন করছি যেন এই বৎসরের ভিতরেই এই বাজেটের টাকা দিয়ে একটা হাইয়ার সেকেণ্ডারী স্কুল এবং একটা মেয়েদের হায়ার সেকেণ্ডারী স্কুল বোর্ডিং সহ করেন।

আর একটা বিষয় হ'ল এই যে, চাকরীর বেলায় আমি মন্ত্রী মহোদয়ের নিকট আবেদন রাখছি যে, প্রত্যেক সাব-ডিভিশনে ইন্টারভিউ হয়ে যাওয়ার পরে যেন বিচার বিবেচনা করে চাকরী দেওয়া হয়। আমি জানি সাধারণত: একটা পিয়ন একটা দপ্তরীর চাকরীও সহরের অধিবাসীরা পেয়ে থাকে। গ্রামের অনেক বেকার যুবক আজ যারা উক্ত পদের প্রার্থী অথচ তাদের চাকরী হয় না। তাই আমি আবেদন রাখছি প্রত্যেক মহকুমা হতে তার লোক সংখ্যানুপাতে যোগ্যতা অনুসারে যেন চাকরী দেওয়া হয়।

আজকে ২।৩ বছর ধরে আবেদন রাখছি যে, গ্রামের দরিদ্র কৃষকের ছেলেরা অতি কষ্টে লেখাপড়া শিখে চাকরীর আশায়। কিন্তু তাদের চাকরী হচ্ছে না। তাই আমি আবেদন রাখছি মন্ত্রী মহোদয়ের নিকট যে ঐ সব গ্রামের দরিদ্র ও কৃষক জনসাধারণের ছেলে মেয়েদের চাকরী দেওয়ার ব্যবস্থা যেন করা হয়।

আর একটা বিষয় আমি হাউসের সামনে রাখছি। সেটা হল পশুপালন যা প্রত্যেক পরিবার করে থাকে। যাতে প্রতিটি গ্রামে পশু চিকিৎসার সুব্যবস্থা করা যায় সে জন্য পশু চিকিৎসালয় স্থাপন করা দরকার। আজকে যে ভাবে গরু পাকিস্তানে পাচার হচ্ছে, এই হাউসে এ সম্পর্কে আলোচনাও হয়েছে, সেটা যাতে বন্ধ হতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য আমি আবেদন রাখছি। প্রত্যেক পঞ্চায়েতের সাথে আলাপ আলোচনা করে কি ভাবে গরু পাচার বন্ধ করা যায় সে ব্যবস্থা গ্রহণ করা দরকার।

ট্রাইবেল ওয়েলফেয়ার সম্বন্ধে আমি বলব যে, আমি ট্রাইবেল এডভাইসারী কমিটির মেম্বার। আমি ট্রাইবেল এলাকাগুলিতে যাই। অনেক ট্রাইবেল কলোনী আমরা করেছি; সেগুলো যে সময় করা হয়েছিল সে সময়ের অবস্থা বিবেচনা করেই করা হয়েছিল। কিন্তু বর্ত্তমানে যেই সব এলাকায় তাদের আমরা পুনর্ব্বাসন দিয়েছি সেখানে তারা টাকা ও জমি, নাল ও টিলা পেয়েছে। কিন্তু টিলাকে যদি আবাদ করে জমি করার উপযোগী করে সরকার থেকে না দেওয়া হয় তাহলে এই আদিবাসী এই কলোনীতে বেশীদিন থাকবে না। যেমন অমরপুরে রাজপ্রসাদ কলোনী আছে। সেই কলোনীর এরিয়া অত্যন্ত বড়। কিন্তু আবাদ হচ্ছে না টিলাভূমিগুলি, যদি আমরা ট্রাক্টার দিয়ে আবাদ করে জমির উপযোগী করে দেই তাহলে আদিবাসীরা আকৃষ্ট হবে। এইভাবে একটা একটা করে কলোনী করা হলে আমরা তাদের পুনর্ব্বাসনে সফলতা লাভ করব।

বনবিভাগ সম্বন্ধে আমি বলব যে, বনবিভাগ অনেক উন্নতি করেছে। আমাকে বলতে হয়, যে পরীক্ষা নিরীক্ষা না করে যেন আর বাগান না করা হয়। একথা আমি অনেকবার এই হাউসে বলেছি। একটু আগে আমাদের মাননীয় সদস্য বলেছেন যে, আদিবাসী ও বাঙালীদের মধ্যে বনবিভাগ সম্বন্ধে একটু চাপা বিক্ষোভ ছিল, সবসময় একটা ঝামেলা লেগেই ছিল। কারণও ছিল। পূর্ব্বে মহারাজার আমল থেকে আদিবাসীরা জুম করে খেতো। হঠাৎ করে একটা নতুন জীবনে তাদের প্রতিষ্ঠিত করতে গেলে একটু অসুবিধা হবে বৈকি। তাছাড়া তারা দেখছে যে বাড়ীর আনাচে কানাচে বাগান করা হচ্ছে। অাগামীতে তারা আর জুম করতে পারবে না। বন বিভাগ তাদের ঘেরাও করে ফেলেছে। তাই দুষ্কৃতিকারী একটা দল তাদের মধ্যে ঢুকে পড়েছে—এবং দুস্কার্য্য চালিয়ে যাচ্ছে। এ পর্য্যন্ত উদয়পুরে যতটুকু রিজার্ভ বাগান হয়েছে, তার বেশী আর কোন নতুন জায়গায় যেন পরীক্ষা নিরীক্ষা না করে বাগান করা না হয়। উদয়পুর এলাকাটা মাত্র ২৫০ বর্গমাইল। যে সমস্ত জায়গায় বর্ত্তমানে বাগান আছে সেখানে plantation হবে তাতে কোন আপত্তি নাই। কিন্তু আর যেন নতুন করে করা না হয়। যদি নতুন করে বাগান করতে হয় তাহলে আমি বলেছি যে, বড়মুড়া, দক্ষিণ বড়মুড়া সেখানে ভোটার সংখ্যা মাত্র ৫১০ স্কোয়ার বর্গমাইলের মধ্যে। সেখানে রিজার্ভ ফরেষ্ট করা যায় একথা আমি ফরেষ্ট ডিপার্টমেন্টকেও বলেছি। নতুন বাগান অন্য কোন জায়গায় করতে গেলে যেন জনসাধারণের সাথে পূর্ব্বাহ্নেই আলাপ আলোচনা না করে করা না হয়। মোটামুটি আমার কথা হচ্ছে এই যে, পূর্ত্তবিভাগই বলুন আর ভেটেরিনারী বিভাগই বলুন প্রত্যেকটি বিভাগের কাজ হলো আজ গ্রামের উন্নতি করা তথা কৃষির উন্নতি করা। কৃষির জন্যই রাস্তাঘাট থেকে আরম্ভ করে সব বিষয়েই আগে গ্রামকে উন্নত করতে হবে। গ্রামের উন্নতি হলে সহরের উন্নতি হবে তথা দেশেরও উন্নতি হবে। তাই আমি আবেদন করবো যে সব রকমে আজ আমাদের প্রয়োজন কৃষকের উন্নতি করা। শুধু 'কৃষির উন্নতি করো' একথা বললেই চলবে না। বৈজ্ঞানিক প্রথা, অমুক প্রথা ইত্যাদি বহু রকমের প্রথায় চাষ বাড়ানোর জন্য আমরা শুধু কৃষকদের উপদেশ দিয়েই যাচ্ছি কিন্তু তাদের সত্যিকারের চাহিদার সময় তারা কিছুই পায় না। কাজেই শুধু কথা না বলে আমাদের কাজ করতে হবে সর্ব্বপ্রথমে যাতে তারা বুঝতে পারে এবং উৎসাহিত হয় কৃষির ফলন বাড়াতে।

কবে ডুম্বুর প্রজেক্ট হবে, ৮ বছর পরে হবে কি হবে না সে আশায় কৃষকরা বসে থাকতে পারে না। আমি আমার সিংরুম জলা, খোদামাটি জলা, মহারাণী, হীরাপুর কয়েকটি প্রস্তাব আজ দশ বছর যাবৎ দিয়ে আসছি। যদিও উদয়পুরে হচ্ছে, সুখসাগর জলা হয়েছে আর শিলকাঠিইদ্রা হচ্ছে, আরও হবে কিন্তু এই সামান্য ব্যাপারগুলো সার্ভে হয়েও গেছে এবং কিছু টাকা পরীক্ষা নিরীক্ষার জন্যে ব্যয়ও হয়েছে কিন্তু আজ পর্য্যন্ত সেগুলো অনুমোদন হলো না। তাই আজ আমি আবেদন করবো যে সমস্ত কাজগুলোর সাজেশন সাবডিভিশন থেকে আসে তার সবগুলি না হউক অন্ততঃ দুএকটা করে একথা আমাদের প্রমাণিত করা উচিত যে সরকার কৃষকের পিছনে আছে, তাদের জন্য কাজ করছে তাদের উপকার যাতে

হয়। তারা এতে ভরসা পাবে এবং আশা পাবে এবং এগিয়ে যেতে পারবে। আমার আর সময় নেই। এই বাজেটকে অভিনন্দন জানাচ্ছি। আমার আবেদন রইলো যেন আমার সাজেশনগুলো কার্য্যকরী করা হয়। এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

Mr. Dy. Speaker :—Now I call on Hon'ble Member Shri Ghanashyam Dewan.

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার সমর্থনে আমি দুএকটি কথা বলবো।

ত্রিপুরার বাজেট ত্রিপুরার জনগণের জন্য। ত্রিপুরার জনগণ হলো, উপজাতি, সিডিউল্ড্ কাষ্ট এবং উদ্বাস্তু, উদ্বাস্তুরা ভূমিহীন। যারা এখনও জমি পান নাই এবং জুমিয়া যারা আছেন যারা কৃষক, শ্রমিক মজদুর তাদের উন্নয়নের জন্যেই এই বাজেট। আমি এই বাজেটকে অভিনন্দন জানাই এই কারণে যে, ত্রিপুরা রাজ্যের মধ্যে যারা সবচেয়ে অনুন্নত সেই ট্রাইবেল এবং সিডিউল্ড কাষ্টের জন্য এই বাজেটে দেখছি পরিকল্পনা। আমি আনন্দিত যে আজকে বিশ বছর পর এই অনুন্নত শ্রেণীর লোকদের প্রতি সরকারের দৃষ্টি পড়েছে।

এই বাজেট পরিকল্পনানুযায়ী যদি আমরা কৃষকদের উন্নতি, ভূমিহীনদের ভূমি দান ও বেকার সমস্যা সমাধানের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা আমরা ঠিকঠিকভাবে ব্যয় করতে পারি তাহলে আমি খুব আনন্দিত হবো। ত্রিপুরায় যে সমস্ত ভূমিহীন পাহাড় এলাকায় পড়ে রয়েছে তা সংখ্যায় নিতান্ত কম নয়। বোধ হয় তারা লক্ষাধিক হবে। ত্রিপুরাতে যে জুমিয়া ভাইরা আছেন তারা এখনও শিক্ষার, স্বাস্থ্যের বা যোগাযোগের সুযোগ পান নাই। তাদের উন্নতির জন্য এই বাজেট। তাদের এই সমস্ত অভাব অভিযোগ যদি আমরা দূর করতে পারি তাহলে ত্রিপুরার এই বাজেট সার্থক হবে বলে আমি মনে করি।

আপনারা জানেন যে, ত্রিপুরার উপজাতিদের জুম থেকে লোঙ্গাভূমিতে চাষবাস ও বসবাস করার চেষ্টা হচ্ছে। কিন্তু ত্রিপুরার আয় অত্যন্ত সীমিত। তার মধ্যে কাচা মাল হলো পাট আর কার্পাস। ত্রিপুরার যে সব জুমিয়াদের জুম ত্যাগ করিয়ে আমরা ভূমিতে আনছি, সে সমস্ত কলোনীগুলিতে তাদের আনার ফলে ত্রিপুরায় পূর্বে যে পরিমাণ কার্পাসের ফলন হতো তা কমে গেছে। সেই কার্পাসকে ব্যবহার করার জন্য যদি আমরা ত্রিপুরাতে কটন মিল করতে পারতাম তাহ'লে ত্রিপুরার বেকার সমস্যারও অনেকটা সমাধান হতো। কাজেই ত্রিপুরাতে যে কার্পাস আছে এবং পাট আছে তা দিয়ে যদি আমরা কার্পাসজাত এবং পাট-জাত দ্রব্য উৎপন্ন করার মতো শিল্প গড়ে তুলতে পারি তাহলে বেকার সমস্যার সমাধানও হবে এবং ত্রিপুরার অর্থনৈতিক উন্নতিও হবে। যে সমস্ত জুমিয়াদের জুম থেকে এনে কলোনী-গুলিতে বসবাস করার বন্দোবস্ত করা হয়েছে সেই সব কলোনীতে যদি আমরা কার্পাস উৎপাদনের জন্য তাদের উৎসাহিত করি তাহলে আমার বিশ্বাস তাদের ভাতের সাথে সাথে

কাপড়ের সমস্যার সমাধানও হবে। কারণ ত্রিপুরার উপজাতীয় রমণীরা প্রায় সকলেই তাদের নিজেদের কাপড় নিজেদের তাঁত দিয়ে বুনতে অভ্যস্ত। কিন্তু পুনর্বাসনের সাথে সাথে তাদের কার্পাস উৎপাদন বন্ধ হয়ে যাচ্ছে এবং তাদের যে একটা বিশেষ ধরণের তাঁত শিল্প আছে তাও তারা ভুলে যাচ্ছে। ফলে আজ বড় রকমের একটা অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে তাদের। আজকে ত্রিপুরায় উদ্বাস্তু আগমনের সাথে সাথে এবং বনাঞ্চল রিজার্ভ করার ফলে আজ উপজাতীয়দের মধ্যে জুম চাষ বন্ধ হয়ে গেছে এবং সেটাও তাদের অর্থনৈতিক সঙ্কটের একটা কারণ। সুতরাং এই উপজাতিদিগকে পুনর্বাসনের সাথে সাথে যদি কার্পাস উৎপাদনে তাদের সাহায্য দেওয়া হয় এবং উৎসাহিত করা হয় তাহলে তাদের কাপড়ের সমস্যাও মিটবে বলে আমি মনে করি। কিন্তু আমি দেখেছি যে, হিছাছড়া কলোনী এবং সাব্রুমের কালাটেপা কলোনী, কমলপুরের শিকারীবাড়ী জহরনগর, কৈলাশহরের হেটকীছড়া কলোনী, মযনাবমা কলোনী, কাঞ্চনপুরের মাছমারা কলোনীতে আপনারা যদি যান তাহলে দেখতে পাবেন, এই বয়ন শিল্পের জন্য যে তাঁত কেন্দ্র খোলা হয়েছে সেখানে আদিবাসী রমনীর সংখ্যা খুব কম। হিছাছড়াতে দেখলাম সেখানে ট্রাইবেল কলোনীতে যে ট্রেইনিং কাম প্রডাকশন সেন্টার আছে সেখানে উপজাতিদের মধ্যে দু একজন মাত্র। সুপারভাইসারের কোয়াটার আমরা P. A. C. থেকে যখন গেলাম, দেখে মনে হলো যে আমাদের যাওয়ার ২ | ১ ঘণ্টা পূর্ব্বে সেটা পরিষ্কার করা হয়েছে। সুপারভাইসার সেখানে থাকেন একথা বিশ্বাস করা যায় না। হয় সুপারভাইসার কলোনীতে থাকেন না বা কলোনীগুলি inspection হয় না। সেখানে কাজ হচ্ছে কি হচ্ছে না, তাঁত শিল্প চলছে কি চলছে না, তারা জমি আবাদ করছে কি করছে না এগুলো যদি দেখা না হয় এবং তারা যদি অর্থনৈতিক কারণে কলোনী ছেড়ে চলে যায় তাহলে তাদের জমি দেওয়া যায় না। সুতরাং উপজাতীয় কলোনীতে যে সব তাঁত শিল্প করা হয়েছে সেগুলো এক রকম ফেইলিউর বলা যায়। ছামনু তহশিলের ব্লকের মধ্যে ধুমাছড়া একটা জায়গা আছে। সেখানকার কলোনীতে আমি একটা Training Cum Production Centre দেখলাম। জিজ্ঞাসা করে জানলাম যে Centre ভালো চলছে। ছাত্রগুলোকে দেখলাম সব নন-ট্রাইবেল। গত বছর ট্রাইবেল ছিল। জিজ্ঞাসা করলাম এবছর কেন ট্রাইবেল নাই। উত্তরে বললে তারা আসে না। কেন আসে না জিজ্ঞাসা করাতে নিরুত্তর। ছামনু ব্লকে যে হেড কোয়ার্টার আছে সেখানে ২ বৎসর হয় Training Cum Production Centre খোলা হয় এবং সেটা বন্ধ হয়ে গেছে। কেন বন্ধ হয়ে গেছে সেটা B D. O বলতে পারেন না। সুতরাং যে সব Tribal Dev. block আছে তাদের যারা B. D. O. আছেন কৃষি এবং শিল্প এই দিকে তারা যদি দৃষ্টি না রাখেন তা হলে Tribal development করে কিছু হবে বলে আমার মনে হয় না। কারণ দেখা যায় কাঞ্চনপুরের মাছমারা কলোনী defect হয়ে গেছে শিকারীবাড়ী কলোনীতে ৬ লাখ টাকার মতো খরচ করা হয়েছে সেখানে আছে মাত্র ১৬টি পরিবার। কাজেই সেই কলোনীগুলি যাতে পুনরুজ্জীবিত হয় এবং ঠিক ঠিকভাবে যাতে কাজ করতে

পারে সেটা দেখা উচিত। তাদের অভাব অভিযোগ এই সব গুলি যদি আমরা না দেখি তাহলে কি করে আমরা তাদের সুষ্ঠু পুনর্বাসনের কল্পনা করতে পারি? আর যারা এখনও জুমিয়া আছেন আজ তাদের বিষয় আমাদের নতুন করে বিবেচনা করতে হবে। কারণ বিগত বিশ বছরের মধ্যে তাদের আমরা সুষ্ঠু পুনর্বাসন দিতে পারিনি। তাদের খাদ্যের, শিক্ষার, যোগাযোগের কোন ব্যবস্থা আজও আমরা করতে পারিনি। তাদের উন্নত না করলে ত্রিপুরার অগ্রগতি ব্যাহত হবে। সুতবাং তাদের যদি এই উন্নয়নের সমপর্য্যায়ে আনতে না পারি তাহলে ত্রিপুরার এই যে একটা বিরাট অনগ্রসর অংশ তারা পেছনেই পড়ে থাকবে। কাজেই আমাদের অগ্রগতির পক্ষে তাদেরও আনতে হবে। তাই আজকে আমরা চাই যে দুর্গম এলকাগুলিতে যে শত শত জুমিয়া ভাইরা আছেন আজকে তাদের সাথে আমাদের যোগাযোগ ব্যবস্থা করতে হবে। আমি যখন কাউন্সিলের মেম্বার ছিলাম ১০ বৎসর পূর্বে তখনও আমি বলেছিলাম যে শুধু উত্তরাঞ্চলেই নয়, দক্ষিণাঞ্চলে ও পূর্বাঞ্চলে আমাদের সতর্ক দৃষ্টি রাখতে হবে। পাকিস্তান আমাদের শত্রু মনোভাবাপন্ন রাজ্য। আজকে আমরা দেখছি মিজোর উৎপাত বিশ বৎসর পরে। সিংক্রাক কারা? এই সিংক্রাক কারা এ পর্য্যন্ত কেউ বলতে পারেনি। আমি মনে করি না যে tribalদের মধ্যে আছে। সিংক্রাক একটা নামে মাত্র। এই সিংক্রাকের পিছনে যে সমাজদোহীরা কাজ করছে তাদের কথা কেউ জানে না। ত্রিপুরার উপজাতিরা সরল এবং নিরক্ষর। ত্রিপুরাকে আসামের সাথে যুক্ত করার প্রস্তাব যখন আসে তখন ত্রিপুরার এই উপজাতিরা সেই সংযুক্তির বিরোধিতা করেছে। সেই প্রস্তাব বর্জ্জন করেছে। কিছুক্ষণ পূর্বে মাননীয় সদস্য উপেন্দ্র রায় বলেছেন আসাম রাজ্যের ট্রাইবেলদের বিচ্ছিন্নতা মনোভাবের ভয়াবহ অবস্থার কথা। ভারতের পূর্বপ্রান্তে তাদের এই বিচ্ছিন্নতা মনোভাব একটা উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। আমি বিশ্বাস করি না যে ত্রিপুরার উপজাতির সাথে আসামের উপজাতির কোন যোগাযোগ আছে। Culturally ত্রিপুরার উপজাতির সাথে তাদের কোন মিল নেই। কারণ ত্রিপুরার উপজাতিরা বাংলা ভাষা গ্রহণ করেছে। বাঙ্গালীর সাথে ভাই ভাই হিসাবে শত শত বৎসর পূর্ব থেকেই এখানে বসবাস করছেন পাশাপাশি। আসামের উপজাতিরা প্রায়ই Christian তাদের Culture ও তাই আলাদা ভাবে গড়ে উঠেছে এবং তার সাথে আমাদের উপজাতির কোন মিল নেই। সুতরাং আমরা ত্রিপুরার উপজাতিরা সেই সময়ই mergerএর বিরোধিতা করেছি। ঘৃণার সহিত আমরা মত দেই নি। সুতরাং ত্রিপুরার উপজাতির সাথে মিজোদের কোন যোগাযোগ আছে বলে আমি বিশ্বাস করি না। হতে পারে জম্পুই পাহাড়ে মিজোরা উৎপাত করেছে। আনন্দ বাজারে মিজোরা ঘরবাড়ী পুড়ে দিয়েছে। আমাদের কতিপয় বাঙ্গালী ভাইদের তারা হত্যা করেছে। জমপুই এলাকাতেও তারা ঘরে ঘরে বেআইনি ভাবে কর আদায় করছে। কিন্তু আমি জানি যে, ছামনু এলাকার উপজাতি মিজোদের এই অবৈধ কার্য্য সমর্থন করে না। আনন্দবাজারের এই লুণ্ঠন কার্য্য সেখানকার উপজাতি ভাইয়েরা সমর্থন করেন না এই জন্য করে না তার কারণ পঞ্চমতপশীলের যে ভুয়া আন্দোলন

আমরা বিশ্বাস করি না। কারণ ত্রিপুরা রাজ্যে পঞ্চমতপশীলের নাম করে সমাজদ্রোহীরা বিচ্ছিন্নতার মনোভাব সৃষ্টি করছে। পঞ্চম তপশীল আমরা প্রত্যাখ্যান করেছি। সেংক্রাকের এই আন্দোলনকেও আমরা ত্রিপুরার উপজাতিরা প্রত্যাখ্যান করেছি। আমরা দেখতে চাই, এই সেংক্রাক কে এবং কারা? আমি বিশ্বাস করি ত্রিপুরার আদিবাসীরা তাদের ভাওতায় আর সাড়া দেবে না। ত্রিপুরাতে যে বিচ্ছিন্নতাবাদী মনোভাব সৃষ্টির চেষ্টা চলেছে সে মনোভাবে সাড়াও তারা দেবে না।

ত্রিপুরার উপজাতিদের প্রয়োজন কি? প্রয়োজন, অন্ন, বস্ত্র, শিক্ষা, স্বাস্থ্য ও যোগাযোগ ব্যবস্থা তথা ত্রিপুরার সর্ব্বাঙ্গীন উন্নতি। কারণ আমরা জানি সেংক্রাকের আন্দোলনে, ও ৫ম তপশীলের আন্দোলনে ত্রিপুরার আদিবাসীদের স্বর্গলাভ হবে না। আমাদের যে মন্ত্রীপরিষদ আজ আমরা জানি এই মন্ত্রীপরিষদ ত্রিপুরার আদিবাসীদের উন্নতি করতে সমর্থ হবে। সেই বিশ্বাসে, আজকে ত্রিপুরা সরকারের পরিকল্পনাকে আমরা সব রকমের সমর্থন দিয়ে আসছি। আদিবাসীদের যদি সত্যই মঙ্গল করতে হয় তাহলে তাদের যে অর্থনৈতিক জীবনধারা তার উন্নতি করতে হবে। দুঃখের বিষয় যে ছামনু তহশিলের মধ্যে আজ পর্য্যন্ত একটা হাইয়ার সেকেণ্ডারী স্কুল হলো না। সুতরাং সেখানকার আদিবাসী ভাইদের সন্তানেরা উচ্চ শিক্ষা লাভের সুযোগ পাচ্ছে না। পঞ্চায়েত ইলেকশন হয়ে গেল অথচ আজ পর্য্যন্ত সেখানে ব্লক ডেভেলপমেন্ট কমিটি গঠন করা হলোনা। কত পরিমাণ জমি আছে, কত সংখ্যক উপজাতি আছে তা B.D.O. নিজেও জানেন না। যেসব অফিসাররা উপজাতিদের সম্বন্ধে অনভিজ্ঞ সে সব অফিসারদের উপজাতি কল্যাণের কাজ দিলে কোন লাভ হবে না। সময় B D.Oদের গাড়ীগুলো ফিরিয়ে নিয়ে আসা দরকার। তারা যদি গাড়ীতে চড়ে ঘোরাফেরা করে তাহলে উপজাতি কল্যাণ কি করে হবে। তারা জানে না, কোথায় স্কুল দরকার, কোথায় রাস্তার দরকার, কোথায় রিংওয়েলের দরকার, কোথায় কি কাজ হচ্ছে তাও তারা জানে না।

Mr. Dy. Speaker :—Hon'ble member, your time is over.

শ্রীঘনশ্যাম দেওয়ান :—দশ মিনিট সময় দিন।

Mr. Dy. Speaker :—Only 5 minutes more.

শ্রীঘনশ্যাম দেওয়ান :—আমি জানি কৈলাসহর ছামনু ব্লকে মৈনারমা কলোনীতে গত ২ বৎসর যাবত allotment গেলো, proposal গেল অথচ এ পর্য্যন্ত তাদের কোন সাহায্য করা হলো না। ২০০ পরিবারের ৭০ পরিবারকে মাত্র তারা rehabilitate করছে। বাকীরা কোথায় বা কি অবস্থায় আছে তা তারা জানে না। S.D.O যারা আছেন তারা যদি শুধু HQ. থাকেন—interrior এ যান না তাহলে interrior এর অবস্থা কি দাঁড়ায়: Manu—Chailengta, Chailengta—Sabroom, Sabroom to Govdabari এটি life line of

Kailasahar. কেবল কুমারঘাট থেকে কৈলাসহরের যোগাযোগ আছে। কিন্তু এই বিরাট অঞ্চল প্রায় ৪৪০০ বা ৫০০০ বর্গমাইল যে অঞ্চল আছে—আজকে সেটার যোগাযোগ প্রায় বিচ্ছিন্ন। আর ছামনু থেকে গোবিন্দবাড়ী পর্য্যন্ত যে রাস্তা সেখানে foot path ও নাই। সেখানে মিজোরা হামলা করলো, ঘরে ঘরে চাউল আদায় করলো। আমাদের পুলিশ বাহিনীও সেখানে রাস্তার অভাবে যেতে পারলো না নিপীড়িতদের সাহায্য করার জন্যে এবং দুষ্কৃতদের ধরার জন্য। এমতাবস্থায় সেখানকার আদিবাসীরা যদি মনে করে যে সরকার আমাদের সাহায্য করতে আসছেন না; তাহলে স্বভাবতঃই তাদের মনোবল ভেঙ্গে পড়বে এবং সেজন্য তাদের আমরা দোষ দিতে পারি না।

সুতরাং ত্রিপুরার পূর্বাঞ্চলকে সুরক্ষিত করতে হবে। প্রয়োজন সাবরুম থেকে, অমরপুর থেকে ছামনু এবং জম্পুই হিলস পর্য্যন্ত একটা লাইফ লাইন। যাতে মুহূর্ত্তের মধ্যে আমরা তাদের সাথে যোগাযোগ করতে পারি। যদি যোগাযোগ আমরা রক্ষা করতে পারি তাহলে সেংক্রাক অথবা মিজো যে কোথায় পালিয়ে যাবে তা আমরা সহজেই ধারণা করতে পারি। আপনারা জানেন যে যদি কোন অফিসার ছামনু অথবা জম্পুই পাহাড়ে অথবা দশদা আনন্দবাজারে বদলী হন বা ঘোড়াকাপা বা জগবন্ধুনগর, ডম্বুরনগরে বদলী হন তাহলে তারা সেটাকে punishment বলে মনে করেন। তারা যদি শাস্তি বলেই মনে করেন তাহলে সেখানে গিয়ে কি কাজ করবে তারা? আমি তাই প্রস্তাব করছি যে, যেখানে দুর্গম পার্বত্য এলাকা আছে সেখানে সরকারী কর্ম্মচারীদের জন্য Hill allowance এর প্রবর্ত্তন করা উচিত। কারণ সেখানে জিনিষপত্রের দাম অত্যধিক। যোগাযোগ বিচ্ছিন্ন, স্কুলে লেখাপড়া শিখতে হলে পরে অনেক পথ হেটে আসতে হয়। ডাক্তারখানাও অনেক দূরে। তাদের ছেলেমেয়েদের শিক্ষা হয় না—কাজেই সরকারী কর্ম্মচারীরা সেখানে যাবে কেন? সুতরাং তাদের জন্য Hill allowance এর প্রবর্ত্তন করা উচিত, যদি আমরা সঠিকভাবে তাদের থেকে কাজ পেতে চাই।

এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Dy. Speaker : Now I call on Hon'ble Minister Shri Prafulla Kr. Das.

শ্রীপ্রফুল্ল কুমার দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে এই হাউসে মাননীয় অর্থমন্ত্রী শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য মহাশয় যে বাজেট পেশ করেছেন সেটার সমর্থনে আমি আমার অভিনন্দন জানাচ্ছি। তিনি বিভিন্ন উন্নয়নমূলক খাতে যে ব্যয় বরাদ্দ রেখেছেন এবং আয়ের খাতে অবস্থার সঙ্গে তাল রেখে ও জনগণের করভার যাতে বৃদ্ধি না পায় যে দিক দিয়ে আয়ের যে প্রস্তাব রেখেছেন তারজন্য এই দৃষ্টিভঙ্গীর প্রশংসা করছি। বাজেট আলোচনাতে বিরোধীপক্ষ ও সরকার পক্ষের কয়েকজন সদস্যের আলোচনা আমরা শুনতে পেয়েছি, তারমধ্যে সন্দেহাতীত

ভাবে এটা প্রমাণিত হয়েছে যে এই বাজেটকে উড়িয়ে দেবার মত বা নিন্দা করার মত কিছুই নেই। যদি থাকতো তবে নিশ্চয়ই তা যুক্তি সহকারে উত্থাপন করতে পারত। মাননীয় বিরোধী পক্ষের সদস্য বাজেট বক্তৃতায় যে কথা বলেছেন, আজকে উনি উপস্থিত থাকলে আমি দেখাতে পারতাম যে উনি তার বিরোধীতা করার জন্যই শুধু বলেছেন—তাতে কোন যুক্তি নেই। সেদিক থেকে পরোক্ষভাবে উনিও বাজেটকে সমর্থন করেছেন—একথা বলা যায়। বাজেটে যে সব বিষয়ে আলোচনা করার মত জিনিষ আছে সে সব বিষয়ে আলোচনা করার সময় এখানে হবে না। তবে মোটামুটি-ভাবে কতকগুলি বিষয়ে আমি বলতে চেষ্টা করছি। ত্রিপুরা ভারতের অঙ্গরাজ্য এবং উহা চতুর্দিকে পাকিস্তানে বেষ্টিত। এখানের জনসাধারণ দরিদ্র. উপজাতি যারা আছেন তারাও অনগ্রসর এবং বাকী সব পাকিস্তান থেকে নিঃস্ব হয়ে, উদ্বাস্তু হয়ে এখানে এসেছেন। এইসব অনুন্নত জনসাধারণের অবস্থার দিকে দেখতে গিয়ে তাদের উন্নতির জন্য সব কাজ আমাদের গোড়ার দিক থেকে আরম্ভ করতে হয়েছে। এই পার্বত্য ত্রিপুরার যেখানে শতকরা ৭৫ ভাগ অরণ্য দ্বারা বেষ্টিত। মাত্র ২৫ ভাগ কৃষির উপযোগী—জায়গা আছে।

ভারত অন্তর্ভুক্তির আগে লোকসংখ্যা ছিল মাত্র ৫ লক্ষ, ১৯৬১ সালে বেড়ে গিয়ে তা হয় ১১।। লক্ষ। তারপর ১৯৬৮ সালে প্রায় ১৬ লক্ষ। ভারত অন্তর্ভুক্তির আগে ত্রিপুরার আয় ছিল ৩০-৩৫ লক্ষ টাকা, এখন তা বেড়ে বর্তমানে হয়েছে অল্পবেশী এক কোটি টাকার মত।

আড়াই লক্ষ একর জমি পূর্বে আবাদে ছিল এখন তা হয়েছে ৭ লক্ষ একর। লোক বেড়েছে প্রায় ৩ গুণ আর জমি বাড়াতে পেরেছে দ্বিগুণের অল্পবেশী। এই অনুন্নত রাজ্যকে অন্যান্য রাজ্যের তুলনার সমপর্যায়ে আনার জন্য বিগত কয়েকটি পরিকল্পনায় আমাদের কোটি কোটি টাকা খরচ করতে হয়েছে। শিক্ষা, কৃষি ও অর্থনৈতিক দিক দিয়ে এটা বলতেই হবে যে আমাদের এই রাজ্য এই কয়েকটি পরিকল্পনার মধ্যে যথেষ্ট উন্নতি লাভ করেছে। সেটা চোখ মেলে ত্রিপুরার চারিদিকে চাইলেই দেখতে পারব। শিক্ষা ক্ষেত্রে প্রাক পরিকল্পনার সময় হাইস্কুল ছিল মাত্র ২৪টি বর্তমানে তা হাই ও হায়ার সেকেণ্ডারী নিয়ে দাঁড়িয়েছে প্রায় ২০০। প্রাথমিক স্কুল আগে খুবই কম ছিল তা এখনে হয়েছে ১৩০.। ডিগ্রী কোর্সে আমরা কলেজ পেয়েছি ৫টি. সরকারী ও বেসরকারী মিলিয়ে। এই ক্ষুদ্র রাজ্যের নানা প্রকার অসুবিধার কথা চিন্তা করলে এই সব দিক দিয়ে আমরা যথেষ্ট উন্নতি করেছি। সে বিষয়ে সন্দেহ নাই। পূর্বে যেখানে ১০ হাজার টন খাদ্য উৎপাদন হত এখন আমরা করছি ৩ হাজার মেট্রিক টন। ৪র্থ পরিকল্পনায় খাদ্যোৎপাদন আরো বাড়াবার scheme আছে এবং আগামী বৎসরে ৭ হাজার টন খাদ্য উৎপাদন বাড়ানোর পরিকল্পনাও আছে। গত আর্থিক বৎসরেও আমরা ৭ হাজার টন অধিক খাদ্য ফলন হয়েছে সরকার থেকে আমরা কৃষক ভাইদের সার, বীজ, কীটনাশক ঔষধ

ও অন্যান্য বৈজ্ঞানিক জিনিষ পত্রাদি সাহায্য করেছি এবং ভবিষতেও এই রকম সাহায্য দ্বারা আরো অধিক খাদ্য উৎপাদন করা সম্ভব হবে বলে আমরা আশা রাখছি। তার সঙ্গে lifting Irrigation ও অন্যান্য Schemeএর সাহায্যে নানারকম সেচের ব্যবস্থা করার পরিকল্পনা আমাদের আগামী আর্থিক বৎসরের জন্য আছে। তা দ্বারা খাদ্যের সমস্যার সমাধানে আরেক ধাপ এগুতে পারব বলে আশা রাখি। খাদ্যের সুষম বন্টনের জন্য Levy প্রথা যা চালু করা হয়েছে তার সমালোচনা মাননীয় শ্রী অঘোর দেববর্ম্মা করেছেন। খাদ্যের সুষম বন্টনের জন্যই Levyর মাধ্যমে যাদের উদ্বৃত্ত খাদ্য আছে তা এনে যারা খাদ্যোৎপাদন করেন না এবং যে সব ঘাটতি অঞ্চল আছে সেখানে সুষম বন্টন করা হয়। সেই ব্যবস্থাকে বানচাল করার জন্য বিরোধীপক্ষ চেষ্টা করছে। তেলিয়ামুড়া, খোয়াই প্রভৃতি অঞ্চলে যখন সরকার পক্ষ থেকে ধান, চাউল সংগ্রহের জন্য গিয়েছেন তখন দলবদ্ধভাবে তারা বাধা দিয়েছেন। এই বিরোধীরাই রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে সরকারের খাদ্য সংগ্রহে বাধা দিচ্ছে। এটা খুব সত্য হয়ে গেছে। কেননা তারা জানে, যদি আজকে খাদ্যের অভাব সৃষ্টি করা যায়, তবে মানুষের মধ্যে খাদ্যাভাব জনিত কারণে একটা অশান্তির সৃষ্টি করা যাবে। এভাবে তারা সরকারের আইন শৃঙ্খলাকে বানচাল করে দিতে পারলেই তাদের লাভ। তাই আমি আশা করব ত্রিপুরা রাজ্যে দলগত যতই বৈষম্য থাকুক না কেন, অন্ততঃ মানুষের খাদ্যের ব্যাপারে রাজনীতি করা মানবতা বিরোধী। এদিকে লক্ষ্য রেখেই আমরা আমাদের রাজ্য সম্পর্কে আলোচনা করব আমরা দল করব, রাজনীতি করব, কিন্তু মানুষ যাতে খাওয়া পরার কষ্ট না পায়, এবং এই অভাব দূর করার জন্য যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তা যাতে সফলতার সংগে রূপায়ণের জন্য মানবিক দৃষ্টি কোন থেকে বিচার বিবেচনা করে সকলের সহযোগীতা ও সক্রিয় চেষ্টা থাকা বাঞ্ছনীয় বলে আমি মনে করি।

আমাদের আর একটা জিনিষ লক্ষ্য করার ব্যাপার যে এই ত্রিপুরা রাজ্য শুধু মাত্র খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হলে চলবে না। আমাদের জীবনের সর্ব্বাঙ্গীন উন্নতির জন্য অর্থনৈতিক ও বৈষয়িক বিপ্লবের সফল রূপায়ণের জন্য এখানে নানাবিধ শিল্প গড়ে তোলার দরকার ও অপরিহার্য্য। আর এই শিল্প গড়ে তোলার জন্য যে জিনিষ অপরিহার্য্য তা হচ্ছে agricultural forest products এর উপর নির্ভর করে তা সম্ভব। তাছাড়া যোগাযোগের অসুবিধার জন্য এই শিল্পের প্রয়োজনীয় ভারী ভারী যন্ত্রপাতি আনা এবং এখানকার products বাহিরের বাজারে নিয়ে লাভজনকভাবে বেচাকেনা করা সম্ভব নয়। এই সব কারণে এখানে ভারী শিল্প গড়ে তোলা মোটেই সম্ভবপর নয়। কাজেই আমরা ক্ষুদ্র শিল্প বা কুটির শিল্পের প্রতি নজর দিয়ে আসছি গত প্রথম দ্বিতীয় ও তৃতীয় পরিকল্পনার মাধ্যমে। এই কারণেই আমাদের forestকে রক্ষা করে forest products বাড়াতে হবে। নতুবা এইসব শিল্পের উন্নয়ন কোন মতেই হবে না শিল্পোন্নয়ন সম্ভব না হলে আমাদের স্কুল কলেজের যে সব ছাত্রছাত্রী শিক্ষালাভ করছে তাদের চাকুরীর ব্যবস্থা করতে

পারব না। শুধু সরকারের উপর নির্ভর করে সেটা সম্ভব নয়। শিল্পের উন্নয়ন করে আমাদের অর্থনৈতিক বুনিয়াদকে সুদৃঢ় করতে হবে। আমরা পত্রপত্রিকার মারফতে লক্ষ্য করছি যে সমাজদ্রোহীরা আমাদের মূল্যবান Productকে নষ্ট করছে। কাজেই সমাজদ্রোহীদের আরো কঠোর হস্তে দমন করে এইসব ধ্বংসাত্মক কার্য্য বন্ধ করতে হবে। সরকার ছোট শিল্পে বিদ্যুৎ সরবরাহের জন্য আগামী এক বৎসরের মধ্যে আসাম থেকে বিদ্যুৎ আনার চুক্তি করেছেন এবং আরো অধিক পরিমাণ বিদ্যুৎ পাওয়ার জন্য ডুম্বুর hydro Electric Project এ কাজ করা হচ্ছে। সেই Projectএর কাজ চলছে। এ সব সম্পূর্ণ হলে ত্রিপুরার জনসাধারণকে সস্তা দরে বিদ্যুৎ সরবরাহ করা যাবে এবং নূতননগর থেকে উদয়পুর পর্য্যন্ত ছোট ছোট জলাধারে আবদ্ধ করা প্রয়োজনীয় জল প্রায় ২০ হাজার একর জমিতে দেওয়া সম্ভবপর হবে। কাজেই শিল্প ও কৃষি এই দুই দিকের উন্নতির জন্যই বিদ্যুতের প্রয়োজন মেটাবার চেষ্টা চলছে। খাদ্যে আমাদের যে পরনির্ভরতা করতে হয় এই লজ্জাস্কর পরিস্থিতির হাত থেকে যাতে আমরা রেহাই পাই তার জন্য সরকার সর্বদাই সচেতন। যে সমস্ত কাজ রূপায়ণে আমাদের সরকারী কর্মচারীদের উপর নির্ভর করতে হয়—এই সম্পর্কে আমাদের জনসাধারণের সহযোগিতা গ্রহণ করা দরকার। Tube well অনেক সময় অকেজো হয়ে পড়ে থাকে এই সম্পর্কে কয়েকজন সদস্য বলেছেন কিন্তু আমরা দেখি যে সরকার একটি Tube well দিলে পরে তাকে দরদ দিয়ে ব্যবহার না করে যথেচ্ছ ভাবে ব্যবহার করা হয়। এ সমস্ত কাজ Guardian বা দেখেও ছেলেদের ঐসব কাজ হতে বিরত থাকতে বলেন না। সেইটা ও Tube well অকেজো হয়ে পড়ে থাকার জন্য অনেকাংশে দায়ী। কাজেই জনসাধারণ যাতে তাদের নাগরিকবোধ শৃঙ্খলাভাবে পালন করেন এটাতে দেখা দরকার। বাজেট বক্তৃতায় মাননীয় সদস্য শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত মহাশয় Animal Husbandry Budgetএ টাকা কম ধরা হয়েছে বলে বলেছেন। তার কারণ হল গত বৎসর Cattle Censusএর জন্য কতকগুলি Additional লোক নেওয়া হয়েছিল, এ বৎসর সেই কাজ আর নেই। এই Census প্রতি ৫ বৎসর অন্তর একবার করা হয়। গত বৎসর সেই ৫ বৎসরের মধ্যে পড়েছিল। গত বৎসর সেই Census টা করার জন্য অতিরিক্ত কিছু কর্মী নিয়োগ করা হয়েছিল কিছু সময়ের জন্য এবং Census এর কাজের জন্য কিছু টাকা বেশী খরচ করা হয়েছিল। গত বাজেটে Census Preparation এর জন্য বেশী টাকা লেগেছিল, এবছর সেই কাজ সমাধা হয়ে যাওয়ার দরুণ বেশী টাকা ধরা হয়নি। আমার মনে হয় যে সমস্ত বিষয়ে বিভিন্ন সদস্যরা প্রশ্ন উত্থাপন করেছেন মাননীয় অর্থমন্ত্রী সেগুলির যথাযথ উত্তরদানে সদস্যদের সুখী করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Now I Call on Hon'ble Finance Minister Krishnadas Bhattacharjee

Shri Krisnadas Bhattacharjee (Finance Minister) মাননীয় অধ্যক্ষ মহোদয় বাজেটের সাধারণ যে আলোচনা সেটা শেষ করার আগে অর্থ মন্ত্রী হিসাবে এই হাউসে যে

আলোচনা হয়েছে তার উত্তর আমাকে দিতে হচ্ছে। সর্ব প্রথমেই আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে সমস্ত সদস্যদের আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। তাঁরা এই বাজেটে অনেক গঠনমুলক আলোচনা করেছেন এবং তাদের আরো অভিনন্দন জানাচ্ছি এই জন্য। বর্তমান আর্থিক বৎসর অর্থাৎ 31st March যেটা শেষ হতে যাচ্ছে এই আর্থিক বৎসর আমাদের একটা দুর্দিন গিয়েছে। ঐসময়ে তারা যে সহযোগিতা সহকারে সরকারের সাহায্য করেছেন তার জন্য আমি তাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তবে আমাদের দুর্দিন এখনও শেষ হয়নি এ বিষয়ে মাননীয় সদস্যরা হয়ত সকলেই ওয়াকিবহাল আছেন। কারণ এখনও আমাদের খাদ্য সমস্যার সমাধান মোটেই হয়নি। এখনও চাউলের দর বাড়ছে। কেন্দ্রীয় সরকার থেকে আমাদের যে পরিমাণ খাদ্য শস্য দেওয়ার কথা তা দিচ্ছেনা। সুতরাং আমাদের আরো সতর্কতা অবলম্বন করতে হবে। কি করে সেই সমস্যা থেকে উদ্ধার পাওয়া যায়, সেই উপায় উদ্ভাবন করতে হবে। আজকে পর্য্যন্ত বাজেটের যে আলোচনা হয়েছে তার মধ্যে মাননীয় সদস্য শ্রীযুক্ত উপেন্দ্র কুমার রায় মহাশয় একটা কথা বলেছেন যে এই বাজেট মোটামুটি ভাবে সমর্থনযোগ্য যে বাজেটটি President of India কর্তৃক approved হয়ে এসেছে এবং তারপরে এ Assembly-তে lay করা হয়েছে এবং তার উপরই আলোচনা করা হচ্ছে। এই বাজেটকে এদিক ওদিক করার কোন ক্ষমতা এই হাউসের নেই, এটা ঠিক কথা। তবে এতদিন ধরে আমরা যে আলোচনা করছি এটা নিরর্থক নয়, তারও একটা স্বার্থকতা রয়েছে। কারণ এই বাজেটের একটা detailed break-up আছে সেটা আমাদের এখান থেকেই তৈয়ারী করা হয়। কেন্দ্রীয় সরকার শুধু মাত্র একটা approval দিয়ে থাকেন। আমরা এখান থেকেই বাজেটের detailed break-upটা পাঠাই। এবং সেই detailed breakupটা কার্য্যকরী করার দায়ীত্ব আমাদেরই সুতরাং এই আলোচনার মাধ্যমে যে গঠনমূলক suggestion পেয়েছি সেটা কার্য্যকরী আমরা করতে পারব। শুধু তাই নয় এই বাজেটের detailed breakupকে এদিক, ওদিক করার ক্ষমতা যে আমাদের নেই তা ঠিক নয়, এই সরকারের আছে Ultimately Govt. of India থেকে আপনাদের অনুমোদন আনতে হয় যেটা বা আমি গত বৎসর এমন সময়েই পেশ করেছিলাম সেই বাজেট ব্যয় বরাদ্দের বাইরে আবার এমন কাজ বাজেটে ধরা আছে যা আমরা করিনি। যেমন Relief—তাতে আমরা total sum ধরেছিলাম ৫ হাজার টাকা। কিন্তু আমরা ব্যয় করেছি প্রায় ৭ লক্ষ টাকা। কারণ এটা আমাদের করার প্রয়োজনীতা হয়েছিল। তবে আমাদেয় বাজেটের tight corner এর মধ্যে থাকতে হয় তা হয় তবে বাজেটের যে মোট টাকা তার মধ্যে আমাদের কিছুটা থাকতে হয়, over all সেটা সব State কেই থাকতে হয়। কারণ taxation বার বার করা হয় না। অন্যান্য state ও তাদের আয়ের মধ্যে এদিক ওদিক করে। আমরা ও যে grantটা আসে তাতে এদিক ওদিক করতে পারি। কারণ আমাদের অনেক কাজ যেগুলোর বাজেটে উপযুক্ত ব্যয়

বরাদ্দ ধরা হয় নি সেগুলো আমরা করেছি। শুধু এই যে বাজেট তার সীমার মধ্যে যে আমরা করতে পারি তা নয়। আমরা বাহিরেও করতে পারি এই ক্ষমতাও আমাদের আছে। কিন্তু সেটার পরে আমাদের অনুমোদন আনতে হয়। যেমন যদি দেখা যায় কতগুলো কাজ আমাদের করার প্রয়োজন যা বাজেটের ব্যয় বরাদ্দের মধ্যে পড়ে না, সেই অবস্থায় আমরা Supplementary Budget করে টাকা আনি। গত বৎসর আমরা যে বাজেট করেছিলাম Supplementary বাজেটে তার জন্য অতিরিক্ত ২ কোটি টাকা বেশী ধরেছি। বাজেটে যে টাকা ধরা হয়েছিল তাতে সঙ্কুলান না হওয়াতে আরও কয়েকটি খাতে অতিরিক্ত টাকা খরচ করাতে অতিরিক্ত খরচ হয়ে যায় এবং সেই অতিরিক্ত খরচটা ২ কোটি টাকা এবং সেই দুই কোটি টাকা আমরা মঞ্জুর করে এনেছি। সুতরাং আজকের যে আলোচনাটা এখানে হচ্ছে তার সার্থকতা রয়েছে সেইদিক থেকে যদি আমি মনে করি মাননীয় সদস্যদের গঠনমূলক কাজের যে suggession সেটা আমি কার্যে পরিণত করতে পারি। সেই ক্ষমতা আমার আছে, সেটার আবার approval নিতে হবে supplementary estimate এর সময়। Revised Budget এর সময় নিতে হবে এবং সেটা করতে হলে অন্য খাত থেকে savings এনে করতে পারি বা supplementary Demandএ Govt. of India থেকে টাকা এনে সেটা করতে পারি। সেই দিক থেকে আমার মনে হয় আলোচনায় সার্থকতা যথেষ্ট রয়েছে। আমি নিশ্চয়ই দেখব তাদের এই suggession কতটুকু কার্য্যকরী করা যায়। এই বাজেটের মধ্যে অদল বদল করে এই টাকার মধ্যে যদি সম্ভব হয় তবে তো হলোই, যদি না হয় supplementary Demand করে Govt. of India থেকে টাকা এনে করতে পারি সেই চেষ্টা আমরা অবশ্যই করব। বিরোধীদলের মাননীয় শ্রীঅঘোর দেববর্ম্মা মহাশয় তিনি এই বাজেট বক্তৃতায় একমাত্র বিরোধী-দলের সদস্য। কিন্তু তার আলোচনাটি একেবারে গতানুগতিক হয়েছে, যে ধরণের আলোচনা আমরা সেই আঞ্চলিক পরিষদের আমল থেকে শুনে আসছি। ঠিক সেই ধরণের আলোচনা আজকেও মাননীয় সদস্যের মুখ থেকে বের হচ্ছে, এর কোন অদল বদল কিছুই নেই। প্রত্যেক বাজেট বক্তৃতার সময়ে তাদের মুখ থেকে শুনে আসছি "এই বাজেট un-realistic budget. মাথাভারী বাজেট, ত্রিপুরার জনজীবনের সঙ্গে এটার কোন সম্পর্ক নাই" ইত্যাদি। কিন্তু এই বাজেট ত্রিপুরার জনজীবনের উন্নতির দিকে লক্ষ্য রেখে করা হয়নি এটা তিনি কি করে বললেন আমি বুঝতে পারছি না। যাক সেই সম্বন্ধে আলোচনা আমি পরে করব। তিনি বলছেন মাথাভারী শাসন। সেটা unreasonable বলে আমি মনে করি না। কারণ একটু মাথাভারী ত্রিপুরার শাসন হবেই। যখন একটা District এর মধ্যে আমরা একটা State চাচ্ছি, almost একটা state আমরা চালাচ্ছি। সুতরাং একটা মাথাভারী শাসন হবেই। মাথাভারী শাসন হতো না যদি এটা একটা District এর মধ্যে শুধু সীমাবদ্ধ না থাকত। যখন আমরা একটা full state পাইনি, state এর মত একটা set up করতে হয়েছে, সেই হেতু আমাদের একটু overall expenditure বেশী হবেই।

এটা avoid করার উপায় নেই। এটা গণতান্ত্রিক পদ্ধতিতে হওয়া স্বাভাবিক। কিন্তু সেটা খুব unreasonable বলে আমি মনে করি না। যেটুকু প্রয়োজন সেটুকুই করা হচ্ছে। তিনি বলেছেন যে কৃষক, মধ্যবিত্ত, শ্রমিক এদের দিকে লক্ষ্য রেখে এই বাজেট করা হয়নি। কিন্তু দুঃখের বিষয় তিনি এটা দেখতে পাননি যে ত্রিপুরার বাজেটে কৃষক, মধ্যবিত্ত, শ্রমিক জুমিয়াদের জন্য যে Provision রাখা হয়েছে, যে সাহায্যের ব্যবস্থা রাখা হয়েছে, loan এর ব্যবস্থা রাখা হয়েছে অনেক state এর বাজেটে এই provision এ এত টাকা রাখা হয় না। এখানে যে লোকসংখ্যা, কৃষক বা শ্রমজীবি, মধ্যবিত্ত সেই proportion এ তাদের মঙ্গলের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে খুব কম state আছে যেখানে এ proportion এ ব্যয় বরাদ্দ ধরা হয় না। ত্রিপুরা রাজ্যে কৃষক, শ্রমিক মধ্যবিত্তের মধ্যে আমার মনে হয় বেশীর ভাগই হল sch. caste এবং sch. tribes এবং তাদের উন্নতির জন্য প্রচুর টাকা বরাদ্দ করা হয়েছে। Normal budget এর expenditure ছাড়া তাদের জন্য special provision করা হয়েছে ১ কোটি ৫১ লক্ষ টাকা।

আমার যে explanatory note আছে তাতে তার কিছুটা দেওয়া হয়েছে। যেহেতু এই ১ কোটি ৫১ লক্ষ টাকা বিভিন্ন দিকে ছড়িয়ে রয়েছে, কিছুটা memorandum explanatory of the budget page 87 এ সেটার কিছুটা দেওয়া হয়েছে। সেখানে দেখতে পাবেন তাদের যে শিক্ষা, colonisation জুমিয়া settlement, acquisition of land, settlement of landless, training cum production centre, stipends এবং নানা রকম খাতে যথেষ্ট টাকা রাখা হয়েছে এবং জুমিয়া settlement এর কাজ বেশ ভালই ভাবেই চলছে সুতরাং এটা তাদের দিকে লক্ষ্য রেখে করা হয়নি আমি সেটা স্বীকার করবো না। বরং আমাদের এই বাজেটে অন্যান্য state এর বাজেটের থেকে বেশী লক্ষ্য দেওয়া হচ্ছে, এটা স্বীকার করতেই হবে।

মাননীয় সদস্য অঘোর দেববর্মা বলেছেন যে food সম্বন্ধে যে statistics দেওয়া হয় তা ঠিক নয়। তা ভুল দেওয়া হয়েছে। তা মোটেই ভুল নয়। statistics একটা estimate এর উপর করা হয়। তাহলেও আমাদের statistics যতটুকু সম্ভব correct।

কারণ আমাদের যে total production, rice production সেটা দেখানো হয়েছে 2 lakhs 2 thousand 6 hundred metric ton. আর আমাদের population basisএ যে requirement তা হচ্ছে ২ লক্ষ ৫৭ হাজার ১ শত ৭৫ মেট্রিক টন। আমাদের ঘাটতি হয় ৫৪ হাজার ৫ শত ৭৫ মেট্রিক টন এবং এই deficit এর জন্যই আমরা সরকারের কাছে demand দেই। কেন্দ্রীয় সরকার আমাদের সবটা deficit supply করতে পারে না। যদি সবটাই deficit supply করতে পারতেন তাহলে এই সমস্যা থাকবে না। supply করতে পারেন না বলেই আমাদের এখানে চাউলের দরটা বেড়ে যায়, অনেক সময় পাওয়া যায় না, এই অবস্থা। যেমন আমাদের deficit যা ৫৪ হাজার মেট্রিক টন সেখানে আমার কেন্দ্রীয় সরকারের নিকট হতে পেয়েছিলাম ২৯,০০০ মেট্রিক টন। সুতরাং এই যে gap, তা না

পাওয়ার জন্যই আমাদের এখানে চাউলের দর বাড়ে এবং আমাদের চলতে একটু কষ্ট হয়।

কিন্তু figure মোটামুটি ঠিকই আছে। তাহা কমও দেখান হয়নি আর ফাঁকিয়েও দেখান হয়নি। সেই দিক থেকে figure যা দেখান হয়েছে তা ঠিকই আছে। মাননীয় শ্রীদেববর্মা মহাশয় বলেছেন যে এই যে levyর ধান দেওয়া হয় না তার জন্য কোন রাজনৈতিক দল দায়ী নন, কিন্তু এটা আজ সকলেই জানেন যে পাহাড় এলেকায় যে ধান দেওয়া হচ্ছে না তার সঙ্গে কোন একটি রাজনৈতিক দল জড়িত। প্রাণ দেব তবুও ধান দেব না এই যে শ্লোগান আজকে বলা হয় এইটা কোন একটী রাজনৈতিক দলের প্ররোচনাই করা হচ্ছে এবং এ সম্পর্কে সরকারের হাতে বহু প্রমাণ আছে।

পশুপালন সম্বন্ধে তিনি বলেছেন যে পশু হাসপাতাল হচ্ছে না। আমি জানাচ্ছি যে পশু হাসপাতাল তৈরী হয়ে গেছে শুধু ইলেকট্রিফিকেসনের কাজ বাকী আছে। ২।৩ মাসের মধ্যেই তা চালু হবে।

গো-মড়ক ত্রিপুরায় এখন অনেক কমে গেছে। গরুর Mortality খুবই negligible। Dairy সম্বন্ধে উনি বলেছেন যে আগে যে দুধ সরবরাহ করা হত এখন আর সেই দুধ নেই। তা সত্যি নয়, যেটা whole milk তাতে 37% fat থাকে, মাননীয় সদস্যের কোন সন্দেহ থাকলে উনি তাহা পরীক্ষা করে নিতে পারেন। দুধ আগের মত এখনও contractor এর মারফতে কেনা হয়।

আগে supply centre থেকে সরকারী গাড়ী করে দুধ আনা হত। এখন supplier নিজে এখানে delivery দেন এবং তা পরীক্ষা করে নেওয়া হয় এবং তার জন্য বেশী পয়সা দিতে হয়।

G. B. Hospitalএ Seatএর সংখ্যা কম বলেছেন। এখানে আরো একটি building তৈরী করা হচ্ছে এবং আরো অধিক পরিমাণে শয্যা থাকবে। শিক্ষা সম্বন্ধে বলেছেন যে অনেক জায়গায় হাই স্কুল হয়নি। হাই স্কুল সব জায়গায় করা সম্ভব নয়। প্রতি plan বৎসরে ৫টি করে হাই স্কুল দিবার provision আছে এবং তা প্রয়োজন বোধে জায়গা বেছে দেওয়া হচ্ছে। তিনি সিপাহিজলা ও জম্পুইজলাতে হাইস্কুল নাই বলে বলেছেন—তার অর্থ এই নয় যে সেখানে আমরা হাইস্কুল দিয়াছি যেখানে স্কুলের প্রয়োজন নাই। জম্পুই জলা স্কুল দেবার বিষয় পরীক্ষা করে দেখা হচ্ছে। Admission সম্পর্কে তিনি কতকগুলি অভিযোগ করেছেন। আমরা যেখানেই Admissionএর অসুবিধার সংবাদ শুনেছি সেখানেই একটা সুব্যস্থা করে দিয়েছি। আগরতলায় কোন ছেলে ভর্তি হতে পারেনি তা আমি Challange করে বলতে পারি এমন একটি Caseও উনি দেখতে পারবেন না। কতকগুলি ছেলে যারা ভর্ত্তি হতে পারেনি তাদেরে আমি বলেছি যে তোমরা গিয়ে শিক্ষা বিভাগে নাম লিখিয়ে আস। তারপর বিভিন্ন স্কুলের অবস্থা দেখে ঐ সব ছেলেদের ভর্ত্তি করার ব্যবস্থা করা হয়। টাকা দিলে ভর্ত্তি করা হয় এই যে একটা জঘন্য অভিযোগ উনি উত্থাপন করেছেন তার মুলে কোন সত্যতা নাই। তিনি এমন একটিও specific case দেখাতে পারেননি। এই রকম একটা কুৎসিত

মন্তব্য শিক্ষক সমাজের উপর করা উনার মত জনপ্রতিনিধির উচিৎ হয়নি। অজয় কুমার কর নামে একজন Asstt. teacher Hindi Trainingএ গিয়েছিলেন, তিনি Training fail করায় নিজের খরচে পাশ করার জন্য বলা হয়েছিল। তার যে ছুটি পাওনা ছিল তা শেষ হয়ে যায় এবং তিনি অনুপস্থিত থাকার দরুণ তার চাকুরী শেষ হয়ে যায়। সুতরাং এ কাজ আইনগত ভাবেই হয়েছে, এজন্য মাননীয় সদস্যের দুঃখ করে কোন লাভ নেই। জিরানিয়া এলেকায়—বীরেন্দ্রনগরের Social Education Centreএর মীরা চক্রবর্ত্তী তাকে রাত্রিবেলায় night guardএর কাজ করানো হয়েছে বলে যে অভিযোগ করেছেন এটা সম্পূর্ণ ভিত্তিহীন। সন্ধ্যার সময় গ্রামের মেয়েরা Adult Literacy Centreএ পড়তে আসে তখন তারা বাড়ীতে তাদের ছেলেমেয়েরা কেমন আছে এজন্য একটা অস্থিরতা বোধ করত। সেখানে যে ২ জন social worker ছিল তাদের পড়াবার মত যোগ্যতা নাই, তখন তাদের বলা হয় যে তোমরা একটু ঘুরে দেখে আস বাড়ীতে ছেলেমেয়েরা ঠিক আছে কিনা। এটা তার একটা Duty, তার duty করার জন্যই বলা হইয়াছিল, এতে তিনি অপমান বোধ করেন। যখন দেখানো হয় যে এটা তার duty তখন সে ঐ অভিযোগ প্রত্যাহার করে নেয়। জমি দখল নেওয়ার জন্য Social Education workerদের লাগিয়ে দেওয়া হয় তা সত্যি নয়। Horticultureএর জন্য সরকারী খাসের জায়গা শিক্ষা বিভাগকে দেওয়া হয় এবং Settlement এর আমিন গিয়ে ঐ জায়গা দেখিইয়ে দেয় এবং তখন Social workerরা জঙ্গল পরিস্কার করে। কাজেই সরকার থেকে জায়গা দেখিয়ে দিবার পড়ই সেখানে তারা গিয়েছে জোড় করে যাবার কোন প্রশ্নই উঠে না। এবং এই Land সম্বন্ধে কোন Dispute আছে বলেও Education Depttএর জানা নেই।

Industry সমন্ধে উনি বলেছেন যে কাপড়ের production কমে গেছে কিন্তু তা কমেনি। 1965-66এ ছিল production 6·97 lakhs আর 1966-67 হয়েছে 7·48 lakhs. কাজেই Hand loom এর production কমেনি তা বেড়েছে। তেলিয়ামুড়া Training cum production Centreএ Mismanagement হচ্ছে বলে উনি বলেছেন। সেটা সম্বন্ধে যথাযথ ব্যবস্থা already নেওয়া হয়েছে। সেখানে production centre এর chargeএ যে লোকটী ছিল বিভিন্ন Govt. Instituteএ furniture supply করে সরকারী হিসাবে তার টাকা জমা দেয় নি, প্রায় আড়াই হাজার টাকার মত। এটা ধরার পর সে ঐ টাকা দিয়ে দিচ্ছে। একে Mismanagement বললে তার ব্যবস্থা আমরা করব; যে দোষী তার সাজা পেতে হবে। সকলই যে সৎলোক এমনও নয়।

Engineer S. K. Bhattacharjyaর জন্য উনি খুব অশ্রু বিসর্জ্জন করেছেন তার প্রতি নাকি অবিচার করা হয়েছে। Eng. S. K. Bhattacharjyaকে Promotion না দিয়ে A. K. Palকে কেন promotion দেওয়া হয়, এ সম্বন্ধে উনি খুব কুৎসিত মন্তব্য করেছেন, যাহা করা উচিত হয়নি। উনি অভিযোগ করেছেন যে water worksএ কাজ করার সময় নাকি উনি অনেক দোষত্রুটী করেছেন এবং ট্রাকে ট্রাকে

water worksএর pipe কলিকাতা চালান দিয়েছেন। এসব কথা একেবারে ভিত্তিহীন ও অসত্য। আপনারা দেখেছেন যে জলের pipe কলিকাতায়ও ফাটে, জলের presureএর জন্য এ রকম ঘটনা ঘটে, সর্বত্রই এরকম হয়। এই সব ঘটনার জন্য একটী লোককে এইভাবে অভিযুক্ত করা উচিত নয়। S. K. Bhattacharjyaর ব্যাপারটা এখন Courtএর বিচারাধীন, এ সম্বন্ধে আমি কিছু বলতে চাই না, কারণ তাহলে Contempt of Court হয়ে যাবে। A. K. Palকে যে promotion দেওয়া হয়েছে তা according to Rules & Procedure দেওয়া হয়েছে। এ সম্পর্কে আমি আর বেশী বলতে চাই না।

Irrigation এর scheme সবই failure হয়েছে বলে যে বলেছেন তা ঠিক নয়। কোন কোন ক্ষেত্রে কিছুটা failure হয়েছে। আমাদের চাষীরা সব সময় বৃষ্টির জন্য আকাশের দিকে নির্ভব করে আসছে যাহা নাকি অন্যান্য দেশে দেখতে পাওয়া যায় না। পশ্চিম দেশে যেমন অন্ধ্র, মাদ্রাজ ইত্যাদি দেশে তারা জলটাকে সোনার মত দেখে। জলটাকে তারা যেভাবে খাল কেটে নেয় সেটা দেখবার মত জিনিষ। কারণ ঐদিকে বেশী বৃষ্টি হয় না। আমাদের দেশে বেশী বৃষ্টি হয় কাজেই Bund থেকে খাল কেটে জল নেওয়াটা তারা ঠিক ঠিক ভাবে জানে না। তবে এ কাজে তারা অভ্যস্থ হয়েছে। যদিও একটু সময় সাপেক্ষ। আমাদের সংস্কার ও দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করতেও যথেষ্ট সময় লাগে।

Cooperation সম্পর্কে গণ অভিযানের কয়েকটি Report উনি পড়ে শুনিয়েছেন কিন্তু তার মধ্যে অনেক খবরই ভিত্তিহীন। ঔষধ সম্বন্ধে সেখানে লেখা হয়েছিল যে ২০ হাজার টাকার ঔষধের নাকি Date of use expired হয়ে গেছে কিন্তু তা সত্যি নয়—১১ শত টাকাব ঔষধের date expired হয়ে গেছে এবং সে গুলি বদলাইয়া দিবার জন্য লিখা হয়েছে। Tripura Whole Sale Consumers Co-operative Soctietyর mismanagement হচ্ছে। এটা ঠিক নয়। এখন বেশ Profit করছে। লোকসান মোটেই হচ্ছে না। Appex marketingর Juteএ-Price support সম্বন্ধে আমাদের একটি Scheme আছে। এ সম্পর্কে মাননীয় সদস্যরা বলেছেন। State Trading Corporation of India Jute কেনে এবং কৃষকদের Price support দিবার জন্য একটা minimum Price fix করে দেওয়া হয়। যাতে ঐ দামের কমে কেহ পাট বিক্রী না করেন। আগরতলা রেডিও কেন্দ্র এবং কলিকাতা কেন্দ্র হইতে ত্রিপুরী প্রোগ্রামেও এই সম্পর্কে এবং পত্র পত্রিকায় বিজ্ঞাপন মারফৎ সকলকে অবহিত করা হয়। ত্রিপুরাতে Appex marketing ও Primary marketing এর মাধ্যমে Jute কেনে। যদি কোন জায়গায় Price support দিয়ে পাট বিক্রীর স্ুবিধা না থাকে মাননীয় সদস্যরা যদি তা জানান তাহলে যথোপযুক্ত ব্যবস্থা আমরা গ্রহণ করব। Appex marketing Cooperative Societyতে ২ লক্ষ টাকা লস হয়েছে বলে যে অভিযোগ করেছেন সেটা ঠিক নয়। তবে গত দুই বৎসর যাবত সদস্যদের মধ্যে মত বিরোধ ও মামলা মোকদ্দমা হওয়ার দরুণ mismanagement দেখা দিয়েছে তবে দু লক্ষ টাকা loss হয়েছে একথা ঠিক নয়।

বন সম্বন্ধে বলতে গিয়ে বলেছেন যে বনের অত্যাচারে ত্রিপুরাবাসীরা উত্যক্ত হয়ে পড়েছেন। মোতাই বা সুবলসিংএ যেসব ঘটনা ঘটেছে সে সম্বন্ধে মাননীয় সদস্যরা নিশ্চয়ই অবগত আছেন। মোতাই অঞ্চলে প্রায় ১১ একর বাগান পুড়িয়ে দিয়েছে এবং একজন ফরেষ্ট গার্ডকে তারা আটকিয়ে রেখেছিল। তখন B.S.F সেখানে যায় এবং তাদের গুলি বর্ষণে একজন মহিলা নিহত হয়। সুবলসিং এ কেউ নিহত হয়নি। সুবলসিংএ গুলি চলেনি। সেখানে তারা আমাদের তিনজন ফরেষ্ট গার্ডকে চুরি করে নিয়ে যায়। দু জনকে তারা ছেড়ে দেয় এবং বাকী একজনকে পুলিশ গিয়ে উদ্ধার করেছে।

পঞ্চায়েত সম্বন্ধে মানানীয় সদস্য বলেছেন যে এটা একটা প্রহসন চলছে। পঞ্চায়েতের হাতে কোন ক্ষমতা দেওয়া হয়নি। সেটা ঠিক নয়। তাদের হাতে কিছু কিছু ক্ষমতা দেওয়া হয়েছে। কয়েকটি পঞ্চায়েতকে কিছু কিছু ডেভেলাপমেন্ট ওয়ার্ক করার ক্ষমতা দেওয়া হয়েছে। এবং ক্রমশঃ লোক্যাল ডেভেলাপমেন্ট ওয়ার্কগুলি সম্পূর্ণভাবে তাদের হাতে ছেড়ে দেওয়া হবে। সেটা আগামী বৎসরের মধ্যেই দেওয়া হবে।

রাখেশ চন্দ্র দত্ত, তার সম্বন্ধে বলা হয়েছে যে তাকে চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে। তিনি পঞ্চায়েতের একজন সেক্রেটারী। তার বয়স তিনি ৩০ বৎসর লিখেছেন। কিন্তু খোঁজ করে দেখা গেল তার বয়স পঞ্চাশ। চাকুরী দেওয়ার মিনিমাম age এই হল ৩০ বৎসর। আর ট্রাইবেল বা সিডিউলড্ কাষ্ট এর বেলায় ৩৫ বৎসর। কাজেই রাখেশ চন্দ্র দত্তকে ৫০ বৎসর বয়সে চাকুরী দেওয়া সম্ভব নয়।

পরিবহন সম্বন্ধে ট্রান্সপোর্ট কর্পোরেশনের কথা বলা হয়েছে। ধীরে ধীরে হচ্ছে সেটা। কারণ ট্রেনস্‌পোর্ট এর উপর বহু পরিবার নির্ভরশীল Employment এর scope ও সেখানে বেশী। ত্রিপুরাতে যখন শিল্প নেই বা অন্যান্য বিজনেস অর্গানাইজেশন নেই তখন এই পরিবহন ব্যবস্থাপনায় অনেকের চাকুরী হচ্ছে। এমতাবস্থায় private management থেকে ট্রেন্সপোর্ট সরকার নিয়ে নিলে পর অনেক লোক বেকার হয়ে পড়বে। Side by side একটা transport Corporation চালানোর কথা সরকার পরীক্ষা নিরিক্ষা করে দেখছেন।

নগর সমষ্টি উন্নয়ন সম্বন্ধে বলতে গিয়ে মাননীয় সদস্য অঘোর বাবু রাস্তার ধারে ময়লার ড্রাম রাখা হয় বলে গালে হাত দিয়েছেন। তবে যতদিন পর্য্যন্ত আমাদের underground সুইস না হয় ততদিন পর্য্যন্ত কোথাও না কোথাও ওগুলো আমাদের রাখতে হবে। আমাদের যে দোষ সেটা মাননীয় সদস্য দেখতে পান না। আমাদের বাড়ীতে মরা কুকুর, বিড়াল ইত্যাদি আমরা সোজা রাস্তার ধারে রাখা সেই আবর্জ্জনার ড্রামের ভিতর ফেলে দিয়ে আসি। দু এক টাকা ধাঙ্গরকে দিয়ে ঐ মরা জিনিষটাকে দূরে ফেলে দেওয়ার চেষ্টা তো আমরা করিনা। দূরে ফেলে দিলে তো এতো দুর্গন্ধের সৃষ্টি হয় না পাড়াতে। কাজেই আমাদেরও দোষ আছে। সকালে ঘুম থেকে উঠেই রাস্তার ধারে বসে পায়খানা করাটাতো একটা নিত্য নৈমিত্তিক অভ্যাস হয়ে দাড়িয়েছে। কাজেই একমাত্র মিউনিসিপ্যালিটির দোষ

দেওয়াটা ঠিক নয়। আমাদেরও নাগরিক চেতনা বোধ জাগ্রত হওয়া দরকার। বেকার সমস্যা দিন দিন বাড়ছে ঠিকই, তারও একটা সমাধান আমাদের করতে হবে। তার জন্য দরকার আমাদের শিল্প গড়ে তোলা। এবং এটা একটা চেলেঞ্জ, এই চেলেঞ্জের মোকাবিলা কি করে অন্যান্য উপায়ে করা যায় সে চেষ্টাও আমাদের করতে হবে।

শ্রমিক ধর্মঘট সম্বন্ধে বলতে গিয়ে উনি বলেছেন যে, দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য শ্রমিকরা হিমসিম খেয়ে যাচ্ছে। তাদের ওয়েজ বৃদ্ধির সঙ্গে দ্রব্যমূল্য বৃদ্ধির কোন সামঞ্জস্য না থাকাতেই তাদের এই দুরবস্থা। কাজেই ধর্মঘট তারা করবেই। কিন্তু ধর্মঘট বা ঘেরাও করে কি সেই সমস্যার সমাধান হবে। এতে বরং তাদের দুঃখ দুর্দ্দশা আরও বাড়বে এবং শিল্পে মন্দা দেখা দিবে। আমি একথা জোর করে বলতে পারি যে সরকার এই ধর্মঘট কঠোর হস্তে দমন করবে এবং শিল্পকে ধ্বংশ হতে দেবেন না। পশ্চিম বঙ্গে এই সব ধর্মঘটের বা ঘেরাও এর ফলে শিল্পে কি রকম মন্দা দেখা দিয়েছে তা সকলেই জানেন। ত্রিপুরাতে একেই শিল্প সংস্থার সংখ্যা কম। কাজেই যদি পশ্চিমবঙ্গের মতো তারা এখানেও ঘেরাও বা ধর্মঘট ইত্যাদি করতে চান তা কঠোর হস্তে সরকার দমন করবেন। পুলিশের ভয় তাদের আগেও ছিল এখনও আছে। পুলিশের বিরুদ্ধে তারা অভিযোগ করেছেন যে, শান্তি রক্ষার নামে পুলিশ শান্ত জনতার উপর অত্যাচার করছে। এটা ঠিকই কারণ যারা আইন অমান্য করার জন্য, শান্তিভঙ্গ করার জন্য উঠে পড়ে লেগেছেন তাদের উপর পুলিশের অত্যাচার আশ্চর্য্য নয়। মাননীয় সদস্য মহোদয় আমাদেরও জানিয়ে গেছেন এবং আমন্ত্রণ জানিয়ে গেছেন আমরাও যেন তাদের এই আইন অমান্য আন্দোলনে যোগদান করি।

মাননীয় সদস্য মহোদয় সর্বশেষে একটা কথা বলেছেন সেটা ত্রিপুরার পক্ষে অত্যন্ত মারাত্মক। তিনি বলেছেন যে ডুম্বুর প্রজেক্ট করা একটা ওয়েষ্টেজ। ঐ টাকা দিয়ে পাম্পিং সেট কিনে জলসেচ করা হউক। তিনি বলেছেন যে ঐ পাওয়ার দরকার হবেনা ত্রিপুরার ওটা ওয়েষ্টেজ হবে। মাননীয় সদস্যের দৃষ্টিভঙ্গী দেখে আমি আশ্চর্য্য হয়ে গেছি যে, আজকের দিনে কারও মুখ দিয়া এমন কথা বেরুতে পারে। বিশেষ করে তিনি একজন জনপ্রতিনিধি এবং নেতৃস্থানীয় লোক। তার মুখ দিয়ে একথা বলতে পারলেন কি করে তা আমি বুঝে উঠতে পারি না। তিনি ত্রিপুরার কতটুকু মঙ্গল চান, কতটুকু দরদ তার ত্রিপুরার প্রতি আছে সেই বিচারের ভার আমি জনসাধারণের উপর ছেড়ে দিচ্ছি। কারণ পাওয়ার হ'ল সমস্ত উন্নতির মূল জিনিষ, পাওয়ার ছাড়া কোন উন্নতি সম্ভব নয়। আজকে তিনি বলেছেন যে পাওয়ার কাজে লাগবে না পাওয়ার সারপ্লাস হবে। এটা কি করে সে তিনি বললেন তা আমি বুঝতে পারছিনা। কারণ পাওয়ার সেখানেই installation হয়েছে সে কখনও আন ইউটিলাইজড থেকে যায়নি। হয়ত ২।১ বৎসর একটু কম কনজাম্পশান হতে পারে। কিন্তু আস্তে আস্তে চতুর্দিকে শিল্প গড়ে উঠতে আরম্ভ করে এবং শেষ পর্য্যন্ত পাওয়ার সর্টেজও হয়। এত বড় হিরাকুণ্ড প্রজেক্ট এখন পাওয়ার সাপ্লাই আর দিতে পারছেনা। আমাদের কেন্দ্রীয় মন্ত্রী ডাঃ কে এল রাও কিছুদিন

আগে সাবধান করে দিয়েছিলেন সে ইষ্টার্ণ ইণ্ডিয়াতে পাওয়ার সর্টেজ হবে। তাই তিনি ইষ্টার্ণ ইণ্ডিয়াকে বলেছেন যে "তোমরা পরিকল্পনা নাও না হলে অদূর ভবিষ্যতে পাওয়ার সর্টেজ হবে।" হয়েছেও তাই। কারণ D.V.C. আর পাওয়ার সাপ্লাই দিতে পারছেনা। স্টেশন দরকার হয়ে পড়েছে। বর্ত্তমানে আসামে পাওয়ার সারপ্লাস। ১৯৭০।৭১ সনে তাদেরও পাওয়ার সর্টেজ হবে। তারজন্য আরও ২টি পরিকল্পনা তারা নিচ্ছেন। কাজেই মাননীয় সদস্য কি করে যে বললেন পাওয়ার সারপ্লাস হবে তা আমি বুঝে উঠতে পারিনা। আমরা আসাম থেকে পাওয়ার আনছি ১০ মেগাওয়াটস এবং ডুম্বুর থেকে পাব ৪ মেগাওয়াটস, অর্থাৎ ১৮০০০ কিলোওয়াট। ত্রিপুরার বর্ত্তমান চাহিদাও কম নয়। অন্ধ্র প্রদেশে শতকরা ২৩টি গ্রামে ইলেক্ট্রিফিকেশন হয়েছে। সেখানে জল সেচ, পাম্প সব কিছু পাওয়ার এ চলছে। আর অলইণ্ডিয়া বেসিসে ধরতে গেলে দেখতে পাবেন যে ১০% of the villages এ electrification হয়েছে। আর ত্রিপুরার কথা বলতে গেলে বলতে হয় যে চাহিদা এত বেশী যে আমরা প্রাইভেট কনজিউমারদের পাওয়ার দিতে পারছিনা। মাননীয় অঘোর বাবু বলেছেন যে, ত্রিপুরার ভূমির যে সমস্যা অর্থাৎ জমিগুলি পাহাড়ী এবং পাহাড়গুলোতে ফসল হয়না জলের অভাবে। আমার মনে হয় ফসল না পাওয়ার কারণ হচ্ছে অতিবৃষ্টি, বিস্তীর্ণ যে পাহাড় অঞ্চল আছে তাতে যদি জলসেচের ব্যবস্থা করতে হয় তাহলে পাওয়ার ছাড়া সেটা অসম্ভব, এই ডিজেল পাম্পিং সেট দিয়ে কাজ করা অসম্ভব। এবং তারজন্য দরকার হাইডেল পাওয়ার। হাইডেল পাওয়ার ছাড়া লার্জ স্কেল ইরিগেশন সম্ভব হয় না। তিনি বলেছেন যে নোনা এলাকা যখন শুকনো থাকে তখন মাটি সাদা হয়ে যায় এবং ধানগাছগুলো মরে যায়। তারজন্যেই দরকার জলসেচ এবং জলসেচের জন্যই পাওয়ার দরকার। তিনি বলেছেন যে ফ্লাড হয়ে জমিগুলো ভেসে যায়। I fail to understand তিনি একথা বুঝতে পারছেননা কেন যে পাওয়ার যেমন একদিকে জলসেচের ব্যবস্থা করবে তেমনি অন্যদিকে ফ্লাড প্রটেকশনেও আমাদের সাহায্য করবে। তা তিনি ভুলে যাচ্ছেন। তিনি যে দোষগুলোর জন্যে ফসল নষ্ট হচ্ছে বলেছেন সেইগুলো দূর করার জন্যই পাওয়ারের প্রয়োজন। তারজন্যই সরকারের হাইডেল স্কীম। আমরা গোমতী থেকে মাত্র ৪০০০ মেগাওয়াট পাওয়ার পাব আর আসাম থেকে পাব ১০,০০০, মেগাওয়াট। কিন্তু আসাম বলছে 1970-71 এ তাদের পাওয়ার সর্টেজ হবে। কাজেই আসাম থেকে আমরা কতদিন যাবত পাওয়ার পাব তার কোন স্থিরতা নাই। সেই অবস্থায় মাননীয় সদস্য বলেছেন ডুম্বুর পরিকল্পনা বাতিল করে দাও এবং ঐ টাকা দিয়ে পাম্প কিনে জল দাও। পাম্পিং সেট দিয়ে যে জলসেচের চাহিদা মিটবেনা সেটা সকলেই জানেন এবং মাননীয় সদস্য যে সাজেশান দিলেন সেটা যে ত্রিপুরার পক্ষে অত্যন্ত ভয়ঙ্কর সেটা সকলকে অনুধাবন করতে বলবো। বিশেষ করে আজকে মাননীয় সদস্য যে কথাটি বলে গেলেন সেটা একটা অশুভ ইঙ্গিত। তার পিছনে একটা organised cry রয়েছে বলে আমার সন্দেহ হচ্ছে। সেটা ডুম্বুর পরিকল্পনা এলাকা থেকে তারা তুলবার চেষ্টা করছে যে "ডুম্বুর

পরিক না বাতিল কর।" তাই আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে ত্রিপুরার জনগণের নিকট আবেদন করবো যে এই চিৎকার সুরুতেই যাতে বন্ধ হয়ে যায় সেই চেষ্টা যেন সকলেই করেন।

Mr. Speaker :—Hon'ble Minister, 5 minutes more.

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—যে সব পয়েন্ট মাননীয় সদস্যরা উত্থাপন করেছেন আমি সেই পয়েন্টগুলি সম্বন্ধে কিছু বলব।

আমাদের মাননীয় সদস্য শ্রীপ্রমোদ দাসগুপ্ত মহাশয় বলেছেন যে, ডেপুটেশনে যেন অফিসার না আনা হয়। কারণ তাতে ত্রিপুরার শিক্ষিত বেকারদের কর্ম্মসংস্থানের সুযোগ নষ্ট হয়। ডেপুটেশনে যতটা কম আনা যায় সে চেষ্টাই আমরা করছি। তবে একেবারে ডেপুটেশন বাদ দেওয়াটা উচিত হবে বলে আমি মনে করিনা। কারণ আমাদের সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গী নেওয়া উচিত নয়। সমগ্র ভারতবর্ষই আমাদের এটা মনে রাখতে হবে। সেদিক থেকে ডেপুটেশনে কিছু লোক আসলে ক্ষতি নেই। কারণ ভারতের অন্যান্য অংশের লোকদের সাথে আমাদের মেলামেশা করা উচিত। অন্য দেশের লোকের সাথে মিশে আমরা তাদের শিক্ষা সংস্কৃতি সম্বন্ধে অভিজ্ঞতা অর্জ্জন করে লাভবান হবো। অবশ্য ডেপুটেশন আমরা কমিয়ে দিয়েছি এবং কমে যাচ্ছে। Privy purse সম্বন্ধে পার্লামেন্টে আলোচনা হচ্ছে। সেন্ট্রেল থেকে যেটা নির্দ্ধারিত হবে সেইটাই আমরা করবো। প্রাইভেট স্কুলগুলোকে যাতে একটি ডেপুটি ডিরেক্টরের অধীনে আনা হয় সেজন্য উনি অনুরোধ করেছেন। সে সম্বন্ধে আমি চেষ্টা করে দেখবো।

অন্যান্য যে সব সাজেশন্ আমাদের মেম্বাররা দিয়েছেন সেগুলো খুবই গঠনমূলক তাদের সাজেশন্গুলি আমরা যথাসম্ভব কার্য্যকরী করতে চেষ্টা করবো। তারা হয়তো ভেবে থাকবেন যে বলাই সার কোন কাজ হবে না। এ ধারণা তাদের ভুল। কারণ তাদের সাজেশনগুলি খুব কঠিন নয়।

আমি আগেই বলেছি যে আমাদের বাজেটে excess/savings হয়। কাজেই তাদের সাজেশনগুলো যদি concrete হয় তাহলে ওগুলো আমরা করতে পারবো যদি বাজেটে ধরা নাও থাকে। বাজেটে টাকা না থাকলেও আমরা করতে পারবো। কারণ বছরের শেষে আমরা কেন্দ্রীয় সরকার থেকে কিছু টাকা পাব অতিরিক্ত গ্রান্ট হিসাবে। ত্রিপুরার সর্ব্বাঙ্গীন উন্নতির জন্য সকলে মিলে মিশে যাতে ত্রিপুরার সমস্যাগুলির সমাধান করতে পারি সে জন্য আমি আবেদন রাখবো।

ত্রিপুরার খাদ্য সমস্যা, মিজোদের আক্রমণ, ট্রাইবেলদের মধ্যে প্ররোচনা আরম্ভ হয়েছে। সে সম্বন্ধে আমি অনুরোধ করবো তারা যেন সংহতি বজায় রাখার জন্য সমবেত ভাবে চেষ্টা করেন। এই বলেই আমি আমার বাজেট বক্তৃতা শেষ করছি।

'জয় হিন্দ'

Mr. Speaker :—General Discussion on Budget for 1968-69 is over. House stands adjourned till 11 A. M. on Tuesday the 26th March, 1968.

Printed by the Superintendent, Government Printing.
Tripura Government Press, Agartala, Tripura.